The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 937 | 28 August 2026 | শুক্রবার ১৩ ভাদ্র ১৪৩৩


US Visa Interviews Suspended Worldwide
→ Page 19

Largest-Ever 40th FOBANA Convention in Toronto
→ Page 18



Meghan Markle, Prince Harry, and Their Kids Have Landed in England
→ Page 18

Beyoncé Releases Beautiful Tribute to "Bold and Brilliant" Dolly Parton
→ Page 19


# ট্রাম্প রিপাবলিকানদের জন্য বোঝা!

## মধ্যবর্তী নির্বাচন নিয়ে শংকিত রিপাবলিকানরা : ডেমোক্র্যাটরা ট্রাম্পের অজনপ্রিয়তাকে কাজে লাগাতে চায়

মনোয়ারুল ইসলাম





রিপাবলিক্যান ভোটারদের ওপর প্রেসিডেন্ট ট্রাম্পের প্রভাব স্পষ্ট এবং তাঁর সম্পদের ভাণ্ডারও বিশাল। কিন্তু তাঁর কম জনসমর্থন বা 'অ্যাপ্রুভাল রেটিং'-এর কারণে দোদুল্যমান ভোটারদের (swing voters) কাছে তিনি এখন একটি বোঝা হয়ে দাঁড়িয়েছেন। সর্বশেষ রয়টার্স জরিপ অনুসারে চলমান যুদ্ধ পরিস্থিতি এ বছর ট্রাম্পের জনসমর্থনের ওপর নেতিবাচক প্রভাব ফেলছে। পরপর দুটি জরিপে দেখা গেছে, মাত্র ৩৩ শতাংশ উত্তরদাতা হোয়াইট হাউসে এই রিপাবলিকান নেতার কার্যক্রমের প্রতি সমর্থন জানিয়েছেন। ৬৭ শতাংশই না। যা ট্রাম্পের প্রথম বা দ্বিতীয় মেয়াদে রয়টার্স/ইপসোস-এর জরিপগুলোতে রেকর্ড করা সর্বনিম্ন হার। এমতাবস্থায় ২০২৬ সালের ৩ নভেম্বর মঙ্গলবার মিডটার্ম ইলেকশন হতে যাচ্ছে। উচ্চ কক্ষের (সিনেট) ১০০ আসনের মধ্যে ৩৩টিতে এবার নির্বাচন। লোয়ার হাউজ সদস্যদের ২ বছর মেয়াদের কারনে ৪৩৫টি হাউজ অব রিপ্রেজেনটিভস আসনেই (সকল এরপর ১ পৃষ্ঠায়



## মামদানিকে ৯/১১ স্মরণসভায় অবাঞ্চিত ঘোষণা!

আজকাল রিপোর্ট

৯/১১ হামলার ২৫ বছরপূর্তির স্মরণসভায় মুসলিম মেয়র জোহরান মামদানিকে দূরে রাখার ষড়যন্ত্র হচ্ছে বলে দাবি করেছেন জুলি মেনিন। প্রতিবছর ১১ সেপ্টেম্বর টুইন টাওয়ারে সন্ত্রাসীদের হামলাস্থল গ্রাউন্ড জিরোতে স্মরনসভার আয়োজন করা হয়। এতে আমেরিকার রাজনীতিবিদ ও ৯/১১ ভিকটিম পবিারের সদস্যরা অংশ নেন। নিহতদের নামফলকে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এতে অতীতে সিটির সকল মেয়র অংশ নিতেন। কিন্তু এবার কিছু ৯/১১ ভিকটিম পরিবারের সদস্য মামদানি যাতে এই অনুষ্ঠানে যোগদান না করেন সে লক্ষ্যে এরপর ২৯ পৃষ্ঠায়



## 'তারেকের বহরে ডিম ও জুতো নিক্ষেপের কর্মসুচি নেই'

আজকাল রিপোর্ট

আগামী ২১ সেপ্টেম্বর জাতিসংঘের অধিবেশনে যোগ দিতে প্রধানমন্ত্রী তারেক রহমান নিউইয়র্কে আসছেন। নিউইয়র্কে তার এরপর ৪৬ পৃষ্ঠায়

## শিশুদের জন্য ফেসবুক, টিকটক ও ইনস্টাগ্রাম নিষিদ্ধ হচ্ছে

### মেটাকে ১৭ দশমিক ১ বিলিয়ন ডলার জরিমানা

আজকাল রিপোর্ট




শিশুদের জন্য ফেসবুক, টিকটক ও ইনস্টাগ্রাম নিষিদ্ধ। ১৩ বছরের নীচে বয়স হলেই তারা সোশাল মিডিয়ায় প্রবেশ করতে পারবে না। ১৩ বছরের কম বয়সী শিশুদের শনাক্ত করে সোশাল মিডিয়ার প্ল্যাটফর্ম থেকে সরিয়ে ফেলার ব্যবস্থা জোরদার করা হবে। আগামী ৬ মাসের মধ্যে মেটা এ কাজটি সম্পন্ন করবে। সোশাল মিডিয়ার মাদার প্রতিষ্ঠান মেটা কিশোর-কিশোরীদের প্ল্যাটফর্মে কাটানো সময়ের ওপর সীমাবদ্ধতা আরোপ এবং মানসিক স্বাস্থ্য সমস্যার ঝুঁকি বাড়ায় এমন সব ফিচার নিষিদ্ধ করার প্রতিশ্রুতি দিয়েছে আদালতে। এর মধ্যে রয়েছে দৈনিক ব্যবহারের সময়সীমা নির্ধারণ এবং রাতের বেলা ব্যবহারের ওপর এমন বিধিনিষেধ। তবে তা নিয়ন্ত্রন করবেন অভিভাবকরা। কিশোর-কিশোরীদের প্ল্যাটফর্মে কাটানো সময়ের ওপর সীমাবদ্ধতা আরোপ এবং মানসিক স্বাস্থ্য সমস্যার ঝুঁকি বাড়ায় এমন সব ফিচার নিষিদ্ধ করার প্রতিশ্রুতি দিয়েছে মেটা। স্কুল চলাকালীন ও রাতে নোটিফিকেশনের ওপর সীমাবদ্ধতা। কিশোর-কিশোরীদের পোস্টে 'লাইক'-এর সংখ্যা প্রদর্শন বন্ধ করা ও প্লাস্টিক সার্জারি ফিল্টার এরপর ৪০ পৃষ্ঠায়

## রাজুর লাশ বাংলাদেশে যাচ্ছে আজ

আজকাল রিপোর্ট




যুক্তরাষ্ট্রে স্বপ্নের জীবন গড়তে গিয়ে বন্দুকধারীর গুলিতে নিহত মোহাম্মদ ইফসুফ রাজুর লাশ শুক্রবার বাংলাদেশে যাচ্ছে। এদিকে নিউইয়র্ক সিটি পুলিশ ডিপার্টমেন্ট সনাক্ত করেছে খুনীকে। সন্দেহভাজন খুনীকে ধরিয়ে দিতে এনওয়াইপিডি ছবি প্রকাশ করেছে তাদের ওয়েবসাইটে। তার নাম জিসুস অ্যাকোস্টা। নোয়াখালীর সোনাইমুড়ীর প্রবাসী মো. ইউসুফ রাজু (৪৪) নিউইয়র্কের ব্রুকলিনে কর্মস্থলে গুলিতে নিহত হন। একই ঘটনায় গুলিবিদ্ধ হয়ে হাসপাতালে চিকিৎসাধীন তাঁর বাংলাদেশি সহকর্মী এরপর ২৯ পৃষ্ঠায়



## বাংলাদেশ-ভারতের সম্পর্ক দোলাচলে

মাসুদ করিম, *ঢাকা থেকে*

বাংলাদেশ ও ভারতের মধ্যে কূটনৈতিক সম্পর্কে দোলাচল দেখা দিয়েছে। প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বাধীন বর্তমান গণতান্ত্রিক সরকার দায়িত্ব গ্রহণের পর প্রতিবেশি দুই দেশের এরপর ২৯ পৃষ্ঠায়




## ট্রাম্পের কলমের খোঁচায় জনশূন্য শহর

আজকাল রিপোর্ট

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ইমিগ্রেশন বিরোধী কলমের এক খোঁচায় (নির্বাহী আদেশ) আমেকিার একটি শহর জনশূন্য হয়ে পড়লো। উধাও হয়ে গেলো ইমিগ্রেশন কমিউনিটি। জনশূন্য হয়ে পড়লো দক্ষিন ফ্লোরিডার হাইতিয়ান ইমিগ্রান্ট অধ্যুষিত শহর। পরিণত হলো ভূতুরে নগরীতে। এরপর ২৯ পৃষ্ঠায়



## নেপালে লাশ আর লাশ

আজকাল রিপোর্ট

নেপালে লাশ আর লাশ। শতশত নিখোঁজ। বাড়িঘর, অফিস আদালত, লোকালয় পাহাড়ি কাদামাটির নিচে চাপা পড়েছে। গাড়ি, বাড়ি, সহায় সম্পদ কোনো কিছুর অস্তিত্ব নেই। গত বুধবার যারা এরপর ৪৩ পৃষ্ঠায়

এক্সিডেন্ট কেইসেস ও মেডিকেল ম্যালপ্র্যাক্টিস
বিনামুল্যে পরামর্শ
এটর্নি বাসায় ও হাসপাতালে নিয়ে যাবে
Call : +1(866) 664 6529
For appointments only

Computer Support/Job?
ডাটা রিকভারি, নেটওয়ার্কিং, AI সফটওয়্যার
ট্যাক্স কোর্স ও কম্পিউটারের চাকুরী
২৫ বছরের অভিজ্ঞ প্রফেশনালদের পরামর্শ ও সহায়তা নিন।
(929) 665 2500
Tired of Driving? Get office Job

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন, নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্ত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ২টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $20.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

সরকারী অনুদানে বাসা ও ব্যবসা প্রতিষ্ঠানে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?
GREE MECHANICAL YONKERS
সরকারী অনুদানে $8000-$10000 ডলার।
বিস্তারিত জানতে কল করুন
914-222-9477, 914-989-0089
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave, Yonkers NY 10710
তোফায়েল চৌধুরী

RAJIB AHMED
PRESIDENT & CEO
LICENSED REAL ESTATE EXPERT
MEGA insurance BROKERAGE
TLC UBER, LYFT, YELLOWCAB, BLACK CAR
ইন্স্যুরেন্সের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
আমরা দিচ্ছি ফ্রি কোটেশন সুবিধা
TAXI-LIMOUSINE INSURANCE EXPERT
WE OFFER DMV/TLC SERVICES & CLAIMS
Uber lyft NYC TAXI
DIRECT: 718-730-5290 OFFICE: 212-721-0001
32-47 57TH ST, WOODSIDE, NY 11377

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312055


NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR
ADULT DAYCARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
elderplan
Anthem
Hamaspik
RiverSpring Living
MetroPlus Health
SWH
Senior Whole Health
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
FUHAD HUSSAIN
CCO
MOHAMMAD ZAHID ALAM
CFO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF
SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ GROUP
Design by: ihopeprint.com, 929-536-7903
CONTACT US:
Off: 718-516-3424
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
86-11 101 Avenue,
Ozone Park, NY 11416


মে. জে. (অব.) এইচআরএম রোকন উদ্দিন-এর কলাম সব নাগরিকের আকাঙ্ক্ষার প্রতীক
১০ পৃষ্ঠায়


মাসুদ কামাল-এর কলাম কতটুকু ইলেকশন, কতটুকু সিলেকশন
০৬ পৃষ্ঠায়


এম হুমায়ুন কবির-এর কলাম শর্ত নয় প্রত্যাশার বেড়াজালে ঢাকা-দিল্লি
০৭ পৃষ্ঠায়






# সাংবাদিকদের সঙ্গে এহসানুল মাহবুব জুবায়েরের মতবিনিময়

আজকাল রিপোর্ট

নিউইয়র্কের প্রবাসী বাংলাদেশি সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল এবং কেন্দ্রীয় প্রচার ও মিডিয়া বিভাগের প্রধান এডভোকেট এহসানুল মাহবুব জুবায়ের। তিনি বলেছেন, বাংলাদেশে আর ফ্যাসিবাদ ফিরে আসতে দেব না। নতুন করে কাউকে ফ্যাসিবাদি হতেও দিব না। বাংলাদেশের মানুষের অধিকার আদায়ে রাজপথে এবং সংসদে ভূমিকা রাখবে জামায়াত। গত ২০ আগস্ট জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি হলে কোয়ালিশন অফ বাংলাদেশী আমেরিকান এরপর ৩৬ পৃষ্ঠায়

# নিউইয়র্কে ইন্টারন্যাশনাল ইউনাইটেড সীরাত কনভেনশন

আজকাল রিপোর্ট

মানবজাতির কল্যাণ ও শান্তি প্রতিষ্ঠায় বিশ্বনবী হযরত মুহাম্মদ (সাঃ) এর নীতি-আদর্শ অনুসরণ করার বিকল্প নেই। মুহাম্মদ (সাঃ) সর্বকালের জন্য সকল মানুষের জন্য আদর্শ। তাঁর পথ ধরে চলতে পারলে মুসলিম উম্মাহ ইহকাল ও পরকালে অসীম সুখ-শান্তিতে থাকতে পারবে। মুহাম্মদ (সাঃ) এর জীবন চরিত্র একটি আদর্শ। পবিত্র কোরআনের বাণী আর তাঁর আদর্শ ঘরে ঘরে পৌঁছে দেয়াও সকল মুসলিমের দায়িত্ব ও কর্তব্য। এজন্য সম্মিলিতভাবে কাজ করতে হবে। নিউইয়র্কে আয়োজিত ১৯তম 'ইন্টারন্যাশনাল ইউনাইটেড সীরাত কনভেনশন-২০২৬' এ আলোচনাকালে বক্তারা এসব কথা বলেন। ধর্মীয় ভাবগম্ভীর পরিবেশে রোববার (১৬ আগস্ট) বাদ আসর থেকে শুরু করে রাত ১০টা পর্যন্ত জ্যামাইকার একটি পার্টি হলের এই কনভেনশনের আয়োজন করা এরপর ৩৬ পৃষ্ঠায়

# যুক্তরাষ্ট্রে দুই লাখ অ্যাসাইলাম প্রার্থীর ভিসা বাতিল করার উদ্যোগ

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রের অভিবাসন নীতিতে বড় ধরনের পরিবর্তনের উদ্যোগ নিয়েছে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসন। যারা পর্যটক বা ব্যবসার উদ্দেশ্যে (বি১/বি২) ভিসায় আমেরিকায় আসার পরবর্তীতে স্থায়ীভাবে থাকার জন্য রাজনৈতিক আশ্রয়ের আবেদন করেছেন, এমন প্রায় দুই লাখ বিদেশির ভিসা বাতিল করার প্রস্তুতি নেওয়া হচ্ছে। জানা যায়, তাদেরকে চিহ্নিত করেছে প্রশাসন। ফক্স নিউজের এক প্রতিবেদন থেকে এসব তথ্য জানা গেছে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের নথি এবং কর্মকর্তাদের বক্তব্য থেকে জানা গেছে, বি-ওয়ান এবং বি-টু ভিসার আওতায় ২০১৬ সাল থেকে ২০২৬ সালের মধ্যে যারা যুক্তরাষ্ট্রে আশ্রয় চেয়ে আবেদন করেছেন, তাদের মধ্যে থেকে দুই লাখ আবেদনকারীর ভিসা বাতিলের সিদ্ধান্ত নিয়েছে ট্রাম্প প্রশাসন। কর্মকর্তারা জানিয়েছেন, মার্কিন পররাষ্ট্র এবং স্বরাষ্ট্র উভয় মন্ত্রণালয়ের যৌথ উদ্যোগে বাস্তবায়ন করা হবে এ পরিকল্পনা। এ ব্যাপারে মার্কিন পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র টমি পিগোটের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি সংবাদ সংস্থাকে এ তথ্যের সত্যতা স্বীকার করে বলেছেন, 'স্বল্প মেয়াদী দর্শনার্থী হিসেবে অ-অভিবাসী ভিসায় অনেক বিদেশি যুক্তরাষ্ট্রে আসেন। আসার পর তারা আশ্রয় চেয়ে আবেদন করেন এবং স্থায়ীভাবে যুক্তরাষ্ট্রে বসবাস করা শুরু করেন। আমরা স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সঙ্গে সমন্বয়ের মাধ্যমে এই আবেদনকারীদের শনাক্ত এবং তাদের ভিসা বাতিল করার সিদ্ধান্ত নিয়েছি। কত সংখ্যক আবেদনকারীর ভিসা বাতিলের সিদ্ধান্ত নিয়েছে পররাষ্ট্র মন্ত্রণালয়, তা অবশ্য বলতে চাননি পিগোট। এ সংক্রান্ত এক প্রশ্নের উত্তরে তিনি বলেছেন, প্রক্রিয়াটি চলমান থাকবে। তাই এখনই সুনির্দিষ্টভাবে বলার উপায় নেই যে কত জন আবেদনকারীর ভিসা বাতিল হতে পারে।




# ঈদে মিলাদুন্নবী উপলক্ষে আলোচনা সভা ও মিলাদ মাহফিল

আজকাল রিপোর্ট

আনজুমানে আল-ইসলাহ নিউইয়র্ক স্টেট-এর উদ্যোগে পবিত্র ঈদে মীলাদুন্নবী উপলক্ষে আলোচনা সভা, মীলাদ ও দু'আ মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গত ১৫ আগস্ট সিটির গোল্ডেন প্যালেসে মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ আনজুমানে আল-ইসলাহ-এর সভাপতি হযরত আল্লামা হুছামুদ্দীন চৌধুরী ফুলতলী। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন আনজুমানে আল-ইসলাহ ইউএসএ-এর সভাপতি মাওলানা এম এ নূর, স্থায়ী কমিটির সদস্য আল্লামা সৈয়দ সাজেদুল হক, আনজুমানে আল-ইসলাহ ইউএসএ-এর সহ-সভাপতি হাফিজ মাওলানা আবু আবদিল্লাহ মুহাম্মদ আইনুল হুদা এবং সাধারণ সম্পাদক এরপর ৩৬ পৃষ্ঠায়



# সিলেট সদর থানা এসোসিয়েশনের বনভোজন অনুষ্ঠিত

আজকাল রিপোর্ট

সিলেট সদর থানা এসোসিয়েশন অফ আমেরিকার বার্ষিক বনভোজন ২৩ আগস্ট কুইন্সের এস্টোরিয়া পার্কের মনোরম পরিবেশে অনুষ্ঠিত হয়। বৈরী আবহাওয়া উপেক্ষা করে বিপুলসংখ্যক প্রবাসী এতে অংশ নেন। বনভোজনের আহবায়ক দুলাল মিয়া এনাম এবং সাধারণ সম্পাদক রাজিব খানের পরিচালনায় শুরুতে সংগঠনের সভাপতি আর .সি টিটো শুভেচ্ছা বক্তব্যে অতিথিদের স্বাগত জানান। এ সময় সংগঠনের জন্মলগ্ন থেকে এখন পর্যন্ত যারা মারা গেছেন ডা. নাইয়ার উদ্দিন আহমদ, কখরুল ইসলাম খান, হাসান চৌধুরী এরপর ৩৬ পৃষ্ঠায়

ভার্জিনিয়ায় বাইটপোর মেজবান

# দর্শক মাতালেন নকীব খান ও প্রতীক হাসান

আজকাল রিপোর্ট

বাংলাদেশি আমেরিকান আইটি পিপলস অর্গানাইজেশনের (বাইটপো)- উদ্যোগে ভার্জিনিয়ার ফোর্ট হান্ট পার্কে গত ২৩ আগস্ট অনুষ্ঠিত হয়েছে চট্টগ্রামের ঐতিহ্যবাহী মেজবান ও জমজমাট সাংস্কৃতিক অনুষ্ঠান। আয়োজিত এ অনুষ্ঠানে গানে গানে দর্শক মাতান কিংবদন্তি সংগীতশিল্পী নকীব খান ও জনপ্রিয় শিল্পী প্রতীক হাসান

মেজবানি ভোজ, খেলাধুলা, গান, নৃত্য, ফ্যাশন শো ও কনসার্টের সমন্বয়ে দিনব্যাপী এ আয়োজন ডিএমভি এলাকার অন্যতম বৃহৎ বাংলাদেশি কমিউনিটি মিলনমেলায় পরিণত হয়। শুধু ওয়াশিংটন ডিসি, মেরিল্যান্ড ও ভার্জিনিয়া (ডিএমভি) এলাকাসহ এরপর ১৫ পৃষ্ঠায়




# নিউইয়র্কে কমলগঞ্জ সোসাইটির বনভোজন ও মিলনমেলা

আজকাল রিপোর্ট

নিউইয়র্ক সিটির ব্রংক্সের পেলহাম বে পার্কে উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠিত হয়েছে কমলগঞ্জ সোসাইটি ইউএসএ, ইনক.-এর বার্ষিক বনভোজন ও মিলনমেলা ২০২৬। ২৩ আগস্ট রোববার আয়োজিত এ মিলনমেলায় নিউইয়র্ক ও আশপাশের বিভিন্ন অঙ্গরাজ্য থেকে প্রবাসী কমলগঞ্জবাসীরা পরিবার-পরিজন নিয়ে অংশ নেন। দিনব্যাপী আয়োজনে হাড়ি ভাঙা, বালিশ খেলা, শিশুদের দৌড় ও তলিবলসহ নানা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। গ্র্যান্ড স্পন্সর ও প্রধান অতিথি ছিলেন 'শ্রী মেকানিক্যাল ইঞ্জিনিয়ার্স'-এর স্বত্বাধিকারী বিশিষ্ট এরপর ৩৬ পৃষ্ঠায়


GEHI & ASSOCIATES
Attorneys and Counselors at Law
www.gehilaw.com
JACKSON HEIGHTS OFFICE
ফ্রি কনসালটেশন
74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911


Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ▪ ব্যাংক্র্যাপসি ▪ ক্রেডিট কার্ড মেটার ▪ ডিভোর্স ▪ চাইল্ড কাস্টডি ▪ চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন ▪ সিটিজেনশিপ ▪ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

• Do you want apply for a green card? • Are you being deported? • Are you having credit card problems?
• Are you unable to pay your debts? • Has your bank account been sealed?
• Are you getting harrassed by creditors?

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

Call: 718-263-5999


Asif Mortuza

• তুলনামূলকভাবে কম ফি • সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

# NY INSURANCE BROKERAGE INC

NY INSURANCE BROKERAGE

# আপনি কি TLC প্লেট নিতে চান??

**NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ**

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২) প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি, তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**

Design & Print by: ihopeprint.com, 929-538-7903




**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372

office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

## সম্পাদকীয়

# আরবরা পাপের প্রায়শ্চিত্ত করছে

নিজ ভূখণ্ডে মার্কিন ঘাঁটি স্থাপন করতে দেওয়া উপসাগরীয় আরব দেশগুলোর কাছে এখন এটা স্পষ্ট হওয়া উচিত যে, আমেরিকান সেনাদের উপস্থিতি তাদের রক্ষা করে না, বরং আরো বিপদে ফেলে। যুক্তরাষ্ট্র মধ্যপ্রাচ্যে শুধু ইসরাইলকেই রক্ষা করে, নিরাপত্তা দেয়, আরবদের নয়। ইসরাইলের যুদ্ধংদেহী নীতি এই অঞ্চলে যুক্তরাষ্ট্রের সাম্রাজ্যবাদী কৌশলেরই একটি অংশ। যুক্তরাষ্ট্রের লক্ষ্য হলো ইরানের প্রতি আরব দেশগুলোর শত্রুতা তীব্রতর করা এবং তাদের ইরানে চলমান মার্কিন-ইসরাইলি আগ্রাসনে প্রকাশ্যে যোগ দিতে উসকানি দেওয়া। আমেরিকান ইহুদি বিলিয়নিয়াররা এক দশক ধরেই ইরানের বিরুদ্ধে শত্রুতাকে উসকে দিয়েছেন।

> ঢাকায় নির্দিষ্ট কয়েকটি রুটে মাত্র ১০টি বাস দিয়ে হাজার হাজার নারী যাত্রীকে সেবা দেওয়া সম্ভব নয়। কারণ, এ শহরে হাজার হাজার নারী শিক্ষা ও কর্মসংস্থানের প্রয়োজনে প্রতিদিন গণপরিবহন ব্যবহার করে থাকেন। তাই দ্রুত এই সার্ভিসটিকে আরও বিস্তৃত করতে হবে। তার চেয়েও জরুরি এই সার্ভিসের জন্য নারীদের বেশি সময় ধরে অপেক্ষা করতে যেন না হয়। বাসে উঠতে যদি অনেক বেশি সময় অপেক্ষা করতে হয়, তাহলে নারীরা এর প্রতি আগ্রহ হারিয়ে ফেলবেন। সে জন্য রুটের সংখ্যা বাড়ানোর পাশাপাশি বাসের সংখ্যা অনেক গুণ বাড়াতে হবে। নতুবা এ সার্ভিস মুখ থুবড়ে পড়তে বাধ্য। কারণ, ১০টি বাস দিয়ে কোনোভাবেই এতসংখ্যক নারীকে সঠিকভাবে সেবা দেওয়া সম্ভব না। তাই রুট এবং বাসের সংখ্যা বাড়ানোর কোনো বিকল্প নেই। এদিকে কর্তৃপক্ষকে বিশেষ দৃষ্টি দিতে হবে

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এবং তার পররাষ্ট্র ও প্রতিরক্ষামন্ত্রীরা প্রায় দেড় মাস ধরে যুক্তরাষ্ট্রকে একটি শ্বেতাঙ্গ খ্রিষ্টান ইউরোপীয় রাষ্ট্র হিসেবে তুলে ধরেছেন, যা অ-খ্রিষ্টান ও অশ্বেতাঙ্গ বিশ্বের সঙ্গে যুদ্ধে লিপ্ত। ২৮ ফেব্রুয়ারি ইরানে আগ্রাসন শুরুর আগে মার্কিন কমান্ডাররা তাদের সৈন্যদের বলেছিলেন, তাদের এই অভিযান 'আর্মাগেডন' বা 'মহাযুদ্ধের' পক্ষে একটি যুদ্ধ এবং এই যুদ্ধ 'যিশুর প্রত্যাবর্তন' ঘটাবে।

যুক্তরাষ্ট্রের ডানপন্থি রাজনীতির মধ্যে গভীর আদর্শগত যে বিভাজন তৈরি হয়েছে, তার একদিকে আছেন ইভাঞ্জেলিক্যাল খ্রিষ্টান ও ইহুদি জায়নবাদীরা, যারা ইরান ও ফিলিস্তিনিদের বিরুদ্ধে যুদ্ধকে সমর্থন করেন। অন্যদিকে আছেন ডানপন্থি খ্রিষ্টানরা, যারা বিশ্বাস করেন যে, আমেরিকাকে ইসরাইলের পক্ষে যুদ্ধে টেনে আনা হচ্ছে। একইভাবে প্রগতিশীল ইহুদিসহ আমেরিকার বামপন্থিদের অনেকেই মনে করেন, ইসরাইল যুক্তরাষ্ট্রকে ইরান যুদ্ধে টেনে এনেছে। নেতানিয়াহু ইসরাইলের স্বার্থেই ট্রাম্পকে ইরান আক্রমণে প্ররোচিত করেছেন।

আমেরিকার প্রধান প্রতিরক্ষা শিল্প এবং জ্বালানি সংস্থাগুলো বিশেষ করে প্যালান্টিয়ার, লকহিড মার্টিন, এক্সন, রেথিওন এবং বোয়িংয়ের মতো কোম্পানিগুলো এই যুদ্ধ থেকে সরাসরি লাভবান হচ্ছে এবং বিপুল মুনাফা অর্জন করছে। যুক্তরাষ্ট্র ইসরাইলকে বিপুল অস্ত্র দেয়, কারণ ইসরাইলের আঞ্চলিক সামরিক আধিপত্য মধ্যপ্রাচ্যে মার্কিন সাম্রাজ্যবাদের স্বার্থ রক্ষা করে।ওমান ছাড়া কোনো আরব সরকারই ইরানে মার্কিন-ইসরাইলি আগ্রাসনের নিন্দা জানায়নি। ওমান এই আগ্রাসনকে 'আন্তর্জাতিক আইনের লঙ্ঘন' বলে অভিহিত করেছে। ইয়েমেনের সশস্ত্র সংগঠন আনসার আল্লাহ (হুতি) ছাড়া কোনো আরব দেশই ইরানে ১৭০ জনের বেশি স্কুলছাত্রীর গণহত্যা কিংবা আয়াতুল্লাহ আলি খামেনি, তার পরিবার এবং সহযোগীদের হত্যার জন্য ইরানের প্রতি সমবেদনা জানায়নি।

ন্যাটোর সদস্য দেশ তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ান এসব হত্যাকাণ্ডের ঘটনায় ইরানের কাছে সমবেদনা জানিয়েছেন। অথচ আরব সরকারগুলো এ ব্যাপারে নীরব থেকেছে। চলমান সংঘাত নিরসনে মিশরীয় ও তুর্কি কর্মকর্তাদের সঙ্গে আলোচনায় ইরানি কর্মকর্তারা এ বিষয়টি উল্লেখ করেছেন।

আলজেরিয়া কয়েক দশক ধরে সাম্রাজ্যবাদবিরোধী অবস্থানে অটল ছিল। কিন্তু সম্প্রতি দেশটি গাজা উপত্যকা দখলে ট্রাম্পের 'বোর্ড অব পিস' উদ্যোগে ভোট দিয়ে সাম্রাজ্যবাদের পক্ষে অবস্থান নেয়। এর পরই দেশটি ইরানে মার্কিন-ইসরাইলি আগ্রাসনের নিন্দা জানাতে অস্বীকৃতি জানিয়েছে এবং ইরানের এরপর ২৮ পৃষ্ঠায়

# অতি-উদার গণতন্ত্র হতে পারে স্বৈরাচারের সূতিকাগার

ড. মো. শওকত হোসেন



গণতন্ত্রের জন্মভূমি বলে পরিচিত এথেন্সেই খ্রিস্টপূর্ব ৪০৪ সালে 'ত্রিশ স্বৈরাচারের' আবির্ভাব হয়। গণতন্ত্রের বিরুদ্ধে অবস্থান নেওয়া এই ৩০ জন স্বৈরতান্ত্রিক নেতা লালিত হয়েছিলেন তৎকালীন এথেন্সীয় গণতন্ত্রেরই গর্ভে। পেরিক্লিস (৪৯৫-৪২৯ খ্রিস্টপূর্ব) এথেন্সের গণতন্ত্রকে তার অসাধারণ নেতৃত্বের যোগ্যতা দ্বারা চমৎকারভাবে বিকশিত করেছিলেন। কিন্তু তার জীবদ্দশাতেই গ্রিসে যে গণতন্ত্র চর্চা হতো, তার মধ্যে এমন কতগুলো বৈশিষ্ট্য ছিল, যা খোদ গণতন্ত্রকে ধ্বংস করেই স্বৈরাচারের সূচনা করতে সহায়তা করে। পেরিক্লিসের মৃত্যুর ২৫ বছরের মধ্যেই এথেন্সের নাগরিকরা সেই স্বৈরাচারী শাসনের শিকার হন। যেসব কারণে একটি সত্যিকারের গণতান্ত্রিক রাষ্ট্রকেও এ ধরনের অনাকাঙ্ক্ষিত ঘটনার শিকার হতে হয়, তার মধ্যে গুরুত্বপূর্ণ কয়েকটি কারণ হলো: অতি জনতুষ্টিমূলক রাজনীতির চর্চা, চাটুকারদের দ্বারা প্রভাবিত হয়ে ভুল মানুষ পছন্দ করা, অতি-উদারতা ও শিথিলতার কারণে আইনশৃঙ্খলা পরিস্থিতি হালকা করে ফেলা, আইনের শাসন ও দুর্নীতি নিয়ন্ত্রণে ব্যর্থ হওয়া ইত্যাদি।

যেকোনো যুগেই অতি-জনতুষ্টিমূলক রাজনীতির চর্চা গণতন্ত্রের জন্য সবচেয়ে বড় হুমকি হতে পারে। গণতান্ত্রিক নেতৃত্বকে জনগণের সঙ্গে সুসম্পর্ক রাখতে হয়, জনগণই সরকারের শক্তি। কিন্তু সমস্যাটি হয় তখন, যখন রাজনৈতিক রেটরিকের অসতর্ক ব্যবহারের জন্য কোনো নেতা জনসাধারণকে এমন কিছু প্রতিশ্রুতি, এমন কিছু ব্যাপারে স্বীকৃতি দিয়ে বসেন, যার সব তিনি বা তার সরকার পূরণ করতে পারবে না; অথবা এমন কিছু আছে, যা পূরণ করা বা স্বীকৃতি দেওয়া রাষ্ট্রের পক্ষে সম্ভব নয়। যেমন কোনো দায়িত্বশীল নেতা যদি প্রতিশ্রুতি দেন আমরা আর কখনোই জ্বালানি তেলের দাম বাড়াব না, তাহলে বিবৃতির মুহূর্তে জনগণ প্রচণ্ড পরিমাণে তুষ্টি বোধ করবে; কিন্তু বিশেষজ্ঞ মহল জানেন জ্বালানি তেলের মূল্য শুধু দেশীয় বাস্তবতার ওপর নয়, মূলত বিশ্ব-বাস্তবতার ওপর অনেকাংশে নির্ভর করে। তাই এক্ষেত্রে প্রতিশ্রুতি রক্ষা করতে না পারার ঝুঁকি ব্যাপক। এরকম আরও অনেক ক্ষেত্রে সুনির্দিষ্ট অঙ্গীকার করা যেকোনো দায়িত্বশীল সরকারি দলের নেতার পক্ষে বিপজ্জনক। শুধু জনতুষ্টি অর্জনের জন্য এ ঝুঁকি কোনো গণতান্ত্রিক সরকারি দলের নেতার নেওয়া উচিত নয়। প্রশ্ন হচ্ছে, এর সঙ্গে স্বৈরাচারের জন্ম হওয়ার সম্পর্ক কী? সম্পর্ক এখানে যে, এতে করে তাদের যখন ওই চাহিদা মেটানো সম্ভব হবে না, তখন এই জনগণ এমনভাবে ক্ষিপ্ত হতে পারে যে, তাদের নিয়ন্ত্রণ করতে সরকারকে স্বৈরাচারী আচরণ করতে হবে। এ ধরনের পরিস্থিতি সৃষ্টি হওয়ার বিষয়টি যদি কোনো গণতান্ত্রিক সরকারের অতিকথনের ফলে তৈরি হয়, তাহলে এটিকে ওই গণতন্ত্র চর্চার ত্রুটি হিসেবেই দেখা যেতে পারে।

> তথাপি, একটু দূরবর্তী কারণ অনুসন্ধান করলে দেখা যাবে যে, এথেন্সের অতি-উদার গণতান্ত্রিক সংস্কৃতিই ভেতর থেকে রাষ্ট্রটিকে দুর্বল করে ফেলেছিল। সিদ্ধান্ত গ্রহণে প্রকৃত জ্ঞানীদের বা বিশেষজ্ঞদের গুরুত্ব না দিয়ে নিছক জনতুষ্টিবাদিতা এবং অবারিত ব্যক্তিস্বাধীনতা ক্রমান্বয়ে এক দায়িত্বহীন স্বৈরাচারী মানসিকতারই জন্ম দিয়েছিল, সৃষ্টি হয়েছিল এক ধরনের বিশৃঙ্খলা। আর এসবের ফল হিসেবেই রাষ্ট্র হয়েছে দুর্বল, এথেন্সের তৎকালীন স্বৈরাচারী শক্তি এ সুযোগেই কাজে লাগিয়েছে। ইতিহাসের এ শিক্ষা প্রত্যেকটি গণতান্ত্রিক রাষ্ট্রের জন্য সর্বকালেই কমবেশি আমলে নেওয়ার মতো

জনতুষ্টির বিপরীতে ক্ষমতাতুষ্টি বলতেও আরেকটি বিষয় আছে। এটি জনতুষ্টির বিপরীত বর্গীয় বিষয়। এক্ষেত্রে জনগণের মধ্য থেকে কোনো ব্যক্তি বা শ্রেণি সরকারকে তুষ্ট করার চেষ্টা করে। সরকার যদি তাদের প্রশংসা অথবা অযৌক্তিক গুণকীর্তন শুনেই খুশি হয়ে যায় এবং ওইসব ব্যক্তি বা গোষ্ঠীকে বিভিন্ন রকম সুযোগ-সুবিধা দিতে থাকে, সেক্ষেত্রে সরকারব্যবস্থায় চাটুকার ও অসৎ লোকের ব্যাপক পরিমাণে প্রভাব-প্রতিপত্তি বেড়ে যায়, যেটা শুধু গণতন্ত্র নয়, যেকোনো কল্যাণকামী রাষ্ট্রের সামগ্রিক স্বাস্থ্যের জন্য ভীষণ ক্ষতিকর।

যখন রাজনৈতিক রেটরিকের অসতর্ক ব্যবহারের জন্য কোনো নেতা জনসাধারণকে এমন কিছু প্রতিশ্রুতি এমন কিছু ব্যাপারে স্বীকৃতি দিয়ে বসেন, যার সব তিনি বা তার সরকার পূরণ করতে পারবে না

গণতন্ত্রে মতপ্রকাশের স্বাধীনতা, রাজনৈতিক বিরোধিতার সুযোগ এবং ক্ষমতাসীনদের সমালোচনা করার অধিকার দেওয়া হয়। এগুলো গণতন্ত্রের খুবই কাঙ্ক্ষিত অধিকার। কিন্তু এ অধিকারের অপব্যবহার যথেচ্ছাচারের সুযোগ যাতে তৈরি না করে সেদিকে সরকারকে এরপর ২৭ পৃষ্ঠায়

# বাণিজ্যযুদ্ধ আরও তীব্র করল কানাডা

শিব্বীর আহমেদ

> শুল্কের প্রভাব দুই দেশের ব্যবসা ও ভোক্তাদের ওপর পড়তে পারে। বিশেষ করে ইস্পাত, কৃষি, দুগ্ধ, সামুদ্রিক খাদ্য, শিল্পযন্ত্র ও উৎপাদন খাতে সরবরাহব্যবস্থায় ব্যাঘাত এবং পণ্যের দাম বৃদ্ধির আশঙ্কা রয়েছে। দীর্ঘস্থায়ী বাণিজ্য বিরোধ হলে উত্তর আমেরিকার শিল্পখাতেও এর প্রভাব পড়তে পারে। কানাডা অবশ্য জ্বালানি ও পটাশের মতো কয়েকটি গুরুত্বপূর্ণ খাতকে এখনো নতুন পাল্টা শুল্কের আওতার বাইরে রেখেছে



যুক্তরাষ্ট্রের সঙ্গে চলমান বাণিজ্য বিরোধ আরও তীব্র করে প্রায় ২ হাজার কোটি মার্কিন ডলার মূল্যের পণ্যে পাল্টা শুল্ক আরোপের ঘোষণা দিয়েছে কানাডা।

মঙ্গলবার কানাডা সরকার জানিয়েছে, যুক্তরাষ্ট্র থেকে আমদানি করা প্রায় ৭০০ ধরনের পণ্যে ১৫, ২৫ ও ৫০ শতাংশ হারে শুল্ক বসানো হবে। নতুন শুল্ক আগামী ৮ সেপ্টেম্বর থেকে কার্যকর হবে।

কানাডার অর্থ মন্ত্রণালয় জানিয়েছে, নতুন পাল্টা শুল্ক যুক্তরাষ্ট্রের সাম্প্রতিক শুল্ক ব্যবস্থার সঙ্গে সামঞ্জস্য রেখে নির্ধারণ করা হয়েছে। এর আওতায় ইস্পাত, দুগ্ধজাত পণ্য, গৃহস্থালি সরঞ্জাম, কৃষি যন্ত্রপাতি, কাগজ ও মুদ্রণসামগ্রী, ইলেকট্রনিক পণ্যসহ বিভিন্ন পণ্য থাকবে।

কানাডার এই সিদ্ধান্ত এসেছে যুক্তরাষ্ট্র কানাডার পণ্যের ওপর নতুন করে ৫০ শতাংশ পর্যন্ত শুল্ক আরোপ করার পর। দুই দেশের মধ্যে বাণিজ্য আলোচনা ভেঙে পড়ার পর থেকেই উত্তেজনা দ্রুত বাড়ছে।

কানাডা বলছে, নতুন পাল্টা শুল্কের লক্ষ্য হলো কানাডার শিল্প ও কর্মসংস্থান রক্ষা করা এবং যুক্তরাষ্ট্রের ওপর আলোচনার জন্য চাপ সৃষ্টি করা। কানাডার অর্থমন্ত্রী ফ্রাঁসোয়া-ফিলিপ শ্যাম্পেন বলেন, সরকার দেশের অর্থনৈতিক স্বার্থ রক্ষায় প্রয়োজনীয় পদক্ষেপ নিচ্ছে। একই সঙ্গে শুল্কের কারণে ক্ষতিগ্রস্ত ব্যবসা ও কর্মীদের সহায়তার জন্য ৭৫০ কোটি কানাডীয় ডলারের একটি সহায়তা কর্মসূচিও ঘোষণা করা হয়েছে।

কানাডার নতুন তালিকায় যুক্তরাষ্ট্রের প্রায় ৭০০ ধরনের পণ্য রয়েছে। পণ্যের ধরন অনুযায়ী শুল্কের হার হবে ১৫, ২৫ অথবা ৫০ শতাংশ। ইস্পাত ও অ্যালুমিনিয়াম, আসবাবপত্র, পোশাক, পনির, সামুদ্রিক খাদ্য, বৈদ্যুতিক সরঞ্জাম, কৃষি যন্ত্রপাতি এবং বিভিন্ন শিল্পপণ্য এর আওতায় পড়বে।

কানাডার সরকারি হিসাবে, নতুন ব্যবস্থা যুক্তরাষ্ট্র থেকে আমদানি করা প্রায় ২৭৬০ কোটি কানাডীয় ডলার মূল্যের পণ্যের ওপর প্রযোজ্য হবে।

যুক্তরাষ্ট্র ও কানাডার অর্থনীতি গভীরভাবে পরস্পরের সঙ্গে যুক্ত হওয়ায় নতুন শুল্কের প্রভাব দুই দেশের ব্যবসা ও ভোক্তাদের ওপর পড়তে পারে। বিশেষ করে ইস্পাত, কৃষি, দুগ্ধ, সামুদ্রিক খাদ্য, শিল্পযন্ত্র ও উৎপাদন খাতে সরবরাহব্যবস্থায় ব্যাঘাত এবং পণ্যের দাম বৃদ্ধির আশঙ্কা রয়েছে।

দীর্ঘস্থায়ী বাণিজ্য বিরোধ হলে উত্তর আমেরিকার শিল্পখাতেও এর প্রভাব পড়তে পারে। কানাডা অবশ্য জ্বালানি ও পটাশের মতো কয়েকটি গুরুত্বপূর্ণ খাতকে এখনো নতুন পাল্টা শুল্কের আওতার বাইরে রেখেছে।

বাণিজ্য আলোচনা ভেঙে গেলেও কানাডা ও যুক্তরাষ্ট্র উভয় পক্ষই দীর্ঘমেয়াদে একটি সমঝোতায় পৌঁছানোর সুযোগ পুরোপুরি বন্ধ করেনি।

তবে ৮ সেপ্টেম্বর কানাডার নতুন শুল্ক কার্যকর হওয়ার আগে দুই দেশের মধ্যে নতুন করে আলোচনা শুরু হয় কি না, সেটিই এখন গুরুত্বপূর্ণ প্রশ্ন।

বিশ্লেষকদের মতে, নতুন পাল্টা শুল্ক যুক্তরাষ্ট্র ও কানাডার দীর্ঘদিনের ঘনিষ্ঠ অর্থনৈতিক সম্পর্কের ওপর আরও চাপ সৃষ্টি করবে। একই সঙ্গে উত্তর এরপর ২৯ পৃষ্ঠায়

> বিশ্লেষকদের মতে, নতুন পাল্টা শুল্ক যুক্তরাষ্ট্র ও কানাডার দীর্ঘদিনের ঘনিষ্ঠ অর্থনৈতিক সম্পর্কের ওপর আরও চাপ সৃষ্টি করবে। একই সঙ্গে উত্তর আমেরিকার ব্যবসা, কর্মসংস্থান ও ভোক্তা মূল্যেও এর প্রভাব পড়তে পারে। যুক্তরাষ্ট্র ও কানাডার মধ্যে নতুন এই শুল্কযুদ্ধ এখন শুধু দুই দেশের বাণিজ্য সম্পর্ক নয়, পুরো উত্তর আমেরিকার অর্থনৈতিক স্থিতিশীলতার জন্যও বড় চ্যালেঞ্জ হয়ে উঠছে

Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights, NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# কতটুকু ইলেকশন, কতটুকু সিলেকশন

মাসুদ কামাল

প্রতিটা ব্যালট পেপারে রাষ্ট্রপতি প্রার্থীদের নাম থাকবে। এমপি সাহেবরা সেই ব্যালট পেপারে ভোট দেবেন, তারপর সেই পেপারেই নিজের পরিচিতি লিখে স্বাক্ষর করবেন। অর্থাৎ কে কাকে ভোট দিলেন, সেটা আর গোপন থাকবে না। সবাই জানতে পারবেন। তাহলে ব্যালট পেপার, সিইসিকে রিটার্নিং কর্মকর্তা নিয়োগ, সংসদ ভবনে নির্বাচন অনুষ্ঠান-এত নাটকের দরকারটাই-বা কী?

মির্জা ফখরুল ইসলাম আলমগীর দেশের ২৩তম রাষ্ট্রপতি হয়েছেন। দেশের বর্তমান পরিপ্রেক্ষিতে রাষ্ট্রপতি হিসেবে তিনি সম্ভবত বেশির ভাগ মানুষের কাছেই পছন্দের একজন মানুষ। সেভাবে দেখলে বঙ্গভবন একজন যোগ্য অভিভাবকই পেয়েছে। পূর্ববর্তী রাষ্ট্রপতিদের সঙ্গে তুলনা করলে আমার বিবেচনায় বিচারপতি সাহাবুদ্দীন আহমদের পর মির্জা ফখরুলকেই যোগ্যতম মনে হয়। জামায়াত-এনসিপির পক্ষ থেকে এবার রাষ্ট্রপতি পদের জন্য কর্নেল (অব.) অলি আহমদকে প্রার্থী করা হয়েছিল। তিনি হেরে গেছেন বিপুল ভোটের ব্যবধানে। নিজেদের প্রার্থীর এমন ভরাডুবির পরও, মির্জা ফখরুলকে নিয়ে জামায়াত-এনসিপিও যে খুব একটা মন খারাপ করবে, তা আমার মনে হয় না। একজন নিপাট ভদ্রলোক হিসেবে রাজনৈতিক অঙ্গনেও তাঁর পরিচিতি রয়েছে।

এমন একজন যোগ্য লোক রাষ্ট্রপতি হওয়া সত্ত্বেও যে প্রক্রিয়ায় তিনি রাষ্ট্রপতি নির্বাচিত হলেন, তা নিয়ে কিছু প্রশ্ন রয়েছে। আরও সরাসরি বললে-'রাষ্ট্রপতি নির্বাচন' বলতে আমাদের দেশে যা চলে, তাকে কি আদৌ কোনো নির্বাচন বলা যায়? ইলেকশন আর সিলেকশনের মধ্যে একটা মৌলিক পার্থক্য রয়েছে। ইলেকশন বা নির্বাচন হচ্ছে এমন একটি গণতান্ত্রিক প্রক্রিয়া, যেখানে একাধিক প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেন এবং নির্দিষ্ট যোগ্যতাসম্পন্ন ভোটাররা গোপন ব্যালট বা ভোটের মাধ্যমে তাঁদের প্রতিনিধি নির্বাচন করেন। নির্বাচনের মূল শর্তটাই হচ্ছে, এখানে ভোট বা মতামত দেওয়া হবে গোপনে। কেউ জানবেন না অন্যজন কাকে ভোট দিয়েছেন। ফলে এতে ফলাফলের একটি অনিশ্চয়তা থাকে। মির্জা ফখরুলের নির্বাচিত হওয়া নিয়ে কি কোনো অনিশ্চয়তা ছিল? ছিল না। যে মুহূর্তে বিএনপি তাঁকে মনোনীত করেছে, তখনই সবাই জানত-তিনি রাষ্ট্রপতি হচ্ছেন।

তবে একটা হালকা চিন্তা কিন্তু ছিল। অনেকে এমনও বলেছেন, বাধ্যবাধকতা না থাকলে অলি আহমদও বিএনপির অনেক এমপির ভোট পেতে পারতেন। অলি আহমদ বিএনপি ঘরানারই লোক। দীর্ঘদিন বিএনপির রাজনীতি করেছেন। মেজর জেনারেল জিয়া যখন বিএনপি প্রতিষ্ঠা করেন, তখন থেকেই তিনি বিএনপিতে। এমনকি জিয়া যখন মুক্তিযুদ্ধে যান, তখনো অলি আহমদ ছিলেন তাঁর ঘনিষ্ঠ সহচর। সেই হিসেবে তাঁর সঙ্গে বিএনপির অনেক নেতা-কর্মীরই সুসম্পর্ক থাকতে পারে। বিএনপি থেকে বের হয়ে এলডিপি গঠন করলেও হাসিনা সরকারের শেষ কয়েক বছর বিএনপির সঙ্গে মিলেই আন্দোলনের মাঠে ছিলেন। কাজেই তাঁদের অনেকের সঙ্গে ব্যক্তিগত সম্পর্ক থাকাও অস্বাভাবিক কিছু নয়।



সম্ভবত এই ভয়টাই পেয়েছে এবার সরকারি দল। আর সে কারণেই তাঁদের চিফ হুইপ রাষ্ট্রপতি নির্বাচনের আগে বেশ জোরেশোরে হুঁশিয়ারি উচ্চারণ করেছেন, বলেছেন-এই নির্বাচনে সংবিধানের ৭০ অনুচ্ছেদ কার্যকর থাকবে। অর্থাৎ দলীয় প্রার্থীর বিরুদ্ধে কেউ ভোট দিলে তাঁর সংসদ সদস্য পদ বাতিল হয়ে যাবে। এই জায়গাটাই আমি বুঝি না। মাঝে মাঝে অনেক আইন আমার কাছে খুবই দুর্বোধ্য লাগে। তার চেয়ে বেশি দুর্বোধ্য মনে হয় জ্ঞানী লোকজনের দেওয়া সেই আইনের ব্যাখ্যা। যেমন ধরা যাক, রাষ্ট্রপতি নির্বাচনের আইনটি। সেই সঙ্গে চিফ হুইপের দেওয়া ব্যাখ্যা।

রাষ্ট্রপতি নির্বাচন নিয়ে আমাদের সংবিধানে কী বলা হয়েছে? সংবিধানের ৪৮ অনুচ্ছেদে বলা আছে-'বাংলাদেশের একজন রাষ্ট্রপতি থাকিবেন, যিনি আইন অনুযায়ী সংসদ-সদস্যগণ কর্তৃক নির্বাচিত হইবেন।' এই যে 'আইন অনুযায়ী' নির্বাচিত হওয়ার কথা, এর অর্থ কী? তাহলে পুরো আইনটি বরং দেখা যাক। ১৯৯১ সালের এ-সংক্রান্ত আইনে বলা হয়েছে-'রাষ্ট্রপতি সংসদ-সদস্যগণের প্রকাশ্য ভোটে নির্বাচিত হইবেন।' এই জায়গাটা নিয়েই যত কথা। 'প্রকাশ্য ভোট' বলতে কী বোঝায়? সবার সামনে ভোট দেবেন? নাকি সবাইকে দেখিয়ে ভোট দেবেন? সবাইকে দেখিয়ে দিলে সেটা 'ভোট' হয় কীভাবে? নির্বাচন হয় কীভাবে?

এই নির্বাচন পদ্ধতিটা বড় অদ্ভুত। সংসদ সদস্যগণ কিন্তু হাত তুলে প্রকাশ্যে ভোট দেবেন না। বরং তাঁরা ব্যালট পেপারে ভোট দেবেন। প্রতিটা ব্যালট পেপারে রাষ্ট্রপতি প্রার্থীদের নাম থাকবে। এমপি সাহেবরা সেই ব্যালট পেপারে ভোট দেবেন, তারপর সেই পেপারেই নিজের পরিচিতি লিখে স্বাক্ষর করবেন। অর্থাৎ কে কাকে ভোট দিলেন, সেটা আর গোপন থাকবে না। সবাই জানতে পারবেন। তাহলে ব্যালট পেপার, সিইসিকে রিটার্নিং কর্মকর্তা নিয়োগ, সংসদ ভবনে নির্বাচন অনুষ্ঠান-এত নাটকের এরপর ২২ পৃষ্ঠায়



> তিনি এই নির্বাচনে ভোট দেননি। তাঁর মতে, যে নির্বাচনে কোনো অনিশ্চয়তা থাকে না, তাকে প্রকৃত নির্বাচন বলা যায় না। সংখ্যাগরিষ্ঠ দলের কারণে এই ভোটের ফলাফল কী হতে যাচ্ছে, তা আগে থেকেই সবার জানা ছিল। তাই এটি কোনো নির্বাচন নয়, বরং একধরনের 'মনোনয়ন' মাত্র। রুমিন ফারহানার এমন বক্তব্যের জবাব কি আছে কোনো? আসলে পুরো বিষয়টিই অস্পষ্ট এবং দুর্বোধ্য। তাই এ রকম 'প্রকাশ্য ভোট', ৭০ অনুচ্ছেদের সদম্ভ উপস্থিতি, হুইপের হুমকি-এত এত বিষয় যখন একত্র হয়ে যায়, তখন সেই 'নির্বাচন' নিয়ে, নির্বাচনে জয় নিয়ে গর্ব দূরে থাক, উচ্চারণেই কেমন যেন অস্বস্তি থাকে। দুই-তৃতীয়াংশ আসনে বিজয়ী রাজনৈতিক দল কেন সে রকম একটা অস্বস্তিকে আলিঙ্গন করল-বুঝতে পারি না

# দেশে দেশে সরকারপ্রধানরা কেন কানকথা শোনেন

আবু জুবায়ের

> চতুর নেতা কানকথাকে দেখেন কাঁচা মরিচের মতো। একবারে বেশি চিবিয়ে ফেললে বুক জ্বলবে। কিন্তু খাবারে একদম না দিলে রাজনীতিটাই পানসে ঠেকবে। তাই তাঁরা কানভাঙানি নিয়ে আসা মানুষটিকে দিয়েই হয়তো তাঁর প্রতিপক্ষকে নানা রাজনৈতিক কাজে ব্যস্ত রাখেন। আবার দিনশেষে কোনো পক্ষকেই কানকথার চূড়ান্ত ফায়দা লুটতে দেন না। দিনশেষে দেওয়ালের যেমন কান থাকে, তেমনি নেতার কানের ওপর পুরো রাজনৈতিক ইকোসিস্টেমের নজর থাকে। কানকথা শোনা কোনো অপরাধ নয়। ক্ষমতার অলিন্দে টিকে থাকার অপরিহার্য জ্বালানি। আসল কেরামতি হলো হাজারো বিষাক্ত ফিসফিসানি ও চামচামির ভেতর থেকে আসল সুরটি চিনে নেওয়া এবং কানকথা শুনেও এমন ভান করে থাকা যেন- তিনি কিছুই শোনেননি। অথচ পুরো নাটকের প্রতিটি অঙ্কের সংলাপ তাঁর নখদর্পণে মুখস্থ



রাষ্ট্রবিজ্ঞানের গুরুগম্ভীর পণ্ডিতরা যতই সংবিধানের ভারসাম্য, নীতি-নির্ধারণ আর সুশাসনের রূপরেখা নিয়ে তাত্ত্বিক আলোচনা করুন না কেন, ক্ষমতার আসল রসায়ন লুকানো থাকে সম্পূর্ণ ভিন্ন এক জৈবিক প্রত্যঙ্গে। সিংহাসনে যিনি বসেন, তাঁর চোখের দৃষ্টি দিগন্ত পার হতে না পারলেও চলে। কিন্তু তাঁর কানের দৈর্ঘ্য হওয়া চাই আকাশচুম্বী। রাজনীতিতে প্রবাদ আছে যে, দেওয়ালেরও কান থাকে। তবে ক্ষমতার মসনদে দেওয়ালের চেয়েও বড় কানটি থাকে খোদ শাসকের। আমাদের দেশেও সরকারপ্রধানরা কানকথা শুনে অনেক ভুল সিদ্ধান্ত নেন। এই কৌতূহল নিবৃত্ত করতে গেলে বিশ্ব ইতিহাসের সুদীর্ঘ অলিন্দ ধরে একটু হাঁটাহাঁটি করা প্রয়োজন। কারণ রাজনীতিতে কানকথা শোনা কোনো তাৎক্ষণিক চারিত্রিক দুর্বলতা নয়। এটি অনেকটাই ক্ষমতার রাজপ্রাসাদে টিকে থাকার জন্য যুগে যুগে চর্চিত ধ্রুপদী ও নান্দনিক শিল্পকলা।

বাস্তবতা হলো, একজন সাধারণ পেয়াদের কাছে যা পরনিন্দা কিংবা নিতান্ত পাড়াতুতো কূটনামি, রাজদরবারে তা-ই অত্যন্তরীণ বিশেষ মূল্যায়ন বা উচ্চপর্যায়ের কৌশলগত পর্যবেক্ষণ। ক্ষমতার চূড়ায় ওঠা মানুষের জীবনটা বড় অদ্ভুত একাকীত্বের বৃত্তে বাঁধা পড়ে। যত মানুষ কাছে আসে, সবার মুখেই যখন অতিভক্তির অমল হাসি, তখন মনের গভীরে এক ধরনের সূক্ষ্ম সংশয় বাসা বাঁধে। এই প্রবল স্তুতিবাক্যের ভিড়ে কোনটা খাঁটি আর কোনটা চামচামি, তা যাচাই করতে গিয়ে অবচেতনভাবেই নেপথ্যের ফিসফিসানিকে সবচেয়ে নিখাদ তথ্য বলে মনে হতে থাকে। পারিষদ ও চামচাকুলও এই মনস্তাত্ত্বিক শূন্যতা খুব ভালো বোঝে। তারা জানে, তরবারি দিয়ে যা জয় করা যায় না, নেতার কানের গহ্বরে এক ফোঁটা চাটুকারিতার বিষ ঢেলে দিলে তার চেয়ে দশ গুণ দ্রুত কার্যোদ্ধার সম্ভব।

ইতিহাসের ধুলো ঝেড়ে তাকালে দেখা যায়, বিশ্বের সেরা সেরা সাম্রাজ্যের ভাগ্য বদলে গেছে কোনো না কোনো অদৃশ্য ফিসফিসানিতে। প্রাচীন রোমে খোদ জুলিয়াস সিজার যদি বিরোধী সিনেটরদের চাপা অসন্তোষ আর গুজবের খবরকে কানকথা বলে তুড়ি মেরে উড়িয়ে না দিতেন, তবে সিনেটের পাথুরে মেঝেতে তাঁর এমন রক্তাক্ত প্রস্থান ঘটত না। ওদিকে শেক্সপিয়ারের ওথেলো নাটকের ট্র্যাজেডি তো কোনো আকাশভাঙা দুর্যোগ ছিল না; খলনায়ক ইয়াগো সেনাপতি ওথেলোর কানে কেবল একটু একটু করে সন্দেহের বিষ ঢেলেছিল, আর তাতেই গোটা মসনদ তছনছ হয়ে গিয়েছিল। রোমান সম্রাট টাইবেরিয়াস তাঁর বিশ্বস্ত অনুচর সেজানুসের কানকথার ওপর এমন চোখ বুজে নির্ভর করতেন যে, সেজানুস নিজের প্রতিটি ব্যক্তিগত শত্রুকে রাষ্ট্রের শত্রু বানিয়ে সম্রাটের কান দিয়ে ফাঁসির কাঠে ঝুলিয়ে দিয়েছিলেন।

প্রাচ্যের দরবারে এই শ্রবণশিল্প আরও বেশি রমরমা ছিল। চাণক্যের অর্থশাস্ত্র তো ছদ্মবেশী সন্ন্যাসী ও বারবনিতাদের দিয়ে প্রজাদের খাস কামরার কানকথা সংগ্রহের বিজ্ঞানসম্মত পাঠশালা খুলে বসেছিল। মোগল সালতানাতে বাদশাহ আকবরের সভাসদরা বীরবলকে ল্যাং মারার জন্য কত শত মুখরোচক কানকথা বাদশাহর নাস্তাপর্বে পরিবেশন করতেন, তার কোনো লিখিত দলিল নেই। নূরজাহানের অলিখিত রাজত্ব, শাহজাহানের শেষ জীবনে ভাইদের মধ্যে রক্তগঙ্গা আর আওরঙ্গজেবের কড়া নজরদারির সিংহাসন-সবকিছুর নিচে কানভাঙানির এক বহমান নদী বয়ে যেত।

পশ্চিমা বিশ্বেও এই ঐতিহ্যের কমতি ছিল না। ফরাসি সম্রাট চতুর্দশ লুইয়ের ভার্সাই প্রাসাদ তো ছিল রূপকথার এক বিশাল কানকথা বিপণি। সেখানে ডিউকরা সুগন্ধি মেখে ঘণ্টার পর ঘণ্টা ঘুরঘুর করতেন রাজার কান লক্ষ্য করে। কার চোখের পলক বেশি কাঁপল আর কার করমর্দনে আনুগত্যের ঘাটতি ছিল, সেসব রাজকীয় কানকথার ওপর নির্ভর করে বহু লর্ডের জমিদারি হাওয়া হয়ে যেত। এমনকি সাবেক সোভিয়েতের ক্রেমলিনে জোসেফ স্তালিনের যুগে গোটা প্রশাসনই চলত কানকথার জোরে। কমরেডরা রাতে ঘুমানোর সময়ও ভয়ে কাঁপতেন-স্বপ্নে দলের বিরুদ্ধে কোনো বিড়বিড়ানি যদি খাস কামরায় পৌঁছে যায়, তবে সকালের নাস্তা জুটবে সোজা সাইবেরিয়ার বরফে।

একবিংশ শতাব্দীর আধুনিক গণতন্ত্রে কানকথার আবেদন কিন্তু একবিন্দুও কমেনি। বরং এর আধুনিক কর্পোরেট রূপান্তর ঘটেছে। এখন আর দরবারে গিয়ে হাঁটু গেড়ে ফিসফিস করতে হয় না। এখন কানকথা আসে ফাইলে মুড়ে ব্রিফিং নোট হিসেবে, হোয়াটসঅ্যাপ চ্যাটের চতুর স্ক্রিনশটে কিংবা আড্ডার টেবিলের অফ দ্য রেকর্ড মুখরোচক বিশ্লেষণে।

আমাদের দেশেও সরকারপ্রধানদের ক্ষেত্রে এই সমীকরণটি কেমন দাঁড়ায়, তা কল্পনা করা খুব কঠিন নয়। সকালে একনিষ্ঠ এক পারিষদ মুখে দুনিয়ার তাবৎ ষড়যন্ত্রের আতঙ্ক ফুটিয়ে হয়তো এসে দাঁড়ালেন। চেয়ারে সামান্য ঝুঁকে তিনি খুব নিচু গলায় বলতে পারেন যে, অমুক জেলার অমুক প্রভাবশালী নেতা জনসভায় নেতার নামে স্লোগান দিয়েছেন ঠিকই, কিন্তু তাঁর মাইকের ভলিউম অন্য বক্তাদের চেয়ে তিন ডেসিবেল কম ছিল।

আরেক তরুণ নেতা আইপ্যাডের স্ক্রিন সামনে তুলে ধরে দেখাতে পারেন যে, অমুক জেলার সাধারণ সম্পাদক নেতার দীর্ঘ বক্তব্যের লাইভ ভিডিও শেয়ার এরপর ২৮ পৃষ্ঠায়



# শর্ত নয় প্রত্যাশার বেড়াজালে ঢাকা-দিল্লি

> কূটনীতির ভাষায় এটি মূলত একটি সাময়িক বোঝাপড়ার পর্যায়। ঢাকা বা দিল্লি- কোনো পক্ষই কিন্তু আলোচনার দুয়ার পুরোপুরি বন্ধ করার কথা বলেনি। বাংলাদেশ যেমন আনুষ্ঠানিকভাবে সফর বাতিলের কথা জানায়নি, তেমনি ভারতও আলোচনার পথ রুদ্ধ করেনি। দুই দেশের নীতিনির্ধারণী পর্যায়েই এ উপলব্ধি স্পষ্ট, বর্তমানের মানসিক দূরত্ব কাটিয়ে উঠে একটি পারস্পরিক আস্থার জায়গায় পৌঁছাতে হবে। ব্রিকস কিংবা বিমসটেকের মতো বহুপক্ষীয় ফোরামগুলোকে কাজে লাগিয়ে যদি প্রাথমিক বরফ গলানো সম্ভব হয়, তবে অদূর ভবিষ্যতে দুই দেশের মধ্যে একটি ফলপ্রসূ দ্বিপক্ষীয় শীর্ষ সফর অনুষ্ঠিত হওয়া সম্ভব। আস্থার সংকটকে দূরে ঠেলে দিয়ে, পারস্পরিক শ্রদ্ধা, সার্বভৌম সমতা ও বাস্তবতার ভিত্তিতে আলোচনা এগিয়ে নেওয়াই হবে ঢাকা ও দিল্লি- উভয়পক্ষের জন্যই দূরদর্শী কূটনীতির আসল পরিচয়

এম হুমায়ুন কবির



সাম্প্রতিককালে বাংলাদেশের প্রধানমন্ত্রীর সম্ভাব্য ভারত সফর এবং সেটি কেন্দ্র করে কূটনৈতিক অঙ্গনে যে মনস্তাত্ত্বিক টানাপড়েন ও অনিশ্চয়তা সৃষ্টি হয়েছে, তা নিয়ে দেশে ও বিদেশে নানান সমীকরণ মেলানো হচ্ছে। বিশেষ করে আঞ্চলিক ও বহুপক্ষীয় ফোরাম বিমসটেকের চেয়ারম্যান হিসেবে ব্রিকস সম্মেলনে অংশ নেওয়ার আমন্ত্রণের পর থেকে এ সফর ঘিরে একধরনের দ্বিধাদ্বন্দ্ব পরিলক্ষিত হয়েছে। আমাদের দিক থেকে শুরুতেই একটি স্বাভাবিক প্রত্যাশা ছিল, প্রধানমন্ত্রী যদি ভারতে সফর করেন, তবে তা একটি পূর্ণাঙ্গ দ্বিপক্ষীয় সফরের রূপ পাওয়া উচিত। কিন্তু দিল্লির মাটিতে বাংলাদেশের ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রীর অনলাইনকেন্দ্রিক রাজনৈতিক তৎপরতা এবং পরে ঢাকার পক্ষ থেকে দেওয়া কড়া প্রতিক্রিয়ার প্রেক্ষাপটে পরিস্থিতি কিছুটা জটিল রূপ নেয়। ভারতীয় হাইকমিশনারের ঢাকায় বিভিন্ন স্তরে বৈঠক এবং দ্রুত দিল্লিতে গিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে বার্তা আদান-প্রদান আমাদের মনে এ ধারণার জন্ম দিয়েছিল যে, সফরটিকে দ্বিপক্ষীয় রূপ দিতে দিল্লি বেশ আন্তরিক। তবে পরমুহূর্তেই ঢাকা থেকে 'সহায়ক পরিবেশ' তৈরির তাগিদ এবং কিছু নির্দিষ্ট বিষয় উত্থাপনের পর সফরটি আপাতত ঝুলে গেছে বলে মনে হচ্ছে। এমনকি দিল্লির রাষ্ট্রপতি ভবনের গার্ড প্রস্তুতি সম্পর্কিত বার্তা ও প্রত্যাহারও ইঙ্গিত দেয়, দ্বিপক্ষীয় সফরটি বর্তমানে একধরনের অনিশ্চয়তায় পড়েছে। তবে আমার মতে, এ পুরো পরিস্থিতিকে সম্পর্কের চরম অবনতি হিসেবে না দেখে পরিবর্তিত রাজনৈতিক প্রেক্ষাপটে দুই দেশের সম্পর্ককে নতুন করে অনুধাবন করার একটি প্রাক-প্রস্তুতি হিসেবে দেখা উচিত।

আজকাল একটি কথা হরহামেশাই বলা হচ্ছে- বাংলাদেশ নাকি এ সম্পর্কের একটি 'রিসেট' বা পুনর্বিন্যাস চায় এবং তার জন্য ভারত সফরের আগেই কঠোর কিছু শর্ত সামনে নিয়ে এসেছে। তবে কূটনীতির ছাত্র এবং সাবেক কূটনীতিক হিসেবে আমি বিশ্বাস করি, আপনি কোন সম্পর্কের রিসেট চান, কিংবা আপনার কোনো নির্দিষ্ট বিষয়ে মতভিন্নতা থাকুক না কেন, আন্তর্জাতিক সম্পর্কের টেবিলে আলোচনার কোনো বিকল্প নেই। শর্ত কিংবা অনড় অবস্থান নিয়ে দূরত্ব বজায় রাখার চেয়ে মুখোমুখি বসে আলাপ-আলোচনার মাধ্যমেই কূটনীতির জটিলতম অলিগলি পার হতে হয়।

ঢাকা যে বিষয়গুলো উত্থাপন করেছে, সেগুলোকে আন্তর্জাতিক কূটনৈতিক প্রথার আলোকে 'শর্ত' না বলে বরং 'জাতীয় প্রত্যাশা' হিসেবে দেখাটাই বেশি সমীচীন। আমরা যদি এসব বিষয়কে শর্ত বা বাধা হিসেবে ধরে নিই, তবে সেই বাধার দেয়াল ভাঙার কাজটিও কিন্তু দুই দেশের শীর্ষ পর্যায়কেই করতে হবে। কারণ কূটনীতির টেবিলে নমনীয়তা এবং দ্বিপক্ষীয় সংলাপের সুযোগ রাখাটাই বুদ্ধিমানের কাজ, যাতে আমাদের মূল স্বার্থ ও প্রত্যাশাগুলো আদায়ের একটা বাস্তবসম্মত পথ খোলা থাকে।

ঢাকা যে বিষয়গুলো উত্থাপন করেছে, সেগুলোকে আন্তর্জাতিক কূটনৈতিক প্রথার আলোকে 'শর্ত' না বলে বরং 'জাতীয় প্রত্যাশা' হিসেবে দেখাটাই বেশি সমীচীন

বাংলাদেশের পক্ষ থেকে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ অন্যান্য পলাতক ব্যক্তির প্রত্যর্পণের যে বিষয়টি বারবার সামনে আনা হচ্ছে, সেটিকে শুধু একটি সাধারণ আইনি চুক্তি বা একপক্ষীয় দাবির মধ্যে সীমাবদ্ধ রাখলে চলবে না। এ বিষয়ে মূলত তিনটি স্পষ্ট মাত্রা কাজ করছে। প্রথমটি নিঃসন্দেহে আইনি মাত্রা। দেশের আদালত থেকে যখন একটি বিচারিক প্রক্রিয়া বা দণ্ডাদেশের বিষয় আসে, তখন বাংলাদেশ অবশ্যই বিদ্যমান দ্বিপক্ষীয় প্রত্যর্পণ চুক্তি অনুযায়ী সহযোগিতার আর্জি জানাবে। এটি আমাদের দেশের আইনি ও শাসনতান্ত্রিক বাধ্যবাধকতা। কিন্তু দ্বিতীয় যে দিকটি অনেকেই এড়িয়ে যান, তা হলো এর রাজনৈতিক মাত্রা। সাবেক প্রধানমন্ত্রী শুধু আইনের দৃষ্টিতে একজন অভিযুক্ত ব্যক্তিই নন, তিনি একটি বড় রাজনৈতিক দলের প্রধান এবং দীর্ঘদিনের একজন রাজনীতিক। আন্তর্জাতিক প্রেক্ষাপটে যখন কোনো রাজনৈতিক ব্যক্তিত্বের প্রত্যর্পণের বিষয় ওঠে, তখন চুক্তির ভেতরে থাকা রাজনৈতিক বিবেচনা বা ছাড়-সংক্রান্ত অনুচ্ছেদগুলো স্বয়ংক্রিয়ভাবেই প্রাসঙ্গিক হয়ে ওঠে। ভারতের সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় এ রাজনৈতিক সমীকরণটি নিশ্চিতভাবেই প্রভাব ফেলবে। আর তৃতীয় ও সবচেয়ে গুরুত্বপূর্ণ দিকটি হলো, কৌশলগত বা ভূরাজনৈতিক মাত্রা। ভারত এই দক্ষিণ এশীয় অঞ্চলের একটি বড় শক্তি। তাদের পররাষ্ট্রনীতিতে আশ্রয় প্রার্থীদের বিষয়ে একটি সুনির্দিষ্ট কৌশলগত দৃষ্টিভঙ্গি রয়েছে। ইতিহাস লক্ষ করলে দেখা যাবে, তিব্বতের দালাই লামা থেকে শুরু করে আফগানিস্তানের নজিবুল্লাহ পর্যন্ত বিভিন্ন দেশের রাজনৈতিক নেতাদের তারা আশ্রয় দিয়েছে। এ কৌশলগত ঐতিহ্য ও ভাবমূর্তির জায়গাটি দিল্লি কতটা বিসর্জন দেবে, সেটিও তাদের হিসাবনিকাশের ভেতরে থ ক্রবে। তাই আমরা যখন এই প্রত্যর্পণের বিষয়ে দ্রুত কোনো ফলাফলের প্রত্যাশা করি, তখন আইনি চুক্তির পাশাপাশি এই রাজনৈতিক ও ভূকৌশলগত জটিলতাগুলো মাথায় রাখাই হবে বস্তুনিষ্ঠ চিন্তার পরিচায়ক।



তবে মূল প্রশ্নের জায়গাটি হলো- শীর্ষ পর্যায়ের বৈঠক স্থগিত থাকা বা এ ধরনের জটিল রাজনৈতিক টানাপড়েন কি দুই দেশের সার্বিক সম্পর্কে কোনো দীর্ঘমেয়াদি স্থবিরতা নিয়ে আসবে? ২০২৪ সালের আগস্টের পটপরিবর্তনের পর থেকে রাজনৈতিক ও কূটনৈতিক পর্যায়ে যতই টানাপড়েন থাকুক না কেন, আমাদের দৈনন্দিন ও বস্তুগত লেনদেন কিন্তু থেমে থাকেনি। ভারত থেকে নেপাল হয়ে এরপর ২৮ পৃষ্ঠায়






ভালোবাসা সবার তরে,
ঘৃণা নয়কো কারো পরে

Love for all, hatred for none

# বাংলাদেশ যুক্তরাষ্ট্রের ভুবনে স্বাগতম

**For more information contact:**
Bait-uz-Zafar 188-15 McLaughlin Ave, Hollis NY 11423
(347) 530-5791

بسم الله الرحمن الرحيم

নিখিলবিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের বর্তমান ইমাম ও আমীরুল মু'মিনীন হযরত মির্যা মসরূর আহমদ খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.) গত ১৪ই জুন, ২০২৪ তারিখে যুক্তরাজ্যের (ইসলামাবাদস্থ) মসজিদে মুবারকে প্রদত্ত জুমুআর খুতবায় 'বনু নযীর' এর যুদ্ধের ঘটনা বিশদভাবে উল্লেখ করেন এবং দু'জন শহীদের স্মৃতিচারণের পাশাপাশি পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষভাবে দোয়ার আহ্বান জানান।

তাশাহহুদ, তা'ঊয ও সূরা ফাতিহা পাঠের পর হুযূর (আই.) বলেন, আজ বনু নযীরের যুদ্ধের কিছু ঘটনা বর্ণনা করবো। বনু নযীর গোত্রের পরিচিতি হলো, এরা মদীনার ইহুদীদের একটি বংশ ছিল। কোনো কোনো ঐতিহাসিক লিখেছেন, বনু নযীর খয়বরের ইহুদীদের একটি গোত্র ছিল এবং তাদের বসতিকে যাহরা বলা হতো। মহানবী (সা.) যখন মদীনায় আগমন করেন তখন বনু নযীর গোত্রের নেতা ছিল হুয়াই বিন আখতাব। তার পিতৃপুরুষের ষষ্ঠ প্রজন্মে নযীর বিন শাহামের নাম পাওয়া যায়, যার নামে এই গোত্রটি বনু নযীর নামে প্রসিদ্ধি লাভ করে। উম্মুল মু'মিনীন হযরত সাফিয়া (রা.) বনু নযীরের নেতা হুয়াই বিন আখতাবের কন্যা ছিলেন। ইতিহাসের গ্রন্থাবলীতে লেখা আছে, হুয়াই বিন আখতাবের বংশধারা হযরত মূসা (আ.)-এর ভাই হযরত হারূন (আ.)-এর সাথে গিয়ে মিলিত হয়। হুয়াই এর বংশে কতিপয় ব্যক্তি নবুওয়্যতের সম্মানে ধন্য হয়েছিলেন, যাদের কারণে সে গর্বিত ছিল। আর এই অহংকারের কারণেই সে বলতো, আল্লাহ্ তা'লা আমাদের প্রতি ইহকালেও দয়ালু এবং পরকালেও আমাদের প্রতি স্নেহ ও অনুগ্রহ করবেন। তিনি আমাদেরকে পাপের কারণে কয়েকদিন শাস্তি দিবেন, অবশেষে জান্নাতই হবে আমাদের স্থায়ী নিবাস। এই বংশীয় আত্মগরিমা ও ঔদ্ধত্যের কারণেই হুয়াই মহানবী (সা.)-এর শিক্ষামালা থেকে মুখ ফিরিয়ে নিয়েছিল। অবস্থানের নিরিখে বনু নযীর গোত্রটি মসজিদে কুবা থেকে আধা মাইল দূরে উত্তর পূর্ব দিকে (অবস্থিত) ছিল। আর মদীনার মধ্যভাগে এর বসতি প্রথমে আসতো এবং মসজিদে কুবা এর থেকে কিছুটা দূরত্বে দক্ষিণ পার্শ্বে অবস্থিত ছিল।

চতুর্থ হিজরীর রবিউল আউয়াল (মাসে) বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়। এক তথ্য অনুসারে এটি উহুদের যুদ্ধের পূর্বের ঘটনা আর ইমাম বুখারীর তথ্যও এটিই। তবে ইমাম বুখারী (রহ.) একথাও লিখেছেন যে, ইবনে ইসহাকের মতে এই যুদ্ধ উহুদ ও বি'রে মা'ঊনার পরে হয়েছিল। যদিও আল্লামা ইবনে কাসীর ছাড়াও অধিকাংশ ঐতিহাসিক এবং জীবনীকার বলেছেন, উহুদের যুদ্ধের পরেই বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়েছিল। বনু নযীরের যুদ্ধের প্রেক্ষাপট হলো, মক্কার কুরাইশ কাফিররা বদরের যুদ্ধের পূর্বে আব্দুল্লাহ্ বিন উবাই বিন সলূল এবং অওস ও খাযরাজ গোত্রের অন্যান্য প্রতিমাপূজারীদের লিখেছিল, [তখন মহানবী (সা.) মদীনায় ছিলেন।] তোমরা আমাদের নবীকে আশ্রয় দিয়েছ। মদীনায় তোমাদের সংখ্যা সবচেয়ে বেশি। আমরা শপথ করে বলছি, হয় (তোমরা) তাদের সাথে যুদ্ধ করো অথবা তাদেরকে নিজেদের শহর থেকে বহিষ্কার করো; নতুবা আমরা গোটা আরবকে ঐক্যবদ্ধ করে তোমাদের ওপর আক্রমণ করবো। তোমাদের যোদ্ধাদের সাথে যুদ্ধ করবো, তোমাদের নারী ও শিশুদের (নির্মমভাবে) হত্যা করবো। যখন ইবনে উবাই এবং অন্য প্রতিমাপূজারীরা এই পত্র পায় তখন তারা একে অপরকে বার্তা পাঠায় এবং মহানবী (সা.) ও তাঁর সাহাবীদের সাথে যুদ্ধ করার জন্য দৃঢ় সংকল্প করে। এই সংবাদ পাওয়ার পর মহানবী (সা.) তাঁর সাহাবীদের একটি দলকে নিয়ে মদীনার নেতাদের সাথে সাক্ষাৎ করেন। তিনি (সা.) বলেন, কুরাইশরা তোমাদেরকে কঠোর হুঁশিয়ারি দিয়ে পত্র লিখেছে। এই পত্র তোমাদেরকে কোনো ধোঁকায় যেন না ফেলে, পাছে তোমরা স্বয়ং ধোঁকা ও প্রতারণার শিকার হয়ে নিজেদেরই ভাই ও পুত্রদের সাথে আবার যুদ্ধ করতে না আরম্ভ করো। মহানবী (সা.)-এর একথা শোনে তারা বিষয়টি অনুধাবন করতে পারে এবং নিজেদের সংকল্প স্থগিত করে আর ছত্রভঙ্গ হয়ে যায়। এভাবে মক্কার কুরাইশের এই হুমকি আর শেষ পর্যন্ত কার্যকর হয়নি।

এরপর কুরাইশরা বদরের যুদ্ধের পর ইহুদীদের কাছে একটি পত্র লিখে যে, তোমাদের কাছে অস্ত্র আছে আর তোমরা দুর্গেরও মালিক। হয় তোমরা আমাদের সহযোগী হয়ে যুদ্ধ করো নতুবা আমরা তোমাদের ওপর আক্রমণ করবো এবং তোমাদের পুরুষদেরকে হত্যা করবো আর তোমাদের নারীদেরকে আমাদের দাসী বানাবো। এই পত্র যখন ইহুদীদের কাছে পৌঁছায় তখন বনু নযীর গোত্র মহানবী (সা.)-কে ধোঁকা দেয়ার জন্য সম্মত হয়, কেননা ইহুদী গোত্রগুলো তো আগে থেকেই সুযোগ খুঁজছিল যাতে মুসলমানদের আধিপত্য ও ক্ষমতার যত দ্রুত সম্ভব অবসান করা যায়। এ পর্যায়ে তারা এমন দুরভিসন্ধি করার চিন্তা করে যাতে মহানবী (সা.)-কে নাউযুবিল্লাহ্ হত্যা করা যায়। অতএব, তারা তাঁর সমীপে সংবাদ প্রেরণ করে যে, আপনি আপনার ত্রিশজন সাহাবীকে নিয়ে আসুন, আমাদের ত্রিশজন আলেমও আপনার সামনে উপস্থিত হবে; এমনকি আমরা এমন এক স্থানে মিলিত হবো যা আমাদের এবং আপনাদের পছন্দের হবে। আমাদের লোকেরা আপনার কথা শুনবে। তারা যদি আপনাকে সত্যায়ন করে অর্থাৎ ইহুদী আলেমরা যদি আপনার প্রতি ঈমান আনয়ন করে তাহলে আমরাও আপনার প্রতি ঈমান আনব। পরের দিন মহানবী (সা.) ত্রিশজন সাহাবীকে সাথে নিয়ে তাদের উদ্দেশ্যে যাত্রা করেন। ত্রিশজন ইহুদী আলেমও তাঁর কাছে আসে। ইহুদীরা যখন খোলা প্রান্তরে আসে তখন তারা পরস্পরকে বলে, তোমরা তাঁর ওপর কীভাবে আক্রমণ করবে? কেননা তাঁর সাথে ত্রিশজন সঙ্গী রয়েছেন। ত্রিশজন সঙ্গীর উপস্থিতিতে আক্রমণ করা তো কঠিন আর তারা এমন সঙ্গী, যারা তাঁর জন্য প্রাণ বিসর্জন দিতেও কুণ্ঠাবোধ করবে না। তখন ইহুদীরা তাঁর কাছে পুনরায় এই সংবাদ প্রেরণ করে যে, আমরা ষাটজন পরস্পর কীভাবে প্রজ্ঞাপূর্ণ আলোচনা করবো? আপনি এক কাজ করুন, তিনজন সঙ্গীকে নিয়ে আসুন আর আমরাও আমাদের তিনজন আলেমকে নিয়ে আসবো, তারা আপনার আলোচনা শুনবে। তখন তিনি (সা.) তিনজন সাহাবীকে সাথে নিয়ে আসার প্রস্তাবটি গ্রহণ করেন। তিনজন ইহুদী আলেমও রওয়ানা হয় আর ঐ ইহুদীদের কাছে খঞ্জর বা ধারালো ছুরি ছিল। তারা মহানবী (সা.)-এর ওপর আক্রমণ করতে চাচ্ছিল। যাহোক, মহানবী (সা.) যাত্রার জন্য প্রস্তুত ছিলেন, পথিমধ্যেই বনু নযীরের একজন হিতাকাঙ্ক্ষী নারী একজন আনসারী মুসলমানকে এবং পরে মহানবী (সা.)-কে বনু নযীরের সকল চক্রান্তের কথা বলে দেয়। তাই মহানবী (সা.) ইহুদীদের কাছে না গিয়ে মদীনায় ফেরত চলে আসেন।

এই যুদ্ধের আরেকটি কারণ বর্ণনা করতে গিয়ে একজন রচয়িতা লিখেছেন, বনু নযীর গোত্র সংগোপনে কুরাইশের কাছে বার্তা পাঠায় আর তাদেরকে মহানবী (সা.)-এর বিরুদ্ধে যুদ্ধ করতে প্ররোচিত করে বরং তাদেরকে মুসলমানদের প্রতিরক্ষা-খাতের কিছু দুর্বলতার কথাও জানিয়ে দেয়। কোনো কোনো বর্ণনা অনুযায়ী উহুদের যুদ্ধের পূর্বে ইহুদীরাও মক্কার কুরাইশকে চরমভাবে উত্তেজিত করেছিল যার ফলশ্রুতিতে উহুদের যুদ্ধ সংঘটিত হয়েছিল।

এ যুদ্ধের একটি গুরুত্বপূর্ণ ও তাৎক্ষণিক কারণ এটিও বর্ণনা করা হয় যে, বি'রে মা'ঊনা থেকে প্রত্যাবর্তনের সময় যখন হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বনু আমেরের দু'জনকে হত্যা করেছিলেন যাদের সাথে মুসলমানদের সন্ধিচুক্তি ছিল, তাই তাদেরকে রক্তপণ প্রদান আবশ্যক ছিল। এ উদ্দেশ্যে মহানবী (সা.) বনু নযীরের কাছে গিয়েছিলেন, কেননা মহানবী (সা.) ইহুদীদের সাথে যে সন্ধিচুক্তি করেছিলেন এর একটি ধারায় ছিল, 'আইয়া'ওয়ানুহু ফীদ্ দিয়াত' অর্থাৎ তারা রক্তপণের ব্যাপারে মুসলমানদের সাথে সহযোগিতা করবে। এই ঘটনার বিশদ বিবরণ হলো, হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) যখন মহানবী (সা.)-এর নিকট এসে পুরো বৃত্তান্ত বর্ণনা করেন তখন তিনি (সা.) বলেন, তুমি খুবই অন্যায় কাজ করেছ। তাদের সাথে আমাদের চুক্তি এবং নিরাপত্তার শর্ত ছিল। হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বলেন, আমি এই সন্ধিচুক্তির বিষয়টি জানতাম না। আমি তাদেরকে মুশরিক মনে করতাম আর তাদের গোত্র আমাদের সাথে প্রতারণাও করেছে। হযরত আমর (রা.) তাদের মালপত্র এবং কাপড়-চোপড় সাথে করে নিয়ে এসেছিলেন। মহানবী (সা.) তাকে নির্দেশ দেন তাদের মালপত্র এবং কাপড়-চোপড় যেন তাদের শোকসন্তপ্ত পরিবারের কাছে ফেরত পাঠানো হয়। মহানবী (সা.) রক্তপণ সহ সেগুলো পাঠিয়ে দেন। মহানবী (সা.) শনিবার দিন বনু নযীর গোত্রের উদ্দেশ্যে রওয়ানা হন, মসজিদে কুবায় নামায পড়েন। প্রায় দশজনের মতো মুহাজির ও আনসার সাহাবী মহানবী (সা.)-এর সাথে ছিলেন। তিনি (সা.) বনু নযীরকে তাদের বৈঠকে উপবিষ্ট দেখতে পান। তিনিও তখন সেখানে আসন গ্রহণ করেন যাতে করে মৃত দুই ব্যক্তির রক্তপণ আদায়ের ব্যাপারে তাদের সাথে পরামর্শ করতে পারেন, যেন তারা দু'জন নিহত ব্যক্তির রক্তপণ পরিশোধে তাঁকে সহযোগিতা করে।

এই যুদ্ধাভিযানের কারণ কি ছিল এ ব্যাপারে হযরত মির্যা বশীর আহমদ সাহেব এম, এ (রা.)'র একটি তথ্য পাওয়া যায় যা থেকে বিষয়টি আরও সুস্পষ্ট হয়। তিনি (রা.) লিখেন, এই যুদ্ধের কারণ বর্ণনা করতে গিয়ে প্রসিদ্ধ হাদীসবেত্তাগণ বিভিন্ন আঙ্গিক তুলে ধরেছেন আর এ কারণে এই যুদ্ধ ঠিক কখন আরম্ভ হয়েছিল সে ব্যাপারেও ভিন্নমত রয়েছে। বনু নযীরের পক্ষ থেকে বিভিন্ন সময়ে বিভিন্ন যুদ্ধের সূচনা হয়েছে। সকল ঘটনাই ভিন্ন ভিন্ন সময় ও স্থান সাপেক্ষে সঠিক। কিন্তু সর্বশেষ যুদ্ধ সেটি ছিল যা বনু আমেরের দু'জন ব্যক্তির রক্তপণ আদায়ের সময় আরম্ভ হয়েছিল, বাকি আল্লাহ্ই ভালো জানেন। রক্তপণ আদায়ের ব্যাপারে মহানবী (সা.) একদল সাহাবীকে নিয়ে বনু নযীরের নিকট উপস্থিত হন এবং চুক্তি অনুসারে রক্তপণ আদায়ের বিষয়টি তাদের কাছে উত্থাপন করেন। তারা বলে, হ্যাঁ, আবুল কাসেম! আপনি খাবার খেয়ে নিন এরপর আমরা এ ব্যাপারে কথা বলছি। এভাবে বাহ্যিকভাবে ইহুদীরা খুবই হাস্যোজ্জ্বলভাবে মহানবী (সা.)-এর সাথে কথা বলে। কিন্তু ভেতরে ভেতরে তারা মহানবী (সা.)-কে হত্যার ষড়যন্ত্র করতে থাকে। তখন তিনি (সা.) তাদের বাড়ির এক দেয়ালের পাশে উপবিষ্ট ছিলেন। একজন বর্ণনাকারী ইহুদীদের মহানবী (সা.)-কে হত্যার ঘৃণ্য ষড়যন্ত্রের কথা উল্লেখ করতে গিয়ে লিখেন, বনু নযীরের সর্দার হুয়াই বলে, "হে ইহুদীর দল! মুহাম্মদ (সা.) তাঁর কতিপয় সাথীকে নিয়ে তোমাদের কাছে উপস্থিত হয়েছে, তাদের সংখ্যা দশজনেরও কম। এই বাড়ির ছাদে উঠে বড় একটি পাথর ফেলে মুহাম্মদকে (সা.)-কে হত্যা করো, তোমরা এর চেয়ে উত্তম সুযোগ আর কখনো পাবে না। যদি তাকে মেরে ফেলতে পারো তাহলে তার সঙ্গীরা ছত্রভঙ্গ হয়ে যাবে। মক্কা থেকে আসা তোমাদের সাথীরা মক্কায় ফিরে যাবে এবং এখানে শুধু অওস ও খাযরাজ থাকবে, যারা তোমাদেরই মিত্র। তাই তোমরা যা করতে চাও, এখনই করো"। একথা শুনে এক দুর্ভাগা ইহুদী আমর বিন জাহাশ বলে, "আমি বাড়ির ছাদে উঠে পাথর ফেলে মুহাম্মদ (সা.)-কে (নাউযুবিল্লাহ্) হত্যা করবো"। যখন এসব সলাপরামর্শ করা হচ্ছিল তখন বনু নযীরের এক নেতা সালাম বিন মিশকাম বলে, "হে ইহুদীর দল! তোমরা চাইলে সারাজীবন আমার বিরোধিতা কোরো, কিন্তু আজ আমার কথা মেনে নাও। আল্লাহ্র কসম! মুহাম্মদ (সা.)-কে তোমাদের এই ষড়যন্ত্রের ব্যাপারে অবগত করা হবে। আর এটি আমাদের এবং তাদের মাঝে বিদ্যমান সন্ধিচুক্তির লঙ্ঘনও বটে।" কিন্তু ইহুদীরা তার কথায় কর্ণপাত না করে নিজেদের সিদ্ধান্তে অটল থাকে। হুযূর (আই.) বলেন, 'ইনশাআল্লাহ্ আগামীতে বর্ণনা করা হবে যে, তারা কি পরিকল্পনা করেছিল এবং কীভাবে আল্লাহ্ তা'লা মহানবী (সা.)-কে রক্ষা করে তাদের ষড়যন্ত্রকে ব্যর্থ করে দিয়েছিলেন।'

পরিশেষে হুযূর (আই.) পাকিস্তানের আহমদীদের জন্য দোয়ার আহ্বান জানিয়ে বলেন, 'পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষ দোয়ার আহ্বান করতে চাই। সম্প্রতি তাদের ওপর পুনরায় নির্যাতন শুরু হয়েছে। আল্লাহ্ তা'লা শীঘ্র পাকিস্তানের আহমদীদেরকে অত্যাচারের কবল থেকে মুক্তি দিন আর সেখানেও আমাদের পরিস্থিতি অনুকূল করে দিন। কেননা তুচ্ছাতিতুচ্ছ বিষয়কে কেন্দ্র করে তাদের বিরুদ্ধে মামলা-মোকদ্দমা ও নির্যাতনের চেষ্টা করা হচ্ছে।' এরপর হুযূর (আই.) পাকিস্তানের দু'জন শহীদ ও একজন মরহুমের স্মৃতিচারণ করেন এবং নামাযের পর তাদের গায়েবানা জানাযা পড়ান। শহীদদের একজন হলেন, ৬৪ বছর বয়স্ক মুকাররম গোলাম সারোয়ার সাহেব আর অপরজন হলেন ৩২ বছর বয়স্ক শহীদ মুকাররম রাহাত আহমদ বাজওয়া সাহেব। মণ্ডী বাহাউদ্দিন জেলার সাদুল্লাহপুরে গত ৮ই জুন, ২০২৪ তারিখে একজন মাদ্রাসা ছাত্র সৈয়দ আলী রেযার গুলিতে তারা উভয়েই ঘটনাস্থলে শাহাদত বরণ করেন, ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিঊন। হুযূর (আই.) তাদের সংক্ষিপ্ত স্মৃতিচারণ করার পর মুকাররম মালেক মুজাফফর খান সাহেবেরও স্মৃতিচারণ করেন এবং তাদের তিনজনের আত্মার মাগফিরাত ও শান্তি কামনা করে দোয়া করেন, 'আল্লাহ্ তা'লা তাদের সাথে প্রীতি দয়া ও ক্ষমাসুলভ আচরণ করুন এবং তাদের শোকসন্তপ্ত পরিবারকে ধৈর্য ধারণের তৌফিক দিন' আমীন।

[প্রিয় পাঠকবৃন্দ! হুযূরের খুতবা সম্পূর্ণ শোনার কখনোই কোনো বিকল্প নেই, আমরা সময়ের প্রতি লক্ষ্য রেখে খুতবার সারমর্ম উপস্থাপন করছি মাত্র। আপনাদেরকে হুযূরের পুরো খুতবাটি শোনার অনুরোধ রইল। হুযূরের খুতবাটি পুরো শুনতে পাবেন আমাদের এমটিএ'র নিয়মিত ওয়েবসাইট অর্থাৎ, **www.mta.tv** এবং আমাদের কেন্দ্রীয় বাংলা ওয়েবসাইট **www.ahmadiyyabangla.org** -এ

(সূত্র: কেন্দ্রীয় বাংলা ডেস্ক লন্ডনের তত্ত্বাবধানে প্রস্তুতকৃত)

# এটর্নী মঈন চৌধুরী LAW OFFICES

## Toll Free: 1-866-MOIN-LAW
## Cell: 917-282-9256
(To schedule appointment only)


Michael Taub, Esq.


Moin Choudhury, Esq.

**এক্সিডেন্ট কেইসেস-মেডিক্যাল ম্যালপ্রেক্টিস**

**বিনামূল্যে পরামর্শ**

প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন

- গাড়ী এক্সিডেন্ট
- কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
- বিল্ডিং এ দূর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- ট্রিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- বিকলাঙ্গ শিশুর জন্ম
- লেড পয়জনিং
- কাজের জায়গায় দূর্ঘটনা

**IMMIGRATION**
(Consultation fee applies)





**ক্লায়েন্টেদের জন্য আমরা মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি**


Attorney
Michigan Only.


Attorney
Michigan Only.


Attorney
New Jersey Only


Attorney, Buffalo
New York Only


Attorney
Connecticut Only


Attorney
Pennsylvania Only

**WWW.MOINLAW.COM**

Prior result does not guarantee future outcome of any cases. Moin Choudhury is admitted in Michigan State only and also admitted in the Supreme Court of the United States. Michael Taub is admitted in New York State Only and also admitted in the NY Federal District Courts.

# সব নাগরিকের আকাঙ্ক্ষার প্রতীক

মে. জে. (অব.) এইচআরএম রোকন উদ্দিন

> রাষ্ট্রপতি হিসাবে এখন তার সামনে সেই নীতিগুলো দলমত-নির্বিশেষে বাস্তবে ধারণ করার সুযোগ ও দায়িত্ব এসেছে। তিনি বঙ্গভবনের জাঁকজমক, আনুষ্ঠানিক অনুষ্ঠানে উপস্থিতি কিংবা দীর্ঘ বক্তৃতার জন্য ইতিহাসে মূল্যায়িত হবেন না। মানুষ তাকে বিচার করবে-তিনি সংবিধান ও ন্যায়বিচারের পক্ষে দাঁড়িয়েছিলেন কিনা, দলীয় প্রভাবের ঊর্ধ্বে থাকতে পেরেছিলেন কিনা, সংকটে মানুষের পাশে ছিলেন কিনা এবং জাতীয় ঐক্য প্রতিষ্ঠায় ভূমিকা রেখেছিলেন কিনা। তিনি প্রমাণ করতে পারেন, বাংলাদেশের রাষ্ট্রপতি নির্বাচিত সরকারের প্রতিদ্বন্দ্বী কোনো নির্বাহী ক্ষমতাকেন্দ্র নন; আবার রাষ্ট্রের নীরব অলংকার কিংবা শুধুই আনুষ্ঠানিক পদধারীও নন। তিনি সংবিধানের সম্মানিত অভিভাবক, জাতীয় সংকটে নিরপেক্ষ মধ্যস্থতাকারী এবং বাংলাদেশের সব নাগরিকের সম্মিলিত মর্যাদা, আশা ও আকাঙ্ক্ষার প্রতীক



রাষ্ট্রপতি নির্বাচিত হওয়ার মধ্য দিয়ে মির্জা ফখরুল ইসলাম আলমগীরের জীবনের সবচেয়ে বড় পরীক্ষা শুরু হয়েছে। এতদিন তিনি একটি নির্দিষ্ট রাজনৈতিক দলের নেতা ছিলেন এবং কয়েক দশক ধরে সেই দলের কর্মসূচি, সিদ্ধান্ত ও রাজনৈতিক অবস্থানকে প্রতিনিধিত্ব করেছেন। কিন্তু রাষ্ট্রপতি হিসাবে দায়িত্ব গ্রহণের সঙ্গে সঙ্গে তিনি আর শুধু বিএনপি, সরকার কিংবা সংসদীয় সংখ্যাগরিষ্ঠতার প্রতিনিধি নন। তিনি এখন প্রায় ১৭ কোটি বাংলাদেশির রাষ্ট্রপতি-বিএনপির সমর্থক, বিরোধী দলের সমর্থক, দলনিরপেক্ষ নাগরিক, ক্ষুদ্র জাতিগোষ্ঠী, ধর্মীয় সংখ্যালঘু এবং দেশের ভেতরে ও বাইরে অবস্থানকারী সব বাংলাদেশির অভিভাবকসুলভ রাষ্ট্রপ্রধান।

রাষ্ট্রপতির প্রধান দায়িত্বগুলোর একটি হওয়া উচিত সংবিধান ও সাংবিধানিক নৈতিকতার অভিভাবক হিসাবে কাজ করা। সংবিধানের ৪৮ অনুচ্ছেদ অনুযায়ী, রাষ্ট্রপতি বাংলাদেশের রাষ্ট্রপ্রধান এবং সংবিধান ও আইন তাকে যেসব ক্ষমতা ও দায়িত্ব দিয়েছে, তিনি সেগুলো প্রয়োগ ও পালন করবেন। অধিকাংশ ক্ষেত্রে রাষ্ট্রপতিকে প্রধানমন্ত্রীর পরামর্শ অনুযায়ী কাজ করতে হলেও তার অর্থ এই নয় যে, রাষ্ট্রপতির পদটি সম্পূর্ণ গুরুত্বহীন বা শুধু আনুষ্ঠানিক। রাষ্ট্রপতি সংবিধান সংরক্ষণ, রক্ষা ও সমর্থনের শপথ গ্রহণ করেন। এ শপথ শুধু আনুষ্ঠানিক বাক্য নয়; এটি একটি গুরুতর নৈতিক ও সাংবিধানিক অঙ্গীকার। প্রধানমন্ত্রীর পরামর্শ অনুযায়ী কাজ করতে হলেও রাষ্ট্রপতি প্রস্তাবিত কোনো সিদ্ধান্তের আইনগত ভিত্তি, সাংবিধানিক গ্রহণযোগ্যতা এবং সম্ভাব্য জাতীয় পরিণতি সম্পর্কে প্রশ্ন তুলতে পারেন।

রাষ্ট্রপতিকে সরকার ও সংসদীয় সংখ্যাগরিষ্ঠতাকে মনে করিয়ে দিতে হবে, নির্বাচনে বিজয়ী হওয়া কিংবা সংসদে বিপুল সংখ্যাগরিষ্ঠতা অর্জন করা সীমাহীন ক্ষমতার অনুমোদন নয়। গণতান্ত্রিক ব্যবস্থায় বিরোধী দল রাষ্ট্রের শত্রু নয়; বরং বিরোধী দল জবাবদিহি, ভারসাম্য ও বিকল্প রাজনৈতিক চিন্তার অপরিহার্য অংশ। একইভাবে, সরকারের সমালোচনা করা রাষ্ট্রবিরোধিতা নয়। একজন কার্যকর রাষ্ট্রপতি এ ধরনের গণতান্ত্রিক মূল্যবোধ রক্ষায় নৈতিক নেতৃত্ব দিতে পারেন। বিভিন্ন সাংবিধানিক ও রাষ্ট্রীয় পদে নিয়োগের ক্ষেত্রে রাষ্ট্রপতিকে বিশেষভাবে সতর্ক থাকতে হবে। যেসব নিয়োগে তার আনুষ্ঠানিক, সাংবিধানিক কিংবা পরামর্শমূলক ভূমিকা রয়েছে, সেখানে দলীয় আনুগত্যের চেয়ে যোগ্যতা, সততা, দক্ষতা ও নিরপেক্ষতাকে প্রাধান্য দিতে হবে। রাষ্ট্রপতির স্বাক্ষরকে প্রতিটি সরকারি প্রস্তাবের স্বয়ংক্রিয় অনুমোদনে পরিণত করা উচিত নয়। সাংবিধানিকভাবে কোনো পরামর্শ মানতে বাধ্য হলেও তিনি তার আইনগত ভিত্তি ও জনস্বার্থের দিকটি পরীক্ষা করতে পারেন। রাষ্ট্রের সর্বোচ্চ সাংবিধানিক পদে বসে তার দায়িত্ব শুধু নথিতে স্বাক্ষর করা নয়; তার দায়িত্ব হলো নিশ্চিত হওয়া যে রাষ্ট্রীয় সিদ্ধান্তগুলো সংবিধান, আইন ও জনস্বার্থের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। সংবিধানের ৪৯ অনুচ্ছেদে রাষ্ট্রপতিকে ক্ষমা প্রদর্শন, দণ্ড স্থগিত, হ্রাস বা পরিবর্তনের ক্ষমতা দেওয়া হয়েছে। এ ক্ষমতা অত্যন্ত সতর্কতা, স্বচ্ছতা ও ন্যায়বিচারের ভিত্তিতে প্রয়োগ করতে হবে। দলীয়ভাবে প্রভাবশালী অপরাধী, ক্ষমতাসীন দলের সমর্থক কিংবা বিশেষ মহলের স্বার্থ রক্ষায় রাষ্ট্রপতির ক্ষমা প্রদর্শনের সুযোগ ব্যবহার করা হলে বিচারব্যবস্থা ও আইনের শাসনের প্রতি মানুষের আস্থা মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হবে। প্রতিটি আবেদন অপরাধের প্রকৃতি, আদালতের পর্যবেক্ষণ, মানবিক পরিস্থিতি এবং সামগ্রিক জনস্বার্থ বিবেচনায় নিয়ে পরীক্ষা করা উচিত।

সশস্ত্র বাহিনীর সর্বাধিনায়ক হিসাবে রাষ্ট্রপতিকে বাহিনীগুলোর পেশাদারত্ব, শৃঙ্খলা ও রাজনৈতিক নিরপেক্ষতা রক্ষায় ভূমিকা রাখতে হবে। কোনোভাবেই সশস্ত্র বাহিনীকে দলীয় রাজনীতিতে জড়ানো কিংবা রাজনৈতিক উদ্দেশ্যে ব্যবহার করার সুযোগ দেওয়া উচিত নয়। রাষ্ট্রপতির ভূমিকা হবে বাহিনীর সাংবিধানিক আনুগত্য, পেশাগত দক্ষতা, আধুনিকায়ন ও গণতান্ত্রিক বেসামরিক কর্তৃত্বের প্রতি সম্মান নিশ্চিত করা। রাষ্ট্রপতির উচিত প্রধানমন্ত্রী, বিরোধীদলীয় নেতা এবং সংসদে প্রতিনিধিত্বকারী অন্য দলগুলোর নেতাদের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখা। গুরুতর রাজনৈতিক সংকট দেখা দিলে তিনি বঙ্গভবনকে নিরপেক্ষ আলোচনার স্থান হিসাবে ব্যবহার করতে পারেন। তিনি হয়তো নিজের সিদ্ধান্ত চাপিয়ে দিতে পারবেন না, কিন্তু রাজনৈতিক বিরোধ সহিংসতায় রূপ নেওয়ার আগেই পক্ষগুলোর মধ্যে সংলাপের পরিবেশ সৃষ্টি করতে পারেন। সব পক্ষের বক্তব্য মনোযোগ দিয়ে শোনা এবং সমঝোতার পথ খুঁজতে সহায়তা করা একজন রাষ্ট্রপতির অত্যন্ত মূল্যবান অবদান হতে পারে।

নতুন রাষ্ট্রপতিকে জাতীয় ঐক্যের প্রতীক হতে হবে। বাংলাদেশ দীর্ঘদিন ধরে ধ্বংসাত্মক রাজনৈতিক বিভাজনে আক্রান্ত। এখানে অনেক জাতীয় প্রশ্নকেও দলীয় দৃষ্টিকোণ থেকে বিচার করা হয়। রাষ্ট্রপতি মির্জা ফখরুলের উচিত মুক্তিযুদ্ধ, স্বাধীনতা এবং দেশের সব গণতান্ত্রিক আন্দোলনে স্বীকৃত জাতীয় অবদানকে যথাযথ সম্মান প্রদর্শন করা। ইতিহাসকে কোনো নির্দিষ্ট দলের সম্পত্তিতে পরিণত না করে মুক্তিযোদ্ধা, রাজনৈতিক কর্মী, ছাত্র, শ্রমিক, কৃষক এবং সাধারণ মানুষের ত্যাগকে সম্মান জানাতে হবে। জাতীয় দিবস ও রাষ্ট্রীয় অনুষ্ঠানগুলো যেন বিভাজনের পরিবর্তে নাগরিকদের ঐক্যবদ্ধ করে, সেদিকে তাকে বিশেষ দৃষ্টি দিতে হবে। সাম্প্রদায়িক এরপর ২৯ পৃষ্ঠায়



# তৌহিদী জনতার আড়ালে রাজনীতি

ইলিয়াস হোসেন

আরবি 'তাওহিদ' থেকে তৌহিদী শব্দটি এসেছে। এর মূল অর্থ হলো আল্লাহর একত্ববাদ বা আল্লাহ এক ও অদ্বিতীয়-এই মর্মে বিশ্বাস স্থাপন করা। সাধারণ অর্থে 'তৌহিদী' বলতে আল্লাহর একত্ববাদ প্রচার ও ধারণকারী বোঝায়। সেই অর্থে সব মুসলিমই তৌহিদী জনতা। কিন্তু ২০২৪-এর ৫ আগস্টের পর তৌহিদী জনতার ব্যানারে বাংলাদেশে বিভিন্ন সময়ে একাধিক ইস্যুকে কেন্দ্র করে বিক্ষোভ, আন্দোলন ও সংঘর্ষ হয়েছে। যেখানে সাধারণ ধর্মপ্রাণ মুসলমানদের অংশগ্রহণ নেই। বিভিন্ন ধর্মীয় রাজনৈতিক দলের উগ্র কর্মী-সমর্থকরা এসব কর্মকাণ্ড ঘটিয়েছে। তারা সামাজিক ও সাংস্কৃতিক অনুষ্ঠানে বিনোদন অঙ্গনের নারী তারকা ও ব্যক্তিত্বদের অংশগ্রহণে বাধা দিয়েছে। শান্তির ধর্ম ইসলামের নামে অশান্তি করেছে। মাজার, গণমাধ্যম ও সাংস্কৃতিক সংগঠনের কার্যালয়ে হামলা করেছে। সামাজিক ঐতিহ্য ও আবহমানকালের বাঙালি সংস্কৃতির বিরুদ্ধে জেহাদি জোশ নিয়ে ঝাঁপিয়ে পড়েছে। অন্তর্বর্তী সরকারের নড়বড়ে প্রশাসন বারবার ব্যর্থ হয়েছে পরিস্থিতি নিয়ন্ত্রণে। উল্টো সমর্থনের অভিযোগ রয়েছে তৎকালীন সরকারের বিরুদ্ধে। ছয় মাস আগে নির্বাচিত বিএনপি সরকার রাষ্ট্র পরিচালনার দায়িত্ব নেয়। সাধারণ মানুষ আশা করেছিল, এবার তৌহিদী জনতার নামে উগ্রতার রাশ টেনে ধরা হবে। কিন্তু সে আশা এখনো পুরোপুরি পূরণ হয়নি। বিভিন্ন সময় নানা অপ্রয়োজনীয় ইস্যুকে কেন্দ্র করে হিংসাত্মক কর্মকাণ্ডে উসকানি দিচ্ছে মতলববাজরা।

সম্প্রতি সিলেটের বিয়ানীবাজার উপজেলার সোনাই নদীতে নৌকাবাইচ বন্ধের দাবি জানিয়েছে 'তৌহিদী জনতা'র ব্যানারে কিছু লোক। স্থানীয় বাসিন্দারা জানায়, উপজেলার লাউতা ও বাহাদুরপুর গ্রামের যুব সমাজের উদ্যোগে দীর্ঘদিন ধরে নৌকাবাইচ হয়ে আসছে। এবারও বার্ষিক নৌকাবাইচের আয়োজন করা হয়েছে ২৮ আগস্ট। চলতি বছর নৌকাবাইচের বিষয়টি প্রচার হওয়ার পরপরই এক সপ্তাহ ধরে 'লাউতা ইউনিয়ন তৌহিদী জনতা'র ব্যানারে কিছু ব্যক্তি প্রতিযোগিতাটি বাতিলের দাবি জানিয়ে ফেসবুকে প্রচার চালাচ্ছে। পাশাপাশি একই ব্যানারে স্থানীয় বারইগ্রাম বাজার মসজিদে সভা করেও তারা এ দাবি জানিয়েছে। বিষয়টি নিয়ে বিয়ানীবাজার উপজেলা নির্বাহী কর্মকর্তা উম্মে হাবিবা মজুমদার বলেন, এখানে ঐতিহ্যগতভাবেই দীর্ঘদিন ধরে নৌকাবাইচ হয়ে আসছে। সম্প্রতি এক 'হুজুর' এটা নিয়ে বলেছেন, গ্রামীণ এ আয়োজনে প্রায়ই মারধর হয়। তাই এ বাইচ না হওয়ার দাবি করেছেন তিনি। ইউএনও আরও বলেন, 'নৌকাবাইচের কারণে নদীর পাড়, আবাদি জমি ক্ষতিগ্রস্ত হয়। গত বছরও মারধরের কারণে বাইচ হয়নি। সেই দিক বিবেচনায় নিয়ে এক পক্ষ চাচ্ছে নৌকাবাইচ বন্ধ হোক। তবে আরেক পক্ষ চাচ্ছে বাইচ হোক। উভয় পক্ষকে নিয়ে বসে সমাধানের জন্য স্থানীয় চেয়ারম্যানকে দায়িত্ব দেওয়া হয়েছে।' অদ্ভুত ও উদ্ভট যুক্তিতে ওই এলাকার উৎসবমুখর সাধারণ মানুষ এখন ক্ষুব্ধ এবং শঙ্কিত। আল্লাহর একত্ববাদের সঙ্গে নৌকাবাইচের কোনো বিরোধ নেই বলেই বিশ্বাস করে সচেতন সমাজ।

এদিকে, কিছুদিন আগে ব্রাহ্মণবাড়িয়া জেলা পুলিশের সাংস্কৃতিক অনুষ্ঠানে বাধা দেওয়ার জেরে মাদ্রাসার শিক্ষার্থীদের সঙ্গে পুলিশের সংঘর্ষ হয়। এতে পুলিশ সদস্যসহ অন্তত ৩০ জন আহত হয়েছেন। এ ঘটনার পর সাংস্কৃতিক অনুষ্ঠান পণ্ড হয়ে যায়। সে দিন রাত আড়াইটা পর্যন্ত শহরের বিভিন্ন সড়কে অবস্থান নিয়ে বিক্ষোভ করে মাদ্রাসা শিক্ষার্থীরা। তারা পুলিশ সদস্যদের বিচার, কনসার্ট বন্ধসহ বিভিন্ন দাবি জানায়। পরে, উভয় পক্ষকে নিয়ে সভা করে পরিস্থিতি শান্ত করেন জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম। এ বিষয়ে গণমাধ্যমের এক প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেন, 'ব্রাহ্মণবাড়িয়া এলাকাটিই এ রকম যে, গান, বাজনা, সিনেমা-এসব বহু বছর যাবৎ তাদের মধ্যে প্রায় নিষিদ্ধের মতো। সেখানকার পরিস্থিতি আলাদা। পরিবেশ-পরিস্থিতি বিবেচনায়, যেখানে যা ব্যবস্থা নেওয়া দরকার, সেটি নিয়েছি।' এই উত্তরে খুশি হতে পারেনি সাধারণ মানুষ। বিজ্ঞ এবং বাকপটু স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আরও দায়িত্বশীল উদ্যোগ আশা করে দেশবাসী। ফ্যাসিস্ট সরকারের অন্যায় আবদার পূরণের কারণে জুলাই অভ্যুত্থানে ছাত্র-জনতার প্রতিরোধের শিকার হয় পুলিশ। সেই ট্রমা এখনো কাটিয়ে উঠতে পারেনি তারা। নির্বাচিত সরকারের আমলে পুলিশের নির্দোষ সাংস্কৃতিক অনুষ্ঠান পণ্ড হচ্ছে উগ্রতার কাছে। উল্টো পুলিশের বিচার দাবি করছে মাদ্রাসা শিক্ষার্থীরা। এদিকে, মাদক ও সন্ত্রাসবিরোধী অভিযানে চিহ্নিত অভিযুক্তদের ধরতে না পারলে সংশ্লিষ্ট পুলিশের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার ঘোষণা দিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী। শান্তি প্রতিষ্ঠায় বিষয়টি সাংঘর্ষিক হবে বলে মনে করেন বিশ্লেষকরা।

শিল্প ও সাহিত্যের ক্ষেত্রে ব্রাহ্মণবাড়িয়াকে বাংলাদেশের অন্যতম প্রধান সাংস্কৃতিক কেন্দ্র বা রাজধানী বলা হয়। সুরসম্রাট ওস্তাদ আলাউদ্দীন খাঁ, ওস্তাদ আয়েত আলী খাঁ, কবি আল মাহমুদ, অদ্বৈত মল্লবর্মণ, প্রখ্যাত কবি ও সাহিত্য গবেষক আবদুল কাদির এবং ধীরেন্দ্রনাথ দত্তের মতো গুণী ব্যক্তি এই অঞ্চলের গৌরব বাড়িয়েছেন। সুর সম্রাটের ব্রাহ্মণবাড়িয়ায় এখন অসুরের তাণ্ডব চলছে। হামলা এবং জীবননাশের আশঙ্কায় বন্ধ হয়ে যাচ্ছে সাংস্কৃতিক চর্চা কেন্দ্র। মানুষের দাবে আর





> বিএনপির কোনো কোনো নেতার অভিযোগ, পতিত আওয়ামী লীগ ও জামায়াত মিলে দেশকে অস্থিতিশীল করতে চায়। এ জন্য তারা তৌহিদী জনতা দিয়ে কখনো কনসার্ট, কখনো নৌকাবাইচের মতো নিখাদ বিনোদনের আয়োজন ঘিরে উত্তেজনা তৈরি করে। কিন্তু ক্ষমতাসীন দলের কাজ তো শুধু অভিযোগ করা নয়। দেশে আইনের শাসন প্রতিষ্ঠা ও গণমানুষের জীবনমানকে উন্নত করা তাদের অঙ্গীকার। নিরাপত্তার স্বার্থে অনুষ্ঠান বন্ধ করে দেওয়া কোনো সমাধান নয়। প্রতিশ্রুতি অনুযায়ী সৃজনশীল অর্থনীতির বাধা সরকারকেই দূর করতে হবে। বই পড়া, খেলাধুলা, সংস্কৃতি চর্চা এবং সামাজিক মূল্যবোধ রক্ষার আশ্বাস দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। এসব বাস্তবায়ন হলে দেশ থেকে গোঁড়ামি-ভণ্ডামি দূর হবে বলে বিশ্বাস করে সাধারণ মানুষ


দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন
স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০
• ওমরাহ প্যাকেজ
• ওমরাহ ভিসা
• মোয়াল্লেম
• হোটেল ও ট্রান্সপোর্ট
বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়
সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি
৭৪৯
JFK-Dhaka-JFK Return
আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত
DELTA AIR LINES
Biman BANGLADESH AIRLINES
AmericanAirlines
ETIHAD AIRWAYS
QATAR AIRWAYS
Emirates
KUWAIT AIRWAYS
Mohammad B Hossain (Belal)
President & CEO
বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS JACKSON HEIGHTS, NEW YORK
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার
বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।
আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
জামান রঞ্জু
ট্রাভেল কনসালটেন্ট
কে.এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট
মাহির
ট্রাভেল কনসালটেন্ট
জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট
নিলয়
ট্রাভেল কনসালটেন্ট
NEW YORK OFFICE
73-05 37th Road,
Jackson Heights
NY 11372
ATLANTA OFFICE
4229 1st Ave, Suite B,
Tucker, GA 30084
Tel: 404-704-7753
DHAKA OFFICE
Floor #03, House #09
Road # 17, Block-E,
Banani, Dhaka-1213
+88 01711256872
Phone: 917-396-4140, 917-592-7828

# নজরুলের কবিতায় সমাজ সচেতনতা

নুরুল আমিন রোকন

সাহিত্য মানুষের সৃষ্টি, আর মানুষ সামাজিক জীব। তাই বিশ্বের সকল দেশের, সব কালের সাহিত্যেই সে দেশের, সে সময়ের সামাজিক প্রতিফলন কম বেশি না থেকে পারে না। তবে বিবেচ্য বিষয় হচ্ছে মাত্রা এবং সাহিত্যগুণে তা কতখানি গুণান্বিত। বাংলা সাহিত্যও এর ব্যতিক্রম কিছু নয়। সাহিত্যে সামাজিক প্রতিফলনের ক্ষেত্রে কোথাও তা প্রত্যক্ষও হতে পারে, আবার কোথাও তা হতে পারে পরোক্ষভাবে। কোথাও তা হতে পারে জীবন চেতনার অংশ হিসেবে, কোথাওবা রাজনৈতিক জীবন দর্শনের অনুগামী করে। তা ছাড়া সেখানে রয়েছে যুগ উপযোগী সমাজ উপলব্ধি। প্রাচীন মধ্যযুগে যখন ধর্মই ছিল মানুষ ও সমাজের অন্যতম প্রধান উপাদান, তখনও ছিল শিল্পী, সাহিত্যিক ও কবিদের সামাজিক উপলব্ধি। যেহেতু ধর্মই ছিল সামাজিক ও মানুষের প্রধানতম উপাদান এবং তা ছিল সমাজ ও মানুষেরই জন্যে, সেহেতু এ ধর্মকে নিয়েই তার মধ্যে গড়ে উঠেছিল সামাজিক প্রতিবোধ। তাই আমরা দেখতে পাই যে, চর্যাপদের কবিগণ তাদের ধর্মতত্ত্বের কাব্য ভাষ্য রচনা করতে গিয়ে উপমা ও প্রতীক হিসেবে তৎকালীন সামাজিক উপাদানগুলোকেই বেছে নিয়েছিলেন। আর এ কারণেই চর্যাপদগুলোর মধ্যদিয়ে আমরা পেয়ে যাই প্রাচীন যুগের সামাজিক ইতিহাস।

পরবর্তীকালে মধ্যযুগের বাংলা সাহিত্য নিয়ে বিচার বিশ্লেষণ করলে দেখা যায় মধ্যযুগের ক্ষেত্রেও এধারার মৌলিক কোন পরিবর্তন ঘটেনি। চলমান ধারার সাহিত্যে সামাজিক প্রতিফলনের ক্ষেত্রে মৌলিক কোন পরিবর্তন না এলেও বিভিন্ন মঙ্গলকাব্য, জীবনীকাব্য ইত্যাদিতে সাহিত্যে সমাজ ও ইতিহাসের উপকরণ ছাড়াও একটি বলিষ্ঠ জীবনবাদ এবং প্রতিবাদী ভূমিকার রূপায়ন ছিল লক্ষ্যণীয় বিষয়। মুকুন্দরাম চক্রবর্তীর চণ্ডিমঙ্গল কাব্যে রূপায়িত সমাজজীবন, মনসামঙ্গল কাব্যে বর্ণিত চাঁদ সওদাগরের বিদ্রোহী ব্যক্তিত্ব সর্বজন বিদিত।

বাংলা সাহিত্যে আধুনিকতার ছোঁয়ায় পর্দা টানে মধ্যযুগের। সূচনা হয় আধুনিক যুগের। কিন্তু আধুনিক যুগে এসেও মধ্যযুগের সাহিত্যে সামাজিক ভূমিকার অবতারণা আরও প্রত্যক্ষ রূপ পরিগ্রহ করে মাইকেল মধুসূদন দত্তের বিদ্রোহ। বিশেষ করে তার রচিত কাব্যে মানবতার জয়গান, নারীদের ব্যক্তিস্বাতন্ত্র্য, ইত্যাদি উনবিংশ শতাব্দীর নবজাগ্রত সমাজ বাস্তবতারই শিল্প সমৃদ্ধ রূপায়ন। এরও কিছুকাল পূর্বে ঈশ্বরচন্দ্র গুপ্ত তার রচিত কবিতায় উনবিংশ শতাব্দীর প্রথম ভাগে মূলতঃ তৎকালীন সামাজিক ইতিহাসেরই চিত্র এঁকেছেন।

আধুনিক বাংলা কাব্যের জগতে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরও জড়িয়ে পরেন বস্তুবাদ এবং ভাববাদের দ্বন্দ্বে। শেষপর্যন্ত এই মনস্তাত্ত্বিক দ্বন্দ্বের অবসান হয় । জয় লাভ করে তাঁর সামাজিক জীবনবাদ। রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর ঐক্যতান কবিতায় 'যে আছে মাটির কাছাকাছি' এমন কবির জন্যেই প্রতীক্ষা করেছিলেন।

রবীন্দ্রযুগে আবির্ভাব হয়েছিল অসংখ্য কবির। তাদের মধ্যে যে কয়জন মৌলিক কবি ছিলেন, যারা কাব্য রচনার ক্ষেত্রে কি ভাবে, কি ভাষার ব্যবহারে, কি বিষয়বস্তু নির্বাচন ও বক্তব্য উপস্থাপনায় স্বতন্ত্র বৈশিষ্ট্যের অধিকারী ছিলেন। সে সারিতে কাজী নজরুল ইসলাম ছিলেন নিঃসন্দেহে শ্রেষ্ঠতম। অতি অল্প সময়ের ব্যবধানেই কাজী নজরুল ইসলাম হয়ে উঠেছিলেন ব্যাপক জনপ্রিয় কবি। বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের মত আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন, বিশ্ববরেণ্য কবি এবং বাংলা সাহিত্যের শ্রেষ্ঠ কবিও কাজী নজরুল ইসলামকে আহ্বান জানিয়েছিলেন এবং সমর্থন জানিয়েছিলেন তার আপোষহীন কাব্য সাধনায়। বস্তুতঃ যে কাজী নজরুল ইসলাম আজও পর্যন্ত বাংলা সাহিত্যের সবচেয়ে জনপ্রিয় কবি হিসেবে খ্যাত, রবীন্দ্রযুগে রবীন্দ্রনাথ ঠাকুরের সর্বব্যাপী কঠিন প্রভাব বলয়ের মধ্যে এক বিরল ও স্বতন্ত্র কবিত্ব শক্তি কাজী নজরুল ইসলামও স্বয়ং রবীন্দ্রনাথ দ্বারা সমর্থিত কবিকণ্ঠ। তার মূলে ছিল তার প্রত্যক্ষ জীবন সংযোগ। এ জীবন সংযোগ প্রাথমিকভাবে তৎকালীন রাজনৈতিক প্রেক্ষাপটে বটে, কিন্তু ব্যাপকভাবে তা ছিল সমগ্র সমাজ তথা মানুষেরই জন্যে।



কাজী নজরুল ইসলাম জন্মগ্রহণ করেছিলেন এক অতি দরিদ্র সম্ভ্রান্ত মুসলিম পরিবারে। শৈশব থেকেই শুরু হয় তাঁর কঠিন জীবন সংগ্রাম। এই সময়ে কবিতা রচনা করা, গান গাওয়া, রুটির দোকানে চাকরি, পুঁথি পাঠ ইত্যাদি তাঁর জীবনে অভিজ্ঞতার নামান্তর মাত্র। পরবর্তী সময়ে কাজী নজরুল ইসলাম যখন সৈনিকের চাকরি নিয়ে দেশসেবার লক্ষ্যে কর্মজীবন শুরু করেন, তখন সেখান থেকে প্রেরিত বিভিন্ন রচনা, প্রেম ও বিরহসংক্রান্ত হলেও তিনি যখন কলকাতায় ফিরে আসেন সে সময় তিনি সরাসরি তৎকালীন সামাজিক ও রাজনৈতিক বিভিন্ন আন্দোলনের সাথে ওতপ্রোতভাবে জড়িয়ে পড়েন। নিজের দেশ সে সময় পরাধীন ইংরেজদের হাতে। তাই তখন সকল সামাজিক ও রাজনৈতিক সংগঠনের প্রধান উদ্দেশ্য হয়ে দাঁড়ায় স্বদেশ থেকে ইংরেজ বিতাড়িত করা। এমনি সময়ে স্বদর্পে গর্জে উঠেন কাজী নজরুল ইসলাম তার কাব্যের ভাষায়। এ কারণেই কাজী নজরুল ইসলাম বাংলা সাহিত্যের প্রথম কবি, যিনি কাব্যে সর্বপ্রথম জনসংযোগে সমর্থ হন এবং বিপুল জনপ্রিয়তা অর্জন করতে সক্ষম হন। কাজী নজরুল ইসলাম ছিলেন মূলত রোমান্টিক কবি। কিন্তু সে সময়ে বিদ্যমান পরিবেশ পরিস্থিতির আলোকে তিনি তার কবিতাকে করে তোলেন সংগ্রামের হাতিয়ার। তার কবিতায় বেজে উঠে বিদ্রোহের সুর, নজরুল তাই হয়ে উঠেন বাংলা সাহিত্যের 'বিদ্রোহী কবি।'

বাংলা সাহিত্যে মহাকবি মাইকেল

এরপর ২২ পৃষ্ঠায়



> পরিশেষে এ কথা নিশ্চিত বলা যায় যে, জাতীয় কবি কাজী নজরুল ইসলামের কাব্যে তৎকালীন শাসক শ্রেণীর শোষণ থেকে শুরু করে সমাজের সকল অনাচার, অত্যাচার, কুসংস্কারের বিরুদ্ধে যে বিদ্রোহের সুর অনুরণিত হয়েছিল তা কোন আবেগ কিংবা ভাবাবেগের বশীভূত হয়ে নয়; বরং তা তিনি করেছিলেন অত্যন্ত সচেতনভাবে- যা বাংলাদেশের বর্তমান সমাজ বাস্তবতায়ও সমভাবে প্রযোজ্য। সুতরাং কাজী নজরুল ইসলাম ছিলেন অত্যন্ত তীক্ষ্ম মেধা ও দূরদৃষ্টিসম্পন্ন, অসম সহসী, সুচিন্তিত, সুসম কাব্যভাষা জ্ঞানসম্পন্ন, স্বতন্ত্র ব্যক্তিস্বত্ত্বার অধিকারী, সমাজ সচেতনতায় বাংলা কাব্য সাহিত্যাকাশে অত্যুজ্জ্বল নক্ষত্রের বিরল দৃষ্টান্ত। আর এই হলো নজরুল কাব্যে সমাজ সচেতনতার স্বরূপ

# শরতের রূপ বৈচিত্র্য

মাসুদ রানা

> শরৎ আমাদের মনে করিয়ে দেয়-বাংলার প্রকৃতি এখনো কত সুন্দর, কত আপন, কত মায়াময়। বর্ষার বিদায়ের পর শরৎ যেন বলে ওঠে-"দেখো, আমি আবার ফিরে এসেছি। সঙ্গে এনেছি নীল আকাশ, সাদা মেঘ, কাশফুলের হাসি, শিউলির সুবাস আর জোছনা ভরা রাত।" তার আগমনে গ্রামবাংলার প্রতিটি গাছ, প্রতিটি মাঠ, প্রতিটি নদী আর প্রতিটি মেঠোপথ যেন নতুন প্রাণ পায়। এই জন্যই শরৎ বাংলার প্রকৃতির এক অনন্য ঋতু। শরৎ মানেই নীল আকাশে সাদা মেঘের খেলা, নদীর পাড়ে কাশফুলের ঢেউ, ভোরের শিউলির সুবাস, পাকা তালের মিষ্টি গন্ধ, সোনালি বিকেল, জোনাকির আলো আর মুক্ত জোছনায় ভরা রাত। শরৎ মানেই বাংলার গ্রামবাংলার চিরচেনা সৌন্দর্যের নতুন করে ফিরে আসা

বর্ষার কালো মেঘ, টানা বৃষ্টি আর নদী-নালা, খাল-বিলের টইটম্বুর জল শেষে প্রকৃতির বুকে আসে শরৎ। বাংলাদেশের ষড়ঋতুর তৃতীয় ঋতু শরৎ। ভাদ্র ও আশ্বিন-এই দুই মাস নিয়ে শরৎকাল। বর্ষার ভেজা প্রকৃতিকে যেন নতুন করে সাজিয়ে তুলতেই শরতের আগমন। আকাশ হয়ে ওঠে নীল, মেঘ হয়ে ওঠে সাদা, বাতাসে আসে কোমলতা। চারদিকে ছড়িয়ে পড়ে নির্মল আলো। মনে হয়, প্রকৃতি তার পুরোনো ক্লান্তি ঝেড়ে ফেলে আবার নতুন সাজে সেজেছে।



শরৎ এলেই গ্রামবাংলার আকাশের রূপ বদলে যায়। বর্ষার ঘন কালো মেঘের পরিবর্তে নীল আকাশে সাদা সাদা মেঘের ভেলা ভেসে বেড়ায়। কখনো মেঘগুলো তুলোর মতো আকাশের এক প্রান্ত থেকে অন্য প্রান্তে ছুটে চলে, আবার কখনো মনে হয় তারা নীল আকাশের বুকে খেলায় মেতেছে। সাদা মেঘের সেই ভেলা দেখে গ্রামের শিশুদের মনে আনন্দের ঢেউ ওঠে। তারা উঠানে দাঁড়িয়ে আকাশের দিকে তাকিয়ে মেঘের নানা আকৃতি কল্পনা করে। কারও কাছে মেঘ পাহাড়, কারও কাছে হাতি, আবার কারও কাছে মনে হয় বিশাল কোনো নৌকা আকাশের নদীতে ভেসে যাচ্ছে।

শরতের অন্যতম পরিচয় কাশফুল। বর্ষার পানি যখন ধীরে ধীরে কমে আসে, তখন নদীর পাড়, চর, বিলের ধারে এবং মাঠের কিনারায় কাশবন মাথা তুলে দাঁড়ায়। সাদা কাশফুল বাতাসে দুলতে থাকে। দূর থেকে তাকালে মনে হয়, সবুজের বুকজুড়ে সাদা ঢেউ উঠেছে। নদীর পাড় ধরে হাঁটতে হাঁটতে কাশফুলের সেই দোলা দেখলে মন আনন্দে ভরে যায়। হালকা বাতাসে কাশফুলগুলো একদিকে ঝুঁকে পড়ে, আবার বাতাস থেমে গেলে ধীরে ধীরে সোজা হয়ে দাঁড়ায়। প্রকৃতির এই সহজ সৌন্দর্য শরৎকে করে তোলে অনন্য।

গ্রামবাংলার পথঘাটও শরতে নতুন রূপ পায়। বর্ষার কাদামাটির পথ শুকিয়ে শক্ত হতে শুরু করে। গ্রামের মানুষ আবার স্বাভাবিকভাবে চলাফেরা করতে পারে। মাঠের আল ধরে কৃষক হেঁটে যায়, মাথায় থাকে গামছা, হাতে থাকে কৃষিকাজের সরঞ্জাম। গরু নিয়ে রাখাল মাঠের দিকে যায়। দূরে সবুজ ধানক্ষেত বাতাসে দুলতে থাকে। ধানের পাতায় সকালের শিশির জমে ছোট ছোট মুক্তোর মতো ঝিলমিল করে। সূর্যের আলো পড়লে সেই শিশিরবিন্দু যেন সোনার কণায় পরিণত হয়।



শরতের সকাল খুবই মায়াময়। ভোরের আকাশ তখন হালকা নীল। পূর্ব দিগন্তে সূর্যের আলো ধীরে ধীরে ছড়িয়ে পড়ে। ঘাসের ডগায় শিশির, গাছের পাতায় শিশির, পাখির কণ্ঠে গান। গ্রামের বাড়ির উঠানে তখন ব্যস্ততা শুরু হয়। কেউ গরুকে খাবার দেয়, কেউ উঠান ঝাড়ু দেয়, কেউ রান্নার কাজে ব্যস্ত হয়ে পড়ে। দূরের কোনো বাড়ি থেকে ভেসে আসে ধোঁয়ার সরু রেখা। সেই ধোঁয়া আর সকালের নির্মল বাতাস মিলে গ্রামবাংলার সকালকে করে তোলে একেবারে আলাদা।

শরতের আরেকটি মধুর পরিচয় শিউলি ফুল। ভোরবেলা ঘুম থেকে উঠে উঠানে বের হলে দেখা যায়, গাছের নিচে সাদা পাপড়ি আর কমলা বোঁটার অসংখ্য শিউলি ফুল ছড়িয়ে আছে। মনে হয়, রাতের অন্ধকারে কেউ যেন আকাশের ছোট ছোট তারা এনে উঠানে সাজিয়ে রেখে গেছে। শিশুরা ভোরে উঠে শিউলি কুড়ায়। গ্রামের মেয়েরা ফুল হাতে নিয়ে মালা গাঁথে। শিউলির মিষ্টি সুবাস চারপাশের বাতাসকে কোমল করে তোলে। শরতের ভোর তাই শুধু দেখা যায় না, অনুভবও করা যায়।

শরৎকালে গাছে গাছে তাল পাকে। পাকা তালের গন্ধে গ্রামের বাড়িঘর ভরে ওঠে। তখন অনেক বাড়িতে তালের পিঠা, তালবড়া ও নানা রকমের তাল দিয়ে তৈরি খাবার বানানোর ধুম পড়ে যায়। মায়েরা ও দাদিরা যত্ন করে তাল পরিষ্কার করেন, তারপর পরিবারের সবাই মিলে আনন্দ করে নানা পদ তৈরি করে। সন্ধ্যায় উঠানে বসে পরিবারের সদস্যরা যখন তাল দিয়ে তৈরি খাবার খায়, তখন সাধারণ একটি গ্রামের বাড়িও যেন আনন্দের উৎসবে পরিণত হয়। শরতের সৌন্দর্য শুধু প্রকৃতিতে নয়, মানুষের ঘর-সংসারের আনন্দেও ছড়িয়ে পড়ে।

শরতের দুপুরের রূপও অপূর্ব। আকাশ পরিষ্কার থাকে, সূর্যের আলো ঝলমল করে। তবে সেই রোদে বর্ষার মতো ভ্যাপসা ভাব থাকে না। বাতাসে থাকে এক ধরনের স্বচ্ছতা। গাছের পাতাগুলো রোদের আলোয় চকচক করে। পুকুরের পানিতে আকাশের নীল রং প্রতিফলিত হয়। পুকুরের ধারে দাঁড়ালে মনে হয়, ছোট্ট একটি আয়নায় পুরো আকাশ ধরা পড়েছে। পানির ওপর মাঝে মাঝে হাঁসের দল সাঁতার কাটে। তাদের চলার সঙ্গে সঙ্গে পানিতে ছোট ছোট ঢেউ তৈরি হয়।

নদীর পাড়ে শরতের সৌন্দর্য যেন আরও বেশি। বর্ষার উত্তাল নদী ধীরে ধীরে শান্ত হয়ে আসে। নদীর বুকের জল তখন নীল আকাশের প্রতিবিম্ব ধরে রাখে। নদীর ধারে কাশফুলের সারি বাতাসে দোলে। মাঝি নৌকা নিয়ে ধীরে ধীরে নদী পার হয়। নৌকার বৈঠার ছলাৎ ছলাৎ শব্দ দূর থেকে ভেসে আসে। নদীর বুকে কখনো জেলেদের নৌকা দেখা যায়। তারা জাল ফেলছে, মাছ ধরছে। নদী, নৌকা, কাশফুল, নীল আকাশ আর সাদা মেঘ-সব মিলিয়ে শরতের নদীপাড় যেন এক জীবন্ত ছবির মতো।

শরৎ শুধু প্রকৃতিকে সাজায় না, মানুষের মনকেও আনন্দে ভরিয়ে দেয়। বর্ষার দীর্ঘদিনের বৃষ্টি ও মেঘলা আকাশের পর যখন মুক্ত নীল আকাশ দেখা যায়,

এরপর ২২ পৃষ্ঠায়

বিসমিল্লাহির রাহমানির রাহিম

# নারায়ণগঞ্জ জেলা সোসাইটি উত্তর আমেরিকা ইনক
# Narayanganj Zilla Society North America Inc

নবনির্বাচিত কমিটির ২০২৬

# অভিষেক অনুষ্ঠান ও বার্ষিক বনভোজন

**Date:**
**30th August 2026**
**Sunday**

**Place:**
**Belmont Lake State Park**

**Pavilion:**
**OAK**

625 Belmont Avenue,
West Babylon, NY. 11704



সকালের নাস্তা ও দুপুরের খাবার

বিশেষ আকর্ষন
র‍্যাফেল ড্র

## বনভোজন উদযাপন কমিটি

| | | | |
|---|---|---|---|
| আহবায়ক<br>হাজী শাহীন আহমেদ<br>929-767-9564 | সদস্য সচিব<br>মোঃ আনিস রহমান<br>347-593-5089 | প্রধান সমন্বয়কারী<br>মীর মহসিন<br>929-375-5971 | অর্থ সচিব<br>গুলজার হোসেন<br>929-398-0076 |
| যুগ্ম আহবায়ক<br>লাভলী চৌধুরী আখি<br>917-324-8275 | যুগ্ম সদস্য সচিব<br>মোঃ টমাস আহমেদ<br>347-828-1005 | প্রধান তত্ত্বাবধায়ক<br>আইনুল হক<br>929-393-6999 | পৃষ্ঠপোষকতায়<br>রীমা খান<br>609-666-9215 |

## সার্বিক কৃতজ্ঞতায়:

বীর মুক্তিযোদ্ধা মোঃ গোলাম হোসেন, অধ্যাপক রফিকুল ইসলাম, মোঃ সওদাগর, মোঃ নুরুজ্জামান, মোঃ ফরিদ মিয়া, মোঃ হেসেন, বীর মুক্তিযোদ্ধা সুরুজ্জামান, মোঃ সালাউদ্দিন, সরদার আনোয়ার হোসেন, মোঃ বাবু, এম এ হান্নান, খুরশিদা বেগম, মোঃ বাবুল, মোঃ শফি মিয়া, মশিউর রহমান, অমিত হাসান, মিরাজ খান।

আপনারা সকলে স্ব-পরিবারে আমন্ত্রিত

সার্বিক সহযোগীতায়: হুমায়ন কবির তুহিন

## আমন্ত্রণে

**President**
**Mostafa Zaman Shamim**
929-312-1644, 929-278-3480

**General Secretary**
**Sharifa B Asma**
929-471-4871



ZILLUR TAX ACCOUNTING & INSURANCE SERVICES
• Tax Filing & Payroll
• IRS Audit Assistance
• Insurance &
• Real Estate Services
Zillur Rahim
EA, CAA, MBA
IRS Enrolled Agent
• OUR SERVICES
Personal Tax Filing
Business Tax Filing
New Business Setup
Home & Business Insurance
Immigration Services
ITIN Number Application
Notary Services
zillurincometaxnyc@gmail.com
www.zillurtaxandinsurance.com
Cell: 646-322-3254
Office: 718-374-3110
88-11 169 Street, 2nd Floor
Jamaica, NY 11432




PEOPLE N TECH
A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005
EARN 100K TO 200K PER YEAR
• Selenium Automation Testing
• SQL Server Database Administration
• Business Analyst
PROVIDED JOBS TO 7000+ STUDENTS.
100% JOB PLACEMENT
RECORD FOR THE LAST 17 YEARS.
Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu
Authorized Employment Agency by:
Certified Training Institute by:
Washington University of Science and Technology
If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:
info@piit.us
1-855-JOB-PIIT(1-855-562-7448)
www.piit.us




www.careeracademyny.com
CAREER ACADEMY OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG
SHAH NAWAZ GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208






# দর্শক মাতালেন নকীব খান ও প্রতীক হাসান

৩ পৃষ্ঠার পর

পেনসিলভানিয়া, নিউ জার্সি, নিউইয়র্ক, টেক্সাসসহ যুক্তরাষ্ট্রের বিভিন্ন অঙ্গরাজ্য থেকে প্রবাসী বাংলাদেশিরা দীর্ঘ পথ পাড়ি দিয়ে মেজবানে অংশ নেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গ্লোবাল ক্লাইমেট অ্যাক্টিভিস্ট ও সিপিএ রায়হানুল ইসলাম চৌধুরী। তিনি চিটাগং ইউনিভার্সিটি অ্যালামনাই ফেডারেশন, ইউএসএ-এর সভাপতি, রুট ফাউন্ডেশনের প্রেসিডেন্ট এবং সিরাজুল আলম খান সেন্টারের চেয়ারম্যান। অনুষ্ঠানের সার্বিক দায়িত্বে ছিলেন বাইটপোর প্রতিষ্ঠাতা সভাপতি, কবি ও লেখক সামছুদ্দীন মাহমুদ, ভাইস প্রেসিডেন্ট সাইফুল্লাহ খালেদ এবং বাইটপোর ইভেন্ট ম্যানেজমেন্ট পরিচালক স্যাম মিয়া। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিনেটর সাদাত আজলান সেলিম; ওয়াশিংটন ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির প্রেসিডেন্ট ড. হাসান কারাবার্ক; মনমাউথ ইউনিভার্সিটির স্কুল অব সোশ্যাল ওয়ার্কের ডিন এবং ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অব সোশ্যাল ওয়ার্কসের ভাইস প্রেসিডেন্ট ড. গোলাম এম. মাতব্বর; অ্যাফিক ফাউন্ডেশনের প্রেসিডেন্ট ড. ফাইজুল ইসলাম এবং ই-লার্নিংয়ের পথিকৃৎ, চট্টগ্রামের খান বাড়ির সন্তান অধ্যাপক ড. বদরুল হুদা খান। দিনব্যাপী আয়োজনের শুরুতে ছিল নানা ধরনের খেলাধুলা ও বিনোদনমূলক প্রতিযোগিতা। এতে ছিল কুকি রেস, মার্বেল /স্পুন রেস, রিং থ্রোসহ দেশীয় বিভিন্ন খেলা। বিশেষ আকর্ষণ ছিল 'আঙ্কেল স্যাম' পোস্টারে মোচ লাগানোর মজার প্রতিযোগিতা। শিশু-কিশোরদের পাশাপাশি বড়রাও এসব আয়োজনে অংশ নেন এবং দর্শকরা তা উপভোগ করেন।

অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে দুপুর ১টায় শুরু হয় বহুল প্রতীক্ষিত ঐতিহ্যবাহী চট্টগ্রামের মেজবানি ভোজ। বিকেল ৩টা পর্যন্ত চলে খাবার পরিবেশন। প্রবাসের মাটিতে চট্টগ্রামের অন্যতম জনপ্রিয় রন্ধনঐতিহ্যের স্বাদ নিতে মেজবানের খাবার ঘিরে অতিথিদের মধ্যে ছিল ব্যাপক আগ্রহ ও উৎসাহ।

অধ্যাপক ড. বদরুল হুদা খানের রচনায় উদ্বোধনী সংগীত 'চল মেজবানে' পরিবেশনের মধ্য দিয়ে সাংস্কৃতিক পর্ব শুরু হয়। এতে অংশ নেন বাইটপোর শিল্পীরা। এরপর একে একে গান পরিবেশন করেন মাযহারুল হোসেন অরূপ, আনিস রহমান, সোহেল রহমান, জেভিন গোস্বামী ও সীমা খান। নৃত্য পরিবেশন করেন নতুন প্রজন্মের শিল্পী সুনীতি সরকার ও আদিতি সরকার। ফ্যাশন শোতে অংশ নেন সারা, দিশা ও স্নিগ্ধা দম্পতি। স্থানীয় ও নতুন প্রজন্মের শিল্পীদের এসব পরিবেশনা দর্শকদের মধ্যে বাড়তি উৎসাহ তৈরি করে।

এরপর মঞ্চে আসেন বাংলাদেশের কিংবদন্তি সংগীতশিল্পী নকীব খান। রেনেসাঁসহ বাংলাদেশের ব্যান্ডসংগীতের বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখা এই শিল্পী, সুরকার ও সংগীত পরিচালক তাঁর জনপ্রিয় গান নিয়ে মঞ্চে উপস্থিত হলে দর্শকদের মধ্যে ব্যাপক উচ্ছ্বাস দেখা দেয়।

প্রায় এক ঘণ্টার পরিবেশনায় নকীব খান দর্শকদের মাতিয়ে রাখেন। তাঁর পরিচিত ও জনপ্রিয় গানের সঙ্গে কণ্ঠ মেলান উপস্থিত অনেক দর্শক-শ্রোতা। নকীব খানের পর মঞ্চে আসেন বর্তমান সময়ের জনপ্রিয় সংগীতশিল্পী প্রতীক হাসান। তাঁর প্রাণবন্ত পরিবেশনায় উৎসবের আবহ আরও জমে ওঠে। একের পর এক গানে তিনি উপস্থিত দর্শকদের মাতিয়ে রাখেন। একদিকে চট্টগ্রামের ঐতিহ্যবাহী মেজবানি খাবার, অন্যদিকে নকীব খান ও প্রতীক হাসানের সংগীত-এর সঙ্গে নতুন প্রজন্মের নাচ, গান ও ফ্যাশন শোর সমন্বয় পুরো আয়োজনকে একটি পূর্ণাঙ্গ সাংস্কৃতিক উৎসবে রূপ দেয়।

## ডোনাল্ড ট্রাম্পের ছোট ছেলে ব্যারনকে হত্যার হুমকি

আজকাল রিপোর্ট



মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের কনিষ্ঠ পুত্র ব্যারন ট্রাম্পকে হত্যার সম্ভাব্য ষড়যন্ত্র নিয়ে ইরানের রাষ্ট্রীয় টেলিভিশনে প্রচারিত একটি ভিডিওকে কেন্দ্র করে তোলপাড় চলছে ওয়াশিংটনে। মঙ্গলবার হোয়াইট হাউজে এই ভিডিও নিয়ে দফায় দফায় বৈঠক হয়েছে। মার্কিন সিক্রেট সার্ভিস এর উপর কাজ করছেন বলেও বার্তা সংস্থা নিশ্চিত করেছে। সিক্রেট সার্ভিসের মুখপাত্র নেট হেরিং এক ইমেইলে বলেছেন, 'মার্কিন সিক্রেট সার্ভিস ভিডিওটির বিষয়ে অবগত এবং আমাদের বিশেষ প্রিভিলেজ ও সুরক্ষিত ব্যক্তিদের প্রতি হুমকি হিসেবে বিবেচিত হতে পারে এমন যেকোনো বিষয় তারা তদন্ত করা হয়। তবে কার্যক্রমের নিরাপত্তার স্বার্থে আমরা সুরক্ষা-সংক্রান্ত গোয়েন্দা তথ্যের বিষয়ে কোনো আলোচনা করি না।' ইরানের রাষ্ট্রীয় টেলিভিশনে প্রচারিত তিন মিনিটের একটি ভিডিওতে ব্যারন ট্রাম্পকে (২০) হত্যার সম্ভাব্য ষড়যন্ত্র নিয়ে আলোচনা করা হয়েছে। এতে দাবি করা হয়েছে যে তার ওপর নজরদারি চালানো হচ্ছে এবং তাকে হত্যার জন্য এক কোটি (১০ মিলিয়ন) ডলার পুরস্কারের ঘোষণা দেওয়া হয়েছে। ফেব্রুয়ারি মাসে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের শুরু করা প্রায় ছয় মাসব্যাপী সংঘাতের আবহে যুক্তরাষ্ট্র ও ইরান একে অপরের বিরুদ্ধে বৈরী বক্তব্য অব্যাহত রেখেছে। রয়টার্স এ মাসের শুরুর দিকে কর্মকর্তাদের উদ্ধৃতি দিয়ে জানিয়েছিল যে, গত এক বছরে ইসরায়েলের কাছ থেকে যুক্তরাষ্ট্র বেশ কয়েকবার সতর্কবার্তা পেয়েছে-যার মধ্যে রয়েছে 'এয়ার ফোর্স ওয়ান'-এর একটি গোপন কৌশলী সফরের আগের ঘটনাও অন্তর্ভুক্ত-যেখানে বলা হয়েছিল ইরান ট্রাম্পকে হত্যার পরিকল্পনা করছে। ট্রাম্প নিজেকে 'ইরানের হিট লিস্ট বা হত্যার তালিকায় এক নম্বরে' থাকা ব্যক্তি হিসেবে বর্ণনা করেছেন।



# এই সপ্তাহের কবিতা



## শরৎ বেলায়!
### শ্যামল বণিক অঞ্জন

দুর্বাঘাসে শিশির বিন্দু
নদীর কূলে কাশ
হাওয়াতে পাই হিম হিম আভ
শিউলিরই সুবাস।

শিমুল তুলার মতো উড়ে
সাদা সাদা মেঘ
রৌদ্র ছায়ার নিপুণ খেলার
দারুণ গতিবেগ!

যায় উড়ে যায় মেঘ ছুঁয়ে ওই
পাখপাখালির ঝাঁক।
মন কেড়ে নেয় বাঁশের বনে
ডাহুকগুলোর ডাক।

বিলও ঝিলের স্বচ্ছ জলে
শাপলা শালুক পাতা
জোনাক জ্বলা পূর্ণিমা রাত
হৃদয়ে রয় গাঁথা।



## দেশের প্রতি প্রেম
### মোহাম্মদ মহিবুর রহমান

আমার সোনার বাংলা
মুখে নয় কথা।
হৃদয়ে করো ধারণ
স্মৃতিতে করো লালন।

যেখানেই তুমি রবে
দেশের স্নেহ পাবে।
অদৃশ্যে থেকেও সদা
সেবা করো সর্বদা।

দেশের প্রতি প্রেম
জীবনের শ্রেষ্ঠ হেম।
আবেগে গড়ি পথ
সত্য হোক শপথ।

দেশের মান বাড়াও
প্রয়োজনে জীবন দাও।
বাংলাদেশ আমাদের প্রাণ
রাখব চির অম্লান।



## রূপবতী শরৎ
### বিভাস গুহ

বর্ষা শেষে শরৎ এলো
ওঠল ফোটে কাশ
ভোরেরবেলা শিশিরভেজা
মাঠের দুর্বা ঘাস।

ঘাসের উপর বাসর সাজায়
শিউলি ফুলে ফুলে
মন ভরে যায় সুবাসে তার
প্রাণটা ওঠে দুলে।

দুধ সাদা মেঘ আকাশ জুড়ে
করে আনাগোনা
গুরু গুরু ডাকটা মেঘের
যায় না তো আর শোনা।

দিঘীর জলে পদ্ম ভাসে
কী অপরূপ শোভা
রূপবতী তাইতো শরৎ
দেখতে মনোলোভা।



## শরৎকালে
### সাইদুল ইসলাম সাইদ

শরতের যে নাই উপমা
রূপে গুণে ফুল,
শিউলি ফোটে শেফালি ফোটে
ফোটে বকফুল।

সকাল বেলা দুর্বাঘাসে
শিশির করে খেলা।
গগনেতে নীল সাদা মেঘ
কাটায় সারাবেলা।

নদীর তীরে কাশ ফোটেছে
তুলার মতন উড়ে,
নবীন ছুটে নদীর তীরে
সুখ যে হৃদয় জুড়ে।

রাতের বেলা আলোর মেলা
আকাশজুড়ে থাকে,
জোনাকিরাও মিটমিটিয়ে
আলোর সুখ মাখে।



## হৃদয়ে আমার বাংলাদেশ
### শাহ্ মো. সফিনূর

সবুজ ধানের শিষের দোলায়, তোমার ছবি আঁকা,
বুকের ভেতর সযতনে সেই ছবিটাই রাখা।
নদীর বুকে রুপালি সুর, মাঝির ভাটিয়ালি,
তোমার রূপের জাদুতে মাগো, মন যে হয় উতলি।

যে পথ গেছে গাঁয়ের পানে, শিমুল-পলাশ ঘেরা,
সেই তো আমার চেনা জগৎ, সেই তো সবার সেরা।
বায়ান্ন আর একাত্তরের রক্তে ভেজা মাটি,
তোমার চেয়ে এই জগতে আর কী আছে খাঁটি?

ভোরের আলোয় পাখির ডাকে, যখন চোখ মেলে,
সব বেদনা যায় যে ভুলে, তোমার আঁচল পেলে।
হৃদয়ে মোর একটিই নাম, একটিই যে দেশ,
প্রাণের চেয়েও প্রিয় তুমি-আমার বাংলাদেশ।



## শরতখেলা
### মশিউর রহমান রুবেল

শরতের নীল আকাশে
ভাসে মেঘের ভেলা,
সারাদিন ছোটাছুটি
কেটে যায় যে বেলা।

শরতকালে বৃষ্টি নামে
জমে দারুণ খেলা।
এই ঋতুতে আলসে কাটে
সকাল দুপুরবেলা।

গাছে গাছে শিমুলের
রং উঠলো হয়ে লাল
ভাদ্র-আশ্বিন মিলেমিশে
চলছে শরৎকাল।



## স্বজন আর সন্তান এক নয়
### খুরশীদ ইসলাম রুবেল

কেউ স্বজন হারিয়ে উন্মাদ হয়,
অনেক বাবা-মায়ের সন্তান ঘরে ফেরে না তাঁরা বাকরুদ্ধ!

স্বজনহারা আর সন্তানহারা এক নয়;
সন্তানহারা বাবা-মায়ের কষ্ট
স্বজন হারানোর বেদনার চেয়ে কতটা গভীর
তা কেবল সন্তানহারা বাবা-মাই জানেন।

সন্তানহারা বাবা-মায়ের বুকফাটা আর্তনাদে
আকাশ-বাতাস ভারী হয়ে ওঠে।
থেমে থেমে আসে বোবাকান্না,
অপলক দৃষ্টিতে এদিক-সেদিক তাকান
যেন সন্তানের প্রতিচ্ছবি
চারপাশে দেখতে পান।

মনে হয়, সন্তান ডাকছে
'এই তো বাবা, আমি!'
'এই যে মা, আমি!'

মা-বাবা ও সন্তানের মাঝে
চলে এক অদৃশ্য ছায়ার লুকোচুরি।
কিন্তু সেই ছায়া একসময় হারিয়ে যায়,
থেকে যায় শুধু স্মৃতি আর দীর্ঘশ্বাস।

একজন সন্তানহারা বাবা-মা
বুকে হিমালয়সম পাহাড়,
সীমাহীন কষ্ট নিয়ে
আমৃত্যু বেঁচে থাকেন।

স্বজন হারানোর শোকও গভীর,
তবু সন্তান হারানোর শূন্যতা
অন্যরকম
যে শূন্যতা কোনো কিছুর বিনিময়েই
কখনো পূরণ হয় না।



## যে শরৎ রঙিন ছিল
### সাঈদুর রহমান লিটন

স্মৃতিগুলো রঙিন হয়ে ওঠে
স্মৃতি আওড়ালে,
ব্যথাও আসে ক্রমিক।

শরতের সকালে এই বাংলা
বড় পবিত্র মনে হয়,
রঙিন মনে হয়,
আবার বিষাদে ভরপুর।

আলোয় ঝলমল করে,
আবার বৃষ্টির কান্নায়
কেঁদে দেয় প্রকৃতি।

সবুজের স্নিগ্ধ পাতায়
সুদিন বসত করে,
সেই সুদিনেই হাত ধরে হেঁটেছিলে
সোনালী ধানের আল ধরে।

দোয়েল পাখির মতো গান গেয়ে গেয়ে
সবুজের বুকে মেখেছিলে নীল আকাশের রঙ।



## মায়াবন বিহারিনী
### শাকেরা বেগম শিমু

আমি মায়াবন বিহারিনী হরিণী,
তব হৃদয়ে স্বপন সঞ্চারিনী।
থাকলেও বহু দূরে তোমারই কাছে,
আমার এই চঞ্চল মন পড়ে আছে।

তোমাকে নিয়ে সদা স্বপ্ন যে দেখি,
সাথে কত গান আর কবিতাও লেখি।
তোমার মনের বাগে আমি হবো ফুল,
এটিকে স্বপ্ন ভেবে করো নাতো ভুল।

আমি তব মন- গহীনের হরিণী,
দূরে সরে যেতে এই প্রেম করিনি।
কতোনা রঙিন আশা-ভালোবাসা দিয়ে,
দিয়েছি তোমার মায়াবন রাঙিয়ে।

সেখানে হবো আমি মায়া হরিণী,
যার মনে সদা বিচরণকারিনী,
তাকে কি পাবো আমি ভাবি দিনরাত,
চিরদিন রবে তার হাতে এই হাত।

# এই সপ্তাহের কবিতা



## সংস্কৃতি চর্চার বিকল্প নেই
### সুজন দাশ

সংস্কৃতি হল বিকাশের ভিত আলো হয়ে এটা জ্বলে,
পরিবার থেকে আসেও সমাজে সংকোচ যায় চলে।
প্রসারিত করে মনও হৃদয় অনুভূতি আনে প্রাণে,
জাগিয়েও তোলে আপন শক্তি নিজেই নিজেকে জানে।

পরিবার থেকে সমাজ ছাড়িয়ে চিনেও নিজের দেশ,
মন থেকে মুছে হিংসা ও গ্লানি মুছে যায় যত ক্লেশ।
সংস্কৃতি হলো আলো বর্তিকা আপনাকে তুলে ধরে,
শিশুদের মনে বিকাশ চাইলে অন্তরে দাও ভরে।

সংস্কৃতি সে' আত্মবিশ্বাস সীমানা ছাড়িয়ে যেতে,
গড়ে ওঠে তাতে বৈশ্বিক মন চেতনায় ওঠে মেতে।
মুছে দিতে চায় সংস্কৃতি যারা এ কথা কি ভেবে দেখে?
অন্ধ চোখের বক্ষ আগারে উল্টো মৃত্যু লেখে!

জল ছাড়া মাছ বাঁচে না যেমন সংস্কৃতি হল তাই,
সংস্কৃতি সে' প্রাণের শক্তি বিকল্প তার নাই।
রুদ্ধ করো না সংস্কৃতি কভু বরং সাজাও ঢেলে,
সংস্কৃতি সে' উদারতা প্রেম মনের চোখও মেলে।



## খুশির গানে
### সুফিয়ান আহমদ চৌধুরী

ফুল বাগানে ফুলের হাসি
খুকুর চুলে ফুল,
নুপুর পায়ে তাধিন ধিন
দুলছে কানে দুল।

রোদেলা দিনে কতই খুশি
ছুটির দিনে আজ,
খুকুর মন খেলার ঘরে
রঙিন গায়ে সাজ।

হাসির বান অথই মুখে
খেলায় খুকু হাসে,
খেলছে খুকু আঁকছে স্বপ্ন
মধুর স্বপ্নে ভাসে।

রঙিন সাজে খেলার ঘরে
ছুটির দিন যায়,
উতলা- রাঙা মনটা তার
আনন্দে গান গায়।

চাঁদের হাটে সুখের বানে
যায় তো বেশ বেলা,
খুশির গানে জুড়ায় কত
ছুটির দিনে বেলা।



## চুয়াডাঙ্গার ছেলে
### হামিদুল আজম

আমি গঙ্গার জলের গাঙচিল হয়ে
মাথাভাঙা নদীতে ভেসে,
কুমারের সাথে করে মিতালী
বেড়িয়েছি খেলে হেসে।

দক্ষিণা বায়ুর সোনা জলো হাওয়ায়
স্বপন সাগরে স্নান,
পূবালী বায়ুতে সুপ্রভাত আমার
মুখে ছিল মেঠো গান।

জোছনা আমারে টেনেছে রাতে
আসমানের জলসায়,
দিনেতে বাঁশের ফকিরী গানের
ডেকেছে লালন সাঁইই।

মোশারফ মীর করিয়াছে বীর
কারবালার ইতিহাসে,
মাতানো মনের রবীন্দ্র আশ্রম
চোখেতে আজও সে ভাসে।

গীতাঞ্জলি সেরা অপেরার
যাত্রার সেরা নায়ক,
আব্দুল জব্বার মুক্তির প্রতীক
প্রাণ কাঁড়ানো গায়ক!

সব পড়ে মনে প্রাণেতে বাঁচে
চুয়াডাঙ্গার ছেলে আমি,
মৃত্তার আঁশে জড়ানো জীবন
আমি তাই আজও দামী।

তাহাতে সোনালী সেরার সেরা
মিষ্টির সমাহার,
অস্থায়ী রাজধানী, চুয়াডাঙ্গার মানুষ
ধারে না তো কারো ধার।

বিপ্লবী আমি, স্বাধীনতা আমি
চুয়াডাঙ্গা আমি আজ,
ইতিহাস আমি, যুগান্তরে চলা
তাই আমি সেরা তাজ।



## কবিতার অন্তর্লোক
### আসাদুজ্জামান খান মুকুল

কবিতার সাধনায় উন্মোচিত হয় আমার অন্তর্লোক।
অতল গভীর থেকে কত কথা জেগে ওঠে নির্জনে বনতলে।
শব্দেরা তখন চুপিচুপি এসে বসে মনের দুয়ারে।
ছন্দের অদৃশ্য দোলায় ধীরে ধীরে ভাষা পায় ভাবনারা।
দিনের আলো থেকে রাতের নীরবতা- সবই ছুঁয়ে যায় আমার মন।
মনের মাধুরীতে এঁকে রাখি তাদের আপন রঙে।
জীবনের পথে দেখা কত ছবি।
কলমের নিব ভিজিয়ে দেয় দলিতের অশ্রু।
উদ্ভাসিত হয় পরমেশ্বরের ভাবনা প্রার্থনার নিভৃত আবেশে।
মানুষের ভালোবাসার পাশাপাশি গোঁড়ামিও ধরা পড়ে।
কখনো হারানো কোনো গল্পের সন্ধান পাই কল্পনার স্বপনে।
স্বপ্নের গান গেয়ে উঠি শিশুদের নির্মল চোখে।
সেই সুরের ভেতর এসে মিশে যায় জীবনের কত রং।
প্রতিবাদের অনুনাদ হয়ে ওঠে কখনো নীরবতাও।
আর অনুচ্চারিত কথার গভীরে খুঁজে পাই জীবনের স্বাদ।



## সেই বিকেলবেলা
### মাহনূর রহমান

সেই ছোট্ট আমি, ছোট্ট মনের আশা
ছোট্ট সেই আমার পৃথিবীতে,
নিষ্পাপ সকল কথা।

আমার নিজস্ব পৃথিবী, আজকের কল্পনা
সকালের স্কুল, দুপুরের মায়ের আদর,
বিকেলের বন্ধুমহলের আড্ডাখানা
সবই আজকের নিছক জল্পনা।

আজকের এই মোহ মায়ায়
অনুভূতি কেবল শতকালের প্রহরে,
তাদের সাথের চায়ের আড্ডা
বিকেলের অবিরাম সেই ঠাট্টা
সবই এখন খোয়াবখানা।

আমার প্রিয় আমিতো সেই ছোট্ট আমি
মিষ্টিমধুর স্বপ্নের কানামাছি
চলো আজ আমাদের ছোট্ট আমিকে খুঁজি
আমাদের আমির সকলের উপলব্ধি করি।



## শ্রমের মর্যাদা
### ফেরদৌস জামান খোকন

সকাল থেকে শুরু করে
কাজে কাটে বেলা,
তবু মালিক হয় না খুশি
দেয় যে খুবই ঠ্যালা।

ভুবন মাঝে দেখি সবে
শ্রমিক মানুষ যারা,
দেহের ঘামে শরীর ভিজে
মূল্য পায় না তারা।

পরম যত্নে দিনে রাতে
কর্ম যত্নে করে,
সুখের দেখা পেতে তারা
কাজের মাঝে মরে।

মালিক যারা খুবই কড়া
নজরদারি করে,
পাওনা টাকা চাইতে গেলে
যায় যে চলে সরে।

ন্যায্য মূল্য দিতে হবে
এটাই তাদের চাওয়া,
টাকা হাতে পেলে হবে
পানিপান্তা খাওয়া।



## পিতা তুমি!
### রকিবুল ইসলাম

প্রথম যেদিন আমি এসেছি এই ভবে,
কেঁদেছি আমি, হেসেছে সবে।
জননী তখন আমার কাতর যন্ত্রণায়,
তুমি তটস্থ আমার ভবিষ্যৎ ভাবনায়।

মাতা গড়লেন আমার মানসিকতা,
তুমি গড়লে আমার দৃঢ়চিত্ততা।
জননী আমার শেখালেন কত শত মায়া,
তুমি শেখালে ধরণীর যত কঠিন, রূঢ় বাস্তবতা।

মাতা থাকলেন হয়ে মমতার পরশ আমার,
পিতা তুমি, তুমি গেয়ে চললে জয়গান আমার জীবনধারার।
মাতা কল্পনা করলেন আমার চরিত্রের উন্নয়ন,
পিতা তুমি করলে তা বাস্তবে রূপায়ণ।

মাতা সতত স্নেহ-ভালোবাসা, মায়া-মমতায় ভরা,
পিতা তুমি সদা স্নেহের আদল,
ভালোবাসার মিশেলে শাসন-বারণ,
আইনের যত কঠিনতা।

মাতা রইলেন আমার হৃদয়ের গহীনে,
পিতা তুমি পরম আদরে রইলে পড়ে
আমার অন্তরের খাঁজে, অস্থিমজ্জায় মিশে।
মাতৃঋণ কখনো যায় না শোধা,
পিতা তুমি, তোমার অবদানও কখনো যাবে না ভোলা।

হয়েছে তিরোধান তোমার
করেছ বরণ মরণকে!
পিতা তুমি
হয়নি বিচ্ছেদ তোমার
রয়েছ আমার অন্তরাত্মা জুড়ে।



## আরশি বাড়ি
### মো. সৈয়দুল ইসলাম

আয়রে খোকা আরশি বাড়ি
যাবো ছড়া নিয়ে,
ঙ ঞ তামাশায় সেথায় হচ্ছে
পড়শি মায়ের বিয়ে।

বর্ণমালাও সাথে যাবে
ছন্দ হাতে নিয়ে,
শেয়াল মামা নৃত্য করবে
টুপি মাথায় দিয়ে।

মাংস পোলাও পেটটা ভরে
খাবো আরশি বাড়ি,
গল্প কথায় দিন কাটাবো
চলনা তাড়াতাড়ি।



## শহর ছাড়ার আগে
### আরিয়ান আহমেদ

তোমার শহর ছাড়ছি আজ, অনুভূতিরা দিক পাহারা
যে লোকটা সব ছেড়ে এসেছে, তার আবার কিসের ঘরহারা?

স্মৃতিরা পথ আগলে দাঁড়াক, বুকের ভেতর বৃষ্টি নামুক
সব হারানোর অভ্যাসে আজ, এই বিদায়ও সয়ে যাক।

তোমার গলি পার হয়ে যাই, অনুভূতির মেঘ জমলে জমুক
সব নিঃস্ব হওয়া বুকের ভেতর, এইটুকু বুকভাঙা থাক।

আমি তো হারিয়ে যাচ্ছি সব, জমানো ব্যথা জাগুক না হয়
যে মানুষটা সব হারিয়ে এসেছে, তার আর নতুন করে কিসের ভয়?

ভাবলাম-
কিছু শহর ছেড়ে যাওয়া যায়,
কিছু মানুষকে ছেড়ে যাওয়া যায়,
কিন্তু কিছু স্মৃতি থেকে যায়-
মানুষের ভেতরেই আরেকটি শহর হয়ে।



# Leading candidates for UN Secretary General

Monowarul Islam

The selection of the next Secretary General of the United Nations is never a loud public contest, yet it is one of the most consequential leadership transitions in global governance. As the tenure of António Guterres moves toward its scheduled conclusion on 31 December 2026, diplomatic conversations across capitals have already begun to intensify around who will take the role starting 1 January 2027. The position carries influence over global peacekeeping, humanitarian coordination, climate diplomacy, and international conflict mediation, making it one of the most sensitive appointments in the world.



Unlike national elections, this process is not decided through public voting or campaigns. It is shaped by negotiation, consensus building, and ultimately the approval of the five permanent members of the United Nations Security Council. These five states, namely the United States, China, Russia, the United Kingdom, and France, each hold veto power that can end any candidacy regardless of global support. This structure makes the process less about popularity and more about geopolitical acceptability, strategic balance, and diplomatic trust.

The 2026 to 2027 cycle is drawing attention because it reflects multiple competing global expectations at the same time. There is pressure for regional rotation, growing calls for gender representation at the highest level, and increasing demand for leadership capable of managing global crises that range from armed conflicts to climate instability. Against this backdrop, four names have emerged as leading contenders shaping diplomatic discussions across multiple regions.

**How the United Nations selection process actually works** : The appointment of António Guterres provides the framework for understanding how the next selection will unfold. The process formally begins with informal consultations among Security Council members, followed by the circulation of candidate names supported by member states. Candidates are then evaluated through a series of closed door discussions where their acceptability is tested across political, strategic, and regional lines. Once the Security Council reaches consensus on a single candidate, the recommendation is forwarded to the General Assembly for formal appointment. While the General Assembly represents all member states, its role is largely procedural because the Security Council decision determines the outcome. The veto power of the permanent five members remains the most decisive factor, as even broad international support cannot override a single rejection from any of these states.

The selection is guided by unwritten traditions rather than strict legal rules. These include regional rotation, preference for candidates with diplomatic neutrality, and an expectation that the Secretary General will not act as a representative of any single bloc. The role Continued on page 26



## Meghan Markle, Prince Harry, and Their Kids Have Landed in England

Anik Raj

The Sussexes have arrived! Meghan Markle, Prince Harry, Prince Archie, Princess Lilibet, and their dogs have officially landed in England to begin their new chapter in the United Kingdom. The Telegraph reports that the family flew privately and landed at Birmingham Airport around lunchtime on Wednesday (August 26). Their kids will reportedly start school as soon as next week.

The couple's new home is a "closely guarded" secret, Continued on page 26




September 4–6, 2026, at Toronto's Don Valley Hotel & Suites

## Largest-Ever 40th FOBANA Convention in Toronto

Ajkal Report

Organizers have announced the largest-ever convention of the Federation of Bangladeshi Associations in North America (FOBANA) in Toronto. The 40th FOBANA convention, a three-day event, is scheduled to take place starting Friday, September 4, 2026, at the Don Valley Hotel & Suites in Toronto. FOBANA officials made this announcement last Saturday, August 15, during a "Meet the Press" event at a restaurant in Jackson Heights, New York. Dr. Abu Zubayer, Toronto FOBANA's Continued on page 26

## Bonna Mirza to make New York stage debut with 'Nemesis'

Ajkal Desk

Acclaimed actress Bonna Mirza is set to make her New York stage debut with "Nemesis", a Bangla theatre production written by Masum Reza and directed by Khairul Islam Pakhi.

The first show will be staged on September 5 in New York's Jamaica area, with two performances at 5pm and 7pm. The production is being presented by Theatre 71. Mirza has built a strong reputation through her work in theatre and television. A longtime member of Desh Natok, she has appeared in several acclaimed stage productions and was also a familiar face on television, where she regularly performed in dramas.

Now based in the United States, Mirza said returning to theatre has brought her particular joy. She is also excited about bringing a Bangla production from Bangladesh to New York.



"The fact that a Bangla play from Bangladesh is being staged in a place like New York makes me very happy. I hope the practice of theatre and the staging of plays will continue, and I will continue to do my part," she said.

Mirza praised both the writing and direction of "Nemesis", describing Reza's script as a beautiful one. Pakhi, who was associated with Dhaka Theatre for many years, has been directing the production.

Rehearsals have been underway for some time. "The audience will be able to say how much we have been able to achieve after watching the play. We are leaving no stone unturned and are doing our best," Mirza said.

The production adds another chapter to her long association with theatre. In Dhaka, she was most recently acclaimed for her performance in the solo play "Paro", written and directed by Reza. She also performed in "Jolbasor".

# US Visa Interviews Suspended Worldwide

Shah Nawaz




The Trump administration has halted visa services globally—a surprising move. Just a week ago, a court ordered the lifting of the ban on immigrant visas for citizens of 75 countries. Three days ago, USCIS (US Citizenship and Immigration Services) announced that the H-1 visa fee had been raised to $100,000. Now, within three days of that announcement, the Trump administration has declared a global suspension of visa services. Sources close to Trump told the media that he issued this directive immediately following an Iranian threat to assassinate his youngest son, Barron Trump. However, White House officials offer a different explanation. They state that the suspension of visa appointment scheduling for applicants worldwide is part of the US government's ongoing immigration control campaign during Donald Trump's second term.

On Tuesday, a US State Department spokesperson announced that a global training program for all US embassies and consulates has been launched, and visa appointment schedules are being adjusted to facilitate this training.

Trump is continuing a rigorous campaign focused on forced deportations and immigration control. Measures taken under this initiative include the revocation of visas and green cards, as well as the rejection of applications based on various grounds—including political ideology and participation in pro-Palestinian protests against the Gaza offensive by US ally Israel. He claims the goal of these strict measures is to strengthen domestic security.

The State Department did not provide details regarding the training or its duration. However, they stated that the training aims to help consular officers identify applicants at risk of becoming dependent on US government benefits and to ensure a "holistic and consistent" approach to evaluating visa applicants. The suspension of visa appointment scheduling had previously been reported by the "Financial Times". The newspaper report states that individuals scheduled for immigrant visa interviews at US embassies and consulates received emails informing them that their appointments were being rescheduled and that they would be notified of the new dates later.

Human rights organizations have strongly criticized Trump's harsh anti-immigration measures. They argue that these measures are discriminatory and violate the rights to freedom of speech and due process. These organizations further contend that such stringent policies have created an unsafe environment in the United States—particularly for ethnic minorities, who have expressed concerns about "racial profiling," or being viewed with suspicion based on their ethnic identity.

### NYPD Searching for Killer Jesus Acosta

## Slain Raju's Body to be Sent to Bangladesh on Friday

Ajkal Report

The body of Mohammad Yusuf Raju, who was shot dead by a gunman while trying to build a dream life in the United States, is being sent to Bangladesh on Friday. Meanwhile, the New York City Police Department (NYPD) has identified the killer and published a photo of the suspect on their website to aid in his apprehension. Md. Yusuf Raju (44), an expatriate from Sonaimuri, Noakhali, was shot and killed at his workplace in Brooklyn, New York. His Bangladeshi colleague, Russell, was also shot in the same incident and is currently undergoing treatment at a hospital. Raju had moved to America just three years ago with sky-high expectations; those hopes were buried by the impact of the bullets. Raju was killed during a late-night shooting at a restaurant in Brooklyn. Police responded to a 911 call reporting an attack at the "American Best Wings and Pizza" restaurant at 842 Rockaway Avenue in Brooklyn shortly after midnight on Saturday, August 23, where they found the victims suffering from gunshot wounds.







Raju's "Janaza" (funeral prayer) will be held on Thursday after the "Maghrib" prayer at the Bangladesh Muslim Center in Brooklyn. Preparations are underway to send his body back to the country on Friday, August 28. Jahid Mintu, President of the Greater Noakhali Association in New York, stated that the Noakhali Society is working on behalf of the late Raju out of humanitarian concern. Our organization, along with various community institutions, is bearing all expenses related to funeral arrangements, the "Janaza", and the repatriation of the body to Bangladesh. Additionally, any surplus funds will be sent to his family. "DRAM," a volunteer organization in New York, is providing administrative assistance to send Raju's body home. DRAM official Kazi Fauzia mentioned that she had spoken by phone Continued on page 27

## Beyoncé Releases Beautiful Tribute to "Bold and Brilliant" Dolly Parton

Ajkal Desk



Beyoncé has joined the chorus of celebrities honoring late country singer Dolly Parton, who passed away on Tuesday at the age of 80 after a brief battle with cancer.

In a letter addressed to Dolly published on her website, Bey wrote, "Doll, You were the barometer. The North Star. Bold and brilliant. Talented and tenacious. You taught so many lessons on how to be uniquely oneself. I am grateful for your art, your heart, your generosity, your humor, your entrepreneurship." She added, "I'm honored that I had the privilege to work with you. I will treasure that forever. Thank you for your profound impact on the world. You are an angel who has made this world a happier place because of your joyful art. You are truly one of one. Rest peacefully."

## Glacial collapse on Nepal-Tibet border leaves over 380 dead, 1,400 missing

Ajkal Desk



A catastrophic glacial collapse on the Nepal-Tibet border has triggered devastating flash floods, leaving more than 380 people dead and 1,400 missing. The disaster highlights the extreme climate vulnerability of Himalayan river basins, sending water surging downstream into South Asia and forcing the evacuation of thousands in neighbouring India.

According to Nepali Police spokesperson Abi Narayan Kafle, Nepal's death toll rose to 380 on Thursday, with bodies recovered from eight districts, reports The Kathmandu Post.

Authorities in China's Tibet region reported at least three fatalities. Chitwan and Nawalparasi East saw the highest body recoveries as security forces continued rescue operations.

**Stranded pilgrims and missing tourists** : The tragedy has triggered an international crisis. Over 600 of the missing are tourists, including 517 foreigners and 63 US citizens, reports Al Jazeera. White House Press Secretary Karoline Leavitt confirmed Washington has rescued a handful of Americans and offered assistance, focusing on rescuing all citizens possible. Regionally, around 200 Indian pilgrims on the Kailash Mansarovar route are stranded in Tibet.

India's Foreign Ministry spokesman, Randhir Continued on page 26

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

## 347-659-8842

## 7 DAYS OPEN



আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)

# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

## B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of

FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA

POLITICAL ASYLUM

**Captor USA, Inc.**

Franchise & Business Consulting Firm

37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.

Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590

Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১

সপ্তাহে ৭ দিনই খোলা

# রেনোভেশন/রিপিয়ার/কনস্ট্রাকশন

## আপনি কি বাসা-বাড়ির কাজের জন্য লোক খুঁজছেন?
## আমরা আপনাকে সহযোগিতা করতে পারি।



আমরা Binghamton এ কাজ করে থাকি

**আমাদের কাজসমূহ:**

* গরম পানির ট্যাঙ্ক ইনস্টলেশন/ মেরামত
* যে কোন প্রকার পাম্বিলিংয়ের কাজ/বাথরুম/কিচেন/অন্যান্য
* যে কোন প্রকার টাইলসের কাজ/নতুন ইনস্টলেশন/রিপ্লেস/ রেনোভেশন
* নতুন বাথরুম ইনস্টলেশন/রিপিয়ার
* কার্পেটিং/নতুন রুম/এক্সটেনশন
* ড্রাই ওয়াল/পেইন্ট/রি-পেইন্ট
* ব্যাকইয়ার্ড/ডক/বারান্দা/ছাদ
* উড ফ্লোর/পলিশ/নতুন ইনস্টলেশন/ক্লিনিং
* অয়েল হিটিং সিস্টেম পুরনোটি রিপ্লেস এবং নতুন থার্মাল ইনস্টলেশন।

Free ইস্টিমেট করা হয়ে থাকে

**যোগাযোগ:**

**WOVENA CONSTRUCTION INC**

172-11, 93 Ave, Jamaica, NY 114333

**Phone: 347-822-9052, 716-828-6677**

wovenatexusa@gmail.com

# নজরুলের কবিতায় সমাজ সচেতনতা

১২ পৃষ্ঠার পর

মধুসূদন দত্তও বিদ্রোহী কবি হিসেবে পরিচিত। কিন্তু কাজী নজরুল ইসলামের বিদ্রোহ একাধারেই জনবিদ্রোহ। কাজী নজরুল ইসলাম তাঁর কবিতার মধ্যদিয়ে পরাধীনতার শৃংখল ভেঙেচুড়ে মুক্ত স্বদেশের জন্যে ঝাঁপিয়ে পড়েন। ইংরেজদের বিরুদ্ধে কাব্যে বিদ্রোহ ছড়ানোর জন্যে তিনি কারাবরণ করেন। আর এ কবিতার জন্যেই তিনি সারা ভারতবর্ষে হয়ে উঠেন ব্যাপক জনপ্রিয়। কিন্তু কাজী নজরুল ইসলামের এই বিদ্রোহ জনপ্রিয়তা কি শুধুমাত্র রাজনৈতিক? রাজনীতি কি আমাদের জন মানুষের সামাজিক জীবন থেকে বিচ্ছিন্ন অবস্থিত? আর কাজী নজরুল ইসলামের কবিতা কি শুধুমাত্র তৎকালীন রাজনৈতিক আন্দোলন কিংবা স্বাধীনতা সংগ্রামের? না, কাজী নজরুল ইসলাম শুধু বিদ্রোহী কবিই নন। তিনি ছিলেন একাধারে বিদ্রোহী কবি', 'সাম্যবাদী কবি', 'প্রেমের কবি', 'আধ্যাত্মিক কবি', 'মানুষের কবি', 'চারণ কবি', 'যৌবনের কবি' ইত্যাদি। এ সবই হল তার মৌল কবি সত্তারই এক একটি খণ্ড খণ্ড পরিচয়। তার কাব্যের সাহিত্যিক মূল্য গভীরভাবে বিচার বিশ্লেষণ করলে যে বিষয়টি স্পষ্ট প্রতীয়মান হয়, প্রকৃতপক্ষে তা হচ্ছে এই সবই তার গভীর সমাজ সচেতনতার ভিন্ন ভিন্ন আঙ্গিকের সার্থক প্রকাশ। কাজী নজরুল ইসলাম রোমান্টিক কবি ছিলেন এ কথা সত্য। কিন্তু তার চেয়েও অধিকতর সত্য হচ্ছে তিনি ছিলেন মাটি ও মানুষের কবি। তাঁর লেখা এমন অনেক কবিতা আছে যা পাঠ করা মাত্রই মনের অজান্তে মানসপটে ভেসে উঠে সেই প্রতিচ্ছবি, যিনিই ছিলেন মাটি ও মানুষের সবচেয়ে কাছাকাছি'র কবি।

সমাজ জীবন অভিজ্ঞতা ও তার সংগে বিপুল প্রাণপ্রবাহ যুক্ত করে বঞ্চিত-লাঞ্ছিত মানুষের প্রতিবাদী চেতনা নিয়ে কাজী নজরুল ইসলাম বহুস্তরপক্ষে স্বদেশকেই নতুনভাবে দেখতে চেয়েছিলেন। তিনি ছিলেন অত্যন্ত স্বাধীনচেতা ব্যক্তিত্বসম্পন্ন মানুষ। তাই কাজী নজরুল ইসলাম চেয়েছিলেন স্বজাতি এবং স্বদেশের স্বাধীনতা। অর্থাৎ মুক্ত স্বদেশ, মুক্ত সমাজ। মুক্ত সমাজ গঠনের অন্যতম শর্ত হচ্ছে স্বাধীনতা। এই স্বাধীনতা অর্জন করতে হলে দেশকে পরাধীনতার শৃংখল থেকে মুক্ত করতে হবে। আর সে কাজটি করতে গিয়ে কাজী নজরুল হয়েছিলেন 'রাজদ্রোহী'। ইংরেজ শাসনের যাঁতাকল থেকে স্বদেশকে মুক্ত করতে হলে ইংরেজকে দেশ ছাড়া করতে হবে এ ব্রত নিয়ে তিনি তাঁর কবিতায়, গানে, সম্পাদকীয়তে এমনকি বক্তৃতা বিবৃতিতে হয়ে উঠেছিলেন প্রচণ্ডভাবে মারমুখী, বিদ্রোহী। একথা কাউকে বলে বুঝানোর প্রয়োজন হয়না যে, কাজী নজরুল ছিলেন একাধারে কবি, সাংবাদিক ও রাজনৈতিক কর্মী। স্বাধীনচেতা কবি কাজী নজরুল ইসলাম স্বদেশকে পরাধীনতার কবল থেকে মুক্ত করতে বিদ্রোহ করেছিলেন একইসংগে স্বাধীনতা অর্জন ও শোষণমুক্ত সমাজ প্রতিষ্ঠার লক্ষ্যে। আমরণ তিনি এই বিদ্রোহে ছিলেন অটল।

'মহা বিদ্রোহী রণ ক্লান্ত
আমি সেই দিন হবো শান্ত-
যবে উৎপীড়িতের ক্রন্দন রোল আকাশে বাতাসে ধ্বনিবে না
অত্যাচারীর খড়গ কৃপাণ ভীম রণভূমি রণিবে না।'-(বিদ্রোহী)

সামাজিক শোষণ-বঞ্চনা, লাঞ্ছনা-গঞ্জনার অবসান যতদিন পর্যন্ত না ঘটবে-কাজী নজরুল ইসলামের এই বিদ্রোহ ততদিনই অব্যাহত থাকবে। সে বিদ্রোহ স্বদেশে কিংবা বিদেশে, বিশ্বের দেশে দেশে, যেখানেই থাকবে শোষণ বঞ্চনা, সেখানেই। কাজী নজরুল ইসলামের বিদ্রোহ সূচিত হয়েছিল তৎকালীন ভারতবর্ষে ইংরেজ শাসকদের শোষণ বঞ্চনার বিরুদ্ধে। ইংরেজ বিতাড়িত হয়েছে, অবসান হয়েছে তাদের শাসনের, কিন্তু সমাজ থেকে শোষণ বঞ্চনার অবসান হয়নি। তাই তাঁর বিদ্রোহ অব্যাহত এবং সে বিদ্রোহ আজকেরও। বিশ্বব্যাপী যার যার স্বদেশের তরে সে দেশের বঞ্চিত-লাঞ্ছিত গণ মানুষের। সে বিদ্রোহের মধ্যে কবি কাজী নজরুল ইসলামের ছিল এক আন্তর্জাতিক চেতনা। তাই কবি লিখেছেনঃ

'এক সেননার কসরতে ভাই মোরা সবাই।'

তবে স্বদেশ ও স্বজাতির মুক্ত স্বাধীন সমাজ সংগঠনই ছিল বিশেষভাবে কাজী নজরুল ইসলামের কাব্য সাধনার মূল উদ্দেশ্য। কারণ তিনি ছিলেন নির্যাতিত নিপীড়িত, বঞ্চিত-লাঞ্ছিত মানবতার কবি। তিনি কলম ধরেছিলেন স্বাধীন স্বদেশ ও মুক্ত সমাজ কায়েমের লক্ষ্যে। তার ব্রত ছিল দুখী মানুষের দুঃখ দূর করা। এই ব্রতে স্বদেশের দুখী জনসাধারণের দুঃখ-বেদনা, লাঞ্ছনা-গঞ্জনা, বঞ্চনা-নিপীড়নের অবসানে ফরিয়াদ ও তার প্রতিকার প্রচেষ্টায় বিরামহীনভাবে চলেছে তার লেখনী। মোদ্দাকথা সামাজিক ও রাষ্ট্রীক সকল ধরণের অবিচার অত্যাচার থেকে মুক্ত করে স্বদেশের মানুষকে সুমহান মর্যাদার আসনে সুপ্রতিষ্ঠা দান করাই ছিল কাজী নজরুল ইসলামের ব্রত। তাই কবি লিখেছেনঃ

"প্রার্থনা করো যারা কেড়ে খায় তেত্রিশ কোটি মুখের গ্রাস
যেন লেখা হয় আমার রক্ত লেখায় তাদের সর্বনাশ।" (আমার কৈফিয়ত)

আজীবন কাজী নজরুল ইসলাম ছিলেন এক অভিন্ন মানবতাবাদী কবি, 'মানুষের কবি।' ধর্ম-বর্ণ, উচ্চ-নিচ, ধনী-গরীব নির্বিশেষে সকল শ্রেণী পেশার মানুষকে তিনি যথাযথ মর্যাদায় প্রতিষ্ঠিত করতে চেয়েছিলেন। তার এই লক্ষ্যেরই রূপায়ণ ঘটেছে বিভিন্ন কবিতায়। কবির ভাষায়ঃ

'গাহি সাম্যের গান
মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান।'-(মানুষ)

কাজী নজরুল ইসলাম ধর্ম-বর্ণ দিয়ে মানুষকে আলাদা করে দেখেননি বা বিচার করেননি। মানুষকেই তিনি স্থান দিয়েছেন সবার উপরে। তাই তিনি সমাজে হিন্দু-মুসলমানের কোন ভেদাভেদ মেনে নেননি বলেই লিখেছেন-

'হিন্দু না ঐ মুসলিম ওরা জিজ্ঞাসে কোন জন,
কাণ্ডারী বল ডুবিছে মানুষ, সন্তান মোর মা'র।'-(কাণ্ডারী হুশিয়ার)

নারী এবং পুরুষ যার যার মর্যাদায় সমাসীন। কেউ ছোট কিংবা কেউ বড় এমনটি ভাবার কিছু নেই। তা সত্ত্বেও সমাজে ব্যবধান সৃষ্টি করা হচ্ছে। নারী পুরুষের এই ব্যবধানকে কেন্দ্র করে সমাজে সৃষ্টি হয়েছে শ্রেণী বৈষম্য, কাজী নজরুল ইসলাম ছিলেন তারও বিরুদ্ধে। তাই কবি লিখেছেন-

'আমার চক্ষে পুরুষ রমনী কোন ভেদাভেদ নাই।
বিশ্বের যা কিছু মহান সৃষ্টি চির কল্যাণকর,
অর্ধেক তার করিয়াছে নারী অর্ধেক তার নর।'-(নারী)

নারী সমাজের নৈতিক অধঃপতনের জন্যে কবি কাজী নজরুল ইসলাম দায়ী করেছেন পুরো সমাজ ব্যবস্থাকেই। এ প্রসংগে বারাঙ্গনা কাব্যে তিনি লিখেছেনঃ

"অসতী মাতার পুত্র সে যদি জারজ পুত্র হয়
অসৎ পিতার সন্তানও তবে জারজ সুনিশ্চয়।"

কাজী নজরুল ইসলামের সমাজ সচেতনতার বিশেষ উল্লেখযোগ্য দিকটি হলো শ্রেণী বৈষম্য ও শোষণের বিরুদ্ধে তাঁর শক্ত অবস্থান। বিশেষ করে সামাজিক শ্রেণী বৈষম্য ও ধর্মের নামে সমাজিক শোষণের বিরুদ্ধে তার সমাজ সচেতনতা ছিল সবচেয়ে বেশি ক্রিয়াশীল। সমাজে একটি বিশেষ শ্রেণীকে আরেকটি শ্রেণীর ক্রমাগত শোষণের বিরুদ্ধে ক্ষোভ ঝরেছে তার কলমে। তিনি লিখেছেন-

"জনগণে যারা জোঁক সম শোষে তারে মহাজন কয়,
সন্তান সম পালে যারা জমি তারা জমিদার নয়।"

খেটে খাওয়া মানুষ, যারা মাথার ঘাম পায়ে ফেলে, নুন আর পান্তা খেয়ে জমিতে ফসল ফলায়, সকলের অন্ন যোগায়, সার্বিক উৎপাদনের যারা প্রাণশক্তি তাদের বঞ্চনায় আহত কবি আক্ষেপ করে লিখেছেনঃ

"মাটিতে যাদের ঠেকেনা চরণ
মাটির মালিক তাহারাই হন।"

কাজী নজরুল ছিলেন অত্যন্ত সাহসী ও দূরদর্শী কবি। চেতনায় তিনি ছিলেন সাম্যবাদী। তার মূল লক্ষ্য ছিল 'লাঙল যার জমি তার।' দূরদৃষ্টিসম্পন্ন ও তীক্ষ্ণ দৃষ্টিসম্পন্ন কবি এ লক্ষ্য বাস্তবায়নে ছিলেন দৃঢ়সংকল্পবদ্ধ। তিনি জানতেন সমাজে এই পরিবর্তন অবশ্যম্ভাবি। তাই তিনি সমসাময়িক সমাজ ব্যবস্থায় বঞ্চিত, নিপীড়িত মানুষের পক্ষে দাঁড়িয়ে ক্ষণিকের জন্যে আক্ষেপ করলেও অসম সাহসিকতা আর দৃঢ় প্রত্যয়ে অনাগত ভবিষ্যতের সেই নতুন দিনের প্রত্যাশা জাগিয়ে তুলেছেন গণমানুষের মনে। তিনি কবিতায় বলেছেন-

"জয় নিপীড়িত জনগন জয়
জয় নব উত্থান।"-(ফরিয়াদ)

এরপর বলেছেন-

'আসিতেছে শুভদিন
দিনে দিনে বহু বাড়িয়াছে দেনা শোধিতে হইবে ঋণ।'-(কুলি মজুর)

বিদ্রোহী কবি খ্যাত জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ধার্মিক ছিলেন, ধর্মান্ধ ছিলেন না। তার ধর্মপরায়ণতা ছিল প্রকৃত মানুষের ধর্ম। পূর্বেই উল্লেখ করেছি তিনি মানুষে মানুষে ভেদাভেদবিরোধী মানসিকতা পোষণ করতেন। হিন্দু এবং মুসলমান উভয় ধর্মেই কবি দেখতে পেয়েছিলেন সংকীর্ণতা, স্বার্থপরতা। তিনি ধর্মের নামে প্রতারণার ঘোর বিরোধী হিসেবে এ প্রবণতা রোধ করতে চেয়েছিলেন। দূর করতে চেয়েছিলেন সকল সংকীর্ণতা ও স্বার্থপরতা। তাই কবি সকরুণ ভাষায় সেই স্বার্থপরতার কাহিনী বিবৃত করেছেন তার কবিতায়। বলেছেন-

"তব মসজিদ মন্দিরে প্রভু নাই মানুষের দাবী
মোল্লা পুরুত লাগায়েছে তার সকল দুয়ারে চাবী।"-(মানুষ)

উল্লিখিত আলোচনা, ব্যাখ্যা বিশ্লেষণ, কবির রচিত বিভিন্ন কবিতা থেকে উদ্ধৃত স্তবক সমূহে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের সমাজ সচেতনতার স্বরূপ দিবালোকের মতই স্পষ্ট হয়ে উঠেছে। তৎকালীন সমাজে অন্যায়, অবিচার, অত্যাচার, অনিয়ম, দুর্নীতি, শ্রেণী বৈষম্য, ধর্মের নামে অধর্মের বিরুদ্ধে কাজী নজরুল ছিলেন সোচ্চার। সমাজের গণ মানুষের উপর উচ্চ শ্রেণী এবং শাসক গোষ্ঠীর জুলুম, নির্যাতন, লাঞ্ছনা-গঞ্জনার বিরুদ্ধে তিনি হয়ে উঠেছিলেন বিদ্রোহী। কবি হিসেবে তাঁর এই বিদ্রোহ প্রকম্পিত হয়ে উঠেছিল বিভিন্ন কবিতার মধ্যদিয়ে। যা জনসংযোগে বিরাট ভূমিকা রেখে বঞ্চিত-লাঞ্ছিত-অবহেলিত-নিপীড়িত গণমানুষকে উদ্বেলিত করেছিল সংগঠিত হয়ে শাসক শ্রেণীর শোষণের বিরুদ্ধে রুখে দাঁড়াতে। আর এ কারণে শাসক গোষ্ঠীর রোষানলে পড়ে রাজদ্রোহী হয়ে কাজী নজরুল ইসলামকে করতে হয়েছিল কারাবরণ। কারাগারে গিয়েও থেমে থাকেনি নজরুল, সেখানে বসেও তিনি রচনা করেছেন বিদ্রোহের গান, এজন্যে তাঁকে ভোগ করতে হয়েছে আরও কঠিনতম সাজা, তবুও তিনি তাঁর লক্ষ্যে ছিলেন অবিচল। তার প্রতিবাদী কণ্ঠ থেকে চলেছিল অর্গল ভাঙার গান। এই সব কিছুই তিনি করেছেন দেশে-শুনে বুঝে অত্যন্ত সচেতনভাবে। কাজী নজরুল ছিলেন স্বাধীনতা এবং মুক্ত সমাজে বিশ্বাসী। তার বিশ্বাস ছিল সাম্যবাদে, তিনি চেয়েছিলেন জড়তাহীন, দুঃখ গ্লানি, ক্লেদ, শ্রেণী বৈষম্য এবং শোষণমুক্ত মানুষের সমাজ। তাই তিনি লিখেছেন সকল বিষয়ে। সমাজের এমন কোন বিষয় নেই যা নিয়ে কাজী নজরুল ইসলাম কবিতা রচনা করেননি। মোদ্দাকথা তৎকালীন সমাজের কোন বিষয়ই তাঁর দৃষ্টিকে ফাঁকি দিতে পারেনি। কি কবি হিসেবে, কি সাংবাদিক হিসেবে, কি রাজনৈতিক কর্মী হিসেবে। কবিতা, সম্পাদকীয় নিবন্ধ কিংবা বক্তব্য-বিবৃতি সব কিছুতেই তিনি তুলে ধরেছেন সমাজের বিভিন্ন দিকের নির্ভুল বাস্তব চিত্র। এসবের মধ্যদিয়ে তিনি সামাজিক অনাচার, অবিচার, শোষণ বঞ্চনার বিরুদ্ধে দাঁড়িয়ে 'মানুষের চেয়ে বড় কিছু নাই নহে কিছু মহীয়ান' এই স্বপ্নের রূপায়নে নির্দেশনা দিয়েছেন।

পরিশেষে এ কথা নিশ্চিত বলা যায় যে, জাতীয় কবি কাজী নজরুল ইসলামের কাব্যে তৎকালীন শাসক শ্রেণীর শোষণ থেকে শুরু করে সমাজের সকল অনাচার, অত্যাচার, কুসংস্কারের বিরুদ্ধে যে বিদ্রোহের সুর অনুরণিত হয়েছিল তা কোন আবেগ কিংবা ভাবাবেগের বশীভূত হয়ে নয়; বরং তা তিনি করেছিলেন অত্যন্ত সচেতনভাবে- যা বাংলাদেশের বর্তমান সমাজ বাস্তবতায়ও সমভাবে প্রযোজ্য। সুতরাং কাজী নজরুল ইসলাম ছিলেন অত্যন্ত তীক্ষ্ণ মেধা ও দূরদৃষ্টিসম্পন্ন, অসম সাহসী, সুচিন্তিত, সুষম কাব্যভাষা জ্ঞানসম্পন্ন, স্বতন্ত্র ব্যক্তিসত্তার অধিকারী, সমাজ সচেতনতায় বাংলা কাব্য সাহিত্যাকাশে অত্যুজ্জ্বল নক্ষত্রের বিরল দৃষ্টান্ত। আর এই হলো নজরুল কাব্যে সমাজ সচেতনতার স্বরূপ।

লেখকঃ সাবেক মহাসচিব, বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন -বিএফইউজেএ।

# তৌহিদী জনতার আড়ালে রাজনীতি

১০ পৃষ্ঠার পর

রাজনীতিবিদদের ভোটের প্রয়োজনে বাড়ছে মাদ্রাসা। দরিদ্র পরিবারের সন্তান, এতিম ও প্রতিবন্ধী শিক্ষার্থীদের শেখানো হচ্ছে উগ্রতা। ধর্মীয় উন্মাদনায় প্রশ্নবিদ্ধ হচ্ছে শান্তির ধর্ম ইসলাম। বিশ্বের উন্নত দেশেও বিখ্যাত ধর্মীয় শিক্ষাপ্রতিষ্ঠান আছে। দেশের খ্রিষ্টান মিশনারি পরিচালিত স্কুল-কলেজও বেশ সুনামের সঙ্গে শিক্ষাদান করছে। তাহলে দেশের মাদ্রাসা কেন পারছে না? কেন মাদ্রাসা হলেই এক শ্রেণির লোক নাক সিটকায়? এসব ভাবা দরকার। কিন্তু তৌহিদী ব্যবসায়ীরা কিন্তু ভাবাভাবির ধারেকাছে নেই। তথাকথিত এই গোষ্ঠী কোমলমতি শিক্ষার্থীদের নিয়ে ঠিকই ব্যবহার করে। বাঙালি সংস্কৃতির পৃষ্ঠপোষকের দাবিদার আওয়ামী লীগ শাসনামলে হাজারে-বিজারে মাদ্রাসা বেড়েছে। স্থানীয় আওয়ামী লীগ নেতাদের তত্ত্বাবধানে পরিচালিত মাদ্রাসাগুলোর মান বিবেচনায় নেওয়া হয়নি। সেগুলোর অভিভাবক হয়েছে এখন অন্যরা।

কিছুদিন পরপরই নবী বা কোরআনের অবমাননা হয়েছে বলে সহিংস পরিস্থিতি তৈরি করা হয়। পরে দেখা যায়, ব্যক্তিগত শত্রুতার কারণে ভুল তথ্য বা অপতথ্য ছড়ানো হয়েছিল। অথবা, কেউ জানেই না কী থেকে কী হলো। একবারও ভাবে না, সামান্য ফেসবুক স্ট্যাটাসে কোটি কোটি মানুষের প্রিয় নবী ও কোরআনের কিছুই যায় আসে না। এই অতি আবেগি প্রতিক্রিয়া বিশ্বের সব দেশের মুসলিমরা দেখান না। ইউরোপীয় মুসলিমপ্রধান দেশ বসনিয়া, কসোভো, আলবেনিয়া এমনকি তুরস্কেও এরকম দেখা যায় না। সাবেক সোভিয়েত মধ্য এশীয় দেশ কাজাখস্তান, তুর্কমেনিস্তান, উপসাগরীয় দেশ কুয়েত, কাতার, আরব আমিরাত বা ওমানেও উগ্র প্রতিক্রিয়া হয় না। আফ্রিকার আলজেরিয়া অথবা মরক্কো, এমনকি মালয়েশিয়াও আবেগি প্রতিক্রিয়া হয় না। নৈরাজ্যবাদী সহিংসতা দেখা যায় হাতেগোনা কয়েকটি রাষ্ট্রে। সবচেয়ে বেশি প্রতিক্রিয়া দেখা যায় পাকিস্তান, আফগানিস্তান, বাংলাদেশ, ভারত, মিশরসহ কিছু দরিদ্র আফ্রিকান দেশে। তুলনামূলকভাবে দরিদ্র দেশগুলোতে প্রতিক্রিয়া হয় বেশি। অনুন্নত রাষ্ট্রে রাজনৈতিকভাবে ধর্ম-সংক্রান্ত সহিংসতার হারও উচ্চ। যারাই রাস্তায় নামে, কিছু ব্যতিক্রম বাদে তাদের প্রায় সবাই পিছিয়ে পড়া দরিদ্র, বঞ্চিত জনগোষ্ঠী।

বাংলাদেশের জনগোষ্ঠীর একটি বড় অংশ এখনো অত্যন্ত অমানবিক ও মানবেতর জীবনযাপন করে। ইহজগতে তাদের বেঁচে থাকার তেমন কোনো স্বপ্ন নেই। এ মানুষগুলো ধর্মপ্রাণ নয়, ধর্মভীরু। দৈনন্দিন জীবনে তারা সেভাবে ধর্ম পালন করে না। কিন্তু সেই ধর্মকে আঁকড়ে ধরেই নিপীড়িত বিশাল জনগোষ্ঠীটি বেঁচে থাকে। ফলে, তাদের বেঁচে থাকার একমাত্র অবলম্বন নিয়ে কেউ ব্যঙ্গ-বিদ্রূপ করলে অতি আবেগি প্রতিক্রিয়া দেখায়। আর, এই অতি আবেগি প্রতিক্রিয়া হচ্ছে 'ধর্মভিত্তিক' দলগুলোর প্রাণশক্তি। তাই তাদের সমর্থকরা সবসময় সুযোগ খোঁজে। রাজনীতিতে দরিদ্র মানুষের আবেগকে পুঁজি করে। এ ব্যাপারে জামায়াতে ইসলামীকে সন্দেহ করে অনেকে। অভিযোগ রয়েছে, বিভিন্ন নামে জামায়াতের নানা সামাজিক-সাংস্কৃতিক প্ল্যাটফর্ম আছে। সেগুলো থেকে উসকানি দেওয়া হয়। হিংসা-ঘৃণা ছড়ানো হয়। তৌহিদী জনতার ব্যানারে তারাই কর্মী সরবরাহ করে থাকে। জামায়াত বরাবর এই অভিযোগ অস্বীকার করে আসছে। তবে, তৌহিদী জনতার বিরুদ্ধে তাদের কখনো অবস্থান নিতে দেখা যায়নি। বিএনপির কোনো কোনো নেতার অভিযোগ, পতিত আওয়ামী লীগ ও জামায়াত মিলে দেশকে অস্থিতিশীল করতে চায়। এ জন্য তারা তৌহিদী জনতা দিয়ে কখনো কনসার্ট, কখনো সৌকাবাইচের মতো নির্দোষ বিনোদনের আয়োজন ঘিরে উত্তেজনা তৈরি করে। কিন্তু ক্ষমতাসীন দলের কাজ তো শুধু অভিযোগ করা নয়। দেশে আইনের শাসন প্রতিষ্ঠা ও গণমানুষের জীবনমানকে উন্নত করা তাদের অঙ্গীকার। নিরাপত্তার স্বার্থে অনুষ্ঠান বন্ধ করে দেওয়া কোনো সমাধান নয়। প্রতিশ্রুতি অনুযায়ী সৃজনশীল অর্থনীতির বাধা সরকারকেই দূর করতে হবে। বই পড়া, খেলাধুলা, সংস্কৃতি চর্চা এবং সামাজিক মূল্যবোধ রক্ষার আশ্বাস দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। এসব বাস্তবায়ন হলে দেশ থেকে গোঁড়ামি-ভণ্ডামি দূর হবে বলে বিশ্বাস করে সাধারণ মানুষ।

লেখকঃ হেড অব নিউজ, আরটিভি।

# কতটুকু ইলেকশন, কতটুকু সিলেকশন

৬ পৃষ্ঠার পর

সরকারটাই-বা কী? হাত তুলে বলে দিলেই তো হয়। সেই সঙ্গে এটাকে গালভরা 'নির্বাচন' নামকরণই-বা কেন?

শেখ হাসিনা সরকারের পতনের পর অন্তর্বর্তী সরকারের আমলে বেশ কয়েকটি রাজনৈতিক দল মিলে একটা 'জুলাই জাতীয় সনদ' তৈরি করেছিল। সেখানে এই রাষ্ট্রপতি নির্বাচন কীভাবে হবে সে সম্পর্কে সুস্পষ্টভাবে সিদ্ধান্ত হয়েছে। সেখানে কিন্তু 'সংসদ সদস্যদের গোপন ভোটে' নির্বাচনের কথা বলা হয়েছে। বিএনপি, জামায়াত, এনসিপি-সবাই সেই সিদ্ধান্তে একমত পোষণ হয়েছে। সেই যে একমত হওয়া, তার প্রতিফলন কোথায়? বিএনপি হয়তো বলবে, জুলাই সনদ তো বাস্তবায়িত হয়নি, তাই সে অনুযায়ী এখন রাষ্ট্রপতি নির্বাচন করা যাচ্ছে না। তাহলে জুলাই সনদ বাস্তবায়ন করেই তারপর এই কাজগুলো করলেই হতো। তা না করে তড়িঘড়ি করা কেন? আগের রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের মেয়াদ তো ছিলই। ছয় মাস যখন তাঁকে সহ্য করা গেল, আর কটা দিন অপেক্ষা করাই যেত। তাহলে কি জুলাই সনদে বিএনপির সম্মতি কেবলই 'লোকদেখানো' ব্যাপার ছিল। বিএনপির একাধিক শীর্ষ নেতার কথায় সে রকম ধারণা জাতি এরই মধ্যে পেয়েছে। তারা জানিয়েছে, কেবল জাতীয় নির্বাচন যাতে আর না পিছিয়ে যায়, সে জন্যই তারা নাকি তখন সবকিছুতে রাজি হয়েছে! কী ভয়ংকর আত্মস্বীকৃতি! নির্বাচনের সময় বিএনপি ৩১ দফা নিয়ে জনগণের কাছে গেছে, বেশ অনেক অঙ্গীকার করেছে। এর মধ্যে কোনটি কোনটি কেবল জয় পেতে করেছে, তা নিয়েই মানুষের মধ্যে এখন সন্দেহ দেখা দিতে পারে। কারণ মানুষ এরই মধ্যে দেখতে পাচ্ছে, জুলাই সনদে যে ক্ষেত্রে পরিবর্তনের কথা বলা হয়েছে, তার অনেক জায়গাতেই সম্ভাব্য পরিবর্তনকে এড়িয়ে আগের নিয়মেই কাজ করা হচ্ছে। অর্থাৎ, চব্বিশের সেই জুলাই আন্দোলনকে বিএনপি যেন একটা নিছক সরকার পরিবর্তনের আন্দোলনে পরিণত করতে উঠেপড়ে লেগেছে।

এবার বরং সংবিধানের ৭০ অনুচ্ছেদ এবং রাষ্ট্রপতি নির্বাচনে এর প্রয়োগ নিয়ে দুটি কথা বলি। সংবিধানের ৭০ অনুচ্ছেদে বলা হয়েছে-'কোন নির্বাচনে কোন রাজনৈতিক দলের প্রার্থীরূপে মনোনীত হইয়া কোন ব্যক্তি সংসদ-সদস্য নির্বাচিত হইলে তিনি যদি- (ক) উক্ত দল হইতে পদত্যাগ করেন, অথবা (খ) সংসদে উক্ত দলের বিপক্ষে ভোটদান করেন, তাহা হইলে সংসদে তাঁহার আসন শূন্য হইবে।' এখন অনুচ্ছেদের (খ) ধারাটি খেয়াল করুন। 'সংসদে দলের পক্ষে বা বিপক্ষে' ভোট দেওয়ার বিষয়টা আসলে কী? সংসদে যখন কোনো বিল উত্থাপন হয়, তখন তার পক্ষে বা বিপক্ষে ভোট দেওয়াকেই এখানে বোঝানো হয়েছে। তাহলে এটাকে রাষ্ট্রপতি নির্বাচনে ভোটদানের সঙ্গে কেন মেলানো হলো? ২০ আগস্ট নির্বাচন হলো, তখন কি জাতীয় সংসদের কোনো অধিবেশন চলছিল? উত্তর হচ্ছে-না, চলছিল না। তাহলে যখন অধিবেশন চলে না, তখন সংসদে ভোট দেওয়া, না দেওয়ার প্রশ্নটাই-বা আসে কীভাবে? এ ক্ষেত্রে বরং এই সংসদের স্বতন্ত্র সংসদ সদস্য রুমিন ফারহানার কথা ও আচরণের কথা উল্লেখ করা যেতে পারে। তিনি এই নির্বাচনে ভোট দেননি। তাঁর মতে, যে নির্বাচনে কোনো অনিশ্চয়তা থাকে না, তাকে প্রকৃত নির্বাচন বলা যায় না। সংখ্যাগরিষ্ঠ দলের কারণে এই ভোটের ফলাফল কী হতে যাচ্ছে, তা আগে থেকেই সবার জানা ছিল। তাই এটি কোনো নির্বাচন নয়, বরং একধরনের 'মনোনয়ন'মাত্র।

রুমিন ফারহানার এমন বক্তব্যের জবাব কি আছে কোনো? আসলে পুরো বিষয়টিই অস্পষ্ট এবং দুর্বোধ্য। তাই এ রকম 'প্রকাশ্য ভোট', ৭০ অনুচ্ছেদের সদম্ভ উপস্থিতি, হুইপের হুমকি-এত এত বিষয় যখন একত্র হয়ে যায়, তখন সেই 'নির্বাচন' নিয়ে, নির্বাচনে জয় নিয়ে গর্ব দূরে থাক, উচ্চারণেই কেমন যেন অস্বস্তি থাকে।

দুই-তৃতীয়াংশ আসনে বিজয়ী রাজনৈতিক দল কেন যে রকম একটা অস্বস্তিকে আলিঙ্গন করল-বুঝতে পারি না।

লেখকঃ জ্যেষ্ঠ সাংবাদিক।

# শরতের রূপ বৈচিত্র্য

১২ পৃষ্ঠার পর

তখন মানুষের মনেও এক ধরনের স্বস্তি আসে। কৃষক মাঠে গিয়ে ফসলের অবস্থা দেখে। গৃহস্থ উঠানে বসে ভবিষ্যতের কাজের পরিকল্পনা করে। শিশুরা মাঠে খেলতে যায়। তরুণেরা নদীর পাড়ে বসে গল্প করে। গ্রামের বয়স্ক মানুষেরা বিকেলের নরম আলোয় বাড়ির সামনে বসে পুরোনো দিনের কথা স্মরণ করেন।

শরতের বিকেল বিশেষ সুন্দর। পশ্চিম আকাশে সূর্য যখন ধীরে ধীরে ঢলে পড়ে, তখন সোনালি আলো ছড়িয়ে পড়ে মাঠের ওপর। ধানক্ষেত, গাছপালা, পুকুরের জল-সবকিছু যেন সোনালি রঙে রাঙা হয়ে ওঠে। পাখিরা দল বেঁধে বাসায় ফিরে যায়। রাখাল গরুর পাল নিয়ে বাড়ির পথে হাঁটে। গ্রামের পথ ধরে ধীরে ধীরে নেমে আসে সন্ধ্যা। চারপাশে তখন এক ধরনের শান্তি ছড়িয়ে পড়ে।

আর শরতের রাত? সে তো অন্য এক জগতের গল্প। আকাশ পরিষ্কার থাকলে চাঁদের আলোয় গ্রাম যেন রূপকথার রাজ্যে পরিণত হয়। পুকুরের পানিতে চাঁদের আলো ঝিকমিক করে। গাছের ছায়া মাটিতে পড়ে। দূরের বাঁশবাগান থেকে ভেসে আসে পাতার মৃদু শব্দ। কোথাও কোথাও জোনাকি পোকারা অন্ধকারের মধ্যে ছোট ছোট আলো জ্বেলে ঘুরে বেড়ায়। মনে হয়, অন্ধকার আকাশ থেকে কিছু তারা নেমে এসে গ্রামের পথঘাটে আলো ছড়াচ্ছে।

শরতের জোছনা মানুষের মনকে বিশেষভাবে টানে। উঠানে চাটাই পেতে অনেকে বসে গল্প করে। শিশুরা দাদু-দাদির কাছে গল্প শোনে। কেউ পুরোনো দিনের কথা বলে, কেউ নদীর গল্প করে, কেউ আবার শরতের সৌন্দর্য দেখে মুগ্ধ হয়ে থাকে। চারপাশের নীরবতার মধ্যেও প্রকৃতি যেন নিজের ভাষায় কথা বলে।

গ্রামবাংলার গাছপালাও শরতে নতুন প্রাণ ফিরে পায়। বর্ষার অতিরিক্ত পানিতে নুয়ে পড়া অনেক গাছ আবার সতেজ হয়ে ওঠে। আম, জাম, কাঁঠাল, বট, অশ্বথ, নিম, তাল, নারকেল ও সুপারি গাছের পাতায় রোদের আলো ঝিলমিল করে। বাঁশঝাড়ে বাতাস ঢুকলে পাতাগুলো মৃদু শব্দে নড়ে ওঠে। পাখিরা ডালে ডালে বসে ডাকাডাকি করে। প্রকৃতি যেন আবার নিজের স্বাভাবিক ছন্দে ফিরে আসে।

শরতের রূপের সঙ্গে বাংলার মানুষের জীবনও গভীরভাবে জড়িয়ে আছে। কৃষকের মাঠ, জেলের নদী, রাখালের গরু, শিশুর খেলা, মায়ের রান্না, দাদির গল্প-সবকিছুর মধ্যেই শরতের উপস্থিতি। এই ঋতু মানুষকে মনে করিয়ে দেয়, প্রকৃতির পরিবর্তনের সঙ্গে মানুষের জীবনও পরিবর্তিত হয়। বর্ষার দুঃখের পর যেমন আসে নির্মল আকাশ, তেমনি জীবনের কষ্টের পরও একদিন আনন্দের সময় আসে।

বাংলার কবিরা তাই প্রকৃতির সৌন্দর্যের মধ্যে শরৎকে বিশেষ স্থান দিয়েছেন। নীল আকাশ, সাদা মেঘ, কাশফুল, শিউলি, জোছনা-এসব শরতের চিরচেনা উপাদান। শরৎ যেন বাংলার প্রকৃতির মুখে একটি নির্মল হাসি। তার রূপে নেই অতিরিক্ত আড়ম্বর; আছে সরলতা, শান্তি ও স্বচ্ছতা। গ্রামের মেঠোপথ, নদীর পাড়, কাশবন আর নীল আকাশের মিলনে যে সৌন্দর্য সৃষ্টি হয়, তা কোনো কৃত্রিম সাজসজ্জায় পাওয়া যায় না।

শরৎ আসলে বাংলার গ্রামকে তার পুরোনো রূপে ফিরিয়ে আনে। বর্ষার জলে ঢাকা পথ শুকিয়ে যায়, নদীর জল শান্ত হয়, মাঠে রোদের আলো পড়ে, কাশফুল হাসে, শিউলি ঝরে, তাল পাকে, জোনাকি জ্বলে। আকাশে সাদা মেঘের ভেলা ভাসে। মনে হয়, প্রকৃতি যেন নিজের হাতে বাংলার গ্রামকে আবার নতুন করে এঁকে দিয়েছে।

শরতের রূপ তাই শুধু চোখে দেখার বিষয় নয়, হৃদয়ে অনুভব করার বিষয়। কাশফুলের দোলায়, শিউলির সুবাসে, তালের মিষ্টি গন্ধে, নদীর শান্ত জলে, নীল আকাশের গভীরতায় এবং জোছনা রাতের নীরবতায় শরৎ তার সৌন্দর্যের কথা বলে। শরৎ আমাদের মনে করিয়ে দেয়-বাংলার প্রকৃতি এখনো কত সুন্দর, কত আপন, কত মায়াময়।

বর্ষার বিদায়ের পর শরৎ যেন বলে ওঠে-"দেখো, আমি আবার ফিরে এসেছি। সঙ্গে এনেছি নীল আকাশ, সাদা মেঘ, কাশফুলের হাসি, শিউলির সুবাস আর জোছনা ভরা রাত।" তার আগমনে গ্রামবাংলার প্রতিটি গাছ, প্রতিটি মাঠ, প্রতিটি নদী আর প্রতিটি মেঠোপথ যেন নতুন প্রাণ পায়।

এই জন্যই শরৎ বাংলার প্রকৃতির এক অনন্য ঋতু। শরৎ মানেই নীল আকাশে সাদা মেঘের খেলা, নদীর পাড়ে কাশফুলের ঢেউ, ভোরের শিউলির সুবাস, পাকা তালের মিষ্টি গন্ধ, সোনালি বিকেল, জোনাকির আলো আর মুক্ত জোছনায় ভরা রাত। শরৎ মানেই বাংলার গ্রামবাংলার চিরচেনা সৌন্দর্যের নতুন করে ফিরে আসা।

মাসুদ রানাঃ কবি ও সাহিত্যিক। ইতালি প্রবাসী।



KARNAFULLY
TRAVEL INC.

বিশেষ সুবিধা:
মহিলাদের জন্য আলাদা
মহিলা গাইডের
সুব্যবস্থা রয়েছে।

# এক্সক্লুসিভ ওমরাহ প্যাকেজ
## নভেম্বর ২০২৬

### ভ্রমণ তারিখ

| জেএফকে - জেদ্দা | মদিনা - জেএফকে | মোট দিন |
|---|---|---|
| ৪ নভেম্বর | ১৪ নভেম্বর | ৯ দিন (২টি জুম্মা - মক্কা ও মদিনায়) |

### প্যাকেজে অন্তর্ভুক্ত:

- বিমান টিকিট (যাতায়াত)
- ভিসা
- ৫-তারকা হোটেল হারাম শরীফের কাছে (ক্লক টাওয়ারে) ভিআইপি নাস্তার ব্যবস্থা।
- লাক্সারি বাসে সম্পূর্ণ স্থল পরিবহন (বিমানবন্দর থেকে বিমানবন্দর)
- গাইডের সাথে উমরাহ পালন
- মক্কা ও মদিনার ঐতিহাসিক ও ধর্মীয় স্থান ভ্রমণ (গাইড সহ)।
- মক্কা তায়েফ এবং মদিনা ওয়াদি-ই-জ্বিন অতিরিক্ত ভ্রমণ।
- মহিলাদের জন্য আলাদা মহিলা গাইডের সুব্যবস্থা আছে।
- রাওদার পারমিট পেতে সহায়তা করা হয়।

প্রতি রুমে ৪ জন

**KARNAFULLY TRAVEL INC.**
37-16 73rd St. Suite #201 FR, Jackson Heights, NY 11372
facebook Karnafully Hajj & Umrah service
Office : 718-205-6050
Celll & WhatsUp : 917 691 7721
Celll & WhatsUp : 646 724 5933 (MINU)
karnafullytravel@yahoo.com | www.karnafullytravel.com

# HELLO! BANGLADESH
RESTAURANT

30-05 718-392-4071

এস্টোরিয়া'র প্রাণকেন্দ্র বাংলাদেশী অধ্যুষিত এলাকায় অবস্থিত সুন্দর ও মনোরম পরিবেশে পরিবার পরিজন নিয়ে ফ্রেশ এবং সম্পূর্ণ দেশীয় স্বাদের রকমারি হালাল খাবারের বিশ্বস্ত প্রতিষ্ঠান!

* গ্রাহকের সন্তুষ্টি ও সেবা প্রদানই আমাদের প্রধান লক্ষ্য।
* সকল অনুষ্ঠানের ক্যাটারিং অর্ডার নেয়া হয়।
* সুন্দর ও মনোরম পার্টি হলে আজই আপনার বুকিং কনফার্ম করুন।



HALAL







30 -05 36th Ave , Astoria
NY 11106
Tell : 718 -392 -4071

For Catering and Party Hall Booking
Please Call :
Masum : 347 -678 -4774
Tanzil : 646 -938 -8069


সামার সেল! সামার সেল!
Mybestfly
New York, United States
Dhaka, Bangladesh
Nov 21
Return Date
Search Flight
DISCOUNT
Plan your next flight
Emirates
Scan Me
এই সামারে বিমান, এমিরেটস, কাতার, টার্কিশ এবং সৌদি এয়ারলাইন্স এর ফ্লাইট বুকিংয়ে পাচ্ছেন বিশেষ ছাড়
ভিজিট করুন আমাদের ওয়েবসাইট
www.mybestfly.com
Emirates
QATAR AIRWAYS القطرية
TURKISH AIRLINES
السعودية SAUDIA
Biman BANGLADESH AIRLINES
এছাড়াও আমাদের ওয়েবসাইটের মাধ্যমে বিশ্বের সকল দেশের ইন্টারন্যাশনাল এবং ডোমেস্টিক ফ্লাইট বুক করতে পারবেন
BOOK ONLINE
mybestfly.com
CALL TO BOOK
718-406-9745
Global Tours & Travel
USA Office
37-12 75th St,
2nd floor Suite # 206.
Jackson Heights, NY-11372, USA
Dhaka Office
78/E (3rd Floor),
Purana Paltan Line,
Bijoynagar, Dhaka-1000

# Leading candidates for UN Secretary General

Continued from page 18

requires balancing competing global interests while maintaining credibility as an independent international mediator. The geopolitical environment shaping the 2026 to 2027 race.

The upcoming transition is taking place during a period of significant global instability. Conflicts across different regions, ongoing debates about reforming international institutions, and tensions among major powers all influence how the next Secretary General will be selected. The role is no longer viewed only as administrative leadership but as active crisis management in a fragmented world order.

The Security Council remains divided on several major issues, which makes consensus building more complex than in previous decades. This division directly affects candidate selection because any nominee must be acceptable to all permanent members. This requirement often eliminates highly qualified individuals if they are perceived as politically aligned with opposing blocs.

At the same time, there is growing pressure from developing regions for more representation in global leadership roles. Latin America and Africa have both expressed interest in stronger representation at the highest level of the United Nations system. These regional expectations are shaping the diplomatic positioning of candidates entering the race.

**Michelle Bachelet**



One of the most prominent names in discussions is Michelle Bachelet whose background combines national leadership experience with extensive international service. She previously served two terms as President of Chile and later held the position of United Nations High Commissioner for Human Rights, as well as leading UN Women during its early development phase.

Her candidacy is often associated with a strong human rights oriented vision of global leadership. Supporters view her as someone who understands both political governance and humanitarian responsibility, making her a strong candidate for addressing global inequality and conflict driven crises. Her executive experience as a head of state also strengthens her credibility in managing large scale international systems.

However, her candidacy is not without political complexity. While she enjoys recognition in many diplomatic circles, she also faces varying levels of geopolitical resistance depending on regional alignments. The Security Council veto structure means that even strong international reputation does not guarantee advancement if key powers raise objections during closed negotiations.

Her status in the race is therefore considered influential but politically sensitive, with her potential success depending heavily on behind the scenes consensus building rather than public endorsement.

**Rebeca Grynspan**



Another leading figure is Rebeca Grynspan who is widely regarded as a strong internal United Nations system candidate. Her experience spans both national government and senior positions within UN agencies, particularly in development and economic coordination.

Her leadership style is often described as diplomatic and consensus driven. Rather than representing a strong political bloc, she is viewed as someone capable of balancing competing interests within the international system. This makes her particularly attractive in situations where major powers seek a neutral figure who can maintain institutional stability without shifting geopolitical balance.

Her background in development economics and global trade positions her as a candidate focused on structural inequality, global finance reform, and sustainable development goals. These areas align closely with ongoing United Nations priorities, particularly in addressing economic disparities between regions. Her strength lies in her acceptability rather than political dominance, which in UN selection processes can often be more important than visibility or national prominence.

**Rafael Grossi**



A different type of candidate shaping the race is Rafael Grossi who currently leads the International Atomic Energy Agency. His professional background is deeply rooted in nuclear diplomacy, international security monitoring, and crisis negotiation. Grossi is widely viewed as a security focused candidate, particularly suited for an era defined by geopolitical tension and nuclear related concerns. His leadership at the IAEA has placed him at the center of sensitive negotiations involving nuclear oversight and international compliance issues, giving him experience in high stakes diplomatic environments. Supporters argue that his technical expertise and crisis management background make him uniquely qualified for a world facing renewed security risks. His ability to navigate complex negotiations between conflicting states is considered one of his strongest assets. However, his association with politically sensitive nuclear issues also introduces challenges. Certain member states may view his background as too closely tied to contentious geopolitical disputes, which could affect consensus during Security Council deliberations. Despite this, he remains one of the strongest contenders in discussions centered on global security leadership.

**Macky Sall**



A significant regional contender in the race is Macky Sall who brings extensive experience in both national leadership and continental diplomacy. His tenure as President of Senegal and his leadership role within the African Union position him as a representative of African political interests at the global level. His candidacy is often discussed within the context of regional rotation expectations, as Africa has long been considered underrepresented in the Secretary General position. Supporters argue that his experience in managing regional cooperation and diplomatic negotiation across African states makes him a strong candidate for global leadership.

His strengths lie in political balance and regional legitimacy. However, compared to other candidates, he has less direct experience within the internal United Nations system, which may influence how some member states evaluate his suitability for the role.

His position in the race depends heavily on bloc support and the ability of African states to consolidate backing behind a single candidate in order to strengthen negotiating power within the Security Council process.

**Structural forces shaping the final decision**

The selection process for the next Secretary General is influenced by several structural factors that go beyond individual qualifications. One of the most significant is regional rotation, which often guides informal expectations about which part of the world should produce the next leader. In this cycle, both Latin America and Africa are considered strong contenders for representation.

Another major factor is gender representation. There is increasing global advocacy for the appointment of the first female Secretary General in United Nations history. This trend places candidates such as Michelle Bachelet and Rebeca Grynspan in a strategically favorable position. However, the most decisive factor remains the Security Council veto system. Regardless of regional balance or global support, any candidate can be eliminated by a single permanent member. This makes the process highly dependent on private negotiations, diplomatic assurances, and geopolitical compromise rather than public campaigning.

**How the real decision will likely unfold**

The final stage of the selection will take place through quiet negotiations among the five permanent members of the Security Council. These discussions will focus on identifying a candidate who is acceptable to all parties rather than one who is universally preferred. This often leads to compromise selections rather than obvious front runners.

While public analysis highlights individual strengths, the actual decision will depend on which candidate can navigate geopolitical sensitivities most effectively. The ideal candidate will need to demonstrate neutrality, crisis management ability, and willingness to engage with ongoing reform debates within the United Nations system. At this stage, the race remains open, with no guaranteed outcome. Each of the four leading candidates brings a different strength profile, and each reflects a different vision of what global leadership should look like in the coming decade.

**Final reflection: A leadership decision that will shape global direction**

The transition following the tenure of António Guterres represents more than a routine administrative change. It reflects shifting global expectations about leadership, diplomacy, and international cooperation in a world facing increasing fragmentation.

The candidacies of Michelle Bachelet, Rebeca Grynspan, Rafael Grossi, and Macky Sall represent four distinct visions of global governance. Each reflects different priorities including human rights, economic development, security management, and regional representation.

As 2026 progresses toward the final selection, the outcome will depend less on public visibility and more on diplomatic alignment behind closed doors. The world may not see the negotiations, but the decision reached will shape global governance for years to come. *(Source-Within Nigeria)*

# Meghan Markle, Prince Harry, and Their Kids Have Landed in England

Continued from page 18

according to People, and they'll be keeping their mansion in Montecito, as well as their vacation house in Portugal. Meanwhile, the exact length of their stay is unclear, with a source telling The Times that the Sussexes don't expect to be in the UK "for ever" and that "it'll be an extended period of time—it could be six months, it could be a year, it could be more—I don't think even they know yet."

Meghan and Harry's rep, however, told The New York Times that "On the heels of a wonderful trip with family and friends this summer, Harry and Meghan have decided to spend an extended period in the U.K. this autumn." So this could be a pretty short trip! As for what they'll do in England re: potential royal engagements, People reports there will be "no change to the Duke and Duchess of Sussex's status as private individuals and non-working members of the royal family, in keeping with the wishes they expressed and the agreement reached when they stepped back from royal duties."

# Largest-Ever 40th FOBANA Convention in Toronto

Continued from page 18

Chief Negotiator and Final Signing Authority, delivered the welcome address. Former FOBANA Chairman Shah Newaz delivered the opening remarks. Gias Ahmed, Chairman of the FOBANA Executive Committee and a member of the BNP Central Committee, read out the prepared statement. Other officials present at the "Meet the Press" event included Executive General Secretary Firoz Ahmed; Executive Committee members Ali Imam Shikdar, Wahid Kazi Elin, Khondkar Farhad, Shahabuddin Sagar, Dewan Azim, and Sadek Khan; and Host Committee officials from Canada—Dewan Azim, Khokon Rahman, Jahurul Islam, and Zahid Chowdhury. Guests in attendance included Ataur Rahman Selim (President, Bangladesh Society New York), Mohammad Ali (General Secretary), Hasan Jilani (School Affairs Secretary), Anik Raj (Cultural Secretary), and community activists Nurul Azim and Naushed Haider.



# Glacial collapse on Nepal-Tibet border leaves over 360 dead, 1,400 missing

Continued from page 19

Jaiswal, said their Beijing embassy is co-ordinating evacuations, with 95 pilgrims in Darchen and others in Jilong and Zupultuk heading towards the border town of Hilsa. Syed Sadique, a southern Indian travel agent, revealed that three dozen pilgrims from his 57-member group are missing, including his tour-guide son, Sayed Umar Farook. The group was travelling on three buses when the deluge hit; although one bus carrying 20 escaped safely, passengers saw another plunge into a gorge. Moreover, 73 Indian workers are missing from the Trisuli-1 Hydroelectric Power Station in central Nepal. Several South Korean and Nepali workers at other hydro projects are also unaccounted for, prompting South Korea to announce a rescue mission. Downstream, India has evacuated thousands from Bihar, Uttar Pradesh, and Uttarakhand as the surge threatens the Gandak River Basin.



**The glacial catalyst and downstream surge:** The catastrophe began on Wednesday when the United States Geological Survey recorded a magnitude 5.2 glacier collapse, unleashing an ice and rock landslide in Tibet's Lhende River, roughly 20 kilometres northeast of the Rasuwagadhi border crossing. This debris temporarily dammed the river, forming a reservoir that burst hours later, sending a monstrous 10-metre (33ft) wall of water surging down the Trishuli and Narayani river systems. The torrent swept away automatic flood-monitoring stations in the upper reaches of the Bhotekoshi river, leaving downstream communities with virtually no warning. Dr Jakob Steiner, an Austrian geoscientist at the University of Graz who is currently based in Bangladesh, described the scale of the glacier collapse. Observing satellite imagery from Planet Labs, Dr Steiner remarked that the lower section of the glacier appeared to have been cleanly severed "with a huge knife". He added that the impact of such a massive glacial block falling from a great height would have felt like a bomb exploding.

**Climate vulnerability and rising secondary threats :** Although scientists caution against immediately attributing the single event to global warming, they warn that rising temperatures are rapidly destabilising the Hindu Kush Himalaya region. Saswata Sanyal, a disaster risk reduction specialist at the Kathmandu-based International Centre for Integrated Mountain Development (ICIMOD), said rising temperatures are changing the region and melting its glaciers. Sunil Acharya, a Kathmandu-based climate and public policy specialist, described the disaster as "a brutal example of what it means to be living in the front line of climate crisis," urging international cooperation to limit greenhouse gases. Sudarshan Neupane, WaterAid's country director in Nepal, emphasised that safe drinking water, toilets, and hygiene are crucial to prevent disease outbreaks. He lamented that local communities must repeatedly pick up the pieces of extreme disasters despite contributing negligibly to the global climate crisis. Meanwhile, Kathmandu's main hospital is overwhelmed with survivors airlifted by military and private commercial helicopters. Al Jazeera's Ramyata Limbu and Minelle Fernandez reported from the scene that survivors are suffering from horrific, high-impact injuries, including broken rib cages and severe scalp and skin damage. In a further blow, Nepal's disaster authority has warned of a secondary threat: a new lake formed by the river blockage is rising rapidly and is at risk of bursting, placing rescue teams on high alert. In response, the UN Office for the Coordination of Humanitarian Affairs (OCHA) has allocated $2 million from its Central Emergency Response Fund (CERF) for immediate relief. Pope Leo XIV expressed deep sadness and sent spiritual closeness to the bereaved through a message from Cardinal Pietro Parolin.

## Slain Raju's Body to be Sent to Bangladesh on Friday

Continued from page 19

with Raju's wife, Hosne Ara Akter Poli, in Bangladesh. Raju has two daughters; the elder is 12 years old, and the younger, Raisa, is two and a half. Raju never got to see his youngest daughter; she was born shortly after he arrived in the United States. His mother had passed away two years prior. Fauzia mentioned that a 'GoFundMe' account has been set up for Raju, which is receiving an overwhelming response from various quarters.

The late Raju hailed from Kangshanagar village in Amishapara Union, under the Sonaimuri Upazila of Noakhali. He entered the United States via the Mexican border in October 2023, dreaming of transforming his family's fortunes. He had applied for asylum to secure legal status, with his interview scheduled for 2028. He had hoped that once he gained legal status, he would eventually bring his wife and children to the United States—a dream that was never to be realized. Relatives revealed that Raju had incurred debt to make the journey to the U.S. and had not managed to build a permanent home for his family before he left. Having lost their sole breadwinner, his family now faces an uncertain future. The dream that took Yusuf Raju thousands of miles away—the hope of changing his family's destiny—was cut short by gunfire.

## অতি-উদার গণতন্ত্র হতে পারে স্বৈরাচারের সূতিকাগার

৫ পৃষ্ঠার পর

নজর দিতে হয়। কেউ যদি প্রতিবাদের নামে মব করা, কিংবা তার বাকস্বাধীনতার নামে যা মুখে আসে তাই বলে বেড়ায়, সিনিয়র সিটিজেন, সম্মানিত ব্যক্তিবর্গ থেকে শুরু করে বিভিন্ন রাজনৈতিক ও পেশাজীবী মানুষ, এমনকি সরকারে থাকা ক্ষমতাসীন দলের গুরুত্বপূর্ণ দায়িত্বশীল ব্যক্তিবর্গকে নিয়ে অসত্য, অশালীন, এমনকি ভীষণ কুরুচিপূর্ণ কথা বলার সুযোগ পেতে থাকে, তাহলে এই তথাকথিত অতি-উদার ব্যবস্থা আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণে ও সামাজিক সংহতি রক্ষার পথে ভীষণভাবে বাধা হয়ে দাঁড়ায়। তাই জনসমাজের কাঙ্ক্ষিত সহনশীলতা এবং শালীনতার সীমা লঙ্ঘন না করা পর্যন্ত স্বাধীনতাকে সীমিত করা প্রয়োজন। এটা না করতে পারলে প্রত্যেক কুরুচিপূর্ণ ব্যক্তি অথবা দুরভিসন্ধিমূলক ব্যক্তিদের প্রত্যেকেই এক-একজন স্বৈরাচার হিসেবে আবির্ভূত হতে থাকবে। পরিণতিতে একসময় রাষ্ট্রের একটি বৃহত্তর অংশের নাগরিক নিজেরাই স্বৈরাচারী হয়ে উঠবে। কেননা, এতদিনে এদের মধ্যে এমন কিছু সাহস সঞ্চারিত হয়, যা রাষ্ট্রের শৃঙ্খলাকে অযাচিতভাবে চ্যালেঞ্জ করে বসতে পারে। সরকার যদি বৃহত্তর জনগোষ্ঠীর সমর্থন নিয়ে নাগরিকদের কল্যাণ কাজ করতে চায়, তাহলে যেকোনো দুষ্কৃতকারীদের দমন করা তার পবিত্র দায়িত্ব।

পরিশেষে আবার প্রাচীন এথেন্সের কথায় ফিরে যাওয়া যাক। যদিও ৩০ স্বৈরাচারের আগমনের তাৎক্ষণিক কারণ হিসেবে পেলোপনেশীয় যুদ্ধে স্পার্টার কাছে এথেন্সের পরাজয় এবং এলিট শ্রেণির ব্যবসায়ীদের ষড়যন্ত্রকে চিহ্নিত করা হয়। তথাপি, একটু দূরবর্তী কারণ অনুসন্ধান করলে দেখা যাবে যে, এথেন্সের অতি-উদার গণতান্ত্রিক সংস্কৃতিই ভেতর থেকে রাষ্ট্রটিকে দুর্বল করে ফেলেছিল। সিদ্ধান্ত গ্রহণে প্রকৃত জ্ঞানীদের বা বিশেষজ্ঞদের গুরুত্ব না দিয়ে নিছক জনতুষ্টিবাদিতা এবং অবারিত ব্যক্তিস্বাধীনতা ক্রমান্বয়ে এক দায়িত্বহীন স্বৈরাচারী মানসিকতারই জন্ম দিয়েছিল, সৃষ্টি হয়েছিল এক ধরনের বিশৃঙ্খলা। আর এসবের ফল হিসেবেই রাষ্ট্র হয়েছে দুর্বল, এথেন্সের তৎকালীন স্বৈরাচারী শক্তি এ সুযোগই কাজে লাগিয়েছে। ইতিহাসের এ শিক্ষা প্রত্যেকটি গণতান্ত্রিক রাষ্ট্রের জন্য সর্বকালেই কমবেশি আমলে নেওয়ার মতো।







## আরবরা পাপের প্রায়শ্চিত্ত করছে

৫ পৃষ্ঠার পর

প্রতিশোধমূলক হামলার বিরুদ্ধে আরব দেশগুলোর প্রতি সংহতি প্রকাশ করেছে।

কায়রোর আল-আজহারের প্রধান ইমামও ইরানের নিন্দা করে সংযুক্ত আরব আমিরাত, বাহরাইন, কুয়েত এবং জর্ডানের (কাতার ও সৌদি আরব বাদ) প্রতি সংহতি প্রকাশ করেছেন। কিন্তু তিনি ইরানে মার্কিন-ইসরাইলি আগ্রাসনের নিন্দা জানাননি। এমনকি খামেনিকে হত্যার ঘটনায়ও সমবেদনা জানাননি।

উপসাগরীয় আরব দেশগুলো এবং জর্ডান দাবি করছে যে, ইরান তাদের সার্বভৌমত্ব লঙ্ঘন করছে যা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। কিন্তু মার্কিন বাহিনী যে ইরানের সার্বভৌমত্ব লঙ্ঘনের জন্য তাদের ভূখণ্ড এবং আকাশসীমা ব্যবহার করছে সেই সত্যটি এসব দেশ উপেক্ষা করছে।

ইরানের প্রতিশোধমূলক হামলার লক্ষ্যবস্তু হওয়া আরব দেশগুলো তাদের ভূখণ্ডের কিছু অংশের সার্বভৌমত্ব যুক্তরাষ্ট্রের কাছে এবং কিছু ক্ষেত্রে ব্রিটেন ও ফ্রান্সের কাছে হস্তান্তর করেছে।

আরব দেশগুলোর এই পদক্ষেপ যুক্তরাষ্ট্র ও তার পশ্চিমা মিত্রদের ইরাক, সিরিয়া এবং বর্তমানে ইরানে আগ্রাসন চালানোর জন্য সামরিক ঘাঁটি স্থাপনের সুযোগ করে দিয়েছে। এসব দেশ 'নিরপেক্ষ' থাকার দাবি করছে অথচ ইরানে আগ্রাসনের জন্য ইসরাইলি যুদ্ধবিমানের তাদের আকাশপথ ব্যবহারের নিন্দা জানাচ্ছে না বা প্রতিরোধ করছে না।

## দেশে দেশে সরকারপ্রধানরা কেন কানকথা শোনেন

৬ পৃষ্ঠার পর

করেছেন বটে, কিন্তু ক্যাপশনে কোনো আগুনের বা ভালোবাসার ইমোজি দেননি-যার নিহিত অর্থ হলো তাঁর আনুগত্যে কিছুটা মরচে ধরেছে। এমনকি কোনো বিশেষজ্ঞ যদি দলে আধুনিক কাঠামোগত সংস্কারের প্রস্তাব নিয়ে আসেন, অমনি দরবারের পুরোনো পাহারাদাররা ফিসফিস করে বলে উঠতে পারে যে, এই তরুণের আসল ধান্দা হলো নেতাকে তাঁর ত্যাগী ও অন্ধ সমর্থকদের বলয় থেকে বিচ্ছিন্ন করে ফেলা।

রাজনীতিতে একজন কাঁচা নেতার সঙ্গে পাকা দাবাড়ুর তফাৎ তৈরি হয় এই কানকথা ব্যবস্থাপনার দক্ষতায়। নেতা যদি কানকথা শুনেই তৎক্ষণাৎ চোখ লাল করে সিদ্ধান্ত নিতে যান, তবে তাঁর দল বা সরকার ধসে পড়তে বেশি সময় লাগবে না। পোড় খাওয়া রাজনীতিকদের মস্তিষ্কে একটি স্বয়ংক্রিয় 'পলিটিক্যাল নয়েজ-ক্যান্সেলেশন' ফিল্টার বসানো থাকে। তাঁরা কানকথা শোনেন পরম কৌতূহল নিয়ে। মুখে কোনো অবাক ভাব আসতে দেন না, যাতে চাটুকার বুঝতে না পারে তার ছুড়ে দেওয়া তীর লক্ষ্যভেদ করেছে কি না। চতুর নেতা কানকথাকে দেখেন কাঁচা মরিচের মতো। একবারে বেশি চিবিয়ে ফেললে বুক জ্বলবে। কিন্তু খাবারে একদম না দিলে রাজনীতিটাই পানসে ঠেকবে। তাই তাঁরা কানভাঙানি নিয়ে আসা মানুষটিকে দিয়েই হয়তো তাঁর প্রতিপক্ষকে নানা রাজনৈতিক কাজে ব্যস্ত রাখেন। আবার দিনশেষে কোনো পক্ষকেই কানকথার চূড়ান্ত ফায়দা লুটতে দেন না। দিনশেষে দেওয়ালের যেমন কান থাকে, তেমনি নেতার কানের ওপর পুরো রাজনৈতিক ইকোসিস্টেমের নজর থাকে। কানকথা শোনা কোনো অপরাধ নয়। ক্ষমতার অলিন্দে টিকে থাকার অপরিহার্য জ্বালানি।

আসল কেরামতি হলো হাজারো বিষাক্ত ফিসফিসানি ও চামচামির জঞ্জাল থেকে আসল সত্যটি চিনে নেওয়া এবং কানকথা শুনেও এমন ভান করে থাকা যেন- তিনি কিছুই শোনেননি। অথচ পুরো নাটকের প্রতিটি অঙ্কের সংলাপ তাঁর নখদর্পণে মুখস্থ।

## শর্ত নয় প্রত্যাশার বেড়াজালে ঢাকা-দিল্লি

৭ পৃষ্ঠার পর

বিদ্যুৎ আমদানি, সরাসরি বিদ্যুৎ ক্রয়, বাণিজ্যিক পণ্য পরিবহন কিংবা নিয়মিত মূল্য পরিশোধের প্রক্রিয়াগুলো কিন্তু চালু ছিল। এটি প্রমাণ করে, দুটি নিকট প্রতিবেশী রাষ্ট্রের মধ্যে একধরনের অনিবার্য 'পারস্পরিক নির্ভরতা' কাজ করে। অর্থনৈতিক বা বাণিজ্যিক লেনদেন নিজের গতিতে চললেও রাজনৈতিক আস্থা ও দিকনির্দেশনা দেওয়ার জন্য শীর্ষ নেতাদের সরাসরি সংলাপ অপরিহার্য। দুই দেশের সরকারপ্রধানদের মধ্যে যখন একটি খোলামেলা আলোচনা হয়, তখন ঝুলন্ত ইস্যুগুলো যেমন নতুন গতি পায়, তেমনি বাণিজ্য, পানিবণ্টন কিংবা সীমান্ত নিরাপত্তার মতো দীর্ঘদিন ধরে জমে থাকা অমীমাংসিত স্পর্শকাতর বিষয়গুলোতেও সমঝোতার একটি অনুকূল পরিবেশ সৃষ্টি হয়।

পরিশেষে বলতে চাই, বর্তমান পরিস্থিতিকে একটি স্থায়ী অচলাবস্থা বলে মনে করার কোনো কারণ নেই। কূটনীতির ভাষায় এটি মূলত একটি সাময়িক বোঝাপড়ার পর্যায়। ঢাকা বা দিল্লি- কোনো পক্ষই কিন্তু আলোচনার দুয়ার পুরোপুরি বন্ধ করার কথা বলেনি। বাংলাদেশ যেমন আনুষ্ঠানিকভাবে সফর বাতিলের কথা জানায়নি, তেমনি ভারতও আলোচনার পথ রুদ্ধ করেনি। দুই দেশের নীতিনির্ধারণী পর্যায়েই এ উপলব্ধি স্পষ্ট, বর্তমানের মানসিক দূরত্ব কাটিয়ে উঠে একটি পারস্পরিক আস্থার জায়গায় পৌঁছাতে হবে। ব্রিকস কিংবা বিমসটেকের মতো বহুপক্ষীয় ফোরামগুলোকে কাজে লাগিয়ে যদি প্রাথমিক বরফ গলানো সম্ভব হয়, তবে অদূর ভবিষ্যতে দুই দেশের মধ্যে একটি ফলপ্রসূ দ্বিপক্ষীয় শীর্ষ সফর অনুষ্ঠিত হওয়া সম্ভব। আস্থার সংকটকে দূরে ঠেলে দিয়ে, পারস্পরিক শ্রদ্ধা, সার্বভৌম সমতা ও বাস্তবতার ভিত্তিতে আলোচনা এগিয়ে নেওয়াই হবে ঢাকা ও দিল্লি- উভয়পক্ষের জন্যই দূরদর্শী কূটনীতির আসল পরিচয়।

লেখক: সাবেক রাষ্ট্রদূত ও কূটনৈতিক বিশ্লেষক।

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

জ্যামাইকায় বাংলাদেশী আমেরিকান অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা পরিচালিত মেডিকেল ও ডেন্টাল অফিস



মেডিসিন বিশেষজ্ঞ
এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়।
Cell: 718-864-8882
আমরা প্রায় সব ধরনের ইন্সিওরেন্স গ্রহণ করি।

অভিজ্ঞ ডেন্টিষ্ট
Digital Xray সহ সর্বাধুনিক প্রযুক্তিতে অত্যন্ত যত্নসহকারে শিশু, বয়োজ্যেষ্ঠ সহ সবার দাঁতের সকল প্রকার চিকিৎসা করা হয়।



We Do Implant



Dr. Mohammad M. Rahman, MD
Attending Physician, NYU School of Medicine
Board Certified in Internal Medicine, Geriatrics, Hospice & Palliative Care Medicine
Astoria Office
30-04 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500
www.drmrahman.com
718-526-0700

Dr. Siddiqur Rahman D.D.S.
We accept Medicaid, Metro Plus, Health Plus, Wellcare, Fidelis, Health First, United Health Care, Affinity & Other PVT. INS.
Dental Office
Jamaica Office
170-12, Highland Ave,
Jamaica NY 11432
Tel: 718-526-0700
Mon-Tue-Thu-Fri (2Pm to 7 Pm)
Wednesday (12 Pm to 5 Pm) Saturday (12pm to 5 Pm)
MEDICAL & DENTAL OFFICE
170-12, HIGHLAND AVE, JAMAICA, NY 11432

## বাণিজ্যযুদ্ধ আরও তীব্র করল কানাডা

৫ পৃষ্ঠার পর

আমেরিকার ব্যবসা, কর্মসংস্থান ও ভোক্তা মূল্যেও এর প্রভাব পড়তে পারে। যুক্তরাষ্ট্র ও কানাডার মধ্যে নতুন এই শুল্কযুদ্ধ এখন শুধু দুই দেশের বাণিজ্য সম্পর্ক নয়, পুরো উত্তর আমেরিকার অর্থনৈতিক স্থিতিশীলতার জন্যও বড় চ্যালেঞ্জ হয়ে উঠেছে।

শিরীন আহমেদ: সাংবাদিক ও একটিভিস্ট। ওয়াশিংটন ডিসি।

## সব নাগরিকের আকাঙ্ক্ষার প্রতীক

১০ পৃষ্ঠার পর

সহিংসতা, গণপিটুনি, রাজনৈতিক সন্ত্রাস, দুর্নীতি, বিচারবহির্ভূত কর্মকাণ্ড এবং মতপ্রকাশের স্বাধীনতার ওপর আঘাতের বিরুদ্ধে তাকে সুস্পষ্ট ও দৃঢ় অবস্থান নিতে হবে। কোনো ব্যক্তি বা সম্প্রদায় আক্রান্ত হলে তাদের রাজনৈতিক, ধর্মীয়, জাতিগত কিংবা সামাজিক পরিচয় বিবেচনা না করে রাষ্ট্রপতির উচিত পাশে দাঁড়ানো। নির্বাহী ক্ষমতা অন্যায়, এ অজুহাতে নীরব থাকলে চলবে না। রাষ্ট্রপতির সময়োচিত বক্তব্য জনগণকে আশ্বস্ত করতে, প্রশাসনকে দায়িত্বশীল করতে এবং জাতির সামনে একটি নৈতিক মানদণ্ড স্থাপন করতে পারে।

রাষ্ট্রপতি হিসেবে তার সামনে মূল চ্যালেঞ্জ হলো-সক্রিয় থাকবেন, কিন্তু ক্ষমতার সীমা অতিক্রম করবেন না; স্বাধীন বিবেচনার পরিচয় দেবেন, কিন্তু অযথা সংঘাত সৃষ্টি করবেন না; প্রভাবশালী হবেন, কিন্তু দলীয় পক্ষপাত করবেন না। এই সূক্ষ্ম ভারসাম্য রক্ষা করতে পারলেই তিনি রাষ্ট্রপতি পদের প্রকৃত মর্যাদা প্রতিষ্ঠা করতে সক্ষম হবেন। একজন রাষ্ট্রপতিকে কার্যকর হতে সীমাহীন নির্বাহী ক্ষমতার প্রয়োজন হয় না। নৈতিক কর্তৃত্ব, সাংবিধানিক জ্ঞান, ব্যক্তিগত সততা, মানুষের কাছে গ্রহণযোগ্যতা এবং সংকটময় মুহূর্তে সত্য কথা বলার সাহস-এসব গুণ রাষ্ট্রপতির পদকে অত্যন্ত তাৎপর্যপূর্ণ করে তুলতে পারে। যে রাষ্ট্রপতি কোনো পরীক্ষা-নিরীক্ষা ছাড়া শুধু কাগজে স্বাক্ষর করেন, তিনি হয়তো 'কাগজে বাঘ' হিসাবেই বিবেচিত হবেন। কিন্তু একজন বিবেকবান ও সাহসী রাষ্ট্রপতি জাতির সাংবিধানিক বিবেক হয়ে উঠতে পারেন।

মির্জা ফখরুল ইসলাম আলমগীর তার রাজনৈতিক জীবনের বড় একটি সময় গণতন্ত্র, সুষ্ঠু নির্বাচন, জবাবদিহিমূলক সরকার এবং নাগরিক অধিকার প্রতিষ্ঠার দাবি জানিয়ে কাটিয়েছেন। রাষ্ট্রপতি হিসাবে এখন তার সামনে সেই নীতিগুলো দলমত-নির্বিশেষে বাস্তবে ধারণ করার সুযোগ ও দায়িত্ব এসেছে। তিনি বঙ্গভবনের জাঁকজমক, আনুষ্ঠানিক অনুষ্ঠানে উপস্থিতি কিংবা দীর্ঘ বক্তৃতার জন্য ইতিহাসে মূল্যায়িত হবেন না। মানুষ তাকে বিচার করবে-তিনি সংবিধান ও ন্যায়বিচারের পক্ষে দাঁড়িয়েছিলেন কিনা, দলীয় প্রভাবের ঊর্ধ্বে থাকতে পেরেছিলেন কিনা, সংকটে মানুষের পাশে ছিলেন কিনা এবং জাতীয় ঐক্য প্রতিষ্ঠায় ভূমিকা রেখেছিলেন কিনা। তিনি প্রমাণ করতে পারেন, বাংলাদেশের রাষ্ট্রপতি নির্বাচিত সরকারের প্রতিদ্বন্দ্বী কোনো নির্বাহী ক্ষমতাকেন্দ্র নন; আবার রাষ্ট্রের নীরব অলংকার কিংবা শুধুই আনুষ্ঠানিক পদধারীও নন। তিনি সংবিধানের সম্মানিত অভিভাবক, জাতীয় সংকটে নিরপেক্ষ মধ্যস্থতাকারী এবং বাংলাদেশের সব নাগরিকের সম্মিলিত মর্যাদা, আশা ও আকাঙ্ক্ষার প্রতীক।

মে. জে. (অব.) এইচ আর এম রোকন উদ্দিন : নিরাপত্তা বিশ্লেষক।

## ট্রাম্পের কলমের খোঁচায় জনশূন্য শহর

১ পৃষ্ঠার পর

ক্যারিবিয়ান দেশটিতে রাজনৈতিক সহিংসতা ও মানবতাবিরোধী হত্যাযজ্ঞের কারণে লাখ লাখ হাইতিয়ান আশ্রয় নিয়েছিল যুক্তরাষ্ট্রে। পেয়েছিল 'টেম্পোরারি প্রোটেক্টেড স্ট্যাটাস' (টিপিএস) বা সাময়িক সুরক্ষা মর্যাদা। কিন্তু যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প গত ৫ আগস্ট এক কলমের খোঁচায় তা বাতিল করে দেন। এতে ইমিগ্র্যান্ট হাইতিয়ান নাগরিকদের জীবনে নেমে আসে অন্ধকার। মানবাধিকার গ্রুপগুলো সোচ্চার প্রতিবাদ জানালেও কাজ হয়নি। আদালতেও ট্রাম্পের এই আদেশের বিরুদ্ধে মামলাও হয়েছে।

মায়ামির 'লিটল হাইতি' এলাকা হাইতি ইমিগ্র্যান্ট অধ্যুষিত একটি শহর বা এলাকা। এটি দক্ষিণ ফ্লোরিডার বৃহত্তর হাইতিয়ান সম্প্রদায়ের অংশ, যারা সাময়িক সুরক্ষা সুবিধা (টিপিএস) বাতিলের ফলে চরম বিপর্যয়ের মুখে পড়েছে। গ্রেফতার কিংবা ডিপোর্টেশনের ভয়ে অধিকাংশ গা ঢাকা দিয়েছে।

জেনিস, যিনি মায়ামির 'লিটল হাইতি' এলাকার এক অবিচ্ছেদ্য ব্যক্তিত্ব। তিনি ইউএসএ টুডে-কে বলেছেন, ১৯৭০-এর দশক থেকে স্বৈরশাসক ও রাজনৈতিক অস্থিরতার হাত থেকে পালিয়ে আসা হাইতিয়ানদের জন্য এই এলাকাটি একটি আশ্রয়স্থল হয়ে উঠেছে। ২০১০ সালের হাইতির ভূমিকম্প, ২০২১ সালে রাষ্ট্রপতির হত্যাকাণ্ড এবং গ্যাং এর লড়াইয়ের মুখে হাইতি সরকারের পতনের পর লাখো মানুষ এখানে চলে আসে। এলাকাটি আমেরিকার বৃহত্তম হাইতিয়ান প্রবাসীদের ঐতিহাসিক কেন্দ্র হিসেবে গড়ে উঠে।

কিন্তু ৫ আগস্ট ট্রাম্প প্রশাসন যুক্তরাষ্ট্রে হাইতিয়ান অভিবাসীদের জন্য সাময়িক সুরক্ষা সুবিধা (টিপিএস) বাতিল করার পর থেকে এলাকাটিতে এক ভুতুড়ে নীরবতা নেমে এসেছে। যারা একসময় এখানে আশ্রয় খুঁজেছিলেন, তাঁরা এখন ডিপোর্টেশনের আশঙ্কায় দিন কাটাচ্ছেন। ঘর থেকে বের হচ্ছেন না। অন্যত্র চলে যাচ্ছেন গ্রেফতার কিংবা ডিপোর্টেশনের আশংকায়।

টিপিএস বাতিলে সবচেয়ে বেশি প্রভাব পড়েছে ফ্লোরিডায়। যুক্তরাষ্ট্রে টিপিএস সুবিধা পাওয়া প্রায় সাড়ে ৩ লাখ হাইতিয়ানের মধ্যে প্রায় অর্ধেকই ফ্লোরিডায় বসবাস করেন এবং তাঁদের বড় একটি অংশ দক্ষিণ ফ্লোরিডায় থাকেন।

কমিউনিটি বা সমাজকর্মীদের মতে, 'লিটল হাইতি'-র মতো এলাকাগুলোতে এই পরিবর্তন মানুষের জীবনের প্রতিটি স্তরেই বিপর্যয় ডেকে এনেছে। এর ফলে অনেকেই বৈধভাবে কাজ করার সুযোগ হারিয়েছেন। ব্যবসা-প্রতিষ্ঠানগুলো কর্মী ও ক্রেতা সংকটে ভুগছে। অনেকে ভয়ে ডাক্তার দেখাতে বা ক্লাসের প্রথম দিনে (মায়ামি-ডেড কাউন্টিতে যা ১৩ আগস্ট শুরু হয়েছিল) সন্তানদের স্কুলে নিয়ে যেতেও বের হতে পারছেন না। ডিপোর্টেশন ভীতি ছড়িয়ে পড়েছে। প্রজন্মের পর প্রজন্ম ধরে গড়ে ওঠা হাইতিয়ান-আমেরিকান সম্প্রদায়ের সাংস্কৃতিক মিলনস্থলগুলো এখন জনশূন্য হয়ে পড়েছে। 'ব্যবসা-প্রতিষ্ঠানগুলো ফাঁকা। গির্জাগুলো ফাঁকা। রাস্তাঘাটও জনশূন্য। মানুষ পুরোপুরি আত্মগোপনে চলে গেছে।' ইউএসএ টুডে-কে বলেছেন হাইতিয়ান আমেরিকান প্রফেশনালস কোয়ালিশন'-এর সদস্য সাম্রা জেনিস। 'পরিস্থিতিটা সত্যিই বিপর্যয়কর।'

ডিপার্টমেন্ট অফ হোমল্যান্ড সিকিউরিটি সম্প্রতি এ বিষয়ে কোনো মন্তব্য করতে অস্বীকৃতি জানিয়েছে। টিপিএস বা অস্থায়ী সুরক্ষিত মর্যাদা হারানো হাইতিয়ানদের আইস পুলিশ (ইমিগ্রেশন পুলিশ) এজেন্টরা লক্ষ্যবস্তুতে পরিণত করছে। তবে তারা জানিয়েছে, যারা স্বেচ্ছায় ফিরে যাবেন, তারা ২,৬০০ ডলার অর্থ সহায়তা এবং ফিরে যাওয়ার জন্য বিমানভাড়া পাবেন। বিশ্লেষকদের মতে, এই কর্মসূচিটি কার্যত একটি 'সাধারণ ক্ষমা' (অ্যামনেস্টি) কর্মসূচিতে পরিণত হয়েছিল। অথচ কংগ্রেস কখনোই এটির স্থায়ী সমাধান দেয়নি।

## বাংলাদেশ-ভারতের সম্পর্ক দোলাচলে

১ পৃষ্ঠার পর

মধ্যে সম্পর্ক উন্নতি হবে বলে আশা করা হয়েছিলো। কিন্তু বাস্তবে সম্পর্কে দ্বিধা, আস্থাহীনতা এবং অবিশ্বাসের কারণে সম্পর্কে জটিল পরিস্থিতির সৃষ্টি হয়েছে।

বাংলাদেশ ও ভারতের মধ্যে সম্পর্কের পারদ উঠানামা করছে কয়েক মাসধরে। কখনই একক নেতৃত্বে সম্পর্ক জোরদার হয়েছে। আবার কখনও সম্পর্ক নীচে নেমেছে। ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকারের আমলে দ্বিপক্ষীয় সম্পর্ক খুবই নাজুক ছিলো। সবাই আশা করেছিলো যে, তারেক রহমানের নেতৃত্ব নির্বাচিত সরকার সম্পর্কের উন্নতি ঘটাবে। কারণ মরহুমা প্রধানমন্ত্রী খালেদা জিয়ার প্রতি শেষ শ্রদ্ধা নিবেদনে ভারতের পররাষ্ট্র মন্ত্রী সুব্রমনিয়াম জয়শঙ্কর অংশ নেন। বর্তমান সরকারের মন্ত্রিসভার শপথ গ্রহণের অনুষ্ঠানে ভারতের লোকসভার স্পিকার ওম বিড়লা অংশ নেন। তার জবাবে কিছুদিনের মধ্যে পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান, প্রধানমন্ত্রীর পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা (বর্তমানে পররাষ্ট্র প্রতিমন্ত্রী-১) হুমায়ুন কবির ভারত সফর করেন। এছাড়াও, বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা ভারত সফর করেন। এসব যোগাযোগের মাধ্যমে এটা প্রতিষ্ঠিত হয়েছে যে, দুই দেশের সম্পর্ক ভাল হতে চলেছে। আর একটা প্রতিষ্ঠিত সরকার দীর্ঘমেয়াদে বাংলাদেশ ও ভারতের মধ্যে সম্পর্ককে উন্নতির দিকে নিয়ে যাবে।

এই পর্যায়ে বাংলাদেশের প্রধানমন্ত্রী প্রথম সফরে ভারত যাবে কিনা তা নিয়ে আলোচনা শুরু হয়। অনেকে বিশ্বাস করেছিলেন যে, প্রধানমন্ত্রী প্রথম সফরে ভারতেই যাবেন। তবে ওই সময়ে চীন সফরে যাবার জন্যেও আমন্ত্রণ ছিলো। আঞ্চলিকভাবে ভারত তারেক রহমানকে সফরে নেবার জন্যে মরিয়া হয়ে ওঠে। তখন প্রধানমন্ত্রী ভারত ও চীন কোনও দেশে না গিয়ে মালয়েশিয়া প্রথম সফর করেন। তারপর চীনের সানিয়ান নগরীতে অনুষ্ঠিত সামার দাভোসখ্যাত ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামে অংশ নেন। এটা একটা বহুপক্ষীয় সম্মেলন। বহুপক্ষীয় সম্মেলনে যোগদান শেষে সুযোগমত এই সফরকে দ্বিপক্ষীয় সফরে রূপান্তরিত করেন। চীনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ের সঙ্গে প্রধানমন্ত্রী তারেক রহমানের বৈঠক অনুষ্ঠিত হয়।

চীনে সফর শেষ করার পর ভারত আরও মরিয়া হয়ে ওঠে। তারেক রহমানের ভারত সফরের জন্যে তখন কয়েক সপ্তাহ ধরে কাজ করছিলেন দুই দেশের কর্মকর্তারা। এরই মধ্যে গত ৫ আগস্ট শেখ হাসিনার বাংলাদেশ ত্যাগ করার বার্ষিকী ছিলো। অনুষ্ঠানের মাধ্যমে দিবসটি উদযাপনের প্রাক্কালে শেখ হাসিনা তার ভয়েসের মাধ্যমে মিডিয়ার সামনে কথা বলেন। ভারতের মাটিতে বসে এমন রাজনৈতিক কর্মকাণ্ডে বাংলাদেশ মারাত্মক ক্ষুব্ধ হয়। বাংলাদেশ কড়া ভাষায় তার প্রতিবাদ জানায়। সম্পর্ক এতটাই খারাপ হয় যে, চূড়ান্ত হয়ে যাওয়া একটি সফর অনিশ্চিত হয়। বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের তরফ থেকে বলা হয় যে, অনুকূল পরিবেশ সৃষ্টি হলে তারেক রহমান ভারত সফর করবেন। পরিবেশ সৃষ্টির লক্ষ্যে শেখ হাসিনাকে প্রত্যাবাসন করতে হবে। এবং ওসমান হাদীর খুনিদের বাংলাদেশের কাছে ফেরত দিতে হবে।

বাংলাদেশের এই বক্তব্যের বিষয়ে ভারত নিশ্চুপ। তারা শুধু বলছে, শেখ হাসিনার প্রেস মিট করেছে একটি বেসরকারী গোষ্ঠী। তাছাড়া, শেখ হাসিনার বক্তব্যের সঙ্গে ভারত সরকার একমত নয়। ভারতের এই যুক্তি বাংলাদেশ সরকার মানতে পারছে না। বাংলাদেশ মনে করে, ভারতের সরকারের তত্ত্বাবধানে থেকে এই ধরনের তৎপরতার দায় ভারতের সরকার অস্বীকার করতে পারেনা। এই দায় ভারতের আছে।

এদিকে, গত ৭ আগস্ট সৌদি আরব, পাকিস্তান ও তুরস্ক একটি সামরিক চুক্তি করেছে। মক্কা প্রতিরক্ষা চুক্তি নামের এই চুক্তিতে বাংলাদেশ যোগ দিতে পারে বলে ঘোষণার পর ভারতে ব্যাপক সমালোচনা শুরু হয়। চুক্তিটিতে বলা হয়েছে যে, এই চুক্তিতে সই করা যে কোনও দেশ আক্রান্ত হলে তিনটি দেশই আক্রান্ত বলে মনে করা হবে। এটাকে তাই মুসলিম ন্যাটো নামে আখ্যায়িত করা হয়ে থাকে। বাংলাদেশকে এখনও তিনটি দেশের তরফে জোটে যোগ দিতে আমন্ত্রণ জানানো হয়নি। তবে বাংলাদেশ জোটে যোগ দিলে ভারত নাখোশ হতে পারে। কারণ ভারত যদি পাকিস্তানে আক্রমণ করে তবে চুক্তির ধারা মোতাবেক, বাংলাদেশও আক্রান্ত বলে গণ্য করা হবে। মক্কা চুক্তিতে বাংলাদেশ যোগ দেয় কিনা সেদিকে ভারত লক্ষ্য রাখছে।

এদিকে, প্রধানমন্ত্রীর উপদেষ্টা জায়েদ উর রহমান এক সংবাদ সম্মেলনে বলেছেন, বাংলাদেশ চীন থেকে জে-১০ সিই নামের যুদ্ধ বিমান ক্রয় করবে। এসব ফাইটার ভারতের পাকিস্তান আক্রমণের সময় রাফাল যুদ্ধবিমান ভাউন করেছিল বলে জায়েদ উর রহমান উল্লেখ করেন। সার্বিক বিবেচনায় বাংলাদেশ-ভারত সম্পর্ক এখন দোলাচলে।

## রাজুর লাশ বাংলাদেশে যাচ্ছে আজ

১ পৃষ্ঠার পর

রাখেন। আকাশচুম্বি প্রত্যাশা নিয়ে রাজু মাত্র ৩ বছর আগে আমেরিকায় পাড়ি দিয়েছিলেন। বুলেটের আঘাতে সে প্রত্যাশার মাটি চাপা পড়লো। নিউইয়র্কের ব্রুকলিনে একটি রেস্টুরেন্টে গভীর রাতে গুলির ঘটনায় রাজু নিহত হন। শনিবার মধ্যরাতের পর ২৩ আগষ্ট ব্রুকলিনের ৮৪২ ফ্ল্যাটবুশ অ্যাভিনিউয়ের আমেরিকান বেস্ট চিকেন অ্যান্ড পিজ্জা রেস্টুরেন্টে ৯/১১ কলে হামলার খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে যায়। সেখানে তাদের গুলিবিদ্ধ অবস্থায় পায় পুলিশ।

রাজুর নামাজে জানাজা বৃহস্পতিবার বাদ মাগরিব ব্রুকলিনের বাংলাদেশ মুসলিম সেন্টারে অনুষ্ঠিত হয়। তার মরদেহ শুক্রবার ২৮ আগষ্ট দেশে পাঠানোর প্রস্তুতি চলছে। নিউইয়র্কস্থ বৃহত্তর নোয়াখালী সমিতির সভাপতি জাহিদ মিন্টু আজকালকে বলেন, মানবিক বিবেচনায় নোয়াখালী সোসাইটি মরহুম রাজুর জন্য কাজ করছে। তাকে ফিউনারেলে রাখা, জানাজা ও বাংলাদেশে পাঠানোর যাবতীয় খরচ আমাদের সংগঠন সহ কমিউনিটির বিভিন্ন প্রতিষ্ঠান বহন করছে। এছাড়াও অর্থ উদ্বৃত্ত তার পরিবারকে পাঠানো হবে। নিউইয়র্কের ফেডারেল প্রতিষ্ঠান ড্রাম রাজুর মরদেহ দেশে পাঠাতে প্রশাসনিক সহায়তা দিচ্ছে। ড্রামের কর্মকর্তা কাজি ফৌজিয়া আজকালকে বলেন, বাংলাদেশে ফোনে রাজুর স্ত্রী বোনসে আরা আকতার পলির সাথে কথা হয়েছে। রাজুর ২ মেয়ে। বড় মেয়ের বয়স ১২ বছর। ছোট মেয়ে রাইনার বয়স আড়াই বছর। রাজু তার ছোট মেয়েকে দেখতে পারেননি। সে যুক্তরাষ্ট্রে আসার পরপরই ছোট মেয়ের জন্ম। রাজুর মা মারা গেছেন ২ বছর আগে। ফৌজিয়া জানান, রাজুর জন্য 'গো ফান্ড' একাউন্ট খোলা হয়েছে। এতে বিভিন্ন মহল থেকে ব্যাপক সাড়া পাওয়া যাচ্ছে।

নিহত রাজুর বাড়ি নোয়াখালীর সোনাইমুড়ী উপজেলার আমিশাপাড়া ইউনিয়নের বংশলপুর গ্রামে। ২০২৩ সালের অক্টোবরে পরিবারের ভাগ্য বদলের স্বপ্ন নিয়ে যুক্তরাষ্ট্রে মেক্সিকোর সীমান্ত পথে প্রবেশ করেন। বৈধ কাগজ হবার জন্য এসাইলাম আবেদন করেছিলেন। ২০২৮ সালে তার সাক্ষাৎকারের তারিখ পড়েছিল। তাঁর স্বপ্ন ছিল বৈধ হলে একদিন স্ত্রী সন্তানদেরও যুক্তরাষ্ট্রে নিয়ে আসবেন। তবে সেই স্বপ্ন আর পূরণ হলো না। স্বজনরা জানান, যুক্তরাষ্ট্রে যাওয়ার সময় ঋণ করেছিলেন রাজু। পরিবারের জন্য স্থায়ী ঘরও করে যেতে পারেননি তিনি। একমাত্র উপার্জনক্ষম মানুষটিকে হারিয়ে এখন দুই সন্তানকে নিয়ে অনিশ্চিত ভবিষ্যতের মুখে তাঁর পরিবার। প্রবাসে পরিবারের ভবিষ্যৎ বদলানোর যে স্বপ্ন নিয়ে হাজার মাইল দূরে গিয়েছিলেন ইউনুস রাজু, বন্দুকের গুলিতে থেমে গেছে সেই স্বপ্ন।

## মামদানিকে ৯/১১ স্মরণসভায় অবাঞ্ছিত ঘোষণা!

১ পৃষ্ঠার পর

অনলাইনে স্বাক্ষর সংগ্রহ শুরু করেছেন। তা আবার ফলাও করে প্রচার করছে রিপাবলিকান পার্টি সমর্থিত মিডিয়া আউটলেটগুলো। রিপাবলিকান দলীয় গভর্নর পদপ্রার্থী ব্রুস ব্লেকম্যান বলেছেন, যদি মেয়র মামদানি অনুষ্ঠানে উপস্থিত হন তাহলে যেন অংশগ্রহণকারীরা তাঁর দিকে পিঠ ফিরিয়ে থাকেন। ডেমোক্রাটরা এই দাবির পেছনে রিপাবলিকানদের হাত রয়েছে বলে মন্তব্য করেছেন। তা নিয়ে উভয় শিবিরে অসন্তোষ বিরাজ করছে।

নিউইয়র্ক সিটি কাউন্সিল স্পীকার জুলি মেনিন বুধবার মেয়র জোহরান মামদানিকে ১১ সেপ্টেম্বরের হামলার ২৫তম বার্ষিকীর স্মরণসভা থেকে দূরে রাখার আহ্বান প্রত্যাখ্যান এবং এই ধরনের দাবিকে "সম্পূর্ণ অনুচিত" বলে অভিহিত করেছেন।

৯/১১-এর ঘটনায় নিহতদের পরিবারবর্গ গ্রাউন্ড জিরোতে আয়োজিত ২৫তম বার্ষিকীর পবিত্র অনুষ্ঠান থেকে মেয়র মামদানিকে দূরে রাখার দাবি জানিয়েছেন। তারা বলছেন, মেয়র 'অবাঞ্ছিত অতিথি'। হামলার ২৫তম বার্ষিকীর অনুষ্ঠান থেকে নিষিদ্ধ করার দাবি জানাচ্ছেন। তারা তাকে ইসলামি উগ্রবাদের সমর্থক বা সাফাই-গায়ক হিসেবে অভিহিত করছেন এবং বলছেন, তার উপস্থিতি প্রায় ৩ হাজার নিহত মানুষের স্মৃতির প্রতি অবমাননা হবে। এই তথ্য ফলাও করে প্রচার করেছে নিউইয়র্ক থেকে প্রকাশিত 'নিউইয়র্ক পোস্ট' পত্রিকা।

৯/১১ ভিকটিম পরিবারের সদস্য ৫৫ বছর বয়সী গাগারো অনলাইনে একটি পিটিশন বা গণস্বাক্ষর অভিযানের অন্যতম সংগঠক। এই অভিযানে এখন পর্যন্ত ৪২,০০০-এরও বেশি স্বাক্ষর সংগ্রহ করা হয়েছে। ৯/১১-এর ঘটনায় ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর মধ্যে এটি ব্যাপকভাবে ছড়িয়ে পড়েছে এবং গাগারোর ধারণা অনুযায়ী, স্বাক্ষরকারীদের মধ্যে ৩,০০০ থেকে ৭,৫০০ জনই হলেন নিহতদের আত্মীয়স্বজন। ব্রুকলিনে জন্মগ্রহণকারী এবং বর্তমানে ফ্লোরিডায় বসবাসরত এই রিয়েল এস্টেট এজেন্ট বলেন, "এই দিনটি আমাদের কাছে অত্যন্ত পবিত্র।" "এটি কোনো রাজনৈতিক বিষয় নয় এবং এমন মতাদর্শের সাথে যুক্ত ব্যক্তিদের জন্য এটি কোনো উপযুক্ত মঞ্চও নয়। তাঁর উপস্থিতি অত্যন্ত বেদনাদায়ক ও অনুপযুক্ত হবে। তিনি এলে সেটা হবে অনাকাঙ্ক্ষিত অতিথির উপস্থিতি।" এদিকে সিটি কাউন্সিলের স্পিকার জুলি মেনিন বুধবার মেয়র জোহরান মামদানিকে ১১ সেপ্টেম্বরের হামলার ২৫তম বার্ষিকীর স্মরণসভা থেকে দূরে রাখার আহ্বান প্রত্যাখ্যান করেছেন এবং এই ধরনের দাবিকে "সম্পূর্ণ অনুচিত" বলে অভিহিত করেছেন। ডব্লিউএনওয়াইসি এর 'দ্য ব্রায়ান লেহরার শো'-তে মেনিন একটি অনলাইন পিটিশন এবং রিপাবলিকান দলীয় গভর্নর পদপ্রার্থী ব্রুস ব্লেকম্যানের আহ্বানের বিষয়ে প্রতিক্রিয়া জানিয়েছেন।

মেনিন বলেন, "মেমোরিয়াল মিউজিয়াম এবং আমরা যে বিষয়টির ওপর জোর দিয়েছি তা হলো-আমরা নিশ্চিত করেছি যেন ৯/১১-এর ঘটনাকে কেন্দ্র করে কোনো রাজনীতি না হয়, যখন আমরা হারিয়ে যাওয়া প্রাণগুলোর প্রতি শ্রদ্ধা জানাচ্ছি। নিহতদের অনেক আত্মীয়রা বলেছেন মামদানিকে অনুষ্ঠানে যোগ দেওয়ার অনুমতি দেওয়া উচিত। এলিজাবেথ মিলার-যার বাবা ওই হামলায় প্রাণ হারিয়েছিলেন-তিনিও সিবিএস নিউ ইয়র্ককে বলেছেন যে মামদানির সেখানে উপস্থিত থাকার সুযোগ পাওয়া উচিত। তিনি বলেন, "মেয়র মামদানি ৯/১১-এর ঘটনায় ক্ষতিগ্রস্ত পরিবারগুলোকে আশ্বস্ত করেছেন যে তিনি আমাদের প্রিয়জনদের প্রতি শ্রদ্ধা জানাতে সেখানে উপস্থিত থাকতে চান; আমার মতে, তাঁর সেই সুযোগ পাওয়া উচিত।" তিনি আরও বলেন, "মূল মনোযোগটা আসলে কে সেখানে থাকছেন বা থাকছেন না-তার ওপর হওয়া উচিত নয়। বরং আমাদের প্রিয়জনদের ওপরই মনোযোগ নিবদ্ধ থাকা উচিত।"

এদিকে, মামদানি জানিয়েছেন যে তিনি অনুষ্ঠানে যোগ দেওয়ার পরিকল্পনা করছেন।





HOPE & CHERISH
HOME CARE
HOME CARE
PCA, HHA, OPWDD & PEDIATRIC SERVICE
COUNTIES SERVED
BRONX • BROOKLYN • MANHATTAN
STATEN ISLAND • QUEENS • NASSAU
WE ARE PROVIDING PCA/HHA CERTIFICATION, TRAINING, AND RECRUITMENT
Please Contact
718-252-3590
CELL: 646-591-8396 | TEXT: 646-591-8396
EMAIL: SHAH@HOPENCHERISH.COM
WWW.HOPENCHERISH.COM
3345 NEPTUNE AVE, BROOKLYN, NY 11224

# NY INSURANCE

BROKEAGE INC.

TLC INSURANCE SPECIALIST

718 476-2025

NY I
NY INSURANCE BROKERAGE

# NY CAR & LIMO

SERVICES INC

BLACK & GREEN CAR BASE

718 727 4444

NY CAR & LIMO SERVICES INC B02902

# BEGINNER'S

DRIVING ACADEMY

YOUR DRIVER LICENSE IS OUR RESPONSIBILITY

929 244-7730

# DMV EXPRESS

PLATES
NEW, SURRENDER & TRANSFER

TITLE
NEW & DUPLICATE TITLE REQUEST

REGISTRATION
NEW, REPLACE, RENEWAL & TRANSFER

929-244-7730

EXCELSIOR

GOLDEN AGE HOME CARE

GOLDEN A
HOME CA

PCA HOME CARE সেবা
আমাদের স

আমরা শীর্ষস্থানীয় PCA HOME CARE সেবা
আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদান করে,
সার্ভিস -এ এনরোল করে নেব এবং সব সধরনে

Please Contact

Shah Nawaz MBA
President & CEO
GOLDEN AGE HOME CARE INC.

Tel: 718-775-
Cell: 646-591-83
Email: shah@gol

আমাদের নিজস্ব PCA ও HHA ট্রেনিং

JACKSON HTS OFFICE
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

BRONX OFFICE
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834

HILLSIDE AVE. O
170-18A Hillside
Jamaica, NY 1
Ph: 718-530-1
Fax: 917-396-

Email: info@goldenagehomecare.co


AGE
RE
HHA/PCA SERVICE
SKILLED NURSING
নিতে চান?
াথে যোগাযোগ করুন
প্রদানকারী প্রতিষ্ঠান
আপনাকে HOME CARE
নর সেবা প্রদান করবো
7852
96 Text: 646-591-8396
denagehomecare.com
Design by: ihopeprint.com, 929-538-7903
স্কুল আছে
We Hire And Train HHA/PCA Certificate Holder AIDES
FFICE
e Ave
432
820
115
BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
om | www.goldenagehomecare.com



## শাহ নেওয়াজ গ্রুপের উদ্যোগে দোয়া ও মিলাদ মাহফিল

৬৪ পৃষ্ঠার পর

মিলাদ মাহফিলে কমিউনিটির বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ ও বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন।
মিলাদ মাহফিলে সভাপতিত্ব করেন গোল্ডেন এইজ হোম কেয়ারের সিইও এবং আজকাল সম্পাদক শাহ নেওয়াজ। ওয়ার্ল্ড হিউম্যান রাইটসের পরিচালক শাহ শহীদুল হক, বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, আজকালের ব্যবস্থাপনা সম্পাদক রানো নেওয়াজ, সিটি এডিটর অনিক রাজ, কমার্শিয়াল ম্যানেজার আনিসুর রহমান, সিনিয়র সহ-সভাপতি মহিউদ্দিন দেওয়ান, বিশিষ্ট রিয়েল এস্টেট ব্যবসায়ী নূরুল আজীম, লায়ন আহসান হাবিব, ব্যবসায়ী হারুন ভূঁইয়া, ব্যবসায়ী জাহিদ আলম, ফরিদ আলম, মোহাম্মদ নবী, বনকুঁড়োজা সাগর, জেমিনি সম্পাদক বেলাল আহমেদ, নিউইয়র্ক ইনসুরেন্সের জেনারেল ম্যানেজার মোহাম্মদ কাদির, নিউইয়র্ক ইনসুরেন্সের মাহমুদা হাসিন কনা, গোলাম মোস্তফা, গোলাম আজম খান, মিনাবাজার গ্রোসারী ও হ্যালো বাংলাদেশ রেস্টুরেন্টের অন্যতম অংশীদার মামুন ব্যাপারী সহ শাহ নেওয়াজ গ্রুপের সঙ্গে সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।
অনুষ্ঠানে ইসলামের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা ও মোনাজাত পরিচালনা করেন ইমাম বেলাল আহমেদ। আলোচনায় তিনি ব্যক্তিজীবন থেকে শুরু করে সব বিষয়ে ইসলামের অনুশাসন মেনে চলার গুরুত্ব তুলে ধরেন। একই সঙ্গে







ইসলামের সুমহান আদর্শকে জীবনের ধারণ করা পদ্ধতি ও সে মোতাবেক চলার পথ নির্দেশনাও দেন।
এর পর মোনাজাতে তিনি বিশ্ব মুসলিমের কল্যাণ কামনায় আল্লাহতায়ালার কাছে দোয়া করেন। একই সঙ্গে উপস্থিত সবার পরিবারবর্গের সুস্থতা এবং সবার দুনিয়া ও আখেরাতের সমৃদ্ধির চান। পাশাপাশি পরিবারের যারা দুনিয়া থেকে চলে গেছেন তাদের রুহের মাগফেরাত কামনা করে মহান আল্লাহর কাছে আর্জি জানান। এছাড়া মিলাদের আয়োজক শাহনেওয়াজ গ্রুপের ব্যবসায়িক সাফল্য কামনা করেন। দোয়ায় শাহনেওয়াজ ও তার পরিবারের সদস্যদের উপর আল্লাহর খাস রহমত ও বরকত চান। একই সঙ্গে তাদের ব্যবসায় উত্তোরত্তর প্রবৃদ্ধি ও সমাজের কল্যাণে তাদের সহযোগীতার জন্য আল্লাহর কাছে উত্তম প্রতিদানের জন্যও দোয়া করা হয়।



## জ্যামাইকায় কুনু-ফিরোজ পরিষদের মতবিনিময়

৬২ পৃষ্ঠার পর

নেতৃত্বের দক্ষতার অভাবে বাংলাদেশ সোসাইটি কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছাতে পারেনি। নির্বাচিত হলে প্রবাসীদের চাহিদা অনুযায়ী সেবামূলক কার্যক্রম আরও জোরদার করার অঙ্গীকার করেন তিনি।
বক্তারা বলেন, প্রবাসীদের স্বার্থে বাংলাদেশ সোসাইটিকে আরও কার্যকর, স্বচ্ছ ও জবাবদিহিমূলক সংগঠন হিসেবে গড়ে তোলা প্রয়োজন। যোগ্য ও দক্ষ নেতৃত্ব নির্বাচিত হলে সংগঠনের সেবামূলক কার্যক্রম আরও গতিশীল হবে এবং প্রবাসীদের বিভিন্ন সমস্যা সমাধানে বাংলাদেশ সোসাইটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারবে।
এদিকে, বাংলাদেশ সোসাইটির নির্বাচন আগামী ১৮ অক্টোবর অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও হিন্দু সম্প্রদায়ের শারদীয় দুর্গাপূজার কারণে তারিখ পরিবর্তন করে ২৫ অক্টোবর নির্ধারণ করা হয়েছে। নির্বাচন কমিশন জানিয়েছে, এবারের নির্বাচনে ৩৫ হাজারের বেশি ভোটার ভোট দেওয়ার কথা রয়েছে।



## চিটাগাং এসোসিয়েশনের বার্ষিক বনভোজন

৬৪ পৃষ্ঠার পর

ম্যাকোন করোনা পার্ক-এ দিনব্যাপী এই মিলনমেলা অনুষ্ঠিত হয়। প্রবাসের যান্ত্রিক জীবন থেকে কিছুটা মুক্তি পেতে এবং নতুন প্রজন্মের কাছে দেশীয় ঐতিহ্যকে তুলে ধরতে এই মেগা উৎসবের আয়োজন করা হয়।
সংগঠনের সভাপতি মাকসুদুল হক চৌধুরী, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট মোহাম্মদ এম মিল্লা এবং সাধারণ সম্পাদক মোঃ মাসুদ



হোসেন সিরাজী সকল প্রবাসী চট্টগ্রামবাসী, আমন্ত্রিত অতিথি এবং শুভাকাঙ্ক্ষীদের স্বতস্ফূর্ত উপস্থিতির জন্য আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়েছেন। চট্টগ্রাম-৯ আসনের সাংসদ আবু সুফিয়ান অনুষ্ঠান উদ্বোধন করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ছিলেন বিশিষ্ট ব্যবসায়ী ও গোল্ডেন এজ হোম কেয়ারের প্রেসিডেন্ট ও সিইও শাহ নেওয়াজ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অ্যাটর্নি মঈন চৌধুরী সহ আরো অনেকে।











চট্টগ্রাম সমিতির সভাপতি মাকসুদুল হক চৌধুরী বলেন, আমি চট্টগ্রামবাসীর প্রতি কৃতজ্ঞ এত সুন্দর একটি আয়োজনে সহযোগিতা করার জন্য। ভবিষ্যতে আরো সুন্দর ও আর বড় পরিসরে আয়োজনের চেষ্টা থাকবে। সিনিয়র ভাইস প্রেসিডেন্ট মোহাম্মদ এম মিল্লা উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে বলেন, আমরা সুন্দর পরিবেশে বনভোজনের আয়োজনের চেষ্টা করেছি। আমাদের যদি কোন ভুলত্রুটি থাকে ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখবেন। যারা এই পিকনিকে অংশ নিয়েছেন সবাইকে ধন্যবাদ জানাই। অনুষ্ঠানে প্রধান অতিথি গোল্ডেন এজের প্রেসিডেন্ট ও সিইও শাহ নেওয়াজ বলেন, ঐক্যের কোনো বিকল্প নেই। সবাইকে একে অপরের পাশে দাঁড়াতে হবে। আজকের এই আয়োজন প্রমাণ করে যে চিটাগাংবাসী ঐক্যবদ্ধ। চট্টগ্রাম সমিতির সাধারণ সম্পাদক মাসুদ সিরাজী বলেন, এই বনভোজন চট্টগ্রামবাসীর একটি মিলনমেলা। আমরা চাই ঐক্যবদ্ধভাবে এই সংগঠনকে আরও এগিয়ে নিয়ে যেতে। বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, সহ সভাপতি কামরুজ্জামান কামরুল ও সাংস্কৃতিক সম্পাদক অনিক রাজ, কমিউনিটি একটিভিস্ট গিয়াস আহমেদ, আকাশ রহমান, সারওয়ার চৌধুরী সিপিএ সহ কমিউনিটির বিপুল সংখ্যক মানুষ এই আয়োজনে উপস্থিত ছিলেন।
অনুষ্ঠানের অন্যতম মূল আকর্ষণ ছিল প্রবাসের বিশিষ্ট সঙ্গীতশিল্পীদের নিয়ে সাজানো সাংস্কৃতিক পরিবেশনা। চাটগাঁইয়া ঐতিহ্যবাহী মেজবানি খাবারের পাশাপাশি আমন্ত্রিত অতিথিরা চমৎকার গান ও আড্ডা উপভোগ করেন। র‍্যাফল ড্র'র প্রথম পুরস্কার হিসেবে ছিল একটি স্বর্ণের সেট, দ্বিতীয় পুরস্কার হিসেবে ছিল এয়ার টিকেট (নিউইয়র্ক-ঢাকা-নিউইয়র্ক) এবং অন্যান্য আকর্ষণীয় পুরস্কারের মধ্যে ছিল টিভি, ল্যাপটপ ও স্মার্টফোন।
বনভোজন উদযাপন কমিটির আহ্বায়ক মোঃ আইনুল আনছারী, যুগ্ম-আহ্বায়ক: মোহাম্মদ হারুন মিয়া এবং আক্তার উল আলম, প্রধান সমন্বয়কারী: মোহাম্মদ ফরহাদ, সমন্বয়কারী: নুরুল সোফা এবং মোহাম্মদ শাহ আলম, সদস্য সচিব: শিমুল বড়ুয়া, যুগ্ম-সদস্য সচিব: মোহাম্মদ জয়নাল আবেদিন (আতিক) এবং মোঃ এ ওদুদ, অর্থ উপকমিটি: সুমন উদ্দিন এবং তমাল কে চৌধুরী, অভ্যর্থনা ও আপ্যায়ন: মোহাম্মদ এস এম মিল্লাহ, আলী আকবর বাপ্পী এবং ইকবাল হোসেন ভূঁইয়া, সাংস্কৃতিক অনুষ্ঠান পরিচালনায়: সুশান্ত দত্ত, ক্রীড়া পরিচালনায়: মোহাম্মদ জাহেদুল আজম (জাহেদ) এবং মোঃ শওকত আলী অক্লান্ত পরিশ্রম করেছেন বনভোজনকে সফল করার জন্য।
দিনব্যাপী ঐতিহ্যবাহী মেজবানি চাটগাঁইয়া খাবার, চমৎকার খেলাধুলা, সাংস্কৃতিক অনুষ্ঠান এবং প্রবাসীদের মিলনমেলার মাধ্যমে এই বনভোজনটি আমেরিকার বুকে এক টুকরো চট্টগ্রাম হিসেবে স্মরণীয় হয়ে থাকবে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।



## খান'স টিউটোরিয়াল'র নতুন অফিস উদ্বোধন





৬৪ পৃষ্ঠার পর

করে যুক্তরাষ্ট্রের টপ স্কুলগুলিতে লেখা-পড়ার সুযোগ পেয়ে নিজেদের সুন্দর ভবিষ্যত ও বাবা-মায়ের, সর্বোপরি দেশের মুখ উজ্জ্বল করছে। শিক্ষার মান, সুন্দর খোলা-মেলা পরিবেশ ও বিশাল পরিসরে আরোও বেশি সংখ্যক শিক্ষার্থীদের জন্য পর্যাপ্ত শ্রেণীকক্ষের বৃদ্ধির লক্ষ্যে প্রতিষ্ঠানটির জ্যাকসন হাইটস শাখার স্থান পরিবর্তন করা হয়েছে। গত ২২ আগস্ট শনিবার জ্যাকসন হাইটস ৩৭-২০ ৭৪ স্ট্রিট এর ৩য় এবং ৪র্থ তলায় বিশাল এ অফিসের উদ্বোধন করা হয়। উদ্বোধন প্রাক্কালে খান'স টিউটোরিয়ালের কর্ণধার নাইমা খান এবং ইশান খান শিক্ষার্থী ও অভিভাবকদের উদ্দেশ্যে সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন। তারা বলেন আমরা চাই আমাদের শিক্ষার্থীরা আরোও বিশাল পরিসরে, নিরিবিলি ও উন্নত পরিবেশে শিক্ষার সুযোগ গ্রহণ করুক। আর এজন্য আমাদের রয়েছে আমেরিকার সব বড় বড় ও টপ কলেজ ইউনিভার্সিটি থেকে ট্যালেন্ট ও ট্রেনিং প্রাপ্ত শিক্ষক। তারা আরও বলেন যে কোন ছেলে-মেয়ে অথবা তাদের বাবা-মা অন-লাইনে ফ্রীতে এসেস (রচনা)সহ বিভিন্ন ওয়ার্কশপ সম্বন্ধে জানার সুযোগ রাখা হয়েছে। তাছাড়া সরাসরি ফোন কলের মাধ্যমেও বিস্তারিত জানতে পারবেন বলে তারা জানিয়েছেন।

উল্লেখ্য কুইন্সের জ্যাকসন হাইটস, জ্যামাইকা, ওজনপার্ক, ব্রঙ্কস ও ব্রুকলিনসহ মোট ৭টি শাখা রয়েছে। এর মধ্যে জ্যাকসন হাইটস শাখা টিই হচ্ছে খান'স টিউটোরিয়ালের হেড-কোয়ার্টার। প্রবাসে যারা সন্তানদের উন্নত শিক্ষায় শিক্ষিত করে নামি-দামি স্কুলে পড়াশুনার সুযোগ পেতে চান তাদেরকে খান'স টিউটোরিয়ালের সাথে যোগাযোগ করার জন্য নাইমা খান ও ইশান খান আহবান জানিয়েছেন।



## কুইন্সে মঞ্চস্থ হলো নাটক বিবাহ সমাচার

৬২ পৃষ্ঠার পর

আজিজুল হাকিম তার অভিনয় জীবনের ৫০ বছরে পদার্পণ করেছেন। জনপ্রিয় উপস্থাপিকা শারমিন সিরাজ সোনিয়ার সঞ্চালনায় আফতাব জনির গান দিয়ে শুরু করা অনুষ্ঠানে আরো সংগীত পরিবেশন করেন কামরুজ্জামান বকুল, তৃপ্তিয়া হাসান ও রিজিয়া পারভীন। শিল্পীরা তাদের গানে শ্রোতাদের মুগ্ধ করে রাখেন। বাড়তি আনন্দের মধ্যে ছিল ফাহাদ সোলায়মান ও জনির ডুয়েল কণ্ঠে গাওয়া গান, এতে শ্রোতাগণ করতালির মাধ্যমে আনন্দ প্রকাশ করেন। এদিনের অনুষ্ঠানে বিশিষ্ট ব্যক্তিদের মধ্যে উপস্থিত ছিলেন তারার আলোর সভাপতি মীনা ইসলাম ও তার সদস্যগণ, বাংলাদেশ



সোসাইটির সাংস্কৃতিক সম্পাদক লায়ন অনিক রাজ্জ, লায়ন আহসান হাবিব, লিগ্যাল কনসালটেন্ট নাসরিন আহমেদ, শো টাইম মিডিয়ার ভারপ্রাপ্ত কর্মকর্তা খায়রুল ইসলাম খোকন, আব্দুর রাশিদ বাবু, গণেশ কীর্তনিয়া প্রমুখ। আয়োজক ফাহাদ সোলায়মান অনুষ্ঠানকে সফল করার জন্য সকল অতিথি, দর্শক-শ্রোতা ও স্পন্সরদেরকে সর্বোপরি কলা-কুশলীদের শুভেচ্ছা ও অভিনন্দন জানান।




# House for Sale

KAMRUZ ZAMAN BACCU
Licensed Real Estate Salesperson
347.465.3220
kamruzbaccu1@gmail.com
MLS
ISLAND ADVANTAGE



**2114 Lacombe Ave, Bronx, NY 10473**
Gut renovated A to Z , bricks, attached, 2 family,
5 bedrooms, 3 bathrooms, 2 car parking
**Asking: $949,000**
**Open House** Fri, Sat & Sun: 12pm-3pm



**86 George St, East Hills, NY 11577**
4 bedrooms , 4 bathrooms , 2 car garage
3,024 sq ft, Lot 60x100 (Built in 2003)
**Asking: $1,950,000**



**Condo for Sale, Built in 2007**
**175-28 89th Ave, Jamaica, Apt-3C,**
**2 bedrooms, 2 bathrooms,**
**one car parking, no elevator**
**Asking: $350,000**
(Cash or Rehab Loan)





# ঈদে মিলাদুন্নবী উপলক্ষে আলোচনা সভা ও মিলাদ মাহফিল

৩ পৃষ্ঠার পর

মাওলানা শাব্বীর আহমদ। এছাড়াও উপস্থিত ছিলেন আনজুমানে আল-ইসলাহ ইউএসএ-এর স্থায়ী কমিটির সদস্য মাওলানা আব্দুল কাশেম ইয়াহইয়া।

আনজুমানে আল-ইসলাহ নিউইয়র্ক স্টেট-এর সকল সদস্যবৃন্দের উপস্থিতিতে অনুষ্ঠিত এ মাহফিলে সভাপতিত্ব করেন হাফিজ মাওলানা কাওছার আহমদ। অনুষ্ঠান সঞ্চালনা করেন আনজুমানে আল-ইসলাহ নিউইয়র্ক স্টেট-এর সাধারণ সম্পাদক ক্বারী মাহবুবুর রহমান ও সহ সাধারণ সম্পাদক হাফিজ ক্বারী নজম উদ্দিন আহমেদ। অনুষ্ঠানের শুরুতে কালামে পাক থেকে তিলাওয়াত করেন আনজুমানে আল-ইসলাহ নিউইয়র্ক স্টেট-এর সহ-সাংগঠনিক সম্পাদক হাফিজ আবদুল মুক্তাদির তফাদার মালাক। স্বাগত বক্তব্য রাখেন সংগঠনের সাংগঠনিক সম্পাদক হাফিজ পারভেজ সিদ্দিক।

মাহফিলে বক্তব্য রাখেন আনজুমানে আল-ইসলাহ নিউ জার্সি স্টেট-এর ট্রেজারার হাফিজ আলাউদ্দীন, আনজুমানে আল-ইসলাহ নিউইয়র্ক স্টেট-এর সাবেক সাংগঠনিক সম্পাদক মাওলানা কুতুব উদ্দিন, শাহজালাল দারুস সুন্নাহ জামে মসজিদের ইমাম ও খতিব মাওলানা আবদুল হাদী জালালী এবং গাউসিয়া মসজিদের খতিব হাফিজ মাওলানা আবু তাহের।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন আনজুমানে আল-ইসলাহ ইউএসএ-এর ট্রেজারার জনাব মুতাহির হুসাইন, সমাজকল্যাণ সম্পাদক হাফিজ জমশেদ হুসাইন, আনজুমানে আল-ইসলাহ নিউইয়র্ক স্টেট-এর সাবেক সভাপতি মাওলানা মুখলিছুর রহমান, ইসলামিক সেন্টার অব মরিসপার্কের ইমাম ও খতিব হাফিজ মাওলানা হুসাইন মুহাম্মদ আরজ আলী, বাংলাবাজার ইসলামিক সেন্টারের প্রধান শিক্ষক হাফিজ বদরুল আলম ও সহকারী শিক্ষক হাফিজ জুনায়েদ আহমেদ রাজু এবং জালালাবাদ অ্যাসোসিয়েশনের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক জনাব রুকন হাকিম।

এছাড়াও উপস্থিত ছিলেন আনজুমানে আল-ইসলাহ নিউইয়র্ক স্টেট-এর উপদেষ্টা হাফিজ এবাদুর রহমান চৌধুরী, উপদেষ্টা মাওলানা শাহান ইয়াহিয়া, সিনিয়র সহ-সভাপতি ক্বারী মালিক শেখ, সহ-সভাপতি মাওলানা জামাল উদ্দিন, ট্রেজারার হাফিজ মাওলানা রওশন আহমদ, প্রচার সম্পাদক ক্বারী আবিদুর রহমান, সহ-প্রচার সম্পাদক আশফাক হুসাইন শুভ, প্রশিক্ষণ সম্পাদক মাওলানা মনসুর আহমদ, শিক্ষা ও সাংস্কৃতিক সম্পাদক মিসবাহ উদ্দিন, সমাজকল্যাণ সম্পাদক আলহাজ নুরুল ইসলাম এবং সদস্য হেলালুর রহমান খান ও সালেহ আহমদ। মাহফিলের শেষপর্বে বিশেষ অতিথি হাফিজ মাওলানা আবু আবদিল্লাহ মুহাম্মদ আইনুল হুদা-এর পরিচালনায় পবিত্র মীলাদ শরীফ অনুষ্ঠিত হয়। এরপর প্রধান অতিথি হযরত আল্লামা হুছামুদ্দীন চৌধুরী ফুলতলী-এর পরিচালনায় বিশেষ মোনাজাতের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্ত হয়।

বিশ্বের যেকোন দেশে ভ্রমণের জন্য
একমাত্র আমরাই দিচ্ছি সর্বনিম্ন মূল্যের নিশ্চয়তা।
আমরা ওমরার প্যাকেজ করে থাকি
আমাদের প্যাকেজ বিবরণ
ওমরা ভিসা
এয়ার টিকেট
১ দিন মক্কায় ট্যুর
১ দিন মদিনা ট্যুর
মক্কা থেকে মদিনা গাড়িতে
এয়ারপোর্ট থেকে হোটেল
(4 Star Hotel with Breakfast.)
মদিনার হোটেল থেকে এয়ারপোর্ট ড্রপ অফ
(একজন বাংলাদেশী মোয়াল্লেম মক্কা ও মদিনা)
* হজের পর পরই ওমরাহ পুরোদমে শুরু হয়ে যাবে ইনশাআল্লাহ
* শুধুমাত্র গ্রুপ প্যাকেজের জন্য প্রযোজ্য।
NAFS TRAVEL INC.
SANU SHEAK (SANA)
Cell: 347-537-7657
Email: nafstravel@gmail.com
www.nafstravel.com
NAFS TRAVEL
37-59 74th Street, Jackson Heights, NY 11372
(Inside Mollika electronics next to CITI Bank)



# নিউইয়র্কে ইন্টারন্যাশনাল ইউনাইটেড সীরাত কনভেনশন

৩ পৃষ্ঠার পর

হয়। পার্শ্ববর্তী ইকরা পার্টি সেন্টার ছিলো মহিলাদের আসনের বিশেষ ব্যবস্থা। 'মুহাম্মদ (সা:) বিশ্ব শান্তি ও সামাজিক ন্যায় বিচারের আদর্শ' শীর্ষক কনভেনশনে দেশ ও বিদেশের আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন আলেম-ওলামাগণ বক্তব্য রাখেন। এতে প্রধান অতিথি ছিলেন গ্রেটার নোয়াখালী সোসাইটি ইউএসএ'র সভাপতি ইঞ্জিনিয়ার জাহিদ মিন্টু। কনভেনশনের অন্যতম আয়োজক জ্যামাইকা মুসলিম সেন্টার (জেএমসি)-এর খতিব ও পেশ ইমাম মির্জা আবু জাফর বেগের সভাপতিত্বে অনুষ্ঠিত কনভেনশন পরিচালনা করেন আয়োজক কমিটির দুই সদস্য মুফতি মালেক ও হাফেজ রফিকুল ইসলাম।

কনভেনশনের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন হাফেজ আদিল। বিশিষ্ট আলেম-ওলামাদের মধ্যে প্রথম পর্বের বিষয় ভিত্তিক আলোচনায় অংশ নেন হাফেজ রফিকুল ইসলাম, শায়েখ হামদান আজহারী, শায়েক শফিকুর রহমান, মুফতি নুরুজ্জামান, মাওলানা রফিক উদ্দিন, মুফতি ফয়সাল আব্দুল ওয়াহাব, মুফতি ইউসুফ, ইমাম ড. শামসী আলী, আব্দুর রহমান ও শায়েক আবু শায়েদ মাহফিজ।

মাগরিব-এর নামাজ ও বিরতির পর অনুষ্ঠিত কনভেনশনের মূল পর্বে বিষয় ভিত্তিক আলোচনায় অংশ নেন পার্কচেস্টার বুক মসজিদের ইমাম কারী নজরুল ইসলাম, সামাজিক সংগঠন নাহার-এর সভাপতি ডা. আবউিল ওসমানী, ইঞ্জিনিয়ার সামি মাসুদ, মুসলিম উম্মাহ অব নর্থ আমেরিকা (মুনা)-এর প্রেসিডেন্ট ইমাম দেলোয়ার হোসাইন, শায়েক আব্দুল্লাহ কামাল আজহারী, মফিজুর রহমান, মুফতি ড. আনসারুল করীম, মুফতি মিজানুর রহমান এবং ইমাম মির্জা আবু জাফর বেগ।

# নিউইয়র্কে কমলগঞ্জ সোসাইটির বনভোজন ও মিলনমেলা

৩ পৃষ্ঠার পর

ব্যবসায়ী তোফায়েল চৌধুরী। সংগঠনের সভাপতি এম রহমান ফরিদ ও সাধারণ সম্পাদক সাদেক সরওয়ার চৌধুরীর নেতৃত্বে কার্যকরী পরিষদ, উপদেষ্টা ও ট্রাস্টিবোর্ডের সদস্যরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজ সেবক তোফায়েল চৌধুরী। তিনি বলেন, এই মিলনমেলা আমাদের শিকড়ের সঙ্গে সম্পর্ক আরও গভীর করেছে। কর্মব্যস্ত প্রবাসজীবনে এমন আয়োজন আমাদের সবাইকে একত্রিত হওয়ার সুযোগ করে দেয়। কমলগঞ্জ সোসাইটির এই সুন্দর উদ্যোগকে আমি সাধুবাদ জানাই। ভবিষ্যতেও আমরা সবাই মিলে পারস্পরিক সৌহার্দ্য ও সম্প্রীতি বজায় রেখে কমলগঞ্জের মানুষের পাশে থাকার চেষ্টা করব। শেষে অনুষ্ঠিত হয় র‌্যাফেল ড্র। বিজয়ীদের মধ্যে নগদ অর্থের পাশাপাশি ল্যাপটপ, ফ্রিজ, টিভি, আইপ্যাড, অ্যাপল ওয়াচসহ বিভিন্ন পুরস্কার দেওয়া হয়। প্রবাসে নিজেদের শিকড়ের বন্ধন অটুট রাখা ও পারস্পরিক সৌহার্দ্য বৃদ্ধির প্রত্যয় নিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

# সিলেট সদর থানা এসোসিয়েশনের বনভোজন অনুষ্ঠিত

৩ পৃষ্ঠার পর

মাহবুব, আখতারুজ্জামান শরীফ, সজলপাল, আনিজা আলমগীর, রাজিয়া সুলতানা দুলারি, হাসিনা চৌধুরি, রানা দাসগুপ্ত সহ সকল বিদেহী আত্মার শান্তি কামনা করা হয়। আড্ডা, আলাপচারিতা আর শুভেচ্ছা বিনিময়ে দিনব্যাপী প্রবাসীদের পদচারণায় মুখরিত হয়ে উঠে এস্টোরিয়া পার্কের সবুজ চত্বর। নতুন প্রজন্মের উপস্থিতি ছিলো চোখে পড়ার মতন। বাচ্চাদের খেলাধুলা, র‌্যাফেল ড্র, বড়দের মিউজিক্যাল চেয়ার, দুপুরের লাঞ্চ, সংগীত পরিবেশন চলে দিনভর।

প্রবাসের জনপ্রিয় কণ্ঠশিল্পী তন্ময় পরিবেশনা ছিলো বনভোজনের অন্যতম আকর্ষণ। সিলেট সদরের পরিচিত মুখ এজাজ আলমের পারফরম্যান্স ও ছিল দুর্দান্ত। সংগঠনের সাবেক সভাপতি আব্দুল মালেক খান (গায়েক) এবং সংগঠনের অন্যতম প্রতিষ্ঠাতা আলহাজ্ব শায়খুদ্দিনকে এবছর সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়। ক্রেস্ট প্রদান করেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম ও জালালাবাদ অ্যাসোসিয়েশনের সভাপতি মইনুল ইসলাম সহ সংগঠনের সিনিয়র নেতৃবৃন্দ। সংগঠনের সভাপতি আর.সি মিঠো অভিনন্দন বার্তায় দুই গুনীজনের ভূয়সী প্রশংসা এবং সংগঠনের পক্ষ থেকে কৃতজ্ঞতা প্রকাশ করেন।

শেষ পর্বে সাধারণ সম্পাদক রাজিব খানের পরিচালনায় আকর্ষণীয় র‌্যাফেল ড্র ও পুরস্কার বিতরণ করা হয়। র‌্যাফেল ড্রয়ের প্রথম পুরস্কার সোনার হার জয় করেন জালালাবাদ এসোসিয়েশনের সভাপতি মইনুল হোসেন। সিলেট সদর থানা এসোসিয়েশনের বনভোজনে সম্মানিত অতিথিদের মধ্যে যারা উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, সহ সভাপতি মহিউদ্দিন দেওয়ান, সাধারণ সম্পাদক মো. আলি, জালালাবাদ এসোসিয়েশনের সভাপতি মইনুল ইসলাম, সাধারণ সম্পাদক আসাদ উদ্দিন, বিশিষ্ট মুক্তিযোদ্ধা মুক্তিত চৌধুরী, নুরুল হক, অধ্যাপক আব্দুল মজিদ গুলজার, এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির ভারপ্রাপ্ত সভাপতি কয়েছ আহমদ, সংগঠনের সাবেক উপদেষ্টা ফুয়াদ আহমেদ, গোলাম রব্বানী, সংগঠনের সাবেক সভাপতি এম.সি কামাল, ইয়ামিন রশীদ, শায়খুদ্দিন, আব্দুল মালেক খান গায়েক, মাহবুব রহমান, মামুন আহমেদ, সাবেক সাধারণ সম্পাদক দুরুদ মিয়া রনেল, কম্যুনিটি ব্যক্তিত্ব রোমানা কামাল, মিন্টু আহমেদ, সিপেল কনসালটেন্ট মুজিবুর রহমান, শাহীন আহমেদ, ফাহমেশফাক আহমেদ, সৈয়দ ফজলুর রহমান, মোজাফফর আহমেদ মন্টু, সায়ান বখত মজুমদার, হোসেন আহমেদ, পিয়ার উদ্দিন, গুলজার আহমেদ, আব্দুল মুহাজির, বর্তমান কার্যকরী কমিটির সদস্যদের মধ্যে সহ সভাপতি শাকিল আবু নোমান, জয়ন্ত কুমার, সহ সাধারণ সম্পাদক মেরাজ কাওসার, আতাউল হাকিম হাসান, সাংগঠনিক সম্পাদক আলমগীর রাজি, কোষাধ্যক্ষ আব্দুল হাফিজ আফসার, সংস্কৃতি সম্পাদক তানভীর চৌধুরী, ক্রীড়া সম্পাদক জুনের আহমেদ, মহিলা সম্পাদিকা ফাহমিদা বেগম শাম্মা, সহ মহিলা সম্পাদিকা ফাতেমা চৌধুরী, সদস্য দিলদার হোসেন প্রমুখ।

# সাংবাদিকদের সঙ্গে এহসানুল মাহবুব জুবায়েরের মতবিনিময়

৩ পৃষ্ঠার পর

এসোসিয়েশন (জেবা) আয়োজিত মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন সংগঠনের সাধারণ সম্পাদক মাহফুজুর রহমান। ইয়র্ক বাংলার সম্পাদক রশীদ আহমদের উপস্থাপনায় শুরুতে কুরআন তেলাওয়াত নাশীদ শিল্পী সালাহ উদ্দিন রাসেল।

সভায় বাংলাদেশের সাম্প্রতিক রাজনৈতিক পরিস্থিতি, জুলাই আন্দোলনের প্রেক্ষাপট এবং বিগত আওয়ামী লীগ সরকারের সময় দেশের মানুষের ওপর সংঘটিত নির্যাতন ও বিভিন্ন ঘটনার সংক্ষিপ্ত চিত্র তুলে ধরেন এহসানুল মাহবুব জুবায়ের।

সভায় উপস্থিত স্থানীয় গণমাধ্যমকর্মী ও বিভিন্ন সংবাদপত্রের সম্পাদকদের মধ্যে সাপ্তাহিক বাংলাদেশ এর সম্পাদক ডা. ওয়াজেদ এ খান, সিনিয়র সাংবাদিক আনোয়ার হোসেন মঞ্জু, টাইম টিভির সিইও এবং সাপ্তাহিক বাংলা পত্রিকা'র সম্পাদক আবু তাহের, সাপ্তাহিক পরিচয় সাপ্তাহিক নাজমুল আহসান, সাপ্তাহিক জন্মভূমির সম্পাদক রতন তালুকদার, সাপ্তাহিক প্রবাস'র সম্পাদক মোহাম্মদ সাঈদ, সাপ্তাহিক আজকাল'র বিশেষ প্রতিনিধি ও নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাব এর সভাপতি মনোয়ারুল ইসলাম, সিনিয়র সাংবাদিক সালেহ উদ্দিন, সাংবাদিক ইলিয়াস হোসাইন, হককথার সম্পাদক এবিএম সালাহ উদ্দিন আহমেদ, আমার সিলেট-এর সম্পাদক এমদাদ চৌধুরী দীপু, দৈনিক সংগ্রাম'র নিউইয়র্ক প্রতিনিধি এইচ এম আখতার হোসাইন ও ফটো সাংবাদিক জেমসসহ আরো অনেক উপস্থিত ছিলেন।

সাংবাদিকরা বাংলাদেশের রাজনীতি, জুলাই আন্দোলন, দেশের ভবিষ্যৎ এবং প্রবাসীদের ভূমিকা নিয়ে বিভিন্ন প্রশ্ন করেন। এহসানুল মাহবুব জুবায়ের এসব প্রশ্নের সাবলীলভাবে উত্তর দেন এবং দেশের চলমান পরিস্থিতি ও ভবিষ্যৎ নিয়ে তাঁর মতামত তুলে ধরেন। তিনি বাংলাদেশের উন্নয়ন ও অগ্রগতিতে প্রবাসীদের অবদানের প্রশংসা করেন এবং প্রবাসীদের ত্যাগ ও অবদানকে তিনি শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন।

দেশ গঠনে দল-মত ও মতাদর্শের ঊর্ধ্বে উঠে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানিয়ে জোবায়ের বলেন, দেশের মানুষের কল্যাণ ও একটি সুন্দর ভবিষ্যৎ নির্মাণে সকল শ্রেণি-পেশার মানুষের সম্মিলিত প্রচেষ্টা প্রয়োজন।

তিনি বলেন, ৭০ শতাংশ মানুষ জুলাই সনদের পক্ষে রায় দিয়েছে। সরকার মুখে বলছে তারা অক্ষরে অক্ষরে জুলাই সনদের বাস্তবায়ন করবে। কিন্তু কাজ করছে তার ঠিক উল্টো। তারা দায়িত্ব নেয়ার পরেই জাতির সাথে তামাশা শুরু করেছে। তারা বিচার বিভাগ পৃথকিকরণ মূলক আইন, গুম কমিশন, পাবলিক সার্ভিস কমিশনসহ গুরুত্বপূর্ণ সব সংস্কার তারা বাদ করে দিয়েছে। জুলাই বিপ্লবের চেতনা রক্ষা, গণভোট সহ বিপুল পরবর্তী জনপ্রত্যাশা নিয়ে বিএনপি কথা দিয়ে কথা রাখছে না। বরং বিএনপি ফ্যাসিবাদের কায়দায় দেশ পরিচালনা করছে। সর্বত্রই দলীয়করণ করে নজিরবিহীন ইতিহাস সৃষ্টি করছে। বিএনপি মুখে যে কথা বলছে, কাজে তা করছে না। এমতাবস্থায় জামায়াতে ইসলামী জাতীয় সংসদের ভিতরে ও বাইরে আন্দোলনের কর্মসূচী গ্রহণ করেছে।

লং মার্চ এবং মহাসমাবেশের প্রস্তুতি চলছে উল্লেখ করে তিনি বলেন, আমরা জনগণের অধিকার আদায়ে রাজপথে এবং সংসদে সমান ভূমিকা রাখবো। গ্যাস বিদ্যুত বিভ্রাটের সমস্যা কিন্তু এসব সমস্যা সমাধানে সরকারের কার্যকরি কোন উদ্যোগ নেই। প্রতিটি দ্রব্যের মূল্য বৃদ্ধি পাচ্ছে। সাধারণ মানুষ বলতে শুরু করেছে আগেই ভালো ছিল। এতে ফ্যাসিবাদ আবারও ফিরে আসার প্রেক্ষাপট তৈরি করছে সরকার। ভারতে প্রধানমন্ত্রীর সফর নিয়ে তিনি বলেন, সমতার ভিত্তিতে আমরা আলোচনা চাই। তারা সীমান্তে মানুষ হত্যা করছে। প্রতিদিন মানুষ পুশিং করার চেষ্টা করছে। হাসিনা ভারতে থেকে দেশের বিরুদ্ধে ষড়যন্ত্র করছে। অথবা ভারত সরকার তাদের সহায়তায় করছে। তাকে ফেরত দিতে হবে। এসব বিষয় নিষ্পত্তি না হওয়া পর্যন্ত অসম্মানজনক সফরে যাওয়া ঠিক হবে না।

এক প্রশ্নের উত্তরে জোবায়ের বলেন, শেখ হাসিনার বিচার প্রশ্নের বিএনপি-জামায়াত সহ দেশের সকল দল একমত। হাসিনা ইস্যুতে কোন বিভেদ-বিভক্তি নেই।

অপর এক প্রশ্নের উত্তরে তিনি বলেন, হামে আক্রান্ত হয়ে বিপুল সংখ্যক শিশুর মৃত্যু, বিদ্যুৎ বিপর্যয়, গ্যাস সংকট প্রভৃতি মৌলিক সমস্যা নিয়ে আন্দোলন হতে পারে। কিন্তু আমরা দায়িত্বশীল বিরোধী দলের ভূমিকা পালন করতে চাই, সরকারকে বিব্রত করতে চাই না। তবে আগামী দিনে আন্দোলনের কর্মসূচী রয়েছে। এরমধ্যে ঢাকা-চট্টগ্রাম, রাজশাহী, সিলেটে লং মার্চ কর্মসূচী ছাড়াও অক্টোবরে ঢাকায় মহাসমাবেশ অনুষ্ঠিত হবে।

আলোচনা ও প্রশ্ন উত্তরের মধ্য দিয়ে বাংলাদেশের সাম্প্রতিক পরিস্থিতি ও ভবিষ্যৎ নিয়ে উপস্থিত সাংবাদিকদের সঙ্গে একটি প্রাণবন্ত মতবিনিময় অনুষ্ঠিত হয়।



- Personal Injuries & Death Claims
- Car Accidents and Medical Mal Practice
- Divorce, Family Matters and Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure proceedings
- Bankruptcy
- All Civil Matters
- Wills, Trust and Estate Planning
- All Criminal Matters
- All Immigration Matters

MD Golam Mostofa, ESQ.
NY State Attorney
LL. B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh.
Barrister-At-Law, London.
Attorney-At-Law, NY.

Address:
Queens: 148-45 Hillside Ave
Jamaica, NY 11435

Phone# 718-487-4873, Cell: 917-285-6247(Text) Email: abmostofa1@gmail.com



আমরাই একমাত্র
যারা সর্বোচ্চ সুবিধার
নির্ভরযোগ্য
নিশ্চয়তা
প্রদান করি
ZAM ZAM
TRAVEL US
আমাদের সার্ভিস সমূহ
এয়ার টিকেটিং
হজ্ প্যাকেজ
সার্ভিস প্রোভাইডার
HOTEL
হোটেল বুকিং
ভিসা প্রোসেসিং
ওমরাহ্ প্যাকেজ
সার্ভিস প্রোভাইডার
কেন আমাদের সার্ভিস নিবেন ?
বিশেষজ্ঞ দল
যাচাইকৃত ভিসা চেকলিস্ট
প্রিমিয়াম সহায়তা
নিখুঁত ভিসা আবেদন পরিষেবা
ZAM ZAM TRAVEL US
in a Partnership with
إثراء الخير
ITHRAA ALKHAIR
এয়ার লাইন সমূহ
السعودية
SAUDIA
QATAR
AIRWAYS القطرية
Emirates
TURKISH AIRLINES
ঢাকা অফিস
+88 017 1133 6292
Tropical Mollah Tower
Shop no: 08 (4th Floor), Progoti Sharoni
Middle Badda, Dhaka 1212, Bangladesh
নিউইয়র্ক অফিস
+1 718 395 9697
37-15 73 Street (Suite-207),
Jackson Heights, NY-11372
zamzamtravelus
www.zamzamtravelus.com
zamzamtravelus@gmail.com

# Marriage Media

# পাত্র-পাত্রী

## খুজছেন সন্ধান দাতা

আপনি বিয়ে করে আমেরিকাতে স্থায়ীভাবে বসবাস করতে চান?

সকল ধর্ম, সকল বর্ণের ইমিগ্রান্ট/ননইমিগ্রান্ট, ডাক্তার, ইঞ্জিনিয়ার, শিক্ষক, ফার্মাসিষ্ট, নার্স, ফেডারেল জব, প্রাইভেট জব, ব্যবসায়ী, ট্যাক্সি ড্রাইভার, ছাত্র/ছাত্রী, ডিভোর্স, বিধবা ও (বয়স্ক) পাত্র-পাত্রী।

৫০টি স্টেটের বাঙ্গালি পরিবারের সাথে যোগাযোগ।
সাফল্যতার সাথে অগ্রগতি।

আল্লাহর হুকুম ছাড়া কিছু হয় না আমি উছিলা মাত্র।

**খান ভাই**
**646-637-7590**
Email: khanma663@gmail.com

COOL Multiservices LLC
Real Estate, Tax, Insurance & Consultancy
We Offer Mortgage
Wireless Communication Limo Service



**শাহ্ হামজার স্মরণে**
**বিশ্বাসের উত্তরাধিকার, উৎকর্ষতার ভবিষ্যৎ**

১৯৯৯ সাল থেকে কুল মাল্টিসার্ভিসেস এলএলসি আমাদের কমিউনিটির একটি নির্ভরযোগ্য ভরসার নাম। দীর্ঘ এই পথচলায় আমরা সততা, নিষ্ঠা ও পেশাদারিত্বের মাধ্যমে মানুষের আস্থা অর্জন করেছি।
আজ আমরা গর্বের সাথে জানাচ্ছি—আপনার পরিবারের ভবিষ্যৎ আরও নিরাপদ ও সুন্দর করে গড়ে তুলতে আমরা আমাদের সেবার পরিধি ও দক্ষতা আরও বিস্তৃত করেছি।
আপনি যদি ট্যাক্স সংক্রান্ত সহায়তা চান, কিংবা নিজের স্বপ্নের একটি বাড়ির খোঁজে থাকেন—যে দলকে আপনি বছরের পর বছর বিশ্বাস করেছেন, সেই দল আজও আপনার পাশে আছে।

**আমাদের প্রধান সেবাসমূহ**
* ট্যাক্স প্রস্তুতি ও পরামর্শ
  দ্রুত, নির্ভুল ও সর্বোচ্চ রিটার্ন নিশ্চিত করার জন্য অভিজ্ঞ সহায়তা।
* মর্টগেজ ও ঋণ সমাধান (প্রি এপ্রোভাল)
  সহজ শর্ত, প্রতিযোগিতামূলক সুদের হার ও ব্যক্তিগত গাইডলাইন।
* রিয়েল এস্টেট সেবা
  বাড়ি কেনা বা বিক্রি—বাজার বিশ্লেষণ করে আপনাকে সঠিক সিদ্ধান্তে পৌঁছাতে সহায়তা।

**আপনার স্বপ্নের বাড়ির শুরু এখান থেকেই**
প্রথমবার বাড়ি কিনছেন?
আপনাকে আন্তরিক স্বাগতম।
এই প্রক্রিয়াকে জটিল মনে করার কোনো কারণ নেই। আমরা প্রথমবার বাড়ি কিনতে আগ্রহীদের জন্য প্রি-অ্যাপ্রুভালসহ প্রতিটি ধাপে পাশে থেকে সহায়তা করি, যাতে আপনার "স্বপ্নের বাড়ি" বাস্তবে রূপ নেয়।

কুল-এর সাথে যুক্ত হয়ে উপভোগ করুন
২৫ বছরেরও বেশি সময়ের সততা, অভিজ্ঞতা ও পেশাদার সেবার নিশ্চয়তা।

: যোগাযোগ :
১৯৭০১ হিলসাইড অ্যাভিনিউ, হলিস, নিউ ইয়র্ক ১১৪২৩
**৭১৮-৮০৩-৮২০০**
ইমেইল: coolmultiservicesllc@gmail.com

হ্যান্ডস অন
**ফিজিক্যাল থেরাপি রিহাবিলেইশন**
**এ. ভূঁইয়া**
এলআইসি. ফিজিক্যাল থেরাপিস্ট

আপনি কি নিম্নে উল্লেখিত যে কোন ব্যথায় ভুগছেন?
তাহলে আজই যোগাযোগ করুন।
আমাদের আছে ২০ বছরের অভিজ্ঞতা।

* পিঠ ব্যথা
* গাড় ব্যথা
* বাহু ব্যথা
* কব্জি ব্যথা
* হাঁটু ব্যথা
* পায়ের পাতা ব্যথা
* পায়ের আঙ্গুল ব্যথা

ক্লিনিক খোলা থাকার সময়
সোমবার থেকে শুক্রবার
সকাল ১০.০০-সন্ধ্যা-৭টা
শনিবার
সকাল ১০.০০-বিকাল-৪টা
রবিবার বন্ধ

আমরা প্রায় সব ইন্স্যুরেন্স গ্রহণ করি
আমরা ইংলিশ, স্প্যানিশ, হিন্দি, বাংলা ও আরবীতে কথা বলি

75-17 41 Ave. Elmhurst, NY 11373
(Corner of 76th St & Broadway
170-08 Hillside Ave, Jamaica, NY 11432
Tel : 917-832-7824, Cell : 718-696-7002
Fax : 917-832-6100



# হোমিও চিকিৎসা

জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



ডাঃ এফ হক
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

**হোমিও ভিটামিন সেলিং সেন্টার**
**Homeo & Vitamin Selling Center**

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন
**347-596-3111, 347-485-8020**
জ্যাকসন হাইটস অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।

MINA BAZAR



# মিনা বাজার




71-10 35th Ave

SUPERMARKET & FRESH ZABIHA HALAL MEAT • FISH • FRUITS & VEGETABLES

718-639-6462

জ্যাকসন হাইটস'র ৩৫ এভিনিউতে ফ্রেশ মাছ -মাংস এবং তাজা শাক-সবজি ও ফল-মূল সহ নিত্য প্রয়োজনীয় সামগ্রীর সমাহার নিয়ে আপনাদের সেবায় নিয়োজিত !

* সুলভ মূল্য ও সততাই আমাদের বৈশিষ্ট
* সর্বদা টাটকা ও ফ্রেশ পণ্য সরবরাহ করা হয়
* ছোট -বড় সব ধরণের দেশীয় মাছ পাওয়া যায়

আমরা কোরবানীর অর্ডার নিচ্ছি

## মিনা বাজার সুপার মার্কেট


















## MINA BAZAR SUPER MARKET

71-10 35TH AVENUE, JACKSON HEIGHTS

718-639-6462

## শিশুদের জন্য ফেসবুক, টিকটক ও ইনস্টাগ্রাম নিষিদ্ধ হচ্ছে

১ পৃষ্ঠার পর

নিষিদ্ধ করা থাকবে মেটার হাতে। সোশ্যাল মিডিয়া আসক্তি সংক্রান্ত অভিযোগের প্রেক্ষিতে একটি যুগান্তকারী সমঝোতা চুক্তির আওতায় মেটা ১৭.১ বিলিয়ন ডলার পর্যন্ত অর্থ প্রদান করতে সম্মত হয়েছে। মামলাটি যুক্তরাষ্ট্রের বহু অঙ্গরাজ্য যৌথভাবে দায়ের করেছিল। ফেসবুক ও ইনস্টাগ্রামের মালিকানাধীন প্রতিষ্ঠান মেটা বুধবার ২৬ আগস্ট সোশ্যাল মিডিয়ায় আসক্তি সংক্রান্ত একটি গুরুত্বপূর্ণ মামলার সমঝোতা করেছে। যুক্তরাষ্ট্রের পরিবার, অভিভাবক ও শিশুদের জন্য-এবং যারা নীরবে কিংবা প্রকাশ্যে মানসিক কষ্টে ভুগছেন, তাদের সবার জন্য আদালতে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিজয়। ৪৭টি স্টেটের সর্বদলীয় অ্যাটর্নি জেনারেলদের প্রতিনিধিদের সাথে মেটা (সম্ভবত) একটি চুক্তিতে পৌঁছেছে। এই সমঝোতার মাধ্যমে ৫৭টি অঙ্গরাজ্যের দায়ের করা অভিযোগের নিষ্পত্তি হলো এবং ক্যালিফোর্নিয়ার ওকল্যান্ডে গত সপ্তাহে শুরু হওয়া একটি বিচার প্রক্রিয়া সংক্ষিপ্ত পরিসরে শেষ হলো। আদালতের নথিপত্র অনুযায়ী, বুধবারই বিচারক ইভন গঞ্জালেজ রজার্স এই সমঝোতা প্রাথমিক অনুমোদন করেন।

ক্যালিফোর্নিয়া, কলোরাডো, কেন্টাকি এবং নিউ জার্সি-এই অঙ্গরাজ্যগুলোসহ মোট ২৯টি অঙ্গরাজ্য ২০২৩ সালে মেটার বিরুদ্ধে প্রথম মামলাটি দায়ের করেছিল। তাদের অভিযোগ ছিল, এই প্রযুক্তি জায়ান্টটি তাদের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মগুলো ব্যবহার করে তরুণ ইন্টারনেট ব্যবহারকারীদের 'প্রলুব্ধ ও আকৃষ্ট করে এবং শেষ পর্যন্ত জালে আটকে ফেলে'। অঙ্গরাজ্যগুলোর অভিযোগ, মেটা ইচ্ছাকৃতভাবেই তাদের প্ল্যাটফর্মগুলোকে এমনভাবে তৈরি করেছে যা আসক্তি সৃষ্টি করে এবং এর ঝুঁকি সম্পর্কে ব্যবহারকারী ও সাধারণ মানুষকে বিভ্রান্ত করেছে।

সমঝোতার পর মেটার একজন মুখপাত্র ইমেইলে বলেন, 'অভিভাবকদের ক্ষমতায়ন এবং কিশোর-কিশোরীদের সহায়তা করার লক্ষ্যে আমাদের দীর্ঘদিনের প্রচেষ্টার ওপর ভিত্তি করে শিল্পের নতুন মানদণ্ড নির্ধারণের জন্য আমরা যুক্তরাষ্ট্রের বিভিন্ন অঙ্গরাজ্য, অঞ্চল এবং ডিস্ট্রিক্ট অব কলম্বিয়ার ৫২ জন অ্যাটর্নি জেনারেলের (সরকারি কৌঁসুলি) একটি দ্বিদলীয় দলের সাথে সমঝোতা চুক্তির ঘোষণা দিয়েছি। এটি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হলেও, এই সুরক্ষা ব্যবস্থাগুলো তখনই সত্যিকার অর্থে কার্যকর হবে যদি আমাদের সমকক্ষ প্রতিষ্ঠান-যেমন টিকটক ও ইউটিউব-একই ধরনের ব্যবস্থা গ্রহণ করে।'

অঙ্গরাজ্যগুলোর অ্যাটর্নি জেনারেলরা জানিয়েছেন, সমঝোতার অংশ হিসেবে মেটা মামলাকারী অঙ্গরাজ্যগুলোর জোটকে আগামী ১০ বছরে অন্তত ১২.১ বিলিয়ন ডলার প্রদান করবে। এছাড়া ইউটিউব ও টিকটকসহ অন্যান্য সোশ্যাল মিডিয়া কোম্পানি ভবিষ্যতে সমঝোতায় সম্মত হলে মেটা আরও ৫ বিলিয়ন ডলার প্রদান করবে।

## আইসের সঙ্গে নিউইয়র্ক পুলিশের সহযোগিতা নিষিদ্ধের আইন কার্যকর

৬২ পৃষ্ঠার পর

ও আইনশৃঙ্খলা রক্ষাকারী সংস্থাগুলোকে আইসের সঙ্গে ২৮৭(জি) ধরনের চুক্তি করা বা বহাল রাখা নিষিদ্ধ করা হয়েছে। একই সঙ্গে ফেডারেল বেসামরিক অভিবাসন আইনের আওতায় আটক ব্যক্তিদের রাখার জন্য স্থানীয় কারাগার, সংশোধনাগার ও কিশোর আটককেন্দ্র ব্যবহারের ওপরও নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে।




গভর্নর ক্যাথি হোচুল গত ২৭ মে ২০২৬ সালে আইনটির সংশ্লিষ্ট বিধানগুলোতে স্বাক্ষর করেন। নতুন আইনের অধীনে বিদ্যমান ২৮৭(জি) চুক্তিগুলো ২৫ আগস্টের মধ্যে বাতিল করার কথা। নিউইয়র্কের অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমসের কার্যালয় জানিয়েছে, রাজ্যে বর্তমানে ১২টি স্থানীয় আইনশৃঙ্খলা রক্ষাকারী সংস্থার আইসের সঙ্গে ২৮৭(জি) চুক্তি ছিল। জুলাইয়ে অ্যাটর্নি জেনারেল কার্যালয়ের নতুন অফিস অব ইমিগ্র্যান্ট ট্রাস্ট এসব সংস্থাকে চিঠি দিয়ে ২৫ আগস্টের মধ্যে চুক্তি বাতিল করার আইনি বাধ্যবাধকতার কথা জানায়।

গভর্নর হোচুল বলেছেন, স্থানীয় পুলিশের মূল দায়িত্ব হওয়া উচিত স্থানীয় অপরাধ মোকাবিলা ও জননিরাপত্তা নিশ্চিত করা। তার বক্তব্য অনুযায়ী, কোনো প্রকৃত অপরাধ সংঘটিত হলে স্থানীয় পুলিশ আইসকে সহযোগিতা করতে পারে, কিন্তু শুধু বেসামরিক অভিবাসন বিষয়ক কার্যক্রমে স্থানীয় আইনশৃঙ্খলা বাহিনীকে ব্যবহার করা যাবে না।

তবে নতুন আইনকে কেন্দ্র করে নাসাউ কাউন্টির সঙ্গে স্টেট সরকারের সম্ভাব্য আইনি বিরোধ তৈরি হয়েছে। নাসাউ কাউন্টি এখনো আইনটি পুরোপুরি মেনে চলার সিদ্ধান্ত নেয়নি। ফেব্রুয়ারিতে কাউন্টি ১০ জন পুলিশ কর্মকর্তাকে আইসের অধীনে বিশেষ ক্ষমতা দিয়েছিল। একই সঙ্গে নাসাউ কাউন্টির কারাগারগুলোকে আইসের আটক সুবিধা হিসেবে ব্যবহারের সুযোগও দেওয়া হয়েছিল এবং এর জন্য ফেডারেল সরকার থেকে অর্থ নেওয়া হচ্ছিল।

বাড়ি ক্রয়-বিক্রয় ও ভাড়া
kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY
লাইসেন্স বিহীন কোন ব্যক্তির সহযোগিতায় বাড়ি ক্রয়, বিক্রয় করে প্রতারিত হবেন না, আমরা বিনামূল্যে বাড়ি সংক্রান্ত যেকোন বিষয়ে পরামর্শ দিয়ে থাকি।

বিঃদ্রঃ আপনি যদি রিয়েল এস্টেট জব করতে চান আপনাকে ১০০% সহযোগিতা করা হবে।
Md. Alamgir Hossain
Associate Broker
75-35 31st Ave, Suite 202
East Elmhurst, NY 11370
Cell : 347-774-6432
Office : 347-846-1200
Email: mdahossain@kw.com
মোঃ আলমগীর হোসেন
লাইসেন্স এসোসিয়েট ব্রোকার
যোগাযোগ:৩৪৭-৭৭৪-৬৪৩২

REAL ESTATE, DIVORCE,
IMMIGRATION & SMALL BUSINESS

বাড়ি ঘর বা ব্যবসা কেনা/বেচা, তালাকের মামলা,
ইমিগ্রেশন, দুর্ঘটনা বা পিছলে পড়া, এবং যাবতীয়
অন্যান্য আইনগত সহায়তার জন্য, অভিজ্ঞ কার্যোপযোগী
বাংলাদেশী এটর্নির সাথে যুগাযুগ করুন
নিউ ইয়র্কের লাইসেন্সধারী অভিজ্ঞ এটর্নি
Hasan Malik, Esq.
718-433-9243
37-13 74TH ST, FLOOR 2
JACKSON HEIGHTS, NY 11372
ATTORNEY ADVERTISING

জ্যাকসন হাইটস ও জ্যামাইকায় দুই যুগেরও বেশি সময় ধরে প্রবাসিদের নিম্নবর্ণিত সার্ভিস গুলি সাফল্যের সাথে সেবা দিয়ে আসছে
TRANS GLOBAL REAL ESTATE & GLOBAL TAX AND FINANCIAL SERVICES
রিয়েল স্টেট ট্যাক্স ও ইমিগ্রেশন সার্ভিসেস

FLORIDA- ফ্লোরিডায়
জমি ও বাড়ীর মালিক হওয়ার অপূর্ব সুযোগ
Please Call: 929-391-6274
For further inquiry
Jackson Height Office:
37-18-74th Street, 2nd Floor,
Jackson Height, NY 11372
Phone: 718-779-7600
Jamaica, Hollis Office:
184-02 Hillside Ave, 1st Floor,
Jamaica, NY 11432
Phone: 718-779-7600

TAX Services
ট্যাক্স সার্ভিসেস
25 YEARS EXPERIENCED
Please Call:
718 581 6081
347 392 4312
718 779 7600
AUTHORIZED IRS e-file PROVIDER
TAX FILING, FAST REFUND
REASONABLE FEES!

REAL ESTATE Services
রিয়েল স্টেট সার্ভিসেস
Global Tax and Financial Services
Year round Tax, Immigration, Real Estate & Multi Services

Cell: 718-581-6081, 718-779-7600
Email: rahmangfs@yahoo.com
Maksudur Rahman
I.R.S Registered Tax Preparer
Jamaica Hollis Office
Jackson Heights Office

আপনি জানেন কি?
পরীক্ষা ও আবেদন ফি ছাড়া আমেরিকার নাগরিকত্ব লাভের সুযোগ রয়েছে। এছাড়া অন্যান্য ইমিগ্রেশন ফরম ও আবেদন ফি ছাড়া আবেদন করার সুযোগ আছে। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন।

KARNAFULLY TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc Approved

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত




# কর্ণফুলি ট্রাভেল

আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

জ্যাকসন হাইট্স, উডসাইড এ নিরিবিলি পরিবেশে

## বাংলাদেশী ডাক্তার

## মেডিসিন বিশেষজ্ঞ

## Internal Medicine

Geriatric Medicine

## শামীম আহমেদ এম, ডি

- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
- ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।

35-30 , 64th Street, Woodside NY 11377 (Subway E, F, R, N, V, G, 7)

**TEL: 718-205-6561**



## Starling Car Service LLC

*Best Choice for your trip*



একটি বাংলাদেশী প্রতিষ্ঠান

- 24 Hours Service
- Experienced & Professional Driver
- Affordable Price
- Airport Service
- Long Distance - Short Distance Hourly Service
- Special Occasions Service
- Wheelchair Available
- Corporate Transporation



Please Contact:
**Md. Kamroul Hasan**
President & CEO
718-612-8825

2115 Starling Ave
2nd Fl, Bronx
NY 10462
Tel: 718-612-8825
914-294-1845
Email: starlingcarservice@gmail.com

We arrange
**Base Letter & Base Affiliate**



## Amader Service.com

Your Trusted Service Partner

### আমাদের সেবাসমূহ

**ইভেন্ট ম্যানেজমেন্ট**
১. ইভেন্ট ডেকোরেশন
২. ফুড সাপ্লাই
৩. ফটোগ্রাফী
৪. ভিডিওগ্রাফী

**হোম সার্ভিস**
১. ফার্নিচার সেটআপ
২. ইলেট্রিক্যাল
৩. প্লাম্বিং
৪. রিপিয়ারিং (কনস্ট্রাকশন)
৫. সার্ভিলেন্স ক্যামেরা

**অফিস এ্যাডভাইজারী**
১. ভিসা প্রসেসিং
২. পাসপোর্ট রিনুয়াল
৩. যেকোন ধরণের ইমিগ্রেশন ফরম
৪. ডিএমডি সার্ভিস
৫. ইবিটি, ফুড ষ্ট্যাম্প, রেন্টাল এসিস্ট্যান্ট
৬. হোম কেয়ার

এছাড়াও আমরা বাংলাদেশে বাড়ি, প্লট, জমি ক্রয়-বিক্রয় করে থাকি এবং আপনার বিল্ডিং ম্যানেজমেন্ট এর দায়িত্ব নিয়ে থাকি।

Get all services you need in one place from professional expart, at home!

এ্যাপসটি ডাইনলোড করে আপনার মোবাইল থেকে সরাসরি অর্ডার করুন।

GET IT ON Google Play | GET IN ON App Store

CONTACT

**+1 917 519 1151, +1 929 569 9350, +1 347 659 8410**

**www.amaderservice.com**



প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন



## STAR Photography

শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all Your Professional Photography Like events News Conference Wedding Reception & Modelling

**NEHER SIDDIQUEE**
MBPS, MIFPO

**917-476-6628, 718-371-8334**

www.neherphotography.weebly.com





নেপালের নুওয়াকোট জেলায় আকস্মিক বন্যার পর ত্রিশূলী নদীর তীরের কাছে ক্ষতিগ্রস্ত বাড়িগুলো ঝুঁকিপূর্ণ অবস্থায়

## নেপালে লাশ আর লাশ

১ পৃষ্ঠার পর

যেখানে ভ্রমণে গিয়েছিল তাদের কোনো খোঁজ নেই। অক্সিগু ভোতেকোশে নদী, সেন্দে নদীর নিষ্ঠুরতায় অসহায় নেপালিরা। তারা চিৎকার করে কান্নার শক্তিও হারিয়ে ফেলেছেন। হলিউডের সিনেমার চেয়েও ভয়াবহ, প্রলয়ঙ্করী হিমবাহ, বন্যা, ভূমিধস চোখের নিমিষে সবকিছু কেড়ে নিয়েছে। বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত তথ্যে ভয়াবহ এই চিত্র ভেসে উঠেছে। কিছু বুঝে ওঠার আগেই এই পাহাড় সমান ভয়াবহ এক প্রলয় আনিয়ে নিয়েছে দেড় হাজারের বেশি বেশি মানুষকে। অসংখ্য মানুষ কাদামাটি, পানির তোড়ে ভেসে গেছে। এর নিচে চাপা পড়ে তাদের মৃত্যু হয়েছে বলে ধারণা করা হচ্ছে। ফলে নিহতের সংখ্যা কোথায় গিয়ে ঠেকবে হয় তা কেউ বলতে পারছেন না। এ ঘটনায় শোক ও সমবেদনা জানিয়ে পাশে থাকার আশ্বাস দিয়েছে বাংলাদেশসহ বিভিন্ন দেশ। নিহত, নিখোঁজ ও আহতদের বেশির ভাগই বিদেশি পর্যটক। বুধবারের এই আকস্মিক বন্যার বিষয়ে নেপালে আন্তর্জাতিক রেডক্রস ও রেড ক্রিসেন্ট সোসাইটিস ফেডারেশনের প্রতিনিধিদলের প্রধান ফেজিফ কিশার বলেছেন, বন্যায় আক্রান্ত অঞ্চলগুলোতে 'চরম পরিস্থিতি' বিরাজ করছে। ভুটান, ভারত, চীনসহ বিভিন্ন দেশ সহায়তা দেয়ার কথা বলেছে। বুধবার স্থানীয় সময় সকালে বরফ ও পাথরের একটি বিশাল ধস থেকে কাদা, পানি ও ধ্বংসাবশেষের প্রবল স্রোত তৈরি হয়ে ত্রিশূলী নদীর তীর উপচে পড়ে। চীন ও নেপালের মধ্যদিয়ে প্রবাহিত এই নদীটি ভোতেকোশি নামেও পরিচিত। ভয়াবহ ওই স্রোতে ঘরবাড়ি, সড়ক, সেতু ও বিদ্যুৎকেন্দ্র ভেসে যায়।

নেপালের কর্মকর্তারা জানিয়েছেন, নিখোঁজ রয়েছেন ভারত, যুক্তরাষ্ট্র, ভুটান, অস্ট্রেলিয়া, দক্ষিণ কোরিয়া ও মালয়েশিয়াসহ বিভিন্ন দেশের নাগরিকরা। ভূমিধস, পানির স্রোত তেড়ে আসে যে, বহু মানুষ দৌড়ে সরে যেতেও পারেনি। তাদেরকে চাপা দিয়ে চলে যায় ভয়াবহ এই প্রলয়। এমন অবস্থার মধ্যে নেপালের ত্রিভুবন বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর ডিজাস্টার স্টাডিজের পরিচালক বসন্ত রাজ অধিকারী বলেছেন, বৃহস্পতিবার অথবা শুক্রবার বন্যার 'দ্বিতীয় ও তৃতীয় ঢেউ' আঘাত হানার ঝুঁকি রয়েছে।



নেপালে বন্যা-ভূমিধসে তলিয়ে গেছে বাড়ি-ঘর



আকস্মিক বন্যায় একজনকে নিরাপদ স্থানে নিয়ে যেতে উদ্ধারকারীরা একটি মাটি কাটার যন্ত্র (আর্থমুভার) ব্যবহার করছেন




# TUITION FREE TAX SCHOOL*

## লিবার্টি ট্যাক্স স্কুল

## BECOME A TAX PROFESSIONAL

Complete our Income Tax Course

and Join America's Fastest Growing Tax Preparation Company for the Upcoming Tax Season.

**The Tuition Fee is Free but the cost of books and materials varies on Schedule & Location**

- Day and Evening Classes are available for your convenience.

PLEASE CONTACT : (718) 297-3500

**147-20 Hillside Ave, 2nd Floor, Jamaica NY 11435**

Email: libertytaxschool101@gmail.com (আল আকসা রেস্টুরেন্টের উল্টো দিকে)

(One Block East From Sutphin Blvd on the corner of Hillside Ave Train Station, Close by F & E Train)

# পায়ের বিশেষজ্ঞ চিকিৎসক

## Bangladeshi Foot Specialist

## Dr. Sadi Alam



পায়ের কোন সমস্যায় ভুগছেন ?

নিউইয়র্কে বাংলাদেশী চিকিৎসকের পরামর্শ নিন

ডায়াবেটিক রোগীদের ইন্স্যুরেন্সের মাধ্যমে ডায়াবেটিক জুতা দেওয়া হয়।

**We Accept Wellcare, Fidelis, Medicare, Metroplus, Healthfirst and other private insurances.**

Our Office Locations

01 16605 Highland Ave, Suite L-1, Jamaica, NY 11432
02 264-02 Hillside Ave, Floral Park, NY 11004
03 486 McDonald Ave, Brooklyn, NY 11218
04 7017 37th Ave, Jackson Heights, NY 11372
05 7721 101th Ave, Ozone Park, NY 11416
06 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

Phone: 347-509-4470, Fax: (646) 845-1861

আজই আপনার ডাক্তারকে রেফারেলের জন্য জিজ্ঞাসা করুন।

**Call for Appointment**

ESTD 2017

## Tribune Training Academy

Workplace Safety Training School

40-38 75th Street,
Jackson Heights, NY 11373
(718) 790-2664
tribunest@gmail.com
www.tribunest.com



## 40-HR OSHA/SST: $400

Tribune Training Academy is an outstanding institution with a proven track record of excellence that has made it a top player in the field of safety and technical training. Based in New York City, our esteemed organization has continuously set the standard for quality education through our unwavering commitment to providing the very best in certification training. Below are a list of some of the courses we offer:

- 30 Hour OSHA Training
- 40 Hour OSHA/SST
- 62 Hour Supervisor SST
- 4,16 & 32 Hour Scaffold
- 8-Hour EPA Lead Renovator
- NYS Security Guard License
- Fire Guard/FSD Training
- Work-zone Flagger
- Forklift/Scissor Lift Operator
- Defensive Driving Course

**40-HR OSHA/SST: $400 (LIMITED TIME OFFER)**

Get your 40-Hour OSHA/SST Training for only $400. This is a limited time offer only and this rate will not be honored once this promotional rate ends.

# আমেরিকা তথা নিউইয়র্ক এ একটি গর্বিত বাড়ির মালিক হতে চান?

আমরা স্বাচ্ছন্দ্য মুল্যে বাড়ি ক্রয় বিক্রয়ে নিশ্চয়তা দিয়ে থাকি।

REALTOR MLS EQUAL HOUSING LENDER





**KAZI N JALAL**
Licensed Sale Agent

## ARA REALTY SERVICES INC

*A full Service Real Estate Brokerage of Professional Company*

158-10 84th DriveJamaica, NY 11432
Email: realtornykazi@gmail.com
Office: 917-417-6766
Cell: 516-439-0156

## CHAUDRI CPA P.C.

FINANCE, ACCOUNTING, TAX, AUDIT & CONSULTING

**Sarwar Chaudri, CPA, MBA**



ট্যাক্স একটি গুরুত্বপূর্ণ বিষয়
অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
অডিট, ফাইন্যানশিয়াল স্টেটমেন্ট, বুককিপিং
অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠা, লাইসেন্স ও পে-রোল
আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ

tax refund

AUTHORIZED IRS e-file PROVIDER

Individual and Business Tax
Audit, Financial Statement
Bookkeeping, Non-Profit
Business Setup, Licensing & Payroll
Specialized in IRS &
NYS Tax problem resolution

*Finance, Accounting, Tax Filing, Audit & Consulting*
*(Business & Not for Profit)*

**JACKSON HEIGHT OFFICE:**
74-09 37th Ave, Bruson Building, Suite # 203
Jackson Height, NY 11372, Tel: 718-429-0011
Fax: 718-865-0874, Cell: 347-415-4546
E-mail: chaudricpa@gmail.com

**BRONX OFFICE:**
1595 Westchester Avenue
Bronx, NY 10472
Cell: 347-415-4546 / 347-771-5041
E-mail: chaudricpa@gmail.com

# জব জব হেল্প জব

**Job Help Application Processing Service**

**917-500-3937**

## OUR SERVICES

- পোষ্টাল জব
- ফেডারেল জব
- স্টেট জব
- এম. টি. এ জব
- সিটি জব
- রেজুমী তৈরী
- কভার লেটার
- সিটিজেনশিপ এপ্লিকেশন প্রসেসিং
- নিউ পাসপোর্ট/রিনিউয়েল
- ডুয়েল সিটিজেনশিপ
- ফুড স্ট্যাম্প
- ডিজএবিলিটি (SSI)
- সোশ্যাল সিকিউরিটি (SS)
- রিটারম্যান্ট বেনিফিট



**Md. Ali**
B.Sc. LLB
Chittagong University
Retired Govt. Officer
Bangladesh

148-45, Hillside Ave, 2nd Fl,
Suite 204
Jamaica, NY 11435

Phone/Fax:
917-200-6160

আমাদের প্রতিশ্রুতি – নিরাপত্তা, নিশ্চয়তা ও সাশ্রয়ী মূল্যের ইন্স্যুরেন্স সেবা প্রদান করা

# EnR Insurance BroKerage

একটি বিশ্বস্ত এবং অভিজ্ঞ বাংলাদেশী প্রতিষ্ঠান

4122 75th Street
Elmhurst, NY 11373
(718) 310-0413

আমাদের ইন্স্যুরেন্স সেবাসমূহঃ

**হোম ইন্স্যুরেন্স**
- Home/ Co-op/ Condo/Renters
- High Value Home
- Vacant Property/ Land
- Builders Risk

Home Business
Masjid, Church & Temple
Umbrella Insurance & More

**কমার্শিয়াল ইন্স্যুরেন্স**
- Commercial Property
- Commercial Package Policy
- Business Owners Policy
- Disability Insurance
- Workers' Compensation
- Professional Liability
- Construction Insurance
- One Day Event

আমরা মেডিকেয়ার ইন্স্যুরেন্স সেবাও দিয়ে থাকি
Providers: HealthFirst, VNS, United, WellCare, Aetna, Fidelis Care



**Home Insurance Carriers**

DB Insurance, Hyundai, Liberty Mutual, Otsego Mutual, Travelers, Associated Mutual, Sterling, Kingstone, Security Mutual & More.

Mohammed Tohin, Broker
info@enrinsurance.com
Fax: (718) 650-2245
www.enrinsurance.com

# LIBERTY REAL ESTATE SCHOOL

NYS Approved Real Estate School

## রিয়েলএস্টেটের লাইসেন্স করুন
## বছরে লক্ষ ডলার আয় করুন

বিস্তারিত তথ্য এবং ক্লাসের সময় সুচি জানতে কল করুন **+1 (929) 393-8620**

- SALESPERSON COURSE : 75 HOURS
- CONTINUING EDUCATION : 22.5 HOURS
- BROKER COURSE : 45 HOURS

**YOU LEARN :**

The easiest way to buy and sell a home
Learn for Being a professional Realtor or for knowledge
Buying and selling a home as an investment
The market price of house goes up and down
Buy for profit, sell for profit (fix-flip)
What to do to buy your own house
Rules of buying and selling properties
Different types of mortgage loans

Jackson Heights Office: 37-22 73rd Street, Suite 2A
Jamaica Office: 167-16 Hillside Avenue
917 781 0647, 929 399 9352
libertyrealestateschool@gmail.com

# TOUR Packages



**১ দিনের ট্যুর (নিউইয়র্ক থেকে)**

| | |
|---|---|
| বস্টন ভ্রমণ | $ ১১৯ |
| আমেরিকান ড্রিম মল | $ ৩০ |
| ওয়াশিংটন ডিসি | $ ১০৯ |
| ফিলাডেলফিয়া (চেরি ব্লুসম) | $ ১০৯ |
| লেগোল্যান্ড, নিউইয়র্ক | $ ১৪৮ |
| চুয়াং ইয়েন মনাস্ত্রি ও মহাযান টেম্পল | $ ৭৮ |
| ফল সংগ্রহ ও হ্যাপি ফার্ম | $ ৬৮ |
| ড্রিম থার্প (সুইস টাউন, পেনসিলভেনিয়া) | $ ৮৮ |
| লিউইন ফার্মস, ন্যাভেজারস বাই দ্য বে ও ট্যাঙ্গার আউটলেটস | $ ৬০ |
| শ্রী স্বামিনারায়ণ মন্দির (রবিনসভিল) ও লংউড পার্কেন্স | $ ৬৮ |
| লং আইল্যান্ড গেম ফার্ম, শিশুদের চিড়িয়াখানা, ভ্যান্ডারবিল্ট মিউজিয়াম ও প্ল্যানেটরিয়াম | $ ৬৮ |

**২ দিনের ট্যুর**

| | |
|---|---|
| ফিলাডেলফিয়া+ওয়াশিংটন ডিসি | $ ২৪৮ |
| কেপ মে | $ ৩৪৮ |
| স্টারপেজিং ট্যুর | $ ৩৪৮ |
| নিউ হেভেন+রোড আইল্যান্ড+বস্টন | $ ২৫৮ |
| নায়াগ্রা+ওয়াটকিন্স গ্লেন+ফিঙ্গার লেক | $ ১৮৮ |
| অ্যালিস টাউন ও মার্থাস ভিনইয়ার্ড | $ ৩৩৮ |
| থাউজ্যান্ড আইল্যান্ডস+কর্নেল ইউনিভার্সিটি+ওয়াইনারি | $ ২৮৮ |
| শ্রী স্বামিনারায়ণ মন্দির+আমিশ ফার্ম+হার্শি চকলেট ওয়ার্ল্ড | $ ৩১৮ |
| ওয়াশিংটন ডিসি (চেরি ব্লুসম)+স্মিথসোনিয়ান+ওল্ড টাউন আলেক্সজান্ড্রিয়া | $ ১৯৮ |

**৩ দিনের ট্যুর**

| | |
|---|---|
| নায়াগ্রা ফলস+বস্টন | $ ৩২৮ |
| নায়াগ্রা ফলস+থাউজ্যান্ড আইল্যান্ডস | $ ৪২৮ |
| ওয়াশিংটন ডিসি+নায়াগ্রা ফলস | $ ২৮৮ |
| নায়াগ্রা ফলস+টরেন্টো+থাউজ্যান্ড আইল্যান্ডস | $ ৪৬৮ |
| বস্টন+পোর্টল্যান্ড+আকাডিয়া ন্যাশনাল পার্ক | $ ৪৯৮ |

বুকিং ও তথ্যের জন্য আজই যোগাযোগ করুনঃ

# ট্যুরস্ এন্ড ফান

136-21 Hillside Avenue, Jamaica, NY 11418
917-378-4921, 929-928-5001
info@toursandfun.com | www.toursandfun.com

আমরা মেক্সিকো, দক্ষিণ আমেরিকা, ইউরোপ এবং এশিয়াতেও ট্যুর প্যাকেজের ব্যবস্থা করি।

আরামদায়ক পরিবহন • অভিজ্ঞ গাইড • পরিবার ও গ্রুপের জন্য বিশেষ ছাড়!



# গ্রেটার সিরাজগঞ্জ ডিস্ট্রিক্ট সোসাইটির বনভোজন অনুষ্ঠিত




৬২ পৃষ্ঠার পর

জহুরুল ইসলাম। আহবায়ক মোঃ ফরহাদ আলী, যুগ্ম আহবায়ক মোঃ মোশারফ হোসেন, লিপি হোসেন সদস্য সচিব জুয়েল রানা, যুগ্ম সদস্য সচিব আরিফ সালাম, ফরহাদ হোসেন প্রধান সমন্বয়কারী মোঃ আলামিন ইসলাম (ইমন) অর্থ সম্পাদক মোঃ রফিক ইসলাম যুগ্ম অর্থ সম্পাদক শাহ আলম মুক্তা, আরিফুজ্জামান মজনু, সাংস্কৃতিক সম্পাদিকা ইশিকা, উপদেষ্টা মো. জাকির হোসেন, রেজাউল ইসলাম, উক্ত অনুষ্ঠানে উদ্বোধন করেন মোঃ নাজমুল হুদা টিটু। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নিউ ইয়র্ক প্রেসক্লাবের সম্মানিত সভাপতি মনোয়ারুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজ উদ্দিন আহমেদ সাবেক সহ সাধারণ সম্পাদক বাংলাদেশ সোসাইটি অব ইনক, মাহবুব আলম সভাপতি কেন্দুগঞ্জ অর্গানাইজেশন, রুকন হাকিম ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক জালালাবাদ এসোসিয়েশন অব নিউ ইয়র্ক ইনক,লোকমান হোসেন লস্কর সহ সভাপতি জালালাবাদ এসোসিয়েশন অব নিউ ইয়র্ক ইনক,শামীম আহমেদ সভাপতি বাংলাদেশ সোসাইটি অব ব্রুংস, ওলি আহমেদ সাধারণ সম্পাদক বাংলাদেশ সোসাইটি অব ব্রুকলন, সুমন





দীপঙ্কর সাংগঠনিক সম্পাদক বাংলাদেশ সোসাইটি অব ব্রুকলন , বিশিষ্ট ব্যবসায়ী রুবেল চৌধুরি রেজা, এ বি এম মাল্টিমিডিয়ার সিইও জামাল বক্স, কাজী রবিউজ্জামান সাধারণ সম্পাদক সিনিয়র সিটিজেন ফোরাম অব নিউ ইয়র্ক, সাইদ সিদ্দিকী এন ওয়াই পিডির ট্রাফিক কমান্ডার, খলির উদ্দিন ভূঁইয়া উপদেষ্টা বাংলাদেশ সোসাইটি অব ব্রুকলন ইনক, কবি সুশাংশু কুমার মন্ডল, নাসির উদ্দিন টিপু কামরুল হাসান সিপিএ চেয়ারম্যান, লিংকন সাইকেল ওয়ালা, রেজা আব্দুল্লাহ,রবিবুজ্জামান সুমন, নয়ন, আলমগীর, নজরুল ইসলামসহ প্রায় ৩ শতাধিক অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন। লটারিতে প্রথম ও দ্বিতীয় পুরস্কার ছিল দুটি স্বর্ণের কানের দুলসহ মোট বিশটি পুরস্কার। মহিলাদের জন্য ছিল বালিশ মিউজিক প্রতিযোগিতা। সংগীত পরিবেশন করেন ক্লোজ আপ শিল্পী কৃষ্ণ তিথি, জান্নাতী জহুরুল, শাফিউল ও আসাদ।

## ‘তারেকের বহরে ডিম ও জুতো নিক্ষেপের কর্মসূচি নেই’

১ পৃষ্ঠার পর

অবস্থানকালে ডিম ও জুতো নিক্ষেপের পরিকল্পনা নেই যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের। যদিও ইউনূস সরকারের আমলে এমন ঘটনা ঘটেছিল। কোন সহিংস কর্মসূচি দিবো না। তবে শেখ হাসিনা ও আওয়ামী লীগের নেতাকর্মিদের নামে দেশে মিথ্যা মামলা প্রত্যাহার ও জননেত্রীর বিরুদ্ধে ষড়যন্ত্রমূলক রায় বাতিলের দাবিতে সভা সমাবেশ করবো। গেল বছর ড. ইউনূসের জাতিসংঘ সফরকালের মতো কিছু করবো না। যেভাবেই হোক তারাতো নির্বাচিত সরকার। আমরাও নির্বাচনে সহযোগিতা করেছি। তার বহরে ডিম বা জুতো নিক্ষেপের মতো কোন কর্মসূচি রাখবো না। এ কথাগুলো আজকাল প্রতিনিধিকে বলেছেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমান।

এক প্রশ্নের জবাবে ড. সিদ্দিক বলেন, বাংলাদেশে ষড়যন্ত্র করে আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ করা হয়েছে। দেশের রাজনৈতিক পরিস্থিতির উন্নয়ন ও বহুদলীয় অংশগ্রহনমূলক রাজনীতির সুযোগ সৃষ্টিতে যদি প্রধানমন্ত্রী আমাদের সাথে নিউইয়র্কে বসতে চাইলে ও আলোচনার সুযোগ দিলে আমরা ইতিবাচক সাড়া দেব।

## এস্টোরিয়ায় ‘দ্য পোর্ট অব পেরি পেরি’ রেস্টুরেন্টের গ্র্যান্ড ওপেনিং

৬২ পৃষ্ঠার পর

পেরি’। রেস্টুরেন্টটির অন্যতম আকর্ষণ ফ্লেম-গ্রিলড চিকেন। বিশেষ মসলা ও সস দিয়ে চিকেন ম্যারিনেট করার পর গ্রিলে রান্না করে গরম ও তাজা অবস্থায় পরিবেশন করা হয়। খাবারে ব্যবহার করা হয় বিশেষ পেরি পেরি সস, যার অন্যতম উপাদান বার্ডস আই মরিচ। এ ছাড়া মেন্যুতে রয়েছে রাইস, বিফ রিবস, ল্যাম্ব চপসহ বিভিন্ন পদ। রাইসের সঙ্গে কর্নসহ বিভিন্ন সাইড ডিশের ব্যবস্থাও রয়েছে। উদ্যোক্তারা জানান, নিউইয়র্কে বাংলাদেশি, ভারতীয়সহ দক্ষিণ এশীয় রেস্টুরেন্টের সংখ্যা অনেক। তাই প্রচলিত ধারার বাইরে গিয়ে ভিন্নধর্মী খাবারের অভিজ্ঞতা দেওয়ার লক্ষ্য থেকেই পর্তুগিজ খাবারের এই রেস্টুরেন্ট চেইনের সঙ্গে যুক্ত হওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়। রেস্টুরেন্ট কর্তৃপক্ষ জানিয়েছে, এখানে পরিবেশিত সব খাবারই হালাল। পর্তুগিজ খাবারের স্বাদকে কেন্দ্র করে তৈরি মেন্যুতে গ্রাহকদের জন্য বিভিন্ন ধরনের গ্রিলড খাবারের পাশাপাশি রয়েছে আরও নানা পদ। গ্র্যান্ড ওপেনিং উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে স্থানীয় বাংলাদেশি কমিউনিটির বিভিন্ন পর্যায়ের মানুষ এবং আমেরিকার বিভিন্ন কমিউনিটির অতিথিরা অংশ নেন। তাদের উপস্থিতিতে অনুষ্ঠানটি উৎসবমুখর হয়ে ওঠে। কর্তৃপক্ষ জানায়, রেস্টুরেন্টটি সপ্তাহের সাত দিন খোলা থাকবে এবং মধ্যরাত পর্যন্ত খাবার অর্ডারের সুযোগ রয়েছে। সরাসরি রেস্টুরেন্টে গিয়ে খাবার গ্রহণের পাশাপাশি অনলাইন প্ল্যাটফর্মের মাধ্যমেও অর্ডার করা যাবে।



# জ্যাকসন হাইটসে ঈদে মিলাদুন্নবীর অনুষ্ঠান

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে বসবাসরত মুসলিম কমিউনিটি এবং আহলে সুন্নাত ওয়াল জামাতের উদ্যোগে ‘ঈদে মিলাদুন্নবী (স:) মাহফিল’ গত ২৬ আগস্ট বুধবার জ্যাকসন হাইটসে ডাইভার্সিটি প্লাজায় অনুষ্ঠিত হয়। কমিউনিটির বিভিন্ন শ্রেণি পেশার মানুষ এ মিলাদে অংশ নেন।

মাওলানা অলিউল্লাহ মোহাম্মদ আতিকুর রহমানের সভাপতিত্বে এ মাহফিলের তাৎপর্য ও গুরুত্ব আলোকে নাতিদীর্ঘ



বক্তব্য রাখেন অনুষ্ঠানের প্রধান অতিথি, জেবিবিএর সভাপতি ও বিএনপির কেন্দ্রীয় নেতা গিয়াস আহমেদ। মাহফিলের বিশেষ সম্মানীত অতিথি ছিলেন ডেমোক্র্যাটিক পার্টির ডিস্ট্রিক্ট লিডার এ্যাট লার্জ এটর্নী মঈন চৌধুরী, হযরত মাওলানা ড. সৈয়দ মুতওয়াক্কিল বিল্লাহ রব্বানী। অনুষ্ঠানে গিয়াস আহমেদ ইতিহাসের আলোকে হযরত মুহম্মদ (স:)’র জীবন-কর্ম এবং চরম বৈরী পরিবেশেও শান্তি ও মানবতার ধর্ম প্রচারের শান্তিবিবরণী উপস্থাপন করেন।

এটর্নী মঈন চৌধুরী ঈদে মিলাদুন্নবী উদযাপনে বিশেষ প্রয়োজনীয়তার কথা উপস্থাপন করেন। বিশ্বশান্তি প্রতিষ্ঠায় বর্তমানের প্রত্যাশা পূরণে সামাজিক শান্তি-সম্প্রীতির বন্ধনে ইসলাম হচ্ছে একমাত্র অবলম্বন এবং এমন শিক্ষাই দিয়ে গেছেন বিশ্বমানবতার কল্যাণে নিবেদিত প্রিয় নবী। হযরত মাওলানা ড. সৈয়দ মুতওয়াক্কিল বিল্লাহ রব্বানীর নেতৃত্বে মিলাদ অনুষ্ঠিত হয়। তিনি বিশ্ব মানবতার ও মুসলিম মিল্লাতের সমৃদ্ধির জন্য সকলকে পরস্পরের সহযোগী হয়ে কাজের তাগিদ দেন।

মাহফিলে আরো বক্তব্য রাখেন সৈয়দ সারোয়ার চিশতি, শেখ ওয়াহেদুজ্জামান, মাওলানা আবুল কালাম, দুলাল বেহেদু, মো. আনোয়ারুল ইসলাম ও বদরুল হক আজাদ ।

মাহফিলের আয়োজনে সার্বিক সহযোগিতায় ছিলেন কমিউনিটি লিডার সাঈদুর রহমান সাঈদ, মো সিরাজদৌলা বাবুল, নুর আমিন, তোফায়েল চৌধুরী, হাজী তাজুল ইসলাম, মাওলানা শিহাব উদ্দীন আহমেদ, হযরত মাওলানা মুফতি মুহাম্মদ মঈনুল ইসলাম, হযরত মাওলানা আবুল কাশেম ইয়াহিয়া, আমিনুল ইসলাম চৌধুরী, দেওয়ান কাউসার, হুমায়ন কবীর, আশরাফ হোসেন, আল আমিন সুমন, তাজুল ইসলাম, জাহাঙ্গীর এম আলম, এম এ কাইয়ুম প্রমুখ।




# জ্যামাইকা ফ্রেন্ডস সোসাইটি’র স্কুল সাপ্লাই বিতরণ

৬৪ পৃষ্ঠার পর

সাপ্লাই বিতরণ করেছে। উৎসবমুখর পরিবেশে গত ২১ আগস্ট শুক্রবার বিকালে স্থানীয় হাইল্যান্ড এভিনিউস্থ ক্যাপ্টেন টিলি পার্কে ৫ শতাধিক শিক্ষার্থীর মাঝে স্কুল সাপ্লাই বিতরণ করা হয় বলে সংগঠনের কর্মকর্তা জানিয়েছেন। স্কুল সাপ্লাই বিতরণের পাশাপাশি শিক্ষার্থীদের জন্য ছিলো বিনোদনেরও ব্যবস্থা।

উল্লেখ্য, গ্রীষ্মকালীন অবকাশ শেষে নিউইয়র্ক সিটির স্কুল শুরু হতে যাচ্ছে আগামী ১০ সেপ্টেম্বর বৃহস্পতিবার। শিক্ষার্থীরা প্রস্তুতি নিচ্ছে নূতন শিক্ষা বর্ষ শুরু করতে। অভিভাবকরাও ব্যস্ত হয়ে পড়েছেন সন্তানদের সাথে তাদের স্কুল সাপ্লাই কেনাকাটা সহ অন্যান্য প্রস্তুতি নিতে। সংশ্লিষ্ট সূত্র মতে, আগামী ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে নিউইয়র্কে প্রি-কে থেকে ১২ গ্রেড পর্যন্ত প্রায় ১ মিলিয়ন শিক্ষার্থী নতুন ক্লাসে যাবে।

বিকাল ৫টায় স্কুল সাপ্লাই বিতরণ করার কথা থাকলেও বিকাল ৪টা থেকেই অভিভাবকদের নিয়ে শিক্ষার্থীরা পার্কে উপস্থিত হতে থাকে। অনুষ্ঠানে বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী ছাড়াও অন্যান্য কমিউনিটির অভিভাবকগণ তাদের সন্তানদের নিয়ে লাইনে দাঁড়িয়ে স্কুল সাপ্লাই গ্রহণ করেন। তাদের হাতে স্কুল সামগ্রী তুলে দেন আমন্ত্রিত অতিথি ও সোসাইটির কর্মকর্তারা। অনুষ্ঠানে শিক্ষার্থীদের মাঝে চিপস, পপকন, মিষ্টান্ন, পানির বোতলসহ অন্যান্য সামগ্রী বিতরণ করা হয়। নতুন স্কুল সামগ্রী পেয়ে শিশু-কিশোররা আনন্দে মুখরিত করে তোলে ক্যাপ্টেন টিলি পার্ক। তাদের কলকাকলিতে উৎসবমুখর হয়ে উঠে পার্ক প্রাঙ্গন। স্কুল সাপ্লাইয়ের মধ্যে ছিল স্কুলব্যাগ, পেন্সিল, খাতা, নোটবুক সহ বিভিন্ন ধরনের খেলনা।

জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির প্রতিষ্ঠাতা ও সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ারের সভাপতিত্বে অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, সিআইপি গভর্নর এস জামিল ও সিপিএ জাকির চৌধুরী। সংগঠনের সাধারণ সম্পাদক এনায়েত মুন্সীর পরিচালনায় এবং সাবেক সাধারণ সম্পাদক জে মোল্লা সানির তত্ত্বাবধানে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সংগঠনের প্রধান উপদেষ্টা এবিএম ওসমান গনি, উপদেষ্টা ডা. ওয়াজেদ খান, উপদেষ্টা সাহেদ আহমেদ, অধ্যাপিকা হুসনে আরা, সাহাব উদ্দিন সাগর, উপদেষ্টা কামরুজ্জামান কামরুল, জুলফিকার হায়দার, সাবেক কর্মকর্তা আমিনুল ইসলাম চুন্নু, সাবেক সভাপতি সাইফুল ইসলাম, অনুষ্ঠানের আহ্বায়ক ইকবাল আহমেদ, সদস্য সচিব রাশেদুজ্জামান মিয়া মিন্টু, প্রধান সমন্বয়কারী ইসমাইল হোসেন স্বপন, যুগ্ম আহ্বায়ক জিল্লুর রহিম, সেতুল মিয়া, শরিফ হোসেন, যুগ্ম সদস্য সচিব ইফফাত ইয়াসমিন রিমি, সাইফুল ইসলাম রিয়াদ, মহিন উদ্দিন পাটোয়ারী, আমান্না আইরিন এবং কর্মকর্তা আলম সরকার, মিন্টু মোহাম্মদ, নওশাদ হাওলাদার প্রমুখ। আরো ছিলেন বিশিষ্ট ব্যবসায়ী একেএম শফিকুল ইসলাম, বাংলাদেশ সোসাইটির আগামী নির্বাচনে প্রার্থী রোমানা আহমেদ।

অনুষ্ঠানের শুরুতে আমন্ত্রিত অতিথি ও ফ্রেন্ডস সোসাইটির কর্মকর্তারা সংক্ষিপ্ত শুভেচ্ছা বক্তব্য রাখেন। এরপর সবার মধ্যে সুশৃঙ্খলভাবে স্কুল সাপ্লাই তুলে দেওয়া হয়। বক্তারা তাদের বক্তব্যে ফ্রেন্ডস সোসাইটির এই উদ্যোগের ভূয়সী প্রশংসা করেন এবং সংগঠনের সকল কর্মকাণ্ডে সার্বিক সহযোগিতার আশ্বাস দেন। বক্তারা জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটি-কে প্রবাসের একটি ঐতিহ্যবাহী সংগঠন হিসেবে আখ্যায়িত করেন। এছাড়াও ব্যাক টু স্কুল প্রোগ্রামটি সফল করার জন্য তারা অভিভাবক এবং ফ্রেন্ডস সোসাইটির কর্মকর্তাদের ধন্যবাদ জানান। (খবর ইউএনএ)

ICOR আয়কর TAX & CONSULTING

MAXIMIZE YOUR REFUND
CLAIM EVERY CREDIT & DEDUCTION YOU DESERVE

Tax Prep & Consulting Services for Individuals & Businesses

Our Services

AUTHORIZED IRS e-file PROVIDER

- Individual Tax Preparation (Form W-2, 1098, 1099 ...)
- Business Tax Preparation (Corporation, LLC, Partnership, Not-for-Profit ...)
- Self-Employed Tax Preparation (Uber, Lyft, Taxi ...)
- Amended Tax Preparation
- Sales Tax Preparation
- Tax Planning & Consulting
- Year-Round Support
  Notary, Immigration, RAPID DIVORCE, Insurance ~7702 Plan, Copy, Scan, Print, E-mail...
- BUSINESS SETUP LLC, INC., Not-for-Profit, Nonprofit...

Notary Public

You Can Trust Us for Accurate, Reliable, and Professional Tax Filing.



30 MINUTES NO OBLIGATION FREE CONSULTATION



Md Mukhter Hossain, CEO
Financial Service Consultant
347-266-3376, 646-651-0945

Nadira Hossain, MA
Tax Assistant
646-651-2787

ICOR Multi Services Inc.
icormultis@gmail.com
7226 Roosevelt Ave, Suite - 201, Jackson Heights, NY 11372

ICOR আয়কর TAX & CONSULTING

PAY LESS TAXES
PROVEN TAX STRATEGIES

The IRS won't tell you which CREDITS & DEDUCTIONS you are missing—but I WILL.

Small Business Owners, Rental Property Owners, Self-Employed Individuals, and Investors...
Discover what you have been overlooking ...

Customize Tax Planning Can Maximize Your Tax Savings

Tax-Advantaged Accounts are Dedicated Savings Vehicles—Specially Designed to Give You and Your Family Extra Tax Benefits in Exchange for Saving Money for Specific Goals-Like: Retirement, Education, Wealth Creation, Financial Security ...

- Retirement Plans - 401(k), IRA, Roth IRA ...
- Education plans - 529 Plan, Coverdell ESA, UGMA/UTMA ...
- Health Savings Account - HSA
- Flexible Savings Account - FSA
- Achieving a Better Life Experience Account - ABLE
- Tax-efficient investment - ETFs, Index Funds ...
- Tax-advantaged investment - Municipal Bond, Treasury Bond ...

INSURANCE LIFE HEALTH DISABILITY

Income Continuation Plan ~7702 Plan – Permanent Life Insurance is a Hybrid Financial Tool / Unique Blend of Financial Protection for you & your business, assets and family / Tax Exempt Financial Asset: MULTI-PURPOSE FUND for you to access for any reason without penalty & taxes - Emergencies, Education, Retirement, Opportunities ... while FINANCIAL SECURITY & TAX-FREE INCOME for your family and loved ones.
Estate Planning : can be used to Equalize Inheritances or Provide Funds For Estate Taxes...

*I am a Professional Financial Coach, Tax Advisor, and Licensed Insurance Broker*
*I am happy to assist you with your Financial Planning, Tax Planning, Budgeting, Debt Management, and Insurance Needs*



Md Mukhter Hossain, CEO
Financial Service Consultant

ICOR Multi Services Inc.
7226 Roosevelt Ave, Suite - 201, Jackson Heights, NY 11372
347-266-3376, 646-651-0945 icormultis@gmail.com



HP
HAVEN POINT
HOME CARE INC.
*A Home Health Care Consultant*

PCA HOME CARE SERVICE
আমরা সর্বোচ্চ রেট পেতে সহযোগিতা করছি

আপনি কি
PCA HOME CARE
সেবা নিতে চান?
আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদানে সহায়তাসহ হোম কেয়ার সংক্রান্ত সকল প্রকার সহযোগিতা করে থাকি।

ডে কেয়ারের
সেবা নিলে পাচ্ছেন
সর্বোচ্চ সুযোগ সুবিধা

আমাদের সাথে যোগাযোগ করুন:
470 447 8625
917 519 1151

ডে কেয়ার ও হোম কেয়ার সেবা নিতে আজই যোগাযোগ করুন

1088 Liberty Ave. Brooklyn, NY 11208

First Time in NY

# COMMUNITY CONNECT

Scan to Register

Tuesday June 17th, 2025
5.00 PM - 7.30 PM

150 State Street 4 FL
Albany 12207 NY

**Speakers**



**The Next Bangladesh: Powered by its Global Citizens (NRBs)**

**Quazi M. Ahmed**
LLB, MBA (IBA), MA (Japan), IMP (NYU, USA), CISS (Norway)
Global Leadership Trainer & Coach
Founder & President, BOND
CEO, Global Center of Excellence, LLC

**Cybersecurity Awarness: Protecting Ourselves and Our Community**

**Mahbub Rahman**
IT Professional & Career Coach
Founder & CEO at Sustain Secure and The Triple Zero LLC



Refreshments will be served

Hosted by
MAJESTIC TOUCH

Organizing Partners
BOND
SUSTAIN SECURE
QUAZI consultants
GLOBAL
EAGLES BOOST
triplezero
CXO GLOBAL ALLIANCE
America TECH

---

# পূর্বাচল মেরিন সিটিতে সাশ্রয়ী মূল্যে প্লট ক্রয় করে বাড়ী নির্মাণের সুবর্ণ সুযোগ

মানচিত্রে প্রকল্পের অবস্থান






যোগাযোগঃ ATM Salah Uddin, Cell: 929-462-2170, Md Mofizur Rahman, Cell: 929-395-3945
Address : 37-18-73rd st. Suite 501, Jackson Heights, NY 11372

---

## Video & Photo PRODUCTION SERVICES

DFC TV
DREAM FRAME CREATIVE

- Brand Videos
- Event Coverage
- Product Demos
- Corporate Videos
- Video Editing

সোশ্যাল মিডিয়ার জন্য কনটেন্ট দরকার?
আমাদের হাতে তৈরি করুন ফাস্ট ও স্মার্টলি!

আমাদের সেবাসমূহ:
ইভেন্ট ফিল্মিং (বিয়ে, গায়ে হলুদ, জন্মদিন)
কর্পোরেট ও প্রোমোশনাল ভিডিও
সোশ্যাল মিডিয়া ও ইউটিউব কনটেন্ট
লাইভস্ট্রিমিং (Facebook, YouTube)
ডকুমেন্টারি

ইভেন্ট কভারেজ থেকে কর্পোরেট ভিডিও
—সবকিছু এক ছাতার নিচে!



Phone
(646) 457-6732
(929) 498-0979

Website
www.dfcreative.org

Location
Jamaica, NY 11432

---

## US BANGLA TAX & MULTISERVICES INC.
## US BANGLA TECHNOLOGY & SUPPLIES INC.
## US BANGLA DEVELOPER & PROPERTY INC.

UB Group

Chandan Gupta
President
347-239-3408

Mostafezur Rahman
Vice President
646-361-0250

Authorized e-file Provider

*One Stop Services*
37-47 73rd Street, Suite #217
Jackson Heights, NY-11372
Tel :718-255-6783
Fax:718-255-6783
usbanglagroup@yahoo.com

Services : Individual & Business Tax Services, Immigration Services, Loan Modification, Real Estate Property Investment.

---

# আপনার স্বপ্নের বাড়ীটি বেছে নিন

## Dream Cottage Realty Inc

আমরাই আপনার এটর্নি, প্রি-অ্যাপ্রুভড লোন সহ সকল ব্যাবস্থা করে থাকি।

শত ভাগ গ্যারান্টি
সবচেয়ে কম রেটের মর্টগেজে
সহযোগীতা প্রদান করা হয়

Fazle **Shohag Khan**
Licensed Real Estate Sales
Cell: 1-917 770 1341
Office: 1-516 800 5160
e-mail: shohag.khan@hotmail.com



## Charles Rutenburg Realty Inc.

255 Executive Drive, Suite 104, Plainview, New York 11803
Office: (516) 575-7500 | Fax: (516) 575-7501
www.crrli.com

আমরা বাড়ী ক্রয়-বিক্রয় করিতে সহায়তা করে থাকি।

One Key MLS



**Shamsud Doha**
Licensed Real Estate Salesperson
(718) 415-0013
doha57@aol.com

• RESIDENTIAL • CO-OP & CONDO • SHORT SALE • FORECLOSURES

We Speak বাংলা, English, हिन्दी العربية

## ALAM MEDICAL

লং আইল্যান্ডে ডিয়ার পার্কে
আপনার পরিবারের স্বাস্থ্যসেবা এখন হাতের নাগালে।

**Dr. Rehana Alam**
DO, DPM
Board certified family medicine physician



আমাদের সেবাসমূহ :

- হেলথ চেকআপ।
- দীর্ঘস্থায়ী (ক্রনিক) রোগ নির্ণয় ও ব্যবস্থাপনা (ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ ও অন্যান্য)।
- রোগ প্রতিষেধক টিকা প্রদান।
- শিশু ও কিশোর-কিশোরীদের স্বাস্থ্যসেবা।
- নারীদের স্বাস্থ্য পরীক্ষা ও সেবা, যার মধ্যে রয়েছে জরায়ুর ক্যান্সার নির্ণয়ের জন্য প্যাপ স্মিয়ার, গর্ভধারণ পরামর্শ ও মেনোপজ ব্যবস্থাপনা সহায়তা।

আমাদের সাথে যোগাযোগ করুন

Contact us 631-778-4048 1755 Deer Park Ave, Deer Park, NY 11729
www.alammedical.com

## WIN ZONE REALTY INC.

Win Zone Realty Inc.
Licensed Real Estate Broker

Specialist on Residential & Commercial, Bank Own Properties, Short Sale, REO and Loan Modification.
**Hard Money Loan Available.**



রিয়েল স্টেট লাইসেন্স প্রাপ্ত আমেরিকাতে বাড়ি বেচা-কেনা ও লোন সংক্রান্ত বিষয়ে বহু বছরের অভিজ্ঞতা সম্পন্ন বিশিষ্ট রিয়েল্টর

**Somnath Ghosh ( SAM)**
Licensed Real Estate Agent
Tel: ( Direct)
646-597-1760

Office : 81-15 Queens Blvd
2nd FL, Elmhurst, NY 11373
Tel: 718-899-7000
Fax: 516-407-5615
Email:sstreamline@ gmail.com

মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?
**Low Income, No Problem**

## MEADOWBROOK

FINANCIAL MORTGAGE BANKERS CORP.



Direct Lender
আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি

★ ট্যাক্সী ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট

**646-920-4799**

আপনাদের সেবাই আমাদের লক্ষ্য



● ব্যক্তিগত পরামর্শ ● ইন্টারেষ্ট রেট কম ● ইনভেষ্টমেন্ট
● ফ্রি এপ্রোভাল ● ফাষ্ট ক্লোজিং ● দ্রুত এবং বিশ্বস্ত

139-27 Queens Blvd, Jamaica, NY 11435
**Akib Hussain**

# Empire Care Agency

LHCSA Licensed Home Health Care

## PCA / HHA SERVICE



WHY CHOOSE US?

**We Pay The Highest Rate**

Our Experienced Nurse Will Advocate for your more Hours

হোম কেয়ার সেবা দিয়ে অর্থ উপার্জন করুন

আমরা সর্বোচ্চ পেমেন্ট দিয়ে থাকি

OUR SERVICES

- Skilled Nursing
- Home Health Aides
- Medicaiton Remindrs
- Meal Preparation
- Personal Care
- Light Housekeeping

$23 Per Hour Giver to PCA & HHA Care Giver

WE SPEAK BANGLA, HINDI, URDU, PUNJABI, SPANISH



NURUL AZIM
CEO
516-451-3748

119-40 Metropolitan Ave
Suite 101C, Kew Gardens
NY 11415

516-900-7860
Fax: 212-381-0649
Empirehcam@gmail.com





ঈদ উপলক্ষে 10% DISCOUNT

# DUO NEST

REAL ESTATE TUTORING CENTER

নিউ ইয়র্কে আপনার রিয়েল এস্টেট ক্যারিয়ার শুরু করুন
কোন অভিজ্ঞতার প্রয়োজন নেই!

DUO NEST REAL ESTATE TUTORING- এ, আমরা আপনার লাইসেন্স পাওয়ার প্রক্রিয়া সহজ এবং ঝামেলামুক্ত করে তুলি

কেন রিয়েল এস্টেট লাইসেন্স নেবেন?

দ্রুত একটি নির্ভরযোগ্য আয় উপার্জন করুন।
নিউ ইয়র্কের ক্রমবর্ধমান রিয়েল এস্টেট বাজারে একটি সম্মানিত ক্যারিয়ার তৈরি করুন।
স্বাধীনভাবে বা নেতৃস্থানীয় রিয়েল এস্টেট সংস্থাগুলির সাথে কাজ করুন।
ধাপে ধাপে আর্থিক প্রবৃদ্ধি অর্জন করুন।
আপনার সাফল্যের মাধ্যমে আপনার পরিবারকে গর্বিত করুন।

শক্তিশালী ইংরেজি দক্ষতা নেই? কাজের অভিজ্ঞতা নেই?
কোন চিন্তা নেই আমরা আপনাকে প্রতিটি ধাপে গাইড করার জন্য এখানে আছি।

আমাদের সুযোগ ও সুবিধা

- এককালীন পেমেন্ট, কোন এক্সট্রা ফি নেই।
- আপনি পাশ করে লাইসেন্স পাওয়া না পর্যন্ত অগণিত ক্লাস।
- দ্রুত শেখার জন্য ব্যক্তিগত ১-অন-১ কোচিং
- পরীক্ষায় আত্মবিশ্বাস বাড়াতে প্র্যাকটিস এক্সাম
- সময় অনুযায়ী অনলাইন বা সরাসরি ক্লাস আপনার সুবিধামতো সময়ে
- পরিষ্কার, সহজবোধ্য ইংরেজি ব্যাখ্যা
- রিয়েল এস্টেট সম্পর্কিত শব্দ ও নিয়মাবলী সহজ বাংলায় ব্যাখ্যা

Design by: ihopeprint.com, 929-538-7903

CALL US TODAY TO START YOUR REAL ESTATE CAREER
929-414-7746
929-608-6206
646-508-2434

duonest03@gmail.com
169-24 Hillside Ave, FL 2
Jamaica, NY 11432
www.duonest.us

# দিনাজপুর জেলা সমিতির বার্ষিক বনভোজন ও মিলনমেলা অনুষ্ঠিত

৬৪ পৃষ্ঠার পর

অংশগ্রহন কারী প্রায় ৬৫০ জনের মত ছাড়িয়ে যায়।পার্কের কানায় কানায় লোকজন ছিল ভরপুর,মনে হচ্ছিল ছোট্ট এক টুকরো বাংলাদেশ। পিকনিক পরিচালনায় ছিল এ্যাড. আব্দুর রশীদ তার অসাধারণ ও চমৎকার উপস্থাপনায় শুরু থেকে শেষ পর্যন্ত সবাইকে মুগ্ধ করে রেখেছিলেন। পিকনিক কমিটির আহবায়ক–সামিউর রহমান, সমিতির প্রেসিডেন্ট-জনাব জাবেদ চৌধুরী ভূট্টর তত্বাবধানে ছিল সকালের নাস্তা স্পটে গরম গরম পরাটা ডিম ভাজি, লটপটি কিমা, বুনদিয়া, জুস ও গরম গরম চা। সহযোগিতায় ছিল আমিনুর ইসলাম, টি ইসলাম, তরিকুল ইসলাম, আতাহার আলী, শাহীন চৌধুরী, বাবু ক্রীড়া সম্পাদক মোঃ শফিউল্লাহ শফিক, সহযোগীতায় ছিল ফতেনুর আলম বাবু, শামীম সরকার ও কিবরিয়া, সবার জন্য ছিল নানাধরনের খেলাধুলা, বড় ছোট বাচ্চাদের দৌড় মহিলাদের মিউজিকাল চেয়ার সবার জন্য ছিল সান্ত্বনা পুরস্কার, চামুচ-দৌড়, মোরক যুদ্ধ।নামাজের জন্য কিছুক্ষন বিরত ছিল। পিকনিকে টি ইসলাম ও রানা পারভেজ সবাইকে তরমুজ কেটে খাওয়ান। সাগর রেষ্টুরেন্ট এর দুপুরের সুস্বাদু মজাদার খাবার ছিল। দিনাজপুরের ঐতিহ্য পানসুপারী ও মিষ্টি জর্দা এবং বিকেলে আবারও চা ফিরনি ঝালমুড়ি। এক আলম নিউমুনের দায়িত্বে ছিল এবারে নতুন চমক গরম গরম জিলাপি।সমিতির সাধারণ সম্পাদক বিপুল সরকারের নেতৃত্বে ছিল রাফেল ড্র। প্রথম পুরস্কার ছিল $১০০০ বিমান টিকিট, সোনার কানের দুল, ল্যাপটপ, আইপ্যাড, ৬৫ ইঞ্চি টিভিসহ মোট ১৬টি পুরস্কার।লটারির টিকিটের দায়িত্বে ছিল মাসুদ বেগ, দুপুরের খাবারের টিকিটের দায়িত্বে ছিল রহমতুল্লাহ বাবু। ডা: নার্গিস রহমান এর পরিচালনার মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্টান গানবাজনা পরিবেশন করেছেন প্রবাসের জনপ্রিয় শিল্পী প্রমি-তাজ সহ অতিথী শিল্পীরা। সবশেষে ছিল ফুটবল টুর্নামেন্ট-২০২৬ইং রেফারি ছিলেন ফতেনুর আলম বাবু। পিকনিক শেষে বক্তব্য রাখেন সভাপতি, সেক্রেটারি সহ অন্যান্যরা। সন্মানীত উপদেষ্টাগন– ইসতিয়াক আহম্মেদ, আব্দুর রউফ চৌধুরী কুমার, মোঃ আনোয়ার সোবহানী, মোশাররফ হোসেন প্রমুখ এবং বিভিন্ন স্টেট থেকে আগত অতিথিবৃন্দরা সুধীজন সবাই উপস্থিত ছিলেন।পাশাপাশি কমিটির উপস্থিতি সদস্যরা হলেন-গোলাম কিবরিয়া, রেজাউল করিম বাপ্পী, ডা. মাহিদুল চৌধুরী, আমিনুল ইনসান,লুৎফর রহমান, জুয়েল শেখ, ফারহানা চিশতি, আরিফুর ইসলাম নয়ন, রোজী ম্যাডাম, শামীমা ইসলাম সুমী। আহবায়ক সামিউর রহমান সবার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং ধন্যবাদ জানিয়ে পিকনিকের সমাপ্তি ঘোষনা করেন।































# জেমিনি অ্যাওয়ার্ডে সম্মানিত ৩০ প্রবাসী বাংলাদেশি

৬৪ পৃষ্ঠার পর

অ্যাওয়ার্ড-এর প্রবর্তক সাংবাদিক বেলাল আহমেদ। অনুষ্ঠানের শুরুতে জাতীয় সঙ্গীত পরিবেশিত হয়। লায়ন শাহ নেওয়াজ বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, বাংলাদেশের সাবেক জাতীয় ফুটবলার আবু ফুয়ায়ের দারা, নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সভাপতি মনোয়ারুল ইসলাম, শাহ নেওয়াজ গ্রুপের ভাইস চেয়ারম্যান ও সঙ্গীত শিল্পী রানো নেওয়াজ, আজকালের জেনারেল ম্যানেজার আবু বকর সিদ্দিক, আবলান হাবিব, ড.নার্গিস আহমেদ, জাসির কবির,শাহ জে চৌধুরী, বদরুদ্দোজা সাগর, অনিক রাজ, অভিনেতা আজিজুল হাকিম, নীহার সিদ্দিকী, তুষার পিও, মো: সেলিম রেজা, জনপ্রিয় সঙ্গীত শিল্পী বাদশাহ বুলবুল, চন্দন চৌধুরী, তৃষ্ণা তিথি, শাহ মাহবুব, কামরুজ্জামান বকুল, লিমন চৌধুরী, রেশমী মির্জা, শিমুল খান, আফতাব জনি, জোয়ারা আলীম নুপুর ও অভিনেত্রী রিচি সোলায়মানসহ পুরস্কার প্রাপ্ত সকলের হাতে অ্যাওয়ার্ড তুলে দেন। পরে প্রবাসের জনপ্রিয় শিল্পীরা সঙ্গীত এবং রিচি সোলায়মান নৃত্য পরিবেশন করেন। অনুষ্ঠান উপস্থাপনায় ছিলেন সোনিয়া সিরাজ।





















## যুক্তরাষ্ট্র ও কানাডার বাণিজ্য যুদ্ধ শুরু

৬৪ পৃষ্ঠার পর

ফেলেছে। এই শুল্কের ক্ষেত্রে USMCA-এর আওতায় কানাডিয়ান পণ্যগুলোকে কোনো ছাড় দেওয়া হয়নি; অথচ গত ১৮ মাস ধরে এই চুক্তিটিই যুক্তরাষ্ট্রে কানাডার অধিকাংশ রপ্তানি পণ্যকে শুল্কের ঘাত থেকে রক্ষা করে আসছিল।

কার্নি এক সংবাদ সম্মেলনে বলেন, 'কানাডার শ্রমিক, কৃষক, পরিবার এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে সুরক্ষার লক্ষ্যে ওয়াশিংটনের নতুন শুল্কের সমপরিমাণ (ডলার টু-ডলার) পাল্টা শুল্ক আরোপ করবে কানাডা।'

যুক্তরাষ্ট্রের শুল্কের বিরুদ্ধে পাল্টা ব্যবস্থা গ্রহণকারী হাতেগোনা কয়েকজন বিশ্বনেতার মধ্যে কার্নি অন্যতম। যুক্তরাষ্ট্রের ওপর রপ্তানি বাণিজ্যের প্রায় ৭০ শতাংশ নির্ভরশীল হওয়া সত্ত্বেও তিনি নতুন বাণিজ্য ও সামরিক জোট গঠনের প্রতিশ্রুতি দিয়েছেন। অটোয়ার পার্লামেন্ট ভবন থেকে কার্নি জানান, কানাডা যুক্তরাষ্ট্রের ইস্পাত, দুগ্ধজাত পণ্য, গৃহস্থালি যন্ত্রপাতি, কৃষি সরঞ্জাম, মদ ও কাগজ এবং ইলেকট্রনিক্স পণ্যের ওপর শুল্ক আরোপ করবে; এর পাশাপাশি যুক্তরাষ্ট্র অতীতে কানাডার যেসব পণ্যের ওপর শুল্ক আরোপ করেছিল, সেগুলোর ওপরও পাল্টা শুল্ক বসানো হবে। কার্নি বলেন, 'তারা যেসব প্রস্তাব দিয়েছে তা আমরা মেনে নিতে পারি না এবং তারা যা চেয়েছে, আমরা তা দেব না।' কার্নি জানান, যুক্তরাষ্ট্রের নতুন শুল্কের কারণে ক্ষতিগ্রস্ত শিল্পগুলোর জন্য কানাডা আগামী সপ্তাহে সহায়তা কার্যক্রম ঘোষণা করবে এবং এই সহায়তা ব্যবস্থা দীর্ঘ সময় ধরে চলতে পারে।

যুক্তরাষ্ট্রের বাণিজ্য প্রতিনিধি জেমিসন গ্রিয়ার শনিবার ফক্স নিউজকে বলেছেন, কানাডার সাথে নতুন কোনো আলোচনার পরিকল্পনা নেই। তিনি বলেন, 'কানাডার পাল্টা পদক্ষেপের জবাবে আমরা আমাদের কার্যক্রম এগিয়ে নিয়ে যাচ্ছি। তাদের হাতে সবসময়ই সেরা চুক্তিটি ছিল এবং ভবিষ্যতেও আরও ভালো চুক্তি পাওয়ার সুযোগ ছিল, কিন্তু তারা তা চায়নি।'

যুক্তরাষ্ট্রের শুল্ক আরোপের অন্যতম সোচ্চার বিরোধী অন্টারিও-র প্রিমিয়ার ডগ ফোর্ড পাল্টা ব্যবস্থা নেওয়ার বিষয়ে কার্নির সিদ্ধান্তকে সমর্থন জানিয়েছেন। শনিবার সাংবাদিকদের ফোর্ড বলেন, 'আমি খুশি যে তিনি ওই চুক্তিতে স্বাক্ষর করেননি, কারণ সেটি একটি খারাপ চুক্তি ছিল। অন্টারিও-র জন্য এটি ছিল একটি খারাপ চুক্তি। অটোমোবাইল, ইস্পাত এবং উৎপাদন খাতের জন্যও এটি ছিল একটি ধ্বংসের কাবিননামা।







## নিরাপরাধরাও আইস পুলিশের হাত থেকে রক্ষা পাচ্ছেন না

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রে নিরাপরাধ ব্যক্তিদের গ্রেফতার করছে আইস পুলিশ। কোনো অপরাধমূলক রেকর্ড নেই এমন ব্যক্তিদের ক্রমবর্ধমানভাবে লক্ষ্যবস্তু করায় গ্রেপ্তারের সংখ্যা বেড়েছে। এই গ্রীষ্মে ইমিগ্রেশন সংক্রান্ত গ্রেপ্তারের সংখ্যায় যে ব্যাপক বৃদ্ধি ঘটেছে, তার আওতায় এমন হাজার হাজার মানুষ এসেছেন যারা আগে প্রেসিডেন্ট ট্রাম্পের গণ-বহিষ্কার অভিযানের মূল লক্ষ্য ছিলেন না। এদের মধ্যে রয়েছেন মার্কিন নাগরিকদের জীবনসঙ্গী, বৈধভাবে প্রবেশ করে আশ্রয়ের আবেদন প্রক্রিয়ারত ব্যক্তি এবং এমন অনেকে যাদের অস্থায়ী আইনি মর্যাদা ছিল-যা বাতিল করার জন্য প্রশাসন তৎপর হয়েছিল।

ফেডারেল সরকারের সদ্য প্রকাশিত তথ্যের বিশ্লেষণে দেখা যায়, জুলাই মাসে গ্রেপ্তার হওয়া অভিবাসীদের অধিকাংশই দেওয়ানি অভিবাসন আইন লঙ্ঘনের দায়ে অভিযুক্ত ছিলেন; কিন্তু কোনো ফৌজদারি অপরাধের জন্য তাদের বিরুদ্ধে অভিযোগ গঠন বা দোষী সাব্যস্ত করার ঘটনা ঘটেনি। কোনো অপরাধমূলক ইতিহাস নেই এমন ব্যক্তিদের গ্রেপ্তারের হার সবচেয়ে দ্রুত বেড়েছে অভিবাসন সংক্রান্ত গ্রেপ্তারের সংখ্যা রেকর্ড উচ্চতায় পৌঁছেছে জুন ও জুলাই মাসে। গত জুনে ৪৩ হাজার ও জুলাই মাসে ৪৯ হাজার অভিবাসীকে গ্রেফতার করেছে আইস পুলিশ। ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটির একজন মুখপাত্র বলেছেন যে, প্রশাসন অপরাধীদের গ্রেপ্তার ও বহিষ্কারের প্রতিশ্রুতি রক্ষা করছে এবং দেশে অবৈধভাবে অবস্থানকারী যে কাউকেই আইন প্রয়োগকারী সংস্থার পদক্ষেপের লক্ষ্যবস্তু করা হতে পারে। প্রতিটি স্টেটেই অভিবাসন-সংক্রান্ত গ্রেপ্তারের হার সর্বকালের সর্বোচ্চ পর্যায়ে পৌঁছেছে। এমনকি কম জনসংখ্যাপূর্ণ মন্টানা ও ভার্মন্টেও গ্রেপ্তারের হার দ্বিগুণেরও বেশি বেড়ে গেছে। তবে ফ্লোরিডা ও টেক্সাসে এই বৃদ্ধির হার ছিল সবচেয়ে বেশি। এই দুটি অঙ্গরাজ্যে বিপুল সংখ্যক অননুমোদিত অভিবাসী বসবাস করেন এবং সেখানকার নেতারা ট্রাম্প প্রশাসনের কঠোর দমনমূলক পদক্ষেপের প্রতি ইতিবাচক মনোভাব পোষণ করেন। আরও বেশি এজেন্ট, আরও বেশি গ্রেপ্তার : আইস পুলিশ দ্রুত দুটি উপায়ে গ্রেপ্তারের ক্ষেত্রে নতুন রেকর্ড গড়ছে বলে মনে হচ্ছে: সংস্থাটি হাজার হাজার নতুন এজেন্ট নিয়োগ দিয়েছে-অফিস অব পার্সোনেল ম্যানেজমেন্ট-এর তথ্য অনুযায়ী, জুন মাসে তাদের কর্মীর সংখ্যা বেড়ে ২৯ হাজারে দাঁড়িয়েছে, যা ট্রাম্পের দায়িত্ব গ্রহণের সময় ছিল প্রায় ২১ হাজার। এছাড়া, তারা অঙ্গরাজ্য ও স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থার সহযোগিতার ওপর আরও বেশি নির্ভর করছে। অভিবাসীদের গ্রেপ্তারের জন্য স্থানীয় পুলিশ কর্মকর্তাদের বিশেষ ক্ষমতা প্রদানের কর্মসূচিটি আইসিই দ্রুত সম্প্রসারিত করেছে। তথ্য অনুযায়ী, '২৮৭(জি)' [২৮৭(g)] নামে পরিচিত এই কর্মসূচির মাধ্যমে আটক হওয়া মানুষের হার এখন প্রায় ১৪ শতাংশ।

## নিউইয়র্কে স্কুল খুলছে ১০ সেপ্টেম্বর

আজকাল রিপোর্ট

দীর্ঘ সামারের ছুটি শেষ হচ্ছে। স্কুলমুখী হবার প্রস্তুতি নিচ্ছে নিউইয়র্কের হাজারো শিক্ষার্থী। নতুন শিক্ষাবর্ষকে সামনে রেখে বই-খাতা, স্কুলের প্রয়োজনীয় সামগ্রী, পোশাক, যাতায়াত, ঘুমের রুটিন ও পড়াশোনার পরিকল্পনা নিয়ে ব্যস্ত সময় কাটাচ্ছেন শিক্ষার্থী ও অভিভাবকেরা। নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলের ২০২৬-২৭ শিক্ষাবর্ষের প্রথম ক্লাস শুরু হবে আগামী ১০ সেপ্টেম্বর। শেষ হবে ২৮ জুন ২০২৭।

নতুন শিক্ষাবর্ষ শুরুর আগে ইতোমধ্যে স্কুলগুলো তাদের একাডেমিক ও প্রশাসনিক প্রস্তুতি শুরু করেছে। দীর্ঘ ছুটির পর শ্রেণিকক্ষে ফিরতে শিক্ষার্থীদের যেমন নতুন উদ্দীপনা কাজ করছে, তেমনি পরিবারগুলোর মধ্যেও চলছে প্রস্তুতি। বিভিন্ন সামাজিক ও স্বেচ্ছাসেবী সংগঠন ইতোমধ্যে নিম্ন আয়ের পরিবারের শিশুদের জন্য 'ব্যাক টু স্কুল' প্যাক বিতরণ শুরু করেছে। এসব প্যাকের মাধ্যমে অনেক পরিবার সন্তানদের প্রয়োজনীয় খাতা, কলম, পেন্সিলসহ বিভিন্ন শিক্ষা উপকরণ সংগ্রহ করতে পারছে। পাশাপাশি বিভিন্ন দোকানেও স্কুলসামগ্রীর ওপর ছাড় থাকায় অভিভাবকেরা প্রয়োজনীয় জিনিসপত্র কিনছেন।



নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলের আওতাধীন শিক্ষার্থীদের জন্য স্কুলে খাবারের ব্যবস্থাও রয়েছে। যেখানে অনেক শিক্ষার্থী বিনা মূল্যে ব্রেকফাস্ট ও লাঞ্চ পেয়ে থাকে। ফলে এসব পরিবারের অভিভাবকদের প্রতিদিন স্কুলের খাবার প্রস্তুত করার বাড়তি চাপ থাকে না। তবে কেউ কেউ স্কুলের খাবারের পরিবর্তে বাড়ির খাবার পছন্দ করে, আবার কেউ খাবারের স্বাদ বা পছন্দের কারণে বাসা থেকে খাবার নিয়ে যায়।

নিউইয়র্কের মতো ব্যস্ত মহানগরে স্কুলে ফেরার প্রস্তুতি শুধু বই-খাতা কেনা বা প্রথম দিনের জন্য ব্যাগ গোছানোর মধ্যে সীমাবদ্ধ নয়। প্রতিদিনের যাতায়াত, নিরাপত্তা, স্বাস্থ্য, মানসিক প্রস্তুতি, স্কুল-পরবর্তী কার্যক্রম এবং পরিবারের দৈনন্দিন রুটিনের সঙ্গে শিক্ষার্থীদের নতুন করে মানিয়ে নিতে হয়।

গ্রীষ্মের ছুটিতে অনেক শিক্ষার্থী দেরিতে ঘুমানো ও সকালে দেরিতে ওঠার অভ্যাস করে। স্কুল শুরু হলে হঠাৎ করে ভোরে ওঠা এবং নির্দিষ্ট সময়ে স্কুলে পৌঁছানো তাদের জন্য কঠিন হয়ে উঠতে পারে। তাই বিশেষজ্ঞদের পরামর্শ, স্কুল খোলার কয়েক দিন আগে থেকেই ঘুম ও জাগরণের সময় ধীরে ধীরে স্বাভাবিক রুটিনে ফিরিয়ে আনা উচিত। পর্যাপ্ত ঘুম শিক্ষার্থীদের মনোযোগ ও শেখার সক্ষমতা বাড়াতেও সহায়তা করে।

নতুন শিক্ষাবর্ষের আগে অভিভাবকদের স্কুলের সব নির্দেশনা ভালোভাবে পড়ে দেখা প্রয়োজন। ক্লাসের সময়সূচি, বই-খাতার তালিকা, স্কুলের নিয়ম, প্রয়োজনীয় প্রযুক্তিগত সরঞ্জাম এবং অন্যান্য সামগ্রী আগে থেকেই প্রস্তুত করে রাখা ভালো। স্কুলব্যাগে প্রয়োজনের অতিরিক্ত জিনিস না রাখার পাশাপাশি ছোট শিক্ষার্থীদের ব্যাগের ওজনের বিষয়েও নজর দেওয়া উচিত।

